
মধ্যযুগের পৃথিবী



সপ্তম শ্রেণীর জন্য

ডক্টর প্রতুলচন্দ্র গুপ্ত
ডক্টর অমলেন্দু দে

Recommended by the West Bengal Board of Secondary Education as a Text Book of History for class VII for all schools in West Bengal and Tripura State.
Vide T. B. No. VII/H/81/11 Dated 8.1.1981.

মধ্যযুগের পৃথিবী

[সপ্তম শ্রেণীর পাঠ্য]

শ্রীপ্রতুলচন্দ্র গুপ্ত

এম. এ. (কলিকাতা), পি-এইচ. ডি. (লণ্ডন)
রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য, বিশ্বভারতীর প্রাক্তন-উপাচার্য
ও যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের ভূতপূর্ব প্রধান অধ্যাপক

ও

শ্রীঅমলেন্দু দে

এম. এ. (কলিকাতা), ডি. লিট. (যাদবপুর)
যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ভারতীয় ইতিহাসের গুরু নানক অধ্যাপক

বাণীমন্দির পাবলিশার্স প্রাঃ লিঃ
197-B, মুক্তারামবাবু স্ট্রীট
কলিকাতা-700007

প্রকাশক :
বাণীমন্দির পাবলিশার্স প্রাঃ লিঃ-এর পক্ষে
শ্রীদিব্যেন্দু দত্ত, বি. এস্‌-সি.

বিক্রয়কেন্দ্র :
১৪এ, বঙ্কিম চ্যাটার্জি স্ট্রীট,
কলিকাতা-৭০০ ০৭৩

প্রথম সংস্করণ : মে, ১৯৮০
দ্বিতীয় সংস্করণ (সংশোধিত) : জানুয়ারী, ১৯৮১
তৃতীয় সংস্করণ : নভেম্বর, ১৯৮৪

Paper used for the printing of this book was made available by the Govt. of India at a concessional rate.

মুদ্রাকর :

শ্রীচন্দ্রশেখর চৌধুরী
লক্ষ্মী প্রেস
১২, পটুয়াটোলা লেন
কলিকাতা-৭০০ ০০৯

শ্রীদিলীপকুমার চৌধুরী
সরস্বতী প্রেস
১২, পটুয়াটোলা লেন
কলিকাতা-৭০০ ০০৯

মূল্য : দশ টাকা পঞ্চাশ পয়সা মাত্র

SYLLABUS ON HISTORY

Class VII

	Pages	Lessons
1. Meaning of the term "Medieval" :	3	3

(a) From overthrow of the last Roman Emperor in 476 A. D. to the rise of new society, new State, new learning, new economic patterns.

(b) In India—from the end of the Gupta Era (although 'Feudal' relations had started from the 5th century).

(c) The time period in both cases—roughly 5th century to 15th century A.D.

(d) Periodisation is arbitrary because of gradual transition, in some respect the old merging into the middle ages.

(e) Middle ages—not the same period everywhere.

(f) No single pattern. Unequal and varied developments.

2. The Middle Ages in the West :	5	3

(a) Advent, pressure of the Huns upon Germanic Tribes—their migration into the Western part of the Roman Empire—fall of the Empire (476 A.D.) Survival of Roman Law and Roman idea of imperial unity.

(b) A short reference to Alaric, Atilla, Gaeseric.

(c) Social, political and religious life of the migrants, (a brief account only of) their settlements in the imperial territories—mix-up with Roman population. Christian influence upon the settlers.

3. The myth of "dark age" in Europe :	3	3

4th to 7th Century—not 'dark'; learning was kept alive iu monasteries—ecclesiastical concept of right and wrong functioned as a civilising influence.

4. The Byzantine Civilisation :	7	5

(*a*) Constantine founds Constantinople and makes Christianity the official religion of Byzantium.

(*b*) Justinian's efforts to establish unified empire (without details about wars). Justinian's Law Code, its importance; patronage of architecture and painting.

(*c*) Importance of Byzantium as a centre of trade and commerce, preserver of Culture (Literature, Philosophy, Science).

	Pages	Lessons
5. Islam and its impact :	7	5

(*a*) The Arabs—land and people. The prophet and his teachings ; Factors which faciliated the spread of Islam : The Caliphs, the Arab Empire : Cordova ; How Europe reacted to the achievements of Islam ; Arab contributions to culture, arts and sciences, scholarship, Some scholars.

6. Western Europe in Medieval Period (800-1200 A. D. approx.) :	10	8

(a) Charlemagne—revival of the Holy Roman Empire (800 A. D.) ; Importance of Coronation—relation between State and Church, Court and its patronage of art and literature.

(b) Monasteries—monks and nuns—life centring round monasteries (Benedictive vows) the role of monasteries in the preservation and dissemination of learning—Cluny (Freeing the Church from corruption, secularisation and feudalisation).

(c) Investiture issue (Reference only).

(d) 11th and 12th centuries : from monastic and cathedral schools, Universities ; some famous scholars, students and teacher relationship. The growth of studies in Law, Medicine, Theology as well as logic, liberal Arts, literature.

7. Feudalism in Medieval Europe :	16	10

(a) Feudalism : Land—the bond between man and man ; The Feudal hierarchy ; private assumption of public authority, the role of the Feudal castle and mailed horsemen in saving Europe ; Feudalism—a way of life ; Institution of Chivalry —Troubadours.

(b) Manorial System : Manorialism—economic aspects of Feudalism ; Manor—the local unit of Feudal Govt. Manorial Court. Economic conditions : Cultivation by labour of village community ; peasants' heavy toil and heavy rent—conditions of peasants' life. Heavy dues to Lord and Church in cash or kind. Manorial life in Castles—Three distinct classes—clergy, nobility and the rest—nobility and peasants at opposite poles. Serf—a chattel of the Lord—obligatory service, hereditary serfdom ; Means of escape—joining a holy order, running away to town for shelter, getting employed in business and industry, Revolt.

	Pages	Lessons
8. The Crusades : (1st, 3rd, 4th)	6	3

Motives—Impact upon society and culture—new towns and tarde-centre (Italy in particular), cottage industries separated from agriculture (11th & 12th centuries).

9. Groth of Towns—Role of the Crusades—Guilds tn towns, their activities—a short account of life in towns. Town autonomy by royal charter ; origin of the term "Bourgeois".

10. The Far East in the Middle Ages :	10	8

(i) China in Medieval Period (from early 7th Century to 14th Century).

(a) The T'ang period (618-907 A. D.) Re-unification of China and recasting the laws : Education, learning, literature (poetry). Tea, printing, arts.

Promotion of trade, commerce and agriculture. Buddhism in China, Chinese civilisation spread to Japan, Korea, Annam, China—a model for emulation.

Hiuen Tsang's visit to India and his return—impact.

(b) The Sung period (960-1280) : Important experiments. State control of commerce. State loan to farmers, property Tax, Education and Culture.

(c) The Yuan period (1280-1368) : The Mongols : Kublai Khan (Tibetan Buddhism) and the account of Marco Polo.

(ii) Japan in Medieval period :	6	5

(a) Society and Feudal economy in early medieval times. Supremacy of Mikado : Close links with China, Resistance of "Great Families".

Mikado combined the office of Shinto High priest and absolute sovereign. Yet the growing power of hereditary clan-families and enrichment of Buddhist Orders weakened the central authority. The Shogunate. The Samurai, Japanese Chivalry (Bushido).

11. India in the Middle Ages :	16	12

(a) After the Guptas (5th-´th century). Hun incursions from 458 (occupatton of Persia, Kabul, North Western India : (historical importance of the Huns).

Break up of the Gupta Empire ; Age of Harshavardhan ; Shrinking of the ideal of imperial unity to only Uttarapatha : Hiuen Tsang's travels—his Account ; Nalanda—main features of the University.

Pages Lessons

(b) Post-Harshavardhan period (8th to 12th century).

After Harshavardhan—rise of smaller States; The 'Rajputs': The Feudal Clannish principalities of Rajputana; Pala, Pratihara, Rastrakuta contest (reference only)—inability to establish a united empire; smaller kingdoms as vassals.

(c) Bengal: Sasanka, Life and Society under the Palas and Senas—Religion and learning (Vikramsila and Udandapur).

(d) South India—The Chalukyas of Badami and Pallavas of Kanchi, their contributions to Art and Architecture—Maritime activities of the Cholas.

12. **India's foreign contacts:** by land—Mahayana Buddhism in Central Asia, thence to China (Khotan ruin, Hiuen, Tsang's evidence); — 7 4

Tibet—(Atish Dipankar).

by Sea—Settlements and cultural influence in South East Asia: Subarnabhumi—Yasodharpur and Angkorvat, Angkorthom—Malay, Java—Borobudur.

13. **The Sultans of Delhi (1206 to 1526 A. D.)** — 6 3

Coming of Turko-Afghans to India (only a brief reference to the motive and manner of their coming).

Main features of political, Social and economic life; Mutual influence of Hinduism and Islam; liberal developments in Arts and Culture, translation of classics, Bhakti Cult (the medieval Saints) —Sri Chaitanya, Nanak and Kabir. Bengal—Social, cultural and economic conditions in Ilias Shah and Hussain Shah's periods.

Short account of the general administrative System.

14. Towards the need of the Medieval era (14th & 15th centuries).

Fall of Constantinople: its impact on the Renaissance which had already started in the West.

*Features of the Renaissance era—Siprit of enquiry and reasoning, widening of frontiers of knowledge, scientific discoveries based on "obsecured facts", geographical discoveries—its outcome.

*National States—France, England, Portugal, Spain, Struggle for National Freedom (Dutch).

*Expansion of Europe.

*Old Order Vs. New Order—The English revolt.

সূচীপত্র

বিষয় পৃষ্ঠাঙ্ক

প্রথম পরিচ্ছেদ

মধ্যযুগের সূচনা

৪৭৬ খ্রীষ্টাব্দে ক্রীতদাস ও অন্যান্য নিপীড়িত মানুষের বিদ্রোহের ফলে এবং জার্মান জাতির আক্রমণের ফলে পশ্চিম ইউরোপে পশ্চিম রোমান সাম্রাজ্যের পতন হল। রোমুলাস অগাস্টুলাস ছিলেন পশ্চিম রোমান সাম্রাজ্যের শেষ সম্রাট। তারপর ইউরোপে হাজার বছর ধরে যে অর্থনৈতিক ও রাজনৈতিক ব্যবস্থা গড়ে উঠেছিল তাকে ইতিহাসে মধ্যযুগ বলে। এই ব্যবস্থা পঞ্চদশ শতাব্দী পর্যন্ত প্রচলিত ছিল। পঞ্চম শতাব্দী থেকে পঞ্চদশ শতাব্দী ইউরোপের ইতিহাসে মধ্যযুগ।

মধ্যযুগ কাকে বলে

পঞ্চম শতাব্দীতেই দুর্ধর্ষ জার্মান জাতির লোকেরা পশ্চিম রোমান সাম্রাজ্যকে বিধ্বস্ত করে সাম্রাজ্যের বিভিন্ন স্থানে বসবাস করতে থাকে। তখন থেকেই দাসপ্রথার অবসান ও সামন্ততান্ত্রিক উৎপাদন ব্যবস্থার উন্মেষ হল। সামন্ত-তান্ত্রিক ব্যবস্থায় নতুন অর্থনীতি, সমাজ, রাষ্ট্র ও শিক্ষা পদ্ধতি গড়ে ওঠে। এই সমাজে খ্রীষ্টান চার্চ এক বিশেষ ভূমিকা পালন করে। জার্মানদের প্রাধান্য স্থাপনের ফলে পশ্চিম ইউরোপের সমাজ জীবনে এক আমূল পরিবর্তন ঘটে। জার্মানরা গ্রীক ও রোমান সভ্যতার ঐশ্বর্যের সঙ্গে এবং খ্রীষ্টধর্মের সঙ্গে পরিচিত হল। রোমান সাম্রাজ্যের রাজনৈতিক ব্যবস্থা, রোমান আইন এবং গ্রীক-রোমান শিল্প ও সাহিত্য নানাভাবে মধ্যযুগের জীবনধারাকে প্রভাবান্বিত করে। তার সঙ্গে জার্মান জাতির চারিত্রিক বৈশিষ্ট্য যুক্ত হয়ে মধ্যযুগের সমাজ ব্যবস্থার পরিবর্তন ঘটায়। জার্মানরা ব্যক্তিগত স্বাধীনতায়, ব্যক্তিগত আনুগত্যে বিশ্বাসী ছিল এবং মেয়েদের প্রতি শ্রদ্ধাশীল ছিল। তাদের চারিত্রিক উপাদানের সঙ্গে রোমান প্রথা ও শাসনপ্রণালীর পারস্পরিক সংমিশ্রণ ও প্রভাবে যে সমাজব্যবস্থা গড়ে ওঠে তাকেই বলা হয় সামন্ততন্ত্র। এই ব্যবস্থায় ব্যক্তিগত স্বাধিকার

সমাজ জীবনে পরিবর্তন : সামন্ততন্ত্র

অনেকটা স্বীকৃত হয়। প্রশাসনিক ও ভূমি ব্যবস্থায় ব্যক্তিগত আনুগত্যের উপাদানও লক্ষ্য করা যায়।

জার্মানরা বড় বড় রোমান জমিদারদের জমিজমা কেড়ে নিয়ে নিজেরাই জমিদার হয়ে বসেন। জার্মান অভিজাতরা সবাই ছিলেন বড় বড় জমিদার। প্রভাবশালী শাসক, সামরিক নেতা ও যোদ্ধারাই ছিলেন অভিজাত শ্রেণী। তাঁরাই ছিলেন জমিজমা ও সম্পদের অধিকারী। তাঁরাই আবার সম্পদ ও জমিজমা রক্ষার জন্য রাষ্ট্র ব্যবস্থা গড়ে তোলেন এবং নিজেদের মধ্য থেকে একজনকে রাজা মনোনীত করেন। এইভাবে পশ্চিম ইউরোপের যেসব স্থানে জার্মানরা স্থায়ীভাবে বসবাস শুরু করে সেখানেই রাজতন্ত্র গড়ে ওঠে।

অভিজাত শ্রেণী ও রাজতন্ত্র

ক্রীতদাসদের খাটিয়ে মালিকরা আর আগের মত বেশী লাভ করতে পারত না। জার্মান জমিদাররা দাসদের মুক্তি দিয়ে, তাদের কিছু জমি দিয়ে নিজেদের জমিদারীতে আশ্রিত করে রাখত, আর তাদের পরিশ্রমের ভাগ নিত। কৃষকদের বার্ষিক খাজনা জমিদারদের দিতে হত। জমিদারদের আর খাওয়া-পরার ব্যবস্থা করে দাস রাখতে হত না। এইভাবে জার্মানদের আধিপত্য স্থাপনের পরে ক্রীতদাসরা মুক্তিলাভ করে। পশ্চিম ইউরোপের বেশীর ভাগ কৃষকই ছিল 'মুক্ত কৃষক'। তাহলেও কৃষকদের প্রকৃত স্বাধীনতা ছিল না। কারণ মধ্যযুগের রাষ্ট্রের প্রধান উদ্দেশ্যই ছিল শাসকদের ও জমিদারদের স্বার্থ রক্ষা করা। আর কৃষকরা ছিল রাষ্ট্র ও জমিদারদের উপর নির্ভরশীল। তাদের প্রভুর প্রতি অনুগত থাকতে হত। এই সময়ে কৃষকেরা আরও ভালোভাবে জমি চাষ করতে সক্ষম হয় এবং বেশী ফসল উৎপন্ন করে।

ভূমি-ব্যবস্থা

মধ্যযুগে পণ্য উৎপাদন ব্যবস্থাতেও পরিবর্তন ঘটে। বাণিজ্যের প্রসারের ফলে মুদ্রার প্রচলন বৃদ্ধি পায়। মুদ্রার বিনিময়ে পণ্যদ্রব্য বিক্রয়ের পদ্ধতি আরও উন্নত হয়। কারিগর ও বণিকদের শহরে বসতির ফলে এবং বাজারের

পণ্য উৎপাদন ও মুদ্রা

প্রসার ঘটায় সামাজিক ও রাজনৈতিক জীবনেও পরিবর্তন ঘটে। কারিগররা নতুন নতুন জিনিস উৎপন্ন করে। শহরে গিল্ড প্রথা গড়ে ওঠে। আর শহর পরিচালনা ও অন্যান্য ক্ষেত্রে সামন্ত প্রভুদের সঙ্গে বণিকদের বিরোধও দেখা দেয়।

খ্রীষ্টধর্ম

মধ্যযুগের আর একটি গুরুত্বপূর্ণ ঘটনা হল জার্মান জাতি কর্তৃক খ্রীষ্টধর্ম গ্রহণ। বিভিন্ন স্থানে অনেক খ্রীষ্টীয় মঠ স্থাপিত হয়। বিশ্ববিদ্যালয় গড়ে ওঠার আগে এই মঠগুলো ছিল শিক্ষাদানের প্রধান কেন্দ্র। মঠেরও অনেক জমিজমা ছিল। লিখিত আইন থাকলেও শাসকেরা নিশ্চিন্ত থাকতে পারেন নি। তাই তাঁরা প্রচলিত সমাজ ব্যবস্থাকে টিকিয়ে রাখার জন্য ধর্মকে ব্যবহার করেন। সামাজিক ও রাজনৈতিক জীবনের সংহতি বজায় রাখতে ধর্মের এক বিশেষ ভূমিকা ছিল।

সংস্কৃতি ও শিল্পকলা

খ্রীষ্টধর্ম গ্রহণ করায় জার্মানরা রোমের সংস্কৃতি ও শিল্পকলার সঙ্গে পরিচিত হয়। তার ফলে রোমান ও জার্মান জাতির মধ্যে মিলনের পথ প্রশস্ত হয় এবং এই সংমিশ্রণের মধ্য দিয়ে এক নতুন জনসমষ্টি গড়ে ওঠে। খ্রীষ্টধর্মের ভ্রাতৃত্ববোধ জনসাধারণের মধ্যে এক নতুন সামাজিক চেতনা জাগ্রত করে। এই ভাবে প্রাচীন গ্রীক ও রোমান সভ্যতার ও খ্রীষ্টধর্মের প্রভাব মধ্যযুগের ইউরোপের জীবনধারায় প্রবহমান হয়।

জ্ঞানের প্রসার

মধ্যযুগে মুদ্রিত গ্রন্থ প্রকাশিত হওয়ায় জ্ঞানের পরিধি প্রসারিত হয়। সমুদ্রযাত্রায় কম্পাস ব্যবহৃত হয়। দূরবীক্ষণ-যন্ত্রও আবিষ্কৃত হয়। সাহসী পর্যটকেরা অজানা সমুদ্রে পাড়ি দিয়ে নতুন নতুন দেশ আবিষ্কার করেন। জীবন ও জগৎ সম্বন্ধে মানুষ নতুন জ্ঞান লাভ করে।

ইউরোপের মত ভারতবর্ষেও মধ্যযুগের অবস্থা প্রায় একই রকম ছিল, পঞ্চম শতাব্দী থেকে পঞ্চদশ শতাব্দী পর্যন্ত একই চেহারা। চীনদেশে খ্রীষ্টীয় তৃতীয় শতাব্দীতে, ভারতবর্ষে খ্রীষ্টীয় চতুর্থ-পঞ্চম শতাব্দীতে এবং আরব দেশে সপ্তম শতাব্দীতে সামন্ততন্ত্রের উন্মেষ

হল। তখন ভারতবর্ষে গুপ্ত সম্রাটরা দেশ শাসন করতেন। গুপ্ত সাম্রাজ্যের শেষের দিকে দাসদের দিয়ে জমিজমা চাষ করা আর লাভজনক ছিল না। পণ্য বা শস্য উৎপাদনে দাসদের নিয়োগ হ্রাস পায় এবং শূদ্ররাও দাস শ্রমের বোঝার ভার হতে অনেকটা মুক্ত হয়। জমি ক্ষুদ্র ক্ষুদ্র অংশে ভাগ হয়ে যায় এবং শূদ্ররা ছোট ছোট চাষীতে পরিণত হল। গুপ্ত সাম্রাজ্যের পতনের পরে ভারতবর্ষে কয়েকটি স্বাধীন রাজ্যের আবির্ভাব হয়। এইসব রাজ্যে সামন্ততান্ত্রিক বিধি-ব্যবস্থার প্রকাশ ঘটে। আরও পরে নবম শতাব্দী থেকে ত্রয়োদশ শতাব্দী পর্যন্ত সময়কালে ভারতবর্ষের আঞ্চলিক রাজ্যগুলোতে সামন্ততান্ত্রিক ব্যবস্থার সুস্পষ্ট চিত্র পাওয়া যায়। ভারতবর্ষেও বৌদ্ধমঠ ও হিন্দুমন্দির কেন্দ্র করে শিক্ষাব্যবস্থা গড়ে ওঠে। দাসপ্রথার অবসান হলেও শ্রমজীবী মানুষ নিপীড়ন থেকে মুক্ত হয়নি।

ভারতবর্ষে মধ্যযুগের সময়কাল

সবদেশে কিন্তু একই সময়ে মধ্যযুগের বিকাশ ঘটেনি। কোন কোন দেশে মধ্যযুগের বিকাশ আগে ঘটেছে, অথবা কোথাও পরে ঘটেছে। কোন কোন দেশে পঞ্চম শতাব্দী থেকে সপ্তদশ শতাব্দীর মধ্যকাল পর্যন্ত মধ্যযুগ ছিল। সর্বত্র আমরা একই ধরনের ব্যবস্থাও দেখতে পাই না। সুতরাং মধ্যযুগের ইতিহাস আলোচনায় এই প্রভেদের কথা আমাদের মনে রাখতে হবে।

অনুশীলনী

প্রবন্ধমূলক (Essay type) প্রশ্ন :

(১) মধ্যযুগে পশ্চিম ইউরোপের সমাজ জীবনে কি পরিবর্তন হয়েছিল আলোচনা কর। [১০]

(২) পশ্চিম ইউরোপের রাজতন্ত্র ও ভূমি ব্যবস্থা সম্বন্ধে যা জান লেখ। [১০]

সংক্ষিপ্ত (Short) প্রশ্ন :

(১) ভারতবর্ষে কখন কিভাবে মধ্যযুগের সূত্রপাত হল? সবদেশে কি একই সময় মধ্যযুগের বিকাশ ঘটে? [৫+২]

(২) মধ্যযুগে ইউরোপের সংস্কৃতি ও শিল্পকলা সম্বন্ধে কি জান? মধ্যযুগে জ্ঞানের পরিধি প্রসারিত হয় কি? [৫+২]

অতি-সংক্ষিপ্ত (Very Short) প্রশ্ন :

(১) ইউরোপের ইতিহাসে কোন সময়কালকে মধ্যযুগ বলা হয়? কয়েকটি দেশের মধ্যযুগের সময়কাল উল্লেখ কর। [১+৪]

(২) পশ্চিম রোমান সাম্রাজ্যের শেষ সম্রাট কে ছিলেন? ইতিহাসে মধ্যযুগ কাকে বলে? [১+৪]

দ্বিতীয় পরিচ্ছেদ

পাশ্চাত্যে মধ্যযুগ

জার্মান জাতি ঃ খ্রীষ্টীয় তৃতীয় শতাব্দী থেকেই রোমান সাম্রাজ্য দুর্ধর্ষ জার্মান জাতিদের আক্রমণের সম্মুখীন হয়েছিল। রোমানরা যাদের জার্মান বলত তারা বাস করত বালটিক সাগর সংলগ্ন অঞ্চলে। জার্মানদের সংখ্যা ক্রমশঃ বৃদ্ধি পাওয়ায় তারা দলে দলে রোমান সাম্রাজ্যের সীমানা অতিক্রম করতে লাগল। তারা নানা উপায়ে সাম্রাজ্যে প্রবেশ করে। এলব থেকে রাইন পর্যন্ত অঞ্চলে তারা ক্রমশঃ কর্তৃত্ব স্থাপন করেছিল। জুলিয়াস সীজার ও ট্যাসিটাস জার্মান জাতির বিবরণ লিখে গিয়েছেন। সীজার একবার তাদের দেশে অভিযান করেছিলেন। ট্যাসিটাসের বিবরণীতে, জার্মান দেশের উত্তরে সমুদ্র, দক্ষিণে ডানিয়ুব নদী ও পশ্চিমে রাইন। ট্যাসিটাস তাদের বর্বর বললেও জার্মানরা কিন্তু অসভ্য ছিল না। তারা আর্যদের একটি ভাষায় কথা বলত। গ্রীক বা ল্যাটিনের মত উচ্চাঙ্গের সাহিত্য তাদের না থাকলেও জার্মানরা সঙ্গীত রচনা করত। তাদের নিজস্ব ধর্মও ছিল। তাদের মধ্যে কোন কোন দল আবার খ্রীষ্টধর্ম গ্রহণ করেছিল। তারা লোহা ও লাঙ্গলের ব্যবহার জানত। তাদের সমাজে নীতি বা শৃঙ্খলার অভাব ছিল না।


জার্মানদের মধ্যে গথ, ভ্যাণ্ডাল, ফ্রাঙ্ক, স্যাকসন, আবর, লম্বার্ড প্রভৃতি বহু উপজাতি ছিল। প্রত্যেক উপজাতির পৃথক পৃথক রাজা বা নেতা ছিল। রাজার বা এই সব নেতাদের ক্ষমতা ছিল নিতান্তই সীমাবদ্ধ। সাধারণের পরামর্শ না নিয়ে তাঁরা কিছুই করতে পারতেন না। প্রাপ্তবয়স্ক কোন ব্যক্তিই নিরস্ত্র থাকত না। তারা সাধারণতঃ ঢাল ও বল্লম নিয়ে যুদ্ধ করত। তারা তরবারিও ব্যবহার করত। তাদের মধ্যে অশ্বারোহী ও পদাতিক উভয় শ্রেণীর যোদ্ধাই ছিল। বর্মের ব্যবহারও তারা জানত।

জার্মান, ফরাসী, ইংরেজ, ওলন্দাজ, সুইড প্রভৃতি আধুনিক সভ্য

জাতি এই বর্বরদেরই বংশধর। তারা যেমন একদিকে রোমান সভ্যতা সেইরকম অন্যদিকে জার্মান ঐতিহ্যের উত্তরাধিকারী।

হূন আক্রমণ ঃ ভিড়ের মধ্যে যেমন পিছনের লোকের ধাক্কায় সম্মুখের লোক নিজের জায়গায় স্থির থাকতে পারে না, এগিয়ে যেতে হয়, যাযাবর জাতিরাও তেমনই অনেক সময় পিছনের লোকের চাপে স্থানভ্রষ্ট হয়ে নতুন দেশ আক্রমণ করতে বাধ্য হয়। জার্মানরা এইভাবে রোমান সাম্রাজ্যের সীমান্ত দেশগুলিতে প্রবেশ করেছিল। প্রথম প্রথম তাদের কোন কোন দল রোমান প্রভূত্ব স্বীকার করে, শান্তভাবে রোমান রাজ্যে বসবাস করে, রোমান সেনাদলে যোগদান করেছিল। পরবর্তীকালে জার্মান আগন্তুকেরাও হয়তো সেইরকম ভাবে সাম্রাজ্যের ভিতর জায়গা করে নিতে পারত। কিন্তু এই সময় এক বিপর্যয় উপস্থিত হল। পৃথিবীর ইতিহাসে তার তুলনা বিরল। চীনের উত্তর-পশ্চিম প্রান্ত থেকে মধ্য এশিয়ার প্রান্তরের পথে হূনরা ইউরোপে প্রবেশ করল। রোমানরা এই অপরিচিত জাতির আকস্মিক আবির্ভাবের জন্য মোটেই প্রস্তুত ছিল না। ঝড়ের বেগে হূনরা পূর্ব থেকে পশ্চিমে ছড়িয়ে পড়ল। মহামারীর মত তারা আক্রান্ত দেশ ছারখার করে গেল। জার্মানীর বর্বর জাতিরা কতক তাদের সঙ্গে যোগ দিল। কতক তাদের আক্রমণের তাড়নায় বাড়িঘর ছেড়ে নতুন আশ্রয়ের সন্ধানে ছুটল।

হূনরা মঙ্গোলীয় গোষ্ঠীর অসভ্য বর্বর। তাদের মুখ শ্মশ্রুবিহীন, নাক চেপটা, চোখ তেরচা, চোখের তারা ও চুলের রং কালো, দেহের অনুপাতে হাত পা ছোট। মধ্য এশিয়ার প্রান্তরে পশুপালন ছিল তাদের উপজীবিকা। শীতের সময় তারা পালিত পশুর পাল নিয়ে দক্ষিণে আসত। আবার গ্রীষ্মকালে উত্তরে চলে যেত। এইভাবে কঠোর জীবনযাপনের ফলে তারা অত্যন্ত কষ্টসহিষ্ণু ছিল। অশ্বারোহণে তাদের অসাধারণ পটুতা জন্মেছিল। খ্রীষ্টীয় চতুর্থ শতাব্দীর শেষভাগে (৩৭২ খ্রীষ্টাব্দে) ভলগা নদী পার হয়ে সহসা তারা বর্তমান রুশ দেশে উপস্থিত হল।



বর্বর জাতিদের আদিবাস বোঝাতে ছোট অক্ষর এবং পরে তাদের বসতি বোঝাতে বড় অক্ষর ব্যবহার করা হয়েছে, যেমন ভ্যাণ্ডাল ও **ভ্যাণ্ডাল** ; যাত্রাপথ '→' চিহ্নের দ্বারা দেখান হয়েছে।

তখন বর্তমান বল্কান প্রদেশে গথদের বাস ছিল। গথরা দু'দলে বিভক্ত। অস্ট্রোগথ বা প্রাচ্য গথরা হূনদের হাতে পরাজিত হল। ভিসিগথ বা পাশ্চাত্য গথদের একদল নিরুপায় হয়ে রোমান সাম্রাজ্যে আশ্রয় প্রার্থনা করল। কিন্তু রোমান অফিসারদের নিপীড়নের ফলে ভিসিগথরা খুব বিপর্যস্ত হয় এবং আত্মরক্ষার জন্য বিদ্রোহ করে। ৩৭৮ খ্রীষ্টাব্দে এড্রিয়ানোপলের যুদ্ধে তখনকার সম্রাট ভ্যালেন্স পরাজিত ও নিহত হলেন। গথরা জয়ী হল। তারা দ্রুতগতিতে উচ্চ বল্কান ও থ্রেস অঞ্চল বিধ্বস্ত করল। তখন সম্রাট প্রথম থিওডোসিয়াস তাদের বিরুদ্ধে অস্ত্রধারণ করলেন। ৩৮২ খ্রীষ্টাব্দে তাদের মধ্যে শান্তি চুক্তি হল এবং আথানারিক নামক নেতার নেতৃত্বে গথরা থ্রেস অঞ্চলে বসতি স্থাপন করেছিল। কিন্তু তাদের সঙ্গে রোমানদের বিরোধ লেগেই থাকত। ৩৯৫ খ্রীষ্টাব্দে প্রথম থিওডোসিয়াসের মৃত্যুর পর রোমান সেনাবাহিনীর ভিসিগথ সৈন্যরা আলেরিক নামক এক ব্যক্তিকে তাদের নেতা নির্বাচিত করেন। আলেরিকের নেতৃত্বে তারা রাজতন্ত্র গড়ে তোলে। আলেরিক বল্কান উপদ্বীপে বিদ্রোহ পরিচালনা করেন। কিন্তু তাঁকে রোমানরা বাধা দেয়। ৪০১ খ্রীষ্টাব্দে আলেরিক ইটালি আক্রমণ করেন। রোমান সেনাবাহিনীর নেতা স্টিলিকো এই আক্রমণ প্রতিহত করতে পারলেও তাঁর মৃত্যুর পরে আলেরিকের অভিযান সফল হয়, ভিসিগথরা ইটালীতে প্রাধান্য স্থাপন করে। আলেরিক গ্রীসের প্রাচীন নগরগুলোও বিধ্বস্ত করেন। তারপর আলেরিক রোম অবরোধ করেন। আলেরিকের সঙ্গে রোমান সম্রাট হনোরিয়াস আলোচনা করলেন, কিন্তু কোন ফল হল না। ৪১০ খ্রীষ্টাব্দে ভিসিগথরা রোমনগরী বিধ্বস্ত করে। তারপরে আলেরিক সিসিলি ও আফ্রিকা আক্রমণ করবার উদ্দেশ্যে দক্ষিণ দিকে অভিযান পরিচালনা করেন। কিন্তু ঝড়ে তাঁর নৌবহর ধ্বংস হয় এবং ৪১০ খ্রীষ্টাব্দে অসুস্থ হয়ে তিনি মারা যান। তারপর তাঁর ভাই আতাওলফ ভিসিগথদের নেতা নির্বাচিত হন।

অস্ট্রোগথ ও ভিসিগথ

প্রথম আলেরিক

এটিলা : হূনদের সর্বাপেক্ষা প্রসিদ্ধ নেতা ছিলেন এটিলা। ইতিহাসে তিনি 'বিধাতার কশা' নামে পরিচিত। এই কশার আঘাতে রোমান সাম্রাজ্যের পূর্ব ও পশ্চিম অঞ্চল ক্ষত বিক্ষত হয়েছিল। ৪৩৪ খ্রীষ্টাব্দ থেকেই তাঁর অভিযানের সাফল্যের পরিচয় পাওয়া যায়। তাঁর সাম্রাজ্য কাস্পিয়ান হ্রদের তীর থেকে রাইন নদীর তীর পর্যন্ত বিস্তৃত ছিল। ফ্রাঙ্ক, ভ্যাণ্ডাল প্রভৃতি জার্মান উপজাতি তাঁর আনুগত্য স্বীকার করেছিল। তিনি প্রথমে সাম্রাজ্যের পূর্বাঞ্চল ও পশ্চিমাঞ্চল আক্রমণ করেন। পূর্বাঞ্চলের দুর্বল সম্রাট দ্বিতীয় থিওডোসিয়াস তাঁকে করদানে তুষ্ট করেছিলেন। ৪৫১ খ্রীষ্টাব্দে এটিলা গল আক্রমণ করেন। এই সময়ে ভিসিগথদের রাজা থিয়োডোরিক রোমান সেনাপতি এটিয়াসের সঙ্গে মিলিত হয়ে হূন আক্রমণ প্রতিরোধ করেন। হূন সম্রাট পরাজিত হয়ে ফিরে যান। ৪৫২ খ্রীষ্টাব্দে এটিলা উত্তর ইটালি আক্রমণ করেন। কিন্তু পোপের অনুরোধে ও সেনেটের সদস্যদের মিনতিতে রোমে প্রবেশ না করে তিনি স্বরাজ্যে প্রত্যাবর্তন করেন। ৪৫৩ খ্রীষ্টাব্দে হঠাৎ এটিলার মৃত্যু হল। তারপরই হূন শক্তির পতন আরম্ভ হল। বহু সম্পদের অধিকারী হলেও এটিলা বিলাস ও ব্যসনের প্রশ্রয় দেননি। তিনি বাস করতেন কাঠের ঘরে, আহার করতেন কাঠের পাত্রে। ঘরের সামনে খোলা দরবারে বসে রাজকার্য করতেন। নিষ্ঠুর ও নির্মম বলে তাঁর অখ্যাতি আছে, কিন্তু রোমান দূতদের মধ্যে


এটিলা

একজন তাঁকে হত্যা করবার ষড়যন্ত্রে লিপ্ত হলেও তিনি তাঁর প্রতি নিষ্ঠুর ব্যবহার করেননি।

রোমের পতন: হূন শক্তির পতনে কিন্তু রোম রক্ষা পেল না। পূর্বেই বলা হয়েছে কিভাবে ভিসিগথরা রোমান সাম্রাজ্যকে দুর্বল করে শক্তি সঞ্চয় করল। একই সময়ে ভ্যাণ্ডালরাও শক্তিশালী হয়ে উঠেছিল। ভ্যাণ্ডালদের রাজা ছিলেন গিসেরিক। ৩৯০ খ্রীষ্টাব্দ থেকে তিনি তাদের পরিচালনা করেন। ৪২৯ খ্রীষ্টাব্দে তিনি ভ্যাণ্ডালদের নিয়ে স্পেন থেকে উত্তর আফ্রিকায় যান। ৪৩৯ খ্রীষ্টাব্দে কার্থেজ তাঁর দখলে আসে। ৪৪০ খ্রীষ্টাব্দে তিনি সিসিলিতে নৌবহর পাঠিয়েছিলেন। ৪৪২ খ্রীষ্টাব্দে তাঁর স্বাধীন অস্তিত্ব স্বীকৃত হয়। তিনি রোমান ভূস্বামীদের জমি কেড়ে নেন এবং রোমান ক্যাথলিক যাজকদের নিপীড়ন করেন। ভূমধ্যসাগরে তাঁর নৌবহর অনেক উপদ্রব দূর করেছিল। তাঁর পরাক্রমে রোমানদের শস্য আমদানির পুরাতন পথ বন্ধ হয়ে গেল। ৪৫৫ খ্রীষ্টাব্দে গিসেরিক রোম নগরী বিধ্বস্ত করেন। রোমান সাম্রাজ্যের এক বিশাল অঞ্চল তিনি দখল করেছিলেন। ইতিমধ্যে ফ্রাঙ্করাও শক্তিশালী হয়ে ওঠে। ইংলণ্ডে স্যাক্সন, ফ্রান্স ও জার্মানীতে ফ্রাঙ্ক, স্পেনে ভিসিগথ, ইটালিতে লম্বার্ড প্রভৃতি জাতিরা প্রাধান্য স্থাপন করতে থাকে। সাম্রাজ্যের বিশৃঙ্খলার সুযোগে ৪৭৬ খ্রীষ্টাব্দে বর্বর জাতির এক সেনাপতি ওডোয়েসার সম্রাট রোমুলাস অগস্টাসকে পদচ্যুত করে ইটালির শাসনভার গ্রহণ করেন। রোমান সাম্রাজ্যের প্রাচ্য অঞ্চলের সম্রাট জেনো তাঁকে আপনার প্রতিনিধি বলে স্বীকার করেন। এইভাবে পশ্চিম ইউরোপে রোমের প্রভুত্ব শেষ হল, আর আধুনিক ইউরোপীয় রাজ্যগুলি প্রতিষ্ঠিত হল।

গিসেরিক

বর্বর জাতির নেতারা পশ্চিম ও মধ্য ইউরোপের বিভিন্ন স্থানে স্বাধীন রাজ্য প্রতিষ্ঠা করলেন। তাঁরাই হলেন এইসব রাজ্যের রাজা বা শাসক। এইসব জার্মান রাজ্য পশ্চিম রোমান সাম্রাজ্যের স্থান

দখল করে। বিভিন্ন জনসমষ্টির মধ্যে গথ ও ভ্যাণ্ডালরা কিছু পরিমাণ রোমান জীবনযাত্রা গ্রহণ করে। ফ্রাঙ্ক এবং অ্যাংলো-স্যাক্সনরা রোমান সভ্যতার সঙ্গে অল্প পরিচিত ছিল। তাছাড়া এই সভ্যতার প্রতি তাদের কিছু আগ্রহও ছিল। অবশ্য তারা খ্রীষ্টধর্ম গ্রহণ করেছিল। জার্মানদের মধ্যে অনেকেই রোমান সাম্রাজ্য ভেঙে যাবার আগেই খ্রীষ্টধর্ম গ্রহণ করে। প্রসঙ্গতঃ গথদের কথা উল্লেখ করা যায়। রোমান সভ্যতার সংস্পর্শে আসার পরে ও খ্রীষ্টধর্ম গ্রহণ করার পরে জার্মান জাতির আইন ও সাহিত্য অনেকটা পরিবর্তিত হয়। ধর্মীয় জীবনে যে সব প্রথা তারা অনুসরণ করত তা পরিত্যাগ করে। তাদের আইন যুগোপযোগী করে রচিত হয়। অবশ্য রোমান সাম্রাজ্যে অভিযান করার পরেও তারা অনেকদিন পর্যন্ত রোমান আইনের বিরুদ্ধে নিজেদের আইনের অস্তিত্ব রক্ষা করেছিল। রোমান সাম্রাজ্যের সংস্পর্শে আসার ফলেই তারা রাজকীয় ক্ষমতা গড়ে তোলে। কাজেই তাদের গড়া রাষ্ট্রব্যবস্থায় রোমান সাম্রাজ্যের প্রভাব যথেষ্ট ছিল। অ্যাংলো-স্যাক্সনরা দূরে বিচ্ছিন্ন থাকায় নিজেদের জার্মান প্রথার বৈশিষ্ট্য অনেকটা রক্ষা করতে পেরেছিল। গলের উত্তরে ফ্রাঙ্করাও তা করতে পেরেছিল। কিন্তু অন্যত্র জার্মানরা স্থানীয় অধিবাসীদের সঙ্গে মিশে যায় এবং তাদের রীতি-নীতি গ্রহণ করে। মধ্যযুগে ইউরোপে রোমান ও জার্মান রীতি-নীতির সংমিশ্রণ ঘটে। সামাজিক ও রাজনৈতিক জীবনে তা লক্ষ্য করা যায়। আর একটি ঘটনা হল ইউরোপের বিভিন্ন রাজ্যে খ্রীষ্টধর্মের প্রসারণ। ইউরোপের আধুনিক ভাষা ও জাতিসমূহের সূচনাও এই সময় থেকে হয়।

অনুশীলনী

প্রবন্ধমূলক প্রশ্ন ঃ

(১) জার্মান জাতি সম্বন্ধে যা জান লেখ। [১০]

(২) এটিলা সম্বন্ধে যা জান লেখ। [১০]

(৩) হুনদের সম্বন্ধে যা জান লেখ। [১০]

(৪) পশ্চিম রোমান সাম্রাজ্যের পতনের কারণ আলোচনা কর। [১০]

(৫) জার্মানদের উপর রোমান সভ্যতার প্রভাব সম্বন্ধে যা জান লেখ। [১০]

সংক্ষিপ্ত প্রশ্ন ঃ

(১) আলেরিকের সামরিক অভিযান সম্বন্ধে কি জান? তিনি কাদের নেতা ছিলেন? [৫+২]

(২) কোন্ অঞ্চলে এটিলা প্রাধান্য স্থাপন করেন? তাঁকে 'বিধাতার কশা' বলা হয় কেন? [৫+২]

(৩) গিসেরিকের রাজ্য জয় সম্বন্ধে যা জান লেখ। তিনি কাদের রাজা ছিলেন? [৫+২]

(৪) পশ্চিম রোমান সাম্রাজ্যের পতনের পর জার্মান জাতিগুলি কোন্ কোন্ স্থানে বসতি স্থাপন করে? রোমান সাম্রাজ্যের শেষ সম্রাট কে ছিলেন? [৫+২]

অতি-সংক্ষিপ্ত প্রশ্ন ঃ

(১) সীজার কে ছিলেন? তাঁর রচনা থেকে কাদের সম্বন্ধে জানা যায়? [১+৪]

(২) ট্যাসিটাস কে ছিলেন? তাঁর রচনা থেকে কাদের সম্বন্ধে জানা যায়? [১+৪]

(৩) হুনরা কোন জাতি-গোষ্ঠীর মানুষ? হুনদের জীবনযাত্রা সম্বন্ধে খুব সংক্ষেপে উল্লেখ কর। [১+৪]

(৪) 'বিধাতার কশা' কাকে বলা হয়? কখন থেকে হুন শক্তির পতন আরম্ভ হল? [১+৪]

(৫) কখন এটিলার মৃত্যু হল? তিনি কিভাবে বসবাস করতেন? [১+৪]

(৬) অস্ট্রোগথরা কাদের নিকট পরাজিত হয়েছিল? গথরা কোথায় বাস করত? [১+৪]

তৃতীয় পরিচ্ছেদ


ইউরোপের 'অন্ধকারময় যুগ'

এক সময়ে সমগ্র ইউরোপীয় মধ্যযুগকে, অর্থাৎ পঞ্চম শতাব্দী থেকে পঞ্চদশ শতাব্দী পর্যন্ত কালকে, 'অন্ধকারময় যুগ' বলে উল্লেখ করা হত। আবার বিশেষ করে একাদশ শতাব্দীর পূর্বের অবস্থাকে 'অন্ধকারময় যুগ' বলা হত। আরও সুনির্দিষ্ট করে পণ্ডিতরা চতুর্থ শতাব্দীতে পশ্চিম রোমান সাম্রাজ্যের ভাঙনের কাল থেকে সপ্তম শতাব্দী পর্যন্ত সময়কে এই নামে অভিহিত করেন। সর্বক্ষেত্রে ব্যাপক বিশৃঙ্খলা ও লোকের গভীর অজ্ঞতা লক্ষ্য করে এই সময়কালকে 'অন্ধকারময় যুগ' বলা হত। কিন্তু ঐতিহাসিকরা গবেষণা করে এই সিদ্ধান্তে আসেন যে, এই যুগের সব কিছুই অন্ধকারময় যুগ বলা ঠিক নয়, এখানেও আলোর কিরণ ছিল। পরবর্তীকালে যে সভ্যতার অগ্রগতি হয় তার মূলেও ছিল এই যুগের অবদান। এই যুগের বীজ পরবর্তীকালে ফুলে ফলে ভরে ওঠে। তাই 'অন্ধকারময় যুগ' সম্পর্কে পূর্বের প্রচলিত ধারণা মেনে নেওয়া ঠিক হবে না।

এই বিশৃঙ্খলার মাঝেই ইউরোপের বিভিন্ন ভাষার বিকাশ ঘটে। আর 'পবিত্র রোমান সাম্রাজ্য' ও 'পোপতন্ত্র' নামক প্রতিষ্ঠানকে ভিত্তি করে মধ্যযুগের দুটো মহান আদর্শের বিকাশও হয়। ইউরোপে পুনর্জাগরণ যুগের সূত্রপাতও হয় একাদশ শতাব্দীর সূচনা থেকে। এই সময়েই ধীরে ধীরে সভ্যতার অগ্রগতি হয় এবং সমাজ জীবনে শৃঙ্খলা দেখা দেয়।

তৃতীয় শতাব্দী থেকে ষষ্ঠ শতাব্দীর মধ্যে খ্রীষ্টীয় চার্চে যে প্রতিষ্ঠান গড়ে ওঠে তাকেই বলা হত সন্ন্যাসধর্ম বা সন্ন্যাসাশ্রম (monasticism)। মধ্যযুগের জীবন গঠনে এর বিশেষ ভূমিকা ছিল। ষষ্ঠ শতাব্দীতে খ্রীষ্টান সন্ন্যাসীরা ইউরোপের বিভিন্ন স্থানে অনেক মঠ স্থাপন করেন। খ্রীষ্টীয় মঠের সন্ন্যাসীরা ভোগবিলাস বিসর্জন দিয়ে

নির্জনে কঠোরব্রত পালন করতেন। তাঁদের বেশীর ভাগ সময় ধর্ম-চর্চায় কাটত। তাঁরা বিশেষ জ্ঞানচর্চায় নিযুক্ত থাকতেন। এই যুগের বিখ্যাত লেখকরা ছিলেন মঠবাসী সন্ন্যাসী। তাঁদের নিজেদের লেখা এবং অন্যান্য মূল্যবান গ্রন্থ নিজেরা যত্ন করে নকল করে, মঠের মধ্যে সংরক্ষণ করে রাখার ব্যবস্থা করতেন। তাঁরা সমসাময়িক ঘটনাবলীও লিপিবদ্ধ করে রাখতেন। ফলে বহু অমূল্য জ্ঞান-ভাণ্ডারের সঙ্গে পরবর্তী যুগের লোকেরা পরিচিত হতে পেরেছেন। বর্বরদের অভিযান ও অর্থনৈতিক দুরবস্থার সময়ে কয়েক শত বছর ধরে এই খ্রীষ্টীয় মঠগুলি শিল্প, জ্ঞান ও চিন্তার ক্ষেত্রে নিযুক্ত ব্যক্তিদের লালন করে। ন্যায়-অন্যায়, ভাল-মন্দ ইত্যাদি সম্বন্ধে চেতনাও



খ্রীষ্টীয় মঠ

তাঁরা তাঁদের সময়কার লোকদের মনে জাগ্রত করেন। এই মঠগুলি তাঁদের ভরণপোষণের ব্যবস্থা করায় তাঁদের পক্ষে সৃজনশীল কাজে নিযুক্ত থাকা সম্ভব হয়। এই মঠবাসী সন্ন্যাসীরা বাইরের জগতের মানুষের শ্রদ্ধা ও ভক্তি লাভ করেন। শান্ত পরিবেশে তাঁদের বিশুদ্ধ জীবনযাত্রা বর্বর যোদ্ধাদের মনেও ভয় মিশ্রিত শ্রদ্ধার উদ্রেক করত। সন্ন্যাসীরা কখনও কারুর কোন ক্ষতি করতেন না। তারা ছিলেন গরীবদের মিত্র, সবসময়ে তাদের সাহায্য করতেন। তাঁদের মঠ ছিল ক্লান্ত পথিকদের প্রধান আশ্রয়স্থল। এমনকি রাজপুরুষরাও এখানে এসে আশ্রয় নিতেন। তার ফলে সন্ন্যাসীরা অনেক জিনিস উপহার

পেতেন। মঠগুলো অনেক জমিজমারও অধিকারী হয়। সন্ন্যাসীদের পোশাক ও খাদ্য ছিল খুবই আড়ম্বরহীন। তাঁদের জীবনযাত্রার জন্য খুবই সামান্য খরচ হত। তাঁদের একজন পরিচালক ছিলেন। তাঁকে য়্যাবট বলা হত। এই য়্যাবটের অধীনে তাঁদের নিয়ম-শৃঙ্খলা মেনে চলতে হত। তাঁদের দক্ষ পরিচালনায় মঠ-সংলগ্ন অঞ্চলে কৃষি ও শিল্পের সমৃদ্ধি ঘটে। তার ফলে এখানে জনবসতি বৃদ্ধি পায়। যখন শহরের জীবন ক্ষয় পায়, তখন এই মঠ-সংলগ্ন অঞ্চলের সমৃদ্ধি লক্ষ্য করার মত। কোন কোন মঠ অবশ্য সমান দক্ষতার সঙ্গে পরিচালিত হত না। মঠবাসী সন্ন্যাসীদের যিনি শ্রদ্ধার আসনে প্রতিষ্ঠিত করেন তাঁর নাম হল সেন্ট বেনেডিক্ট। তিনি ছিলেন ইটালির এক সন্ন্যাসী। ৫২৯ খ্রীষ্টাব্দে সেন্ট বেনেডিক্ট যে নিয়ম চালু করেন ইটালিতে তা পশ্চিম ইউরোপের মঠগুলো গ্রহণ করার ফলে তাদের সমৃদ্ধি হয়।



সেন্ট বেনেডিক্ট

বেনেডিক্টের পূর্বে সন্ন্যাসীরা তাঁদের দেহকে পাপাসক্ত মনে করে অল্প আহার করতেন, নোংরা পোশাক পরিধান করতেন এবং কদাচিৎ নিদ্রা যেতেন। এমনকি তাঁরা নিজেদের শরীরে বেত্রাঘাত করে নির্যাতন করতেন। বেনেডিক্ট এই ধরনের জীবনযাত্রার পক্ষপাতী ছিলেন না। তিনি সন্ন্যাসীদের এক পরিবার হিসেবে একসঙ্গে বসবাস ও কাজ করার উপদেশ দেন। তাঁরাই নিজেদের মধ্যে থেকে একজনকে য়্যাবট মনোনীত করতেন, আর য়্যাবট তাঁদের পিতার মত

পরিচালনা করতেন। তিনি সন্ন্যাসীদের সহজ সরল জীবনে ও নানা প্রয়োজনীয় কাজে অভ্যস্ত করে তোলেন। তাঁর বিধি ব্যবস্থা অনুযায়ী সন্ন্যাসীরা জমিচাষ, বাড়ি তৈরী, রান্নার কাজ, দরিদ্র ও দুস্থদের সেবাযত্ন এবং পথিকদের সাহায্য করা ইত্যাদি কাজে সময় ব্যয় করতেন। তাঁরা সমাজ জীবনকে সুস্থ ও সবল করে গড়ে তুলতে চেষ্টা করেন। তাঁরা প্রতিদিন একসঙ্গে ঈশ্বরের উপাসনা করতেন। এইভাবে মঠবাসী সন্ন্যাসীরা মানবিকবোধ ও ভ্রাতৃত্ববোধে উজ্জীবিত হন। তাঁদের প্রয়াসের ফলে জার্মানরা খ্রীষ্টধর্মে আকৃষ্ট হয়।

সেন্ট বেনেডিক্ট যে সব নিয়ম কানুনের প্রচলন করেন তাতে সভ্য জীবন গড়ে উঠবার সুবিধা হয়েছিল। এইসব নিয়মকানুন 'বেনেডিকটাইন রুল' (Benedictine Rule) নামে পরিচিত। পোপ গ্রীগরি দ্য গ্রেট (৫৯০-৬০৪ খ্রীঃ) বেনেডিকটাইন রুল আরও প্রসারিত করার ফলে সমগ্র খ্রীষ্টান জগতের সংহতি বৃদ্ধি পায়। মঠকে কেন্দ্র করে বিদ্যাচর্চার কেন্দ্র আরও প্রসারিত হয়। মোট কথা, মঠের সঙ্গে যুক্ত গুণী ব্যক্তিরাই জ্ঞানের আলোকশিখা প্রজ্জ্বলিত রাখেন। হতাশা ও বিশৃঙ্খলার মাঝে সন্ন্যাসীরা ছিলেন সভ্যতার অগ্রদূত।

অনুশীলনী

প্রবন্ধমূলক প্রশ্ন ঃ

(১) 'অন্ধকারময় যুগ' সম্বন্ধে যা জান লেখ। [১০]

(২) মঠবাসী খ্রীষ্টান সন্ন্যাসীদের সম্বন্ধে কি জান ? [১০]

(৩) ইউরোপের জ্ঞানচর্চার ক্ষেত্রে মঠগুলির অবদান আলোচনা কর। [১০]

(৪) সেন্ট বেনেডিক্ট সম্বন্ধে যা জান লেখ। [১০]

সংক্ষিপ্ত প্রশ্ন ঃ

(১) ল্যাটিন সভ্যতার ধারাকে কারা প্রবহমান রাখেন ? সন্ন্যাস ধর্ম বা সন্ন্যাসাশ্রম কাকে বলা হয় ? [৫+২]

(২) কোন্ সময়কালকে 'অন্ধকারময় যুগ' বলে অভিহিত করা হয়? কি লক্ষ্য করে 'অন্ধকারময় যুগ' বলা হয়? [৫+২]

(৩) কি নিয়মকানুন প্রচলিত হওয়ায় খ্রীষ্টান জগতে সংহতি বৃদ্ধি পায়? কে এই নিয়মকানুন রচনা করেন? [৫+২]

অতি-সংক্ষিপ্ত প্রশ্ন :

(১) য়্যাবট কাদের বলা হত? তাঁদের ভূমিকা সম্বন্ধে কি জান? [১+৪]

(২) সেণ্ট বেনেডিক্ট কে ছিলেন? তাঁর অবদান সম্বন্ধে কি জান? [১+৪]

চতুর্থ পরিচ্ছেদ

বাইজানটাইন সাম্রাজ্য ও সভ্যতা

কনস্টানটাইন : শাসনের প্রয়োজনে রোমান সম্রাট কনস্টানটাইন (Constantine) রোম থেকে রাজধানী বাইজানটিয়ামে স্থানান্তরিত করেন। তিনি বসফরাস প্রণালীর তীরে যেখানে নতুন রাজধানী স্থাপন করেছিলেন সেখানে গ্রীক আমলে একটি পুরাতন শহর ছিল। তার নাম বাইজানটিয়াম। ৩২৬-৩৩০ খ্রীষ্টাব্দে কনস্টানটাইন এই নগরী নির্মিত করেন ও প্রসারিত করেন। সম্রাট ভেবেছিলেন নতুন রাজধানীর নাম হবে "নব রোম," কিন্তু সাধারণ লোকেরা সম্রাটের নামেই তাঁর প্রতিষ্ঠিত নগরের নামকরণ করে। রোমান সাম্রাজ্যের প্রাচ্য রাজধানী কনস্টান্টিনোপল নামে পরিচিত হল। রোমের পতনের সঙ্গে পশ্চিম রোমান সাম্রাজ্যের শেষ হয়েছিল, কিন্তু পূর্ব রোমান সাম্রাজ্য আরও এক হাজার বছর পর্যন্ত টিকে রইল। কনস্টান্টিনোপলের নাগরিকরা রোমান বলেই নিজেদের পরিচয় দিত। কিন্তু তাঁদের মধ্যে ক্রমে ক্রমে গ্রীক ভাষা ও গ্রীক সভ্যতার প্রভাব এত বৃদ্ধি পেয়েছিল যে এই সাম্রাজ্যকে এখন বাইজানটাইন সাম্রাজ্য বলা হয়। প্রাচ্য ও পাশ্চাত্য সভ্যতার সমন্বয়ে এখানে যে নতুন সভ্যতার উদ্ভব হয়েছিল তাকে পণ্ডিতরা বাইজানটাইন সভ্যতা নাম দিয়েছেন।

৩১৩ খ্রীষ্টাব্দে একটি আদেশ জারী করে কনস্টানটাইন খ্রীষ্টধর্মকে আইনগত অধিকার দান করেন এবং পরে তিনি নিজেই খ্রীষ্টধর্ম গ্রহণ করেন। তখন থেকে খ্রীষ্টধর্ম প্রচারের কোন বাধা রইল না। সেকালের লোকেরা মনে করত যে রোমের পতন হলেও রোমান সাম্রাজ্য অব্যাহত আছে, কিন্তু প্রকৃতপক্ষে বাইজানটাইন সম্রাটের আধিপত্য বল্কান দেশ ও এশিয়া-মাইনর অঞ্চলেই সীমাবদ্ধ ছিল। মহম্মদের অভ্যুদয়ের কিছু পরে সিরিয়া ও মিশর আরব অধিকারে চলে গেল। সাম্রাজ্যের অবশিষ্টাংশও খুব নিরাপদ ছিল না। বল্কান প্রদেশে বর্বরদের উপদ্রব হয়েছে ; কখনও কখনও তাদের আক্রমণে

রাজধানী পর্যন্ত বিপন্ন হয়েছে। পশ্চিম এশিয়ায় মুসলমান শক্তি প্রবল থেকে প্রবলতর হচ্ছিল। সুতরাং সেদিকেও সাম্রাজ্যের সীমানা সঙ্কুচিত হচ্ছিল। তবে নানা ভাগ্যবিপর্যয়ের মধ্যেও বাইজানটাইন সাম্রাজ্য কৃষ্টি ও বাণিজ্যের ক্ষেত্রে এশিয়া ও ইউরোপের সংযোগ সেতুর কাজ করেছে।

জাস্টিনিয়ান (৫২৭-৫৬৫ খ্রীঃ) ঃ বাইজানটাইন সম্রাটদের মধ্যে জাস্টিনিয়ান (Justinian) ছিলেন সর্ববিষয়ে শ্রেষ্ঠ। তিনি বাইজানটাইন সাম্রাজ্য বিশৃঙ্খলার হাত থেকে মুক্ত করে ঐক্যবদ্ধ ও সংহত করেন। এইজন্য তাঁর শাসনকালকে 'জাস্টিনিয়ানের যুগ' বলা হয়। বল্কান দেশের এক দরিদ্র কৃষক পরিবারে তাঁর জন্ম হয়। তাঁর পিতৃব্য সেনাদলে প্রবেশ করেছিলেন। সেকালে রাজপরিবারের বাইরের লোকদের সিংহাসন লাভের সুযোগ ঘটত। সেনাপতি



সম্রাট জাস্টিনিয়ান ও তাঁর পারিষদবর্গ


জাস্টিন (Justin) বাহুবলে সিংহাসন দখল করেছিলেন। তখন তাঁর বয়স অনেক, সাম্রাজ্যের শাসনভার তিনি ভ্রাতুষ্পুত্র জাস্টিনিয়ানের হাতে দিয়েছিলেন। পিতৃব্যের মৃত্যুর পর তিনি

উত্তরাধিকার সূত্রে সম্রাট হলেন (৫২৭ খ্রীষ্টাব্দে)। তখন তাঁর বয়স পঁয়তাল্লিশ বছর।

রাজ্যবিস্তার ও ঐক্যবদ্ধ সাম্রাজ্য গঠন ঃ সম্রাট হয়েও জাস্টিনিয়ান সহজ সরল জীবন যাপন করতেন। সিংহাসনে আরোহণ করেই তিনি রাজ্য জয়ে মনোনিবেশ করলেন। উত্তর আফ্রিকা ভ্যাণ্ডালদের হস্তগত, ইটালি অস্ট্রোগথদের অধিকারে, স্পেন ভিসিগথদের দখলে, গলে ফ্রাঙ্কদের রাজত্ব, অথচ রোমান সাম্রাজ্যের অধীশ্বর হিসাবে তিনিই এই প্রদেশগুলির আসল মালিক। ইরানের সঙ্গে বাইজানটাইন সাম্রাজ্যের যুদ্ধ চলছিল। সেই যুদ্ধে সেনাপতি ছিলেন বেলিসেরিয়াস (Beliserius)। জাস্টিনিয়ান ইরানের সঙ্গে সন্ধি স্থাপন করে বেলিসেরিয়াসকে ভ্যাণ্ডাল রাজ্য জয় করতে পাঠালেন। ভ্যাণ্ডালরা বেলিসেরিয়াসের হাতে পরাজিত হলেন। এবার ইটালির পালা; বেলিসেরিয়াস দীর্ঘকাল যুদ্ধ করে গথদের পরাজিত করলেন। ইটালিতে প্রাচ্য সম্রাটের আধিপত্য স্থাপিত হল। ইটালি রোমান সাম্রাজ্যের অন্তর্ভুক্ত হল। এইভাবে তিনি এক ঐক্যবদ্ধ রোমান সাম্রাজ্য গড়ে তোলেন।

আইন সংস্কার ঃ জাস্টিনিয়ানের খ্যাতি কেবল রাজ্যজয়ের বা রাজধানীর শ্রীবৃদ্ধি সাধনের জন্য নয়। রাজ্যের সুশাসনের জন্যও তিনি বহু পরিশ্রম করেছেন। বহুকাল থেকে রোমান সাম্রাজ্যে ব্যবহার শাস্ত্রের চর্চা ছিল। কিন্তু নানা সময়ে রচিত বিধানের কতকগুলি কালক্রমে বাতিল হয়ে গিয়েছিল, আবার কতকগুলি বিধানের মধ্যে এমন অসঙ্গতি ছিল যে বিচক্ষণ পণ্ডিতরাও তার সন্তোষজনক সামঞ্জস্য করতে পারতেন না। আবার রোমের আইনের সঙ্গে কখনও কখনও প্রাদেশিক আইনের সঙ্গতি থাকত না। জাস্টিনিয়ান স্থির করলেন যে প্রচলিত অপ্রচলিত সমস্ত বিধান পরীক্ষা করে নতুন আইনের গ্রন্থ (Code) সংকলন করতে হবে। এইজন্য তিনি দশজন ব্যবহারশাস্ত্রজ্ঞ পণ্ডিতের হাতে আইন সংস্কারের ও সংকলনের ভার দেন। তার ফলে জাস্টিনিয়ানের বিধান বা

Code of Justinian সংকলিত হল। এই সংকলিত আইন 'কর্পাস জুরিস সিভিলিস' নামেও পরিচিত। জাস্টিনিয়ানের নির্দেশে



ট্রিবোনিয়ান নামক এক ব্যক্তি এই সংকলনে বিশেষভাবে অংশগ্রহণ করেন। এই আইনের ফলে কেন্দ্রীয় রাষ্ট্রব্যবস্থা আরও সংহত হয়।

পরবর্তীকালে রচিত আইনের উপর এর যথেষ্ট প্রভাব ছিল। এই আইনকে ভিত্তি করেই আধুনিক ইউরোপের বিভিন্ন রাষ্ট্রের আইনসমূহ রচিত হয়।

শিল্পকলায় উৎসাহ দান : নানা বিষয়ে জাস্টিনিয়ানের আগ্রহ ছিল। স্থাপত্যশিল্প, চিত্রবিদ্যা, আইন, ধর্মতত্ত্ব, ব্যবসা-বাণিজ্য, পণ্যদ্রব্য উৎপাদন, যুদ্ধ, কূটনীতি, সরকার পরিচালনার রীতি ইত্যাদি



সেণ্ট সোফিয়ার গির্জায় মোজাইকের কাজ

বিষয়ে তার যথেষ্ট আগ্রহ ছিল। তিনি যোগ্য লোককে ঠিক কাজের জন্য মনোনীত করতে পারতেন। তিনি রাজধানীকে সুন্দর করে গড়ে তুলবার জন্য অনেক অর্থ ব্যয় করেন। তিনি নতুন প্রাসাদ, উপাসনা মন্দির, হাসপাতাল ইত্যাদি নির্মাণ করেন। স্থাপত্যশিল্পের ক্ষেত্রে

জাস্টিনিয়ান যে মস্তবড় কাজ হাতে নিয়েছিলেন তা হল সেণ্ট সোফিয়ার উপাসনা মন্দির পুনর্নির্মাণ করা। এই মন্দিরটি স্থাপন করেছিলেন কনস্টানটাইন। কিন্তু তা এক দাঙ্গার ফলে পুড়ে যায়। জাস্টিনিয়ান আবার এই মন্দির নির্মাণ করলেন। কারুজগতে সেণ্ট সোফিয়ার মন্দিরের তুলনা নেই। এই মন্দির এখনও বর্তমান, কিন্তু মুসলমান আমলে এর বাইরের ও ভেতরের কারুকার্যের অনেক পরিবর্তন হয়েছে।



সেণ্ট সোফিয়ার গির্জা

বাইজানটাইন শিল্পের বৈশিষ্ট্য সূক্ষ্ম কারুকার্য ও মোজাইক চিত্র। খ্রীষ্টধর্মের প্রভাবে ও খ্রীষ্টান সম্প্রদায়ের পৃষ্ঠপোষকতায় এই শিল্পের উদ্ভব। উপাসনা মন্দিরের অভ্যন্তরে খ্রীষ্টের জীবনকাহিনী, বাইবেলের উপাখ্যান ও খ্রীষ্টান সাধুদের চরিত্র চিত্রের সাহায্যে বর্ণনা করা হত। সুতরাং এই চিত্রগুলি যেমন একদিকে উপাসনা মন্দিরের সৌষ্ঠব সম্পাদন করত তেমনই অন্যদিকে নিরক্ষর খ্রীষ্টানদের ধর্মশিক্ষারও সহায়তা করত। বাইজানটাইন মোজাইক রচিত হত শ্বেত, পীত, নীল, লোহিত প্রভৃতি বিবিধ বর্ণের মর্মর প্রস্তরে

এবং বিচিত্র বর্ণের উজ্জ্বল কাচখণ্ডে। মন্দিরের গম্বুজের ভিতরের দিকে সাধারণতঃ খ্রীষ্টের ও তাঁর শিষ্যদের চিত্র থাকত। সেখানে কাচের মোজাইকে আলোক প্রতিফলিত হয়ে অপূর্ব শোভা হত। আবার এই সকল চিত্রে সোনা, রূপা, মণিমুক্তার কাজও থাকত। উপাসনা মন্দিরের মর্মরের জালিগুলিও বাইজানটাইন শিল্পীদের অপূর্ব কীর্তি। সাম্রাজ্যের সীমার বাইরেও মোজাইক চিত্রের ব্যবহার দেখা যায়। ইটালীর বহু প্রাচীন উপাসনা মন্দিরে সুন্দর সুন্দর মোজাইক রচিত হয়েছিল। রোমের মত বাইজানটিয়ামেও সাধারণ স্নানাগারের ও প্রেক্ষাগৃহের অভাব ছিল না। প্রেক্ষাগৃহে বসে নাগরিকরা রথের দৌড় দেখত।

বাইজানটাইনের গুরুত্ব : সেকালের ব্যবসা-বাণিজ্য ও শিক্ষা-সংস্কৃতির একটি প্রধান কেন্দ্র ছিল বাইজানটাইন। বাইজানটিয়ামের লোকেরা একদিকে কৃষিজীবী, অন্যদিকে বণিক। চীন, ভারতবর্ষ, সিংহল, আরব, মিশর প্রভৃতি দেশের সাথে তাঁদের ব্যবসা ছিল। স্থলপথে চীনে যাবার রাস্তা ইরানী শত্রুদের অধিকারে। সুতরাং বাইজানটাইন বণিকরা লোহিত সাগরের পথে ভারতবর্ষের ও চীনের পণ্য আমদানি করতে চেষ্টা করত। জাস্টিনিয়ান চীনের সঙ্গে ব্যবসার সুবিধার জন্য নতুন পথের ব্যবস্থা করেছিলেন ; ইরানের অধিকারে প্রবেশ না করেই কৃষ্ণসাগরের তীর থেকে মধ্য এশিয়ায় পৌঁছান যেত। এই পথে চীনের সঙ্গেও আমদানি-রপ্তানি চলত। সুতরাং বাইজানটাইন ব্যাপারীরা তিনটি মহাদেশের সাথেই কেনাবেচা করবার সুবিধা পেয়েছিল।

সাহিত্য অপেক্ষা শিল্পের জন্যই বাইজানটাইন সাম্রাজ্য সমধিক বিখ্যাত। গ্রীক আমল থেকেই পূর্বাঞ্চলে রেশম শিল্পের প্রসিদ্ধি ছিল। প্রথম জাস্টিনিয়ানের রাজত্বকালে কয়েকজন খ্রীষ্টান সন্ন্যাসী চীন থেকে তুঁতের বীজ ও গুটিপোকার ডিম নিয়ে আসেন। এইভাবে গ্রীস দেশে রেশম চাষের সূত্রপাত হয়। বাইজানটাইনের অভিজাত-বৃন্দের ধনের পরিচয় থাকত তাদের পরিচ্ছদে। সাদাসিধা কাপড়ের

ব্যবহার তাদের মধ্যে মোটেই ছিল না। তাই বাইজানটিয়ামের তন্তুবায়রা বিচিত্র বর্ণের কাপড়ে সূক্ষ্ম জরির তারে নানাবিধ ফল-ফুল, বৃক্ষ-লতা, জীব-জন্তুর চিত্র বুনত। কখনও কখনও কাপড়জামায় ঐতিহাসিক চিত্রও দেখা যেত। রেশমী কাপড় বোনা হত সরকারী কারখানায়।

হস্তিদন্তের কাজেও সেকালের শিল্পীরা বিশেষ নৈপুণ্য দেখিয়েছে। হস্তিদন্তের মলাট দিয়ে বই বাঁধান হত। গ্রীকরা হাতে লেখা পুঁথি গোল করে গুটিয়ে রাখত। এ যুগে কিন্তু আমাদের ছাপার বইয়ের আকারে পুঁথি লেখা ও বাঁধান হয়েছে। প্রত্যেক পাতায় মুদ্রিত পুস্তকের মত পত্রাঙ্ক থাকত। মলাটে থাকত হস্তিদন্তের বিচিত্র কারু-কার্য, আর নিপুণ চিত্রকররা পুঁথির পাতায় সুন্দর সুন্দর ছবি এঁকে দিতেন।

দেশের যখন ধনসম্পদ বৃদ্ধি হয় তখন সাহিত্য, বিজ্ঞান ও শিল্পকলার উন্নতি হয়। বাইজানটাইন সাম্রাজ্যে কয়েকটি বিশ্ববিদ্যালয় ছিল। আলেকজাণ্ড্রিয়ার বিশ্ববিদ্যালয়ে হিপাটিয়া (Hypatia) নাম্নী এক বিদুষী মহিলা দর্শন শাস্ত্রের অধ্যাপনায় বিশেষ খ্যাতিলাভ করে-ছিলেন। বাইজানটাইন রাজ্যে চিকিৎসা বিজ্ঞানেরও উন্নতি হয়েছিল। খ্রীষ্টীয় পঞ্চম শতাব্দীতেই সেখানে জীবিত দেহ ব্যবচ্ছেদের ব্যবস্থা হয়েছিল। সেখানে অনেক শিক্ষিত লোক ছিলেন। গ্রীক ও ল্যাটিন ভাষার খুব চর্চা ছিল। কনস্টান্টিনোপলের গ্রন্থাগারে বহু দুষ্প্রাপ্য গ্রন্থ সংরক্ষণ করা হয়। বাইজানটাইনের অভিজাতরা তাঁদের সংস্কৃতির জন্য গর্বিত ছিলেন। নানা দেশ থেকে লোকেরা তখন বাইজানটিয়ামে আসতেন। কিয়েভ রুশ, বুলগেরিয়া, পূর্ব ইউরোপ, ইটালি ইত্যাদি অঞ্চলের লোকেরা বাইজানটাইন সাহিত্য ও শিল্পকলার সঙ্গে পরিচিত হলেন। অনেক গ্রন্থ গ্রীক থেকে স্লাভোনিক ভাষায় অনূদিত হল। যুবকেরা চিকিৎসাশাস্ত্র, অঙ্কশাস্ত্র, আইন ইত্যাদি বিষয়ে পড়বার জন্য বাইজানটিয়ামে আসতেন। বাইজানটিয়ামের স্থপতি ও শিল্পীদের নিকট হতে শিখবার জন্য ইটালি, কিয়েভ রুশ ও বুলগেরিয়া থেকেও

শিল্পী-স্থপতিরা আসতেন। এইভাবে বাইজানটাইন সাম্রাজ্য সংস্কৃতির সংরক্ষণ ও প্রসারণ ঘটায়।

সাম্রাজ্যের পতন: জাস্টিনিয়ানের শেষ জীবন শান্তিতে কাটেনি। রাজকোষে অর্থ ছিল না। অতিরিক্ত কর আদায়ের জন্য প্রজারা অসন্তুষ্ট। তার উপর ছিল দুর্ভিক্ষ ও মহামারী। সবশেষে হূনরা রাজধানীর দ্বারে উপস্থিত হল। ৫৬৫ খ্রীষ্টাব্দে আটত্রিশ বছর রাজত্বের পর তিরাশি বছর বয়সে বৃদ্ধ সম্রাট জাস্টিনিয়ানের মৃত্যু হল। তার কিছুকাল পরেই বিজিত দেশগুলি আবার বাইজানটিয়ামের অধিকারচ্যুত হল। তাঁর মৃত্যুর পর দ্বিতীয় জাস্টিনিয়ান সিংহাসনে বসেছিলেন।

অবশেষে ১৪৫৩ খ্রীষ্টাব্দে শিল্পে সুন্দর, বাণিজ্যে সমৃদ্ধ, জীবনের বিচিত্র কোলাহলে মুখর বাইজানটাইন সাম্রাজ্যের পতন হল। শতাব্দীর পর শতব্দী নবজাগ্রত প্রতিবেশী জাতির আক্রমণে সাম্রাজ্যের জীবনীশক্তি নিঃশেষ হয়ে গিয়েছিল। অন্তর্বিদ্রোহে সাম্রাজ্য জর্জরিত হয়েছিল। পঞ্চদশ শতাব্দীর মধ্যভাগে যখন এই প্রাচীন সাম্রাজ্য শেষ হল তখন ইউরোপের ইতিহাসে এক নবীন যুগের সূত্রপাত হল।

অনুশীলনী

প্রবন্ধমূলক প্রশ্ন:

(১) কনস্টানটাইন সম্বন্ধে যা জান লেখ। [১০]

(২) বাইজানটাইন সম্রাটদের মধ্যে জাষ্টিনিয়ানকে শ্রেষ্ঠ বলা হয় কেন? [১০]

(৩) জাষ্টিনিয়ানের বিধান সম্বন্ধে কি জান? [১০]

(৪) বাইজানটাইন সাম্রাজ্যের বিদ্যাচর্চা, শিল্পকলা ও বাণিজ্যের কথা যা জান বল। [১০]

(৫) বাইজানটাইন সাম্রাজ্যের অধিবাসীদের জীবনযাত্রার বিবরণ দাও। [১০]

(৬) বাইজানটাইন শিল্পকলার বৈশিষ্ট্য সম্বন্ধে আলোচনা কর। [১০]

(৭) বাইজানটাইন সাম্রাজ্যের পতনের কারণ আলোচনা কর। [১০]

(৮) বাইজানটাইন সাম্রাজ্যের ব্যবসা-বাণিজ্য সম্বন্ধে যা জান লেখ। [১০]

সংক্ষিপ্ত প্রশ্ন ঃ

(১) 'বাইজানটাইন সভ্যতা' এই নামকরণ কেন হল? কোন শহরকে কেন্দ্র করে এই সভ্যতার বিস্তার হয়? [৫+২]

(২) বেলিসেরিয়াস সম্বন্ধে কি জান? তিনি কে ছিলেন? [৫+২]

(৩) সেণ্ট সোফিয়ার গির্জা সম্বন্ধে কি জান? কে এই গির্জা নির্মাণ করেন? [৫+২]

(৪) কোন্ পথে বাইজানটাইন বণিকরা চীনের সঙ্গে ব্যবসা-বাণিজ্য করত? তাঁরা চীন থেকে কিসের বীজ এনে এক নতুন জিনিসের চাষ শুরু করেন? [৫+২]

অতি-সংক্ষিপ্ত প্রশ্ন ঃ

(১) কনস্টানটাইন কে ছিলেন? তিনি খ্রীষ্টধর্ম সম্বন্ধে কি করেছিলেন? [১+৪]

(২) জাস্টিন কে ছিলেন? তিনি কার হাতে শাসনভার তুলে দিয়েছিলেন? [১+৪]

(৩) 'কর্পাস জুরিস সিভিলিস' কি? কে আইন সংকলনের সিদ্ধান্ত নেন? [১+৪]

(৪) ট্রিবোনিয়ান কে ছিলেন? ইউরোপের বিভিন্ন রাষ্ট্রে জাস্টিনিয়ানের কি প্রভাব ছিল? [১+৪]

(৫) হিপাটিয়া কে ছিলেন? বাইজানটাইন সাম্রাজ্যের চিকিৎসা-বিজ্ঞান সম্বন্ধে কি জান? [১+৪]

(৬) বাইজানটাইন সাম্রাজ্যের কোথায় দুষ্প্রাপ্য গ্রন্থ সংরক্ষিত ছিল? এখানে কোন্ কোন্ ভাষার খুব চর্চা ছিল? [১+৪]

(৭) কোন্ খ্রীষ্টাব্দে বাইজানটাইন সাম্রাজ্যের পতন হল? কি কারণে এই সাম্রাজ্যের জীবনীশক্তি নিঃশেষ হয়ে গিয়েছিল? [১+৪]

পঞ্চম পরিচ্ছেদ


ইসলাম ধর্ম ও তার প্রভাব

মহম্মদের পূর্বে আরব দেশঃ আরব দেশের অনতিদূরে প্রাচীনকালে সুমের, ব্যাবিলন ও ফিনিসীয় সভ্যতার অভ্যুদয় হয়েছিল; কিন্তু মহম্মদের সময় আরবদের মধ্যে জ্ঞান-বিজ্ঞানের চর্চা ছিল না। তখন আরবরা বেশীর ভাগ ছিল যাযাবর। যাযাবর বেদুইনরা মরুভূমির বিভিন্ন স্থানে উট ও ঘোড়ায় চড়ে বেড়াত। তাদের জীবিকা পশুপালন, বাণিজ্য ও দস্যুবৃত্তি। অসহায় পথিকের ত কথাই নেই, এক কৌমের (Clan) বেদুইনের পক্ষে অন্য কৌমের শিবির লুণ্ঠনও নিন্দার বিষয় ছিল না। নগরবাসী আরব ও মরুচারী বেদুইনদের মধ্যে আচার-ব্যবহারে ও ধর্মবিশ্বাসে বিশেষ পার্থক্য ছিল না। উভয়েরই সামাজিক জীবনের ভিত্তি কৌম। কতকগুলি জ্ঞাতি পরিবার সমবায়ের নাম কৌম। কৌমের কর্তা শেখ; তিনি বয়সের প্রাবীণ্য ও বিজ্ঞতার প্রভাবে নেতৃত্ব করতেন। মরুভূমিতে আইন কানুনের বালাই নেই। সেখানে শিরের বদলে শির লওয়ার নীতি, এক দলের লোককে অন্য দলের কেউ কোন কারণে খুন করলে পুরুষানুক্রমিক শত্রুতা হত। হত্যার বদলে হত্যা না করতে পারলে কৌমের সম্মান থাকত না। নাগরিকদের মধ্যেও এই নিয়মই প্রচলিত ছিল।

আরব জাতি

আরবরা বহু দেবদেবী, গাছ, পাথর, গুহা ও কূপের পূজা করত। মুসলমান আমলের পূর্বেও জমজমের জল পবিত্র বলে বিবেচিত হত। শান্তির সময় আরবের নাগরিকরা ও বেদুইনরা দলে দলে মক্কায় আসত, হুবল দেবের চতুষ্কোণ মন্দিরে (কাবা) কালোশিলার পূজা করত। সেই উপলক্ষে মেলা বসত। মক্কাবাসীদের অনেক লাভ হত। মক্কার লোকেরা ব্যবসা করতে খ্রীষ্টান ও ইরান রাজ্যে যেত। সুতরাং মোশি, যীশু ও জরথুস্ত্রের ধর্মমতের সঙ্গে তাদের অল্পবিস্তর

পরিচয় ছিল। এই ধর্মমতগুলোর আদি ভূমিও আরবদেশ থেকে বেশী দূরে ছিল না।



কাবা

মহম্মদ ও ইসলাম: মহম্মদ ৫৭০ খ্রীষ্টাব্দে মক্কার কোরেশ পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর জন্মের পরেই পিতার মৃত্যু হয়েছিল। মাতার মৃত্যুও হয়েছিল শৈশবে। তাঁর কাকার নিকট তিনি মানুষ হয়েছিলেন। সুতরাং অল্প বয়সেই জীবিকার জন্য তাঁর চাকরি করতে হয়েছিল। মক্কা নগরে খাদিজা নাম্নী এক ধনবতী বিধবা ছিলেন। মহম্মদ তাঁর চাকরি করতেন। মক্কার অন্য ব্যবসায়ীদের সঙ্গে তিনিও খাদিজার উটগুলিতে পণ্য বোঝাই করে বাণিজ্য করতে যেতেন। কিছুদিন পরে খাদিজার সঙ্গে তাঁর বিয়ে হল। তখন আর তাঁর খাওয়া-পরার ভাবনা রইল না। তিনি নিরুদ্বেগে ধর্মচিন্তায় মন দিলেন।

মহম্মদ


মক্কার কাছে হীরা নামক এক পাহাড়ের গুহায় বসে তিনি মধ্যে মধ্যে সাধনা করতেন। সেখানে তিনি ভগবানের প্রত্যাদেশ লাভ করেন। তখন তিনি মক্কাবাসীদের নিকট গাছ, পাথর ও প্রতিমা পূজার অসারতা প্রচার করতে লাগলেন। তারা প্রথম প্রথম তাঁর কথা পাগলের প্রলাপ বলে উপেক্ষা করেছে। খাদিজা সর্বপ্রথম তাঁর শিষ্যত্ব গ্রহণ করেন। তার পর তাঁর পিতৃব্য পুত্র আলি ও বন্ধু আবু বকর নতুন ধর্মে দীক্ষিত হলেন। ক্রমে ক্রমে তাঁর শিষ্যসংখ্যা বৃদ্ধি পেতে লাগল। তখন মক্কার লোকেরা তাঁর শত্রুতাচরণ করতে আরম্ভ করল। শেষে তিনি আর সেখানে থাকা নিরাপদ মনে করলেন না। ইয়াথ্রিবের (মদিনা) অধিবাসীদের অনুরোধে ৬২২ খ্রীষ্টাব্দে তাদের নগরে চলে গেলেন। ইসলামের ইতিহাসে মহম্মদের মদিনা গমন হিজরত নামে বিখ্যাত। এর পর মক্কার সঙ্গে তাঁর প্রকাশ্য যুদ্ধ আরম্ভ হল। দীর্ঘকাল যুদ্ধের পর মহম্মদের জয় হল। ৬৩০ খ্রীষ্টাব্দে তিনি বিজয়গৌরবে জন্মভূমিতে ফিরে গেলেন। মন্দিরের দেবমূর্তিগুলি ভগ্ন হল। মক্কার লোকেরা নবীন ধর্ম গ্রহণ করল। এই সময় মহম্মদ প্রতিবেশী রাজগণের নিকট দূত পাঠিয়ে তাদের ইসলাম ধর্ম গ্রহণ করতে আহ্বান করলেন। বাইজানটিয়ামের সম্রাট ও ইরানের বাদশাহ তাঁর দূতকে অপমান করে ফিরিয়ে দেন। মুসলমান আরবদের সঙ্গে ইরান ও বাইজানটিয়ামের বিবাদ আরম্ভ হল। ৬৩২ খ্রীষ্টাব্দে মহম্মদের মৃত্যু হয়।

মহম্মদ চিরদিন সরল অনাড়ম্বর জীবন যাপন করেছেন। তিনি যখন মক্কা ও মদিনার অধীশ্বর তখনও সামান্য গৃহস্থের ন্যায় মাটির ঘরে বাস করতেন। নিজের হাতে ছেঁড়া জামা মেরামত করতেন। পরাজিত শত্রুর সঙ্গে তিনি অনুদার ব্যবহার করেননি। খ্রীষ্টান ও ইহুদীরা জিজিয়া কর দিয়ে শান্তিতে তাঁর রাজ্যে বাস করতে পারত। মহম্মদ দেখতে খুব সুপুরুষ ছিলেন। তিনি নিজে খুব পরিষ্কার পরিচ্ছন্ন থাকতেন। তিনি ছিলেন নিরক্ষর।

মহম্মদ বিভিন্ন সময়ে ভগবানের নিকট যে সকল প্রত্যাদেশ

পেয়েছেন, তার সংকলনই কোরান। মুসলমানদের মতে কোরানই ভগবানের শেষ বাণী। কোরানে ইসলামের মূল নীতির ব্যাখ্যা করা হয়েছে। ইসলাম শব্দের অর্থ শান্তি। ভগবানের নিকট সকল বিষয়ে সম্পূর্ণভাবে আত্ম সমর্পণই হল ইসলামের উদ্দেশ্য। যাঁরা এই ধর্ম পালন করেন তাঁরাই মুসলমান। মহম্মদ প্রচার করতেন আল্লা ভিন্ন অন্য কোন

ইসলাম ধর্ম




মদিনা

দেবতা নেই এবং মহম্মদ তাঁর দূত বা প্রেরিত পুরুষ। এই ধর্ম সকলেই গ্রহণ করতে পারে। সকল মুসলমান পরস্পরের ভাই। তাদের কয়েকটি অবশ্য-পালনীয় কর্তব্য আছে: (১) প্রত্যহ পাঁচবার নামাজ (প্রার্থনা) করতে হবে। (২) প্রত্যেকের আয়ের এক অংশ দান করতে হবে। (৩) রমজান মাসে সূর্যোদয় হতে সূর্যাস্ত পর্যন্ত উপবাসী থাকতে হবে। (৪) জীবনে অন্ততঃ একবার মক্কায় তীর্থ করতে হবে। তিনি ইহুদীদের ধর্মগুরু মোশি ও খ্রীষ্টধর্ম প্রবর্তক যীশুকে নবী বা প্রেরিত পুরুষ বলে স্বীকার করেছেন। বাইবেলও তাঁর মতে পবিত্র পুস্তক। তাঁর ধর্মমতের সঙ্গে ইহুদী ও খ্রীষ্টান ধর্মের কিছু মিল দেখতে পাওয়া যায়।

খলিফাদের কথা : মহম্মদের পুত্রসন্তান ছিল না। তাঁর মৃত্যুর পর তাঁর বিশ্বস্ত বন্ধু ও শিষ্য আবু বকর মুসলমানদের ধর্মগুরু বা খলিফা হলেন। তাঁরপর খলিফা হলেন ওমর। জেরুসালেম জয় করে ওমর সেখানে একটি মসজিদ নির্মাণ করেন। সপ্তম শতাব্দীর শেষে সেই জায়গায় বিখ্যাত মসজিদ 'ডোম্ অফ্ দি রক্' (Dome of the Rock) নির্মিত হয়। মুসলমানরা বিশ্বাস করেন এই জায়গা থেকে মহম্মদ স্বর্গে গিয়েছিলেন। সাধারণ মসজিদ যে রকম দেখতে 'ডোম্ অফ্ দি রক্' সে রকম নয়।

আবু বকর ও ওমর



ডোম্ অফ্ দি রক্

ওমরের ন্যায়পরায়ণতার বহু কাহিনী প্রচলিত আছে। আবু বকর ও ওমর উভয়েই মহম্মদের শ্বশুর। তাঁদের পরবর্তী দুজন খলিফা ওসমান ও আলি মহম্মদের জামাতা। তাঁরা দুজনই আততায়ীর হাতে প্রাণ হারান। প্রথম চারজন খলিফা সাধু চরিত্রের জন্য বিখ্যাত।


ইসলামের প্রভাবে আরবের বিভিন্ন কৌমগুলি সংঘবদ্ধ হয়েছিল। প্রথম চারি খলিফার নেতৃত্বে তারা এক নবীন আদর্শে অনুপ্রাণিত হয়ে পরাক্রান্ত শক্তিতে পরিণত হল। মহম্মদের মৃত্যুর একশত বছরের মধ্যে আরবের অল্পসভ্য অশ্বারোহীর দল উত্তরে সিরিয়া ও ইরাক জয় করে কনস্টান্টিনোপলের দ্বারেও হানা দিতে আরম্ভ করেছিল। পূর্বে ইরানের বিশাল সাম্রাজ্য জয় করে মধ্য এশিয়ায় ও সিন্ধুদেশে ইসলামের অর্ধচন্দ্রলাঞ্ছিত পতাকা রোপণ করল। পশ্চিমে মিশর তাদের সাম্রাজ্যভুক্ত হল। তারপর দেখতে দেখতে আফ্রিকার উত্তর অংশ জয় করে তারা ইউরোপে প্রবেশ করল। স্পেন ও পর্তুগালে আরব আধিপত্য স্থাপিত হল। এইরূপে আরবরা পূর্ব ও পশ্চিমের প্রাচীন সভ্য জাতির সংস্পর্শে এসেছিল। বিজিত জাতির শিক্ষার প্রভাবে বিজেতা আরবরা সভ্যতার উচ্চশিখরে আরোহণ করেছিল।

ইসলামের প্রভাব


প্রথম তিন খলিফার রাজধানী ছিল মদিনায়। আলি থাকতেন কুফা শহরে। আলির মৃত্যুর পর মাবিয়া সেনাবলে খলিফার পদ অধিকার করে ডামস্কাসে রাজধানী স্থাপন করেন। এঁদের শাসনকালে ওমিয়াদ বা উমায়দ রাজবংশ (৬৬১-৭৫০ খ্রীঃ) নামে পরিচিত। এই রাজবংশ উচ্ছেদ করে আব্বাস বংশীয় একজন খলিফা পদ দখল করেন। আব্বাস বংশীয় খলিফাদের রাজধানী ছিল বোগদাদ। আরব সভ্যতার চরম উৎকর্ষ হয়েছিল আব্বাস বংশীয় খলিফাদের আমলে। আরব্য উপন্যাসের খলিফা হারুন অল্ রসিদ্ বোগদাদে রাজত্ব করতেন। তখন এই নগরে সমৃদ্ধির সীমা ছিল না। খলিফাদের উদ্যোগে এই সময়ে ভাল ভাল বিদেশী বইয়ের অনুবাদ হয়েছিল। বোগদাদে একটি গবেষণাগার, একটি মানমন্দির ও গ্রন্থাগার ছিল। আর নানা ভাষার ও নানা বিষয়ের জন্য অনেক অনুবাদক ছিলেন। সেকালে অনুবাদকদের শিরোমণি ছিলেন হুনিয়ান ইবন ইশাক।

বিদ্যাচর্চা

স্পেনে আরব সভ্যতা ঃ ৭৫৫ খ্রীষ্টাব্দে প্রথম আবদুর রহমান


ইসলামের প্রভাব বিস্তার
অষ্টম শতাব্দী
০ ৫০০ ১০০০
কি.মি.
মিশর
জেরুসালেম
দামাস্কাস
বাগদাদ
কাবুল
বল্খ
বোখারা
সমরকন্দ
মুলতান
সিরাজ
মদিনা
মক্কা
কর্ডোভা
আরব সাগর
লোহিত সাগর
কৃষ্ণ সাগর
আরমেনিয়া
টাইগ্রিস
ইউফ্রেটিস
উঃ

স্পেনে মাবিয়া বংশের প্রাধান্য স্থাপন করেন। তাঁর বংশ প্রায় তিনশত বছর স্পেনে রাজত্ব করেছিল। স্পেনের শেষ স্বাধীন মুসলমান রাজ্য গ্রানাডার পতন হয় ১৪৯৫ খ্রীষ্টাব্দে। মাবিয়া বংশের আমীরদের শাসনে স্পেন সব বিষয়ে পশ্চিম ইউরোপের অগ্রস্থান অধিকার করেছিল। তাঁরা খ্রীষ্টান প্রজাদের ধর্মাচরণে বাধা দেননি। খ্রীষ্টানদের ব্যক্তিগত অধিকারেও হস্তক্ষেপ করেননি। রাজধানী কর্ডোভায় তখন সাতশ মসজিদ ও তিনশ স্নানাগার ছিল। বাঁধান রাস্তার দুইধারে সমস্ত রাত্রি আলো জ্বলত। কর্ডোভার বিশ্ববিদ্যালয়ে ইউরোপের বিভিন্ন দেশ থেকে মুসলমান ও অমুসলমান বহু ছাত্রের সমাগম হত। সেখানে ধর্মশাস্ত্র ও ব্যবহার শাস্ত্র ব্যতীত জ্যোতিষ, গণিত ও চিকিৎসা বিজ্ঞানের অধ্যাপনা হত। গ্রানাডায় রসায়ন ও দর্শনশাস্ত্র পড়াবার ব্যবস্থা ছিল। কর্ডোভায় সত্তরটি গ্রন্থাগার ছিল। আমীরের গ্রন্থাগারে চার লক্ষ পুস্তক সংগৃহীত হয়েছিল। কর্ডোভার বড় মসজিদ এখনও বর্তমান। আমীরের পর আমীর এই উপাসনা মন্দিরের শোভাবৃদ্ধির জন্য অজস্র অর্থব্যয় করেছেন। এই মসজিদে ১১৯৩টি স্তম্ভ আছে। তা থেকেই এই প্রকাণ্ড ভজনালয়ের আয়তন সম্বন্ধে খানিকটা ধারণা হবে। রাজধানীর উপকণ্ঠে আমীর তৃতীয় আবদুর রহমান অল্ জহরা নামক এক বিশাল প্রাসাদ নির্মাণ করেছিলেন। সেভিলের আল-কাজার ও গ্রানাডার আলহাম্ব্রা প্রাসাদ স্পেনের মুসলমান স্থাপত্যের অপূর্ব কীর্তি। জীব-



আলহাম্ব্রা

জন্তুর বা নর-নারীর চিত্র মুসলমান শিল্পে নিষিদ্ধ ছিল। এইজন্য তাঁরা নানারকম রেখা ও লতাপাতার সমবায়ে নানারূপ নক্শা কাটতেন।

এইপ্রকার নক্‌শাকে আরাবেস্‌ক্‌ (arabesque) বা আরবী নক্‌শা বলা হয়। ইটালি ও বাইজানটাইন রাজ্যেও আরাবেস্‌ক্‌ রীতির প্রচলন ছিল, কিন্তু আলহাম্ব্রার নক্‌শাগুলি আরবী রীতির সর্বোৎকৃষ্ট নিদর্শন।

আরব সভ্যতার দান : কালক্রমে আরবজাতির অবনতি হল। মধ্য এশিয়ার অল্পসভ্য তুর্কী, তাতার ও মোঙ্গলরা মহম্মদের ধর্ম গ্রহণ করে তাদের স্থান অধিকার করেছিল। কিন্তু ইতিহাসে আরব জাতির অবদান চিরস্মরণীয়। স্বীয়ধর্মে অবিচল থেকেও তাঁরা জ্ঞানের ক্ষেত্রে গ্রীক ও ইরানীদের মত বিজিত প্রাচীন জাতির শিষ্যত্ব গ্রহণ করতে দ্বিধা করেননি। তাই আরব সভ্যতা গ্রীক, ইরানী, ইহুদী ও হিন্দু প্রভৃতি বিভিন্ন জাতির দানে সমৃদ্ধ হয়েছে। গণিত, জ্যোতিষ, চিকিৎসা, রসায়ন, ইতিহাস প্রভৃতি শাস্ত্রে এক সময় আরব পণ্ডিতরা ইউরোপের গুরুর স্থান অধিকার করেছিলেন। আভেসিনা ও আভেরোসের কথা বর্তমান কালের বৈজ্ঞানিকরাও বিস্মৃত হননি।

আভেসিনার প্রকৃত নাম আবু আলি অল্‌ হুসেন ইবনসিনা। মধ্য এশিয়ার বোখারায় খ্রীষ্টীয় দশম শতাব্দীতে তাঁর জন্ম হয়। তিনি চিকিৎসা শাস্ত্র সম্বন্ধে যে প্রামাণিক গ্রন্থ লিখে গিয়েছেন তার ল্যাটিন অনুবাদ বহুদিন পর্যন্ত পাশ্চাত্য পণ্ডিতদের একমাত্র অবলম্বন ছিল। দর্শন শাস্ত্রেও তাঁর দান অমূল্য। আভেরোস বা ইবন্‌ রুশদ খ্রীষ্টীয় দ্বাদশ শতাব্দীতে মুসলমান জগতের পশ্চিম প্রান্তে কর্ডোভায় জন্মগ্রহণ করেন। তিনিও চিকিৎসা শাস্ত্র ও দর্শন শাস্ত্রের গ্রন্থ লিখে অমর খ্যাতি লাভ করেছেন। তিনি গ্রীক দার্শনিক অ্যারিস্টটলের ভাষ্যকার। অল্‌ তাবারী ইরানের লোক। খ্রীষ্টীয় নবম শতাব্দীর শেষভাগে ও দশম শতাব্দীর প্রারম্ভে তিনি জীবিত ছিলেন। তিনি কোরানের টীকা লিখেছিলেন, কিন্তু তাঁর সর্বপ্রধান কীর্তি 'নবী ও রাজাদের ইতিবৃত্ত'। তিনি মানুষের সৃষ্টির সময় থেকে সমস্ত পৃথিবীর ইতিহাস রচনা করবার প্রয়াস পেয়েছিলেন। ইবন্‌ খালদুন ঐতিহাসিক ও সমাজতত্ত্ববিদ্‌। উত্তর আফ্রিকার

টিউনিসে তাঁর জন্ম হয়। অল্ বেরুনী ছিলেন গণিতের পণ্ডিত। তাঁর বাড়ী মধ্য এশিয়ায়। তিনি সুলতান মামুদের সঙ্গে ভারতবর্ষে আসেন। সংস্কৃত শিক্ষা করে তিনি হিন্দুদের জ্যোতিষ ও দর্শন শাস্ত্র অধ্যয়ন করেন ও তৎসম্বন্ধে একখানি মনোজ্ঞ গ্রন্থ রচনা করেন। ইবন্ বতুতা মরোক্কোর লোক। স্পেন থেকে চীন পর্যন্ত বহুদেশ তিনি একাধিকবার ভ্রমণ করেছিলেন। মহম্মদ বিন্ তুঘলকের রাজত্বকালে তিনি কিছুদিন দিল্লীর কাজী ছিলেন। তাঁর বিবরণ যেরূপ তথ্যপূর্ণ সেইরূপ নির্ভুল।

আরবদের কৃতিত্ব কেবল বিদ্যা আহরণে নয়, বিদ্যা বিতরণে। তারাই ভারতীয় দশমিক চিহ্ন, সংখ্যা (numerals) ও বীজগণিতের সঙ্গে পশ্চিমের পরিচয় করিয়ে দিয়েছেন। আজ যা আরবী সংখ্যা বলে পরিচিত তা আরবের মারফতে ভারতবর্ষ থেকে ইউরোপে গিয়েছে। আবার প্রাচীন গ্রীক দর্শন ও বিজ্ঞানের প্রচার আরবী অনুবাদের সাহায্যেই হয়েছিল। মূল গ্রীক গ্রন্থ পাবার পূর্বে পশ্চিমের লোকেরা অ্যারিস্টটল ও প্লেটোর দর্শন আরবী অনুবাদের সাহায্যে পড়তে পেরেছিল। আরব পণ্ডিতদের গবেষণায় গ্রীক চিকিৎসাবিজ্ঞানেরও অভাবনীয় উন্নতি হয়েছিল। সেই গবেষণালব্ধ জ্ঞানই আধুনিক পাশ্চাত্য চিকিৎসা-বিজ্ঞানের ভিত্তি। মধ্য এশিয়া জয়ের পর আরবরা চীনের নিকট কাগজ তৈরি করতে শিখেছিল। সেই বিদ্যা তারা ইউরোপে প্রচার করেছিল বলেই আজ আমরা অল্প দামে মুদ্রিত পুস্তক পাচ্ছি। বাণিজ্য প্রসঙ্গে প্রশান্ত মহাসাগর থেকে আটলান্টিক মহাসাগর পর্যন্ত আরবদের পরিচয় ছিল। দেশ-বিদেশের পণ্যের সাথে তাঁরা দেশ-বিদেশের বিদ্যাও আমদানি-রপ্তানি করেছিলেন।

অনুশীলনী

প্রবন্ধমূলক প্রশ্ন :

(১) মহম্মদের পূর্বে আরবদেশের অবস্থা বর্ণনা কর। [১০]

(২) মহম্মদের জীবনের কাহিনী সম্বন্ধে যা জান বল। [১০]

(৩) ইসলাম ধর্মের মূল নীতি উল্লেখ কর। [১০]

(৪) প্রথমে চারজন খলিফা সম্বন্ধে যা জান লেখ। [১০]

(৫) স্পেনে আরব সভ্যতার প্রচার সম্বন্ধে কি জান? [১০]

(৬) আমীরদের শাসনকালে স্পেনের অবস্থা আলোচনা কর। [১০]

(৭) জ্ঞান-বিজ্ঞানে আরব সভ্যতার দান সম্বন্ধে আলোচনা কর। [১০]

সংক্ষিপ্ত প্রশ্ন:

(১) বেদুইনদের জীবনযাত্রা সম্বন্ধে কি জান? কৌম কাকে বলে? [৫+২]

(২) ইসলাম ধর্ম প্রবর্তনের পূর্বে আরবরা কিসের পূজা করত? তখন মক্কায় লোকেরা কেন যেত? [৫+২]

(৩) হীরা পর্বতে মহম্মদ কি করতেন? সর্বপ্রথম তাঁর শিষ্যত্ব কে গ্রহণ করেন? [৫+২]

(৪) মহম্মদের জীবনযাত্রা কেমন ছিল? তিনি কি নিরক্ষর ছিলেন? [৫+২]

(৫) মুসলমানদের অবশ্য পালনীয় কর্তব্য কি কি? ইসলাম ধর্মমতের সঙ্গে অন্য কোন ধর্মের কিছু মিল দেখতে পাওয়া যায়? [৫+২]

(৬) কোন্ কোন্ খলিফা সাধু চরিত্রের জন্য বিখ্যাত ছিলেন? কার ন্যায়পরায়ণতার বহু কাহিনী প্রচলিত আছে? [৫+২]

(৭) ইসলামের ইতিহাসে বোগদাদ কেন বিখ্যাত? হুনিয়ান ইবন ইশাক কে ছিলেন? [৫+২]

(৮) কর্ডোভা কি কারণে বিখ্যাত? এখানে কয়টি গ্রন্থাগার ছিল? [৫+২]

(৯) আভেসিনা সম্বন্ধে কি জান? তিনি কোথায় জন্মেছিলেন? [৫+২]

(১০) বিদ্যা বিতরণে আরবদের কৃতিত্ব সম্বন্ধে কি জান? পশ্চিমের লোকেরা কি ভাষায় অ্যারিস্টটল ও প্লেটোর দর্শন পড়তেন? [৫+২]

অতি-সংক্ষিপ্ত প্রশ্ন:

(১) কৌমের কর্তৃত্ব কে করতেন? কৌমের জীবনযাত্রা সম্বন্ধে কি জান? [১+৪]

(২) কাবা কোথায়? ঐখানে লোকেরা কেন যেত? [১+৪]

(৩) মহম্মদ কোথায় ও কোন পরিবারে জন্মগ্রহণ করেন? মহম্মদ কার

অধীনে চাকরি করতেন এবং তিনি কি ধরনের কাজ করতেন ? [১+৪]

(৪) খাদিজা কে ছিলেন ? মহম্মদকে তিনি কিভাবে সাহায্য করেন ? [১+৪]

(৫) মুসলমানদের ধর্মগ্রন্থের নাম কি ? মহম্মদকে আল্লার কি বলা হয় ? [১+৪]

(৬) হিজরত কাকে বলে ? মক্কার লোকেরা কখন ইসলাম ধর্ম গ্রহণ করল ? [১+৪]

(৭) 'ইসলাম' শব্দের অর্থ কি ? কাদের মুসলমান বলা হয় ? [১+৪]

(৮) 'ডোম্ অফ্ দি রক্' কখন নির্মিত হয় ? মুসসমানদের নিকট এই স্থান গুরুত্বপূর্ণ কেন ? [১+৪]

(৯) মাবিয়া বংশ কে স্থাপন করেন ? খ্রীষ্টানদের প্রতি এই বংশের আমিরদের মনোভাব কিরকম ছিল ? [১+৪]

(১০) কাদের রাজধানী ছিল ডামস্কাস অথবা বোগদাদ ? কার আমলে বোগদাদের সমৃদ্ধি ঘটে ? [১+৪]

(১১) অল্‌জহরা কি ? আলহাম্ব্রা কোথায় ? [১+৪]

(১২) আরাবেস্‌ক কি ? আরাবেস্‌ক রীতি সম্বন্ধে কি জান ? [১+৪]

(১৩) আভেরোস কে ছিলেন ? তাঁর সম্বন্ধে কি জান ? [১+৪]

(১৪) ইবন্ খালদুন কোথাকার মানুষ ছিলেন ? তিনি কি কারণে খ্যাতি অর্জন করেন ? [১+৪]

(১৫) অলবেরুণীর বাড়ী কোথায় ছিল ? তাঁর সম্বন্ধে কি জান ? [১+৪]

(১৬) ইবনবতুতা কোথাকার মানুষ ছিলেন ? তিনি কি কারণে বিখ্যাত হয়েছিলেন ? [১+৪]

ষষ্ঠ পরিচ্ছেদ

মধ্যযুগে পশ্চিম ইউরোপ (৮০০-১২০০ খ্রীঃ)

শার্লমান (৭৪২-৮১৪ খ্রীঃ)

ফরাসীদের নতুন রাজবংশ ঃ হারুন্ অল্ রসিদ যখন বোগদাদে রাজত্ব করেছিলেন তখন শার্লমান (Charlemagne) পশ্চিম ইউরোপের সম্রাট। রোমান সাম্রাজ্যের অবনতির যুগে বর্বর ফ্রাঙ্কজাতি গল ও জার্মানীর উত্তরাংশ দখল করেছিল। তাদের রাজা ছিলেন ক্লোভিস (Clovis)। ক্লোভিসের দুর্বল বংশধরদের সময় রাজ্যের কর্তৃত্ব মন্ত্রীদের হাতে সম্পূর্ণ চলে গিয়েছিল। আরবরা যখন পিরেনীজ পর্বত পার হয়ে গল আক্রমণ করে তখন ফ্রাঙ্ক মন্ত্রী চার্লস মার্টেল (Charles Martel) পয়টিয়ার্সের যুদ্ধে তাদের পরাজিত করেন। এই যুদ্ধে আরব সেনাপতির জয় হলে হয়তো ইউরোপের ইতিহাস অন্যরূপ হত। মার্টেলের পর তাঁর পুত্র পিপ্পিন (Pippin) রাজা উপাধি গ্রহণ করে ফ্রাঙ্ক রাজ্য শাসন করেন। সম্রাট শার্লমান ছিলেন পিপ্পিনের পুত্র। ফ্রাঙ্করা খ্রীষ্টধর্ম গ্রহণ করেছিল।

শার্লমানের বেশভূষা ও চরিত্র

শার্লমানের নাম ছিল চার্লস। কিন্তু ইতিহাসে তিনি শার্লমান বা মহান চার্লস নামে পরিচিত। তাঁর ছিল বীরের যোগ্য চেহারা। তাঁর দেহে ছিল অসুরের মত শক্তি। একটি আঘাতেই তিনি অশ্বের সাথে আরোহীকে ধরাশায়ী করতে পারতেন। কিন্তু তাঁর পানাহার ছিল অত্যন্ত পরিমিত। অতিরিক্ত সুরাপান তিনি ঘৃণা করতেন। অশ্বারোহণ, মৃগয়া, সন্তরণ প্রভৃতি শ্রমসাধ্য ব্যায়ামে তাঁর বিশেষ অনুরাগ ছিল। রাজ্যের হিতে পরিশ্রম করতে তিনি কখনও পরাঙ্মুখ হননি। তিনি প্রজাদের সঙ্গে দেখা করতেন, কারও অভিযোগ থাকলে শুনতেন। তাঁর ব্যবহার ছিল সরল ও অমায়িক। সম্রাট হবার

পর তাঁকে রাজ পরিচ্ছদ পরিধান করতে হলেও, তিনি ফ্রাঙ্ক গৃহস্থের বেশ, নীল মোজা, সাদা ও নীল কামিজ, সরু ইজার ও চামড়ার জুতা পছন্দ করতেন। তিনি কর্মচারীদের নিকট রাজ্যের বিভিন্ন অঞ্চলের খবর নিতেন। ধর্মনীতির প্রতিও তাঁর প্রখর দৃষ্টি ছিল। যাজকদের মধ্যে দুর্নীতি ও কদাচার দেখলে তিনি তীব্র ভাষায় তিরস্কার করতেন।



শার্লমান

সাম্রাজ্য বিস্তার : ৭৬৮ খ্রীষ্টাব্দ থেকে ৮১৪ খ্রীষ্টাব্দের মধ্যে শার্লমান তিপ্পান্নটি অভিযানে রাজ্য বিস্তার করেছিলেন। ভিস্টুলা থেকে আটলান্টিক, বালটিক থেকে পিরেনীজ পর্যন্ত সমস্ত দেশ, ইটালির অধিকাংশ ও বল্কান প্রদেশের কিয়দংশে তাঁর সাম্রাজ্য বিস্তৃত ছিল। জার্মানীর স্যাক্সনদের দমন করবার জন্যই তিনি আঠার বার অভিযান করেছিলেন। স্যাক্সন বন্দীদের নিষ্ঠুরভাবে হত্যা করতে তিনি ইতস্ততঃ করেননি। আর যাঁরা খ্রীষ্টধর্ম গ্রহণ করতে সম্মত হয়েছে তাঁদের প্রাণদণ্ড হয়নি। এইরূপে ক্রমে ক্রমে স্যাক্সনরা সকলে খ্রীষ্টান ধর্ম গ্রহণ করেছিল। শার্লমানের পরাক্রমে ও যাজকদের উপদেশে স্যাক্সন দেশে শান্তি স্থাপিত হয়েছিল। রাস্তাঘাট নির্মাণ করে সম্রাট সেখানে শৃঙ্খলা রক্ষার ব্যবস্থা করেছিলেন। শার্লমান তাঁর বর্বর প্রজাদের কাছে ধর্মপ্রচারক পাঠিয়ে সভ্যতা বিস্তারের চেষ্টা করতেন।


স্পেনের মুসলমানদের সাথে যুদ্ধে কিন্তু শার্লমান জয়লাভ করতে পারেননি। তাদের সঙ্গে শত্রুতা থাকলেও বোগদাদের খলিফার

সাথে শার্লমানের মৈত্রী হয়েছিল। তিনি হারুনের দরবারে দূত পাঠিয়েছিলেন। আর হারুন শার্লমানকে উপহার পাঠিয়েছিলেন একটি জলঘড়ি ও একটি হাতী।

শার্লমানের রাজ্যাভিষেক : খ্রীষ্টীয় চার্চ প্রতিষ্ঠিত হবার পরে দুইশত বছর চার্চের সংগঠনের নিয়মকানুন বেশ শিথিল ছিল। প্রতিটি বিশপ নিজ নিজ চার্চে কর্তৃত্ব করতেন। তাঁরা প্রায় স্বাধীনভাবেই চার্চের কাজকর্ম পরিচালনা করতেন। তাছাড়া খ্রীষ্টান সমাজে তখন ছোট বড় অনেক সম্প্রদায়। এর একটি সম্প্রদায়ের কর্তা ছিলেন রোমের বিশপ। পশ্চিম ইউরোপে পোপের সম্প্রদায়ের রোমান ক্যাথলিক খ্রীষ্টানদেরই সংখ্যা বেশী ছিল। ক্রমান্বয়ে বিভিন্ন অঞ্চলের চার্চের মধ্যে ঐক্য ও সংহতি গড়ে ওঠে। যাজকরা নিয়মকানুন মেনে চলেন। চার্চের সংগঠন সুদৃঢ় হয়। প্রথমে রোমের বিশপ রোমেই কর্তৃত্ব করতেন। কিন্তু চতুর্থ শতাব্দী থেকেই তাঁর প্রভাব বৃদ্ধি পায়। তিনি সমগ্র চার্চের প্রধান হন। তিনি হলেন শিষ্যদের ধর্মপিতা। তাই তাঁর পোপ বা পিতা পদবী হয়েছে। কিন্তু পোপকে নানা অসুবিধার সম্মুখীন হতে হয়। ইটালির উত্তরে তখন ছিল লম্বার্ডদের রাজত্ব। পোপের সাথে বৈষয়িক ব্যাপারে তাদের প্রায়ই বিবাদ হত। শার্লমানের পিতা লম্বার্ডদের সাথে বিবাদে পোপকে সাহায্য করেছিলেন। তিনিই ইটালির এক সমৃদ্ধ রাজ্যখণ্ড জয় করে পোপকে উপহার দিয়েছিলেন। বিনিময়ে পেয়েছিলেন প্যাট্রিসিয়ান উপাধি। পোপের হাতেই তাঁর রাজ্যাভিষেক হয়েছিল। শার্লমানের সাথেও পোপের সম্প্রীতি ছিল। তিনি লম্বার্ডি জয় করে একদিকে নিজের রাজ্যবৃদ্ধি অপরদিকে পোপের শত্রু নিপাত করেছিলেন। ৭৯৫ খ্রীষ্টাব্দে তৃতীয় লিও পোপ নির্বাচিত হন। রোমের কতকগুলি লোকের তাঁর প্রতি মোটেই শ্রদ্ধা ছিল না। তারা রাজপথে ধর্মগুরুকে নানাবিধ লাঞ্ছনা ও প্রহার করে। তিনি কোনরকমে প্রাণ নিয়ে শার্লমানের রাজধানীতে

পোপের পদ বা শাসন ব্যবস্থার উৎপত্তি

শার্লমান ও পোপ


শার্লেমানের সাম্রাজ্য
০ ১৬০ ৪৮০ ৮০০
কি.মি.
আ-ট-লা-ন্টি-ক
ম-হা-সা-গ-র
স্যাক্সনি
ব্যাভেরিয়া
বার্গান্ডি
এক্স-লা-স্যাপেল
ইতালি
রোম
সিসিলি
কর্ডোভা রাজ্য
কর্ডোভা
গ্রানাডা
কৃ-ষ্ণ-সা-গ-র
উঃ

পলায়ন করলেন। শার্লমান পোপকে উপযুক্ত প্রহরী দিয়ে রোমে পাঠিয়ে দিলেন। তারপর ৮০০ খ্রীষ্টাব্দে বড়দিনের উৎসবের সময় শার্লমান যখন রোমের উপাসনা মন্দিরে গিয়েছেন তখন পোপ লিও ভগবানের নামে তাঁর মাথায় একটি রত্নখচিত মুকুট স্থাপন করে তাঁকে সম্রাট বলে ঘোষণা করলেন। এইরূপে ফ্রাঙ্কদের রাজা রোমের সম্রাট হলেন। এককালে পশ্চিম ইউরোপের যে অঞ্চলে রোমান সাম্রাজ্য ছিল তার অধীশ্বর হলেন শার্লমান। এইভাবে তিনি 'রোমের সম্রাট' এই পদবীকে পুনরুজ্জীবিত করেন। এই পদবী থেকে পরে 'পবিত্র রোমান সাম্রাজ্য' নামের উদ্ভব হয়। ফ্রাঙ্ক শাসকদের মতে, রোমান সাম্রাজ্যের পরিসমাপ্তি কখনই ঘটেনি। ৪৭৬ খ্রীষ্টাব্দের পর এই সাম্রাজ্য কিছুদিনের জন্য স্থগিত ছিল। শার্লমান আবার তাকে পুনরুজ্জীবিত করেন। শার্লমান দাবী করেন, তিনিই হলেন রোমানদের প্রকৃত উত্তরাধিকারী।

রাষ্ট্র ও চার্চের সম্পর্ক ঃ শার্লমানের পরবর্তী সম্রাটদের সাথে কিন্তু পোপদের সম্প্রীতি সর্বদা অক্ষুণ্ণ থাকেনি। যিনি মুকুট দিয়েছিলেন তিনি বড় না যিনি মুকুট পেয়েছিলেন তিনি বড় এই প্রশ্ন নিয়ে বহু যুদ্ধ, বহু বিবাদ বিসম্বাদ হয়েছে। ধর্মীয় ও পার্থিব উভয় ক্ষমতার অধিকারী ছিলেন পোপ। তিনি রোমে থাকেন। তাঁর প্রাসাদ ও চারদিকের কিছু জায়গাকে ভ্যাটিকান (Vatican) বলা হয়। ইউরোপে এক এক দেশে এক এক জন রাজা; কিন্তু ধর্মের ব্যাপারে সকলেই পোপকে মেনে চলতেন। পোপের অনেক ক্ষমতা ছিল। ইউরোপের সমস্ত ধর্মযাজকদের পোপের নির্দেশ মেনে চলতে হত। তিনি আলাদা আইন করতে পারতেন। তাঁর নিজের বিচারালয় ছিল ; সেখানে অন্য দেশ হতে মোকদ্দমা দায়ের করা হত। খ্রীষ্টান যাজকরা পোপের অধীন ছিলেন। তাঁদের মধ্যে যাঁদের আর্চ বিশপ বলা হত তাঁদের অনেক ক্ষমতা ছিল। ইংলণ্ডে দুজন আর্চ বিশপ থাকতেন। তাঁদের নীচে যেসব যাজক থাকতেন তাঁদের বিশপ বলা হত। বিশপের অধীনে অনেক ধর্মযাজক থাকতেন। এইভাবে

চার্চের গড়নে সামন্ততান্ত্রিক ব্যবস্থার প্রভাব দেখা যায়। ধর্মকর্ম ছাড়াও জমিজমার ক্ষেত্রেও চার্চের স্বার্থ ছিল। বলতেগেলে, চার্চও ছিল একরকম বড় জমিদার। দেশের অনেক জমি বিশপ ও মঠের হাতে থাকত। সামন্ততান্ত্রিক প্রথায় যাজকেরা সেই সব জমির চাষীদের শোষণ করত। ধর্মের নামেও চার্চ অতিরিক্ত অনেক কিছু আদায় করত। চার্চের আলাদা বিচারালয়েও লোকের উপর কর্তৃত্ব করা হত। পাপকার্যে লিপ্ত ব্যক্তিরা শাস্তি থেকে অব্যাহতি পাবার জন্য চার্চের দ্বারস্থ হত। চার্চের সন্ন্যাসীদের নিকট থেকে পাপ মুক্তির দলিল ক্রয় করে অনুতপ্ত ব্যক্তিরা অপরাধ মুক্ত হত।

পোপের প্রভূত ক্ষমতা হওয়ায় রাজার কর্তৃত্বের সঙ্গে বিরোধ বাধে। আসল সমস্যা ক্যাথলিক খ্রীষ্টানদের কর্তা হবেন কে? রোমের পোপ না জার্মানীর সম্রাট? ইহলোকের মালিক না পরলোকের ত্রাণকর্তা? শার্লমানের রাজত্বকালে কিন্তু কেউ এই প্রশ্ন উত্থাপন করতেই সাহসী হয়নি। তিনি যখনই প্রয়োজন মনে করেছেন যাজক সম্প্রদায়ের ব্যাপারে হস্তক্ষেপ করতে ইতস্ততঃ করেননি। ধর্ম সম্বন্ধীয় বিতর্কে তিনিই মধ্যস্থতা করতেন। তিনি ধর্ম-সম্মেলনও আহ্বান করতেন। শার্লমানের চেষ্টায় বৈদেশিক বাণিজ্য বৃদ্ধি পায়। ৮১৩ খ্রীষ্টাব্দে তিনি তাঁর পুত্র প্রথম লুইকে সহযোগী সম্রাট পদে বসান ও তাঁর উত্তরাধিকারী নিয়োগ করেন। ৮১৪ খ্রীষ্টাব্দে পরিণত বয়সে সম্রাট শার্লমানের মৃত্যু হয়। বর্বর আক্রমণে যখন পশ্চিম ইউরোপে রোমান সভ্যতা অস্তমিত তখন এই ফ্রাঙ্ক নরপতিই সেখানে জ্ঞানের দ্বীপ প্রজ্বলিত রাখতে চেষ্টা করেছিলেন। রোমান সাম্রাজ্যের পতনের পর যখন পশ্চিমে রাষ্ট্রীয় ঐক্যশক্তি ও শৃঙ্খলার অভাব হয়েছিল তখন তিনিই কঠিন হাতে অরাজকতা দূর করেছেন; এক নবীন সাম্রাজ্য স্থাপন করে নতুন ইউরোপের সূত্রপাত করে গিয়েছেন।

শার্লমানের রাজ্যাভিষেকের দেড়শত বছর পরে আর একজন জার্মান সম্রাট ৯৬২ খ্রীষ্টাব্দে পোপের নিকট থেকে রোমের সম্রাটরূপে মুকুট লাভ করেন। তাঁর নাম হল প্রথম অটো (Otto I)।

ইতিহাসে তিনি মহান অটো নামে পরিচিত। তখন থেকে এই রীতি হল যে যিনিই জার্মানীর রাজা মনোনীত হবেন তিনিই 'রোমের সম্রাট' পদবী লাভ করবেন। প্রকৃতপক্ষে তখন থেকেই এই সাম্রাজ্যকে 'পবিত্র রোমান সাম্রাজ্য' (Holy Roman Empire) বলা হত। অবশ্য এই সাম্রাজ্যের অবস্থা দেখে ভলটেয়ার বলেছিলেন, এই সাম্রাজ্য পবিত্রও নয়, রোমানও নয়, সাম্রাজ্যও নয়। এই মন্তব্যকে ঐতিহাসিকেরা যথার্থ বলে মনে করেন।

শার্লমানের রাজপ্রাসাদ ও বিদ্যানুরাগ : আহারে বিহারে কোনরূপ আড়ম্বর না থাকলেও রাজধানী আচেনের (বর্তমান এক্স-লা সাপেল) শোভা সম্পাদনে কিন্তু শার্লমান রাজোচিত রুচিরই পরিচয় দিয়েছেন। তাঁর ইচ্ছা ছিল রাজধানী আচেন নগর সর্বপ্রকারে নতুন রোমের মর্যাদা পাবে। এইজন্য তিনি ইটালীয়ান শিল্পীদের সাহায্যে আচেনের প্রাসাদ ও ভজনালয় অপূর্ব মোজাইক চিত্রে অলংকৃত করেছিলেন। অন্যত্র তাঁর সময়কার উপাসনা-মন্দির দ্বিতীয় মহাযুদ্ধ পর্যন্ত বর্তমান ছিল।

আচেন শহর

শার্লমান লেখাপড়া বিশেষ জানতেন না। কিন্তু লেখাপড়া শেখাবার জন্য তাঁর আগ্রহের সীমা ছিল না। তাঁর রাজ্যে শিক্ষা প্রচার করবার জন্য তিনি কয়েকজন বিদেশী পণ্ডিতকে এনেছিলেন। মন্টিকাসিনো থেকে এসেছিলেন পল (Paul), আর ইংলণ্ড থেকে এসেছিলেন এলকুইন (Alcuin)। এলকুইন একটি দৌত্য উপলক্ষে শার্লমানের রাজধানী আচেনে আসেন। সম্রাট আর তাঁকে ফিরে যেতে দেননি। প্রাসাদের বিদ্যালয়ের শিক্ষকতা দিয়ে নিজের কাছে রেখেছিলেন। সম্রাট স্বয়ং এই বিদ্যালয়ের ছাত্র ছিলেন। তাঁর পত্নী ও সন্তানরাও এখানে পড়তেন। রাজকার্যের অল্প অবসরের মধ্যে তিনি বিদ্যাভ্যাস করতে চেষ্টা করেছেন। রাত্রিকালেও তাঁর শয্যায় লিখবার উপকরণ থাকত। কিন্তু অল্পস্বল্প পড়তে পারলেও তিনি লিখতে পারতেন না। নিজের লেখাপড়া হল না বলে তিনি প্রজাদের মধ্যে শিক্ষা বিস্তারে


শার্লমানের বিদ্যানুরাগ

উদ্যোগী হলেন। বিশপ ও য়্যাবটদের হুকুম দিলেন যেন প্রত্যেক গির্জা ও মঠে বিদ্যালয় স্থাপন করা হয়। সেখানে ধনী ও নির্ধন সকল বালকের লেখাপড়া শিক্ষার ব্যবস্থা থাকবে। সার্ফ (গোলাম) ও স্বাধীন প্রজার সন্তানের মধ্যে কোন পার্থক্য করা হবে না।

খ্রীষ্টীয় সন্ন্যাসী ও সন্ন্যাসিনীদের মঠ: একশ্রেণীর ধর্মযাজক লোকালয়ে থাকা পছন্দ করতেন না। তাঁরা মঠে থাকতেন। তাঁদের মঙ্ক (monk) বা সন্ন্যাসী বলা হত। মঠে একজন করে মোহান্ত থাকতেন, তাঁকে বলা হত য়্যাবট (abbot)। স্ত্রীলোকদের আলাদা মঠ ছিল, তাঁরা সন্ন্যাস নিলে তাঁদের বলা হত নান (nun) বা



য়্যাবট



মঠবাসী সন্ন্যাসী বা মঙ্ক পাপমুক্তির দলিল বিক্রি করছেন

সন্ন্যাসিনী। মঠের জীবন খুব কঠোর ছিল। মঠে যাঁরা থাকতেন তাঁদের নানা রকম নিয়ম মেনে চলতে হত। তাঁরা সেণ্ট বেনেডিক্ট প্রচলিত নিয়মকানুন অনুযায়ী প্রতিজ্ঞা করতেন তাঁরা দারিদ্র্যব্রত গ্রহণ করবেন, সচ্চরিত্র থাকবেন এবং মঠের নিয়ম মেনে চলবেন। মঙ্করা কেউ কেউ আবার সাধারণ লোকদের ধর্ম উপদেশ দিতেন।

তাঁদের বলা হয় ফ্রায়ার (friar)। ফ্রায়ার শব্দের অর্থ ভাই। সে যুগে ধর্মযাজকদের খুব সম্মান ছিল। তার অনেক কারণ আছে। তাঁরা ছাড়া আর কেউ বিশেষ লেখাপড়া জানত না। তাঁরা লেখাপড়া শেখাতেন, দুঃস্থকে সাহায্য করতেন এবং রোগীর সেবা করতেন। মঠ ছিল বিদ্যাচর্চার প্রধান কেন্দ্র।

প্রথমে মঠের জন্য কোন নির্দিষ্ট নিয়মকানুন ছিল না। সেন্ট-বেনেডিক্ট (৪৮০-৫৪৩ খ্রীঃ) তা রচনা এবং প্রচলন করেন। তাতে মঠবাসী সন্ন্যাসীদের কাজকর্ম নির্দিষ্ট করে দেওয়া হল। মঠের জীবনে কঠোর শৃঙ্খলা স্থাপন করা হল। মঠগুলি বেনেডিক্টের নিয়ম মেনে চলত। সপ্তম ও অষ্টম শতাব্দীতে এইসব নিয়মের প্রচলন বৃদ্ধি পেল। রোমের বিশপরা মঠের সন্ন্যাসীদের খ্রীষ্টধর্ম প্রচারে ব্যবহার করতেন। পোপও তাঁদের বিভিন্ন কাজে নিযুক্ত করতেন। মঠের জীবনকে আদর্শ খ্রীষ্টান জীবন মনে করা হত। কিন্তু দশম শতাব্দীতে খ্রীষ্টীয় মঠের চরম দুর্দশা হয়। মঠের জীবন পঙ্কিল হয়ে ওঠে। মঠের যাজক এবং মোহান্তদের দুর্নামও হল। কোন কোন মোহান্ত অর্থের লোভ ছাড়তে পারতেন না। এই অবস্থায় ৯১০ খ্রীষ্টাব্দে বার্গাণ্ডির মঙ্ক সেন্ট বার্ণো ফ্রান্সের পূর্ব দিকে ক্লুনি নামক স্থানে একটি মঠ স্থাপন করেন। এই মঠ 'ক্লুনির মঠ' নামে খ্যাত। অবশ্য তিনি সেন্ট বেনেডিক্ট কর্তৃক প্রবর্তিত নিয়ম-কানুন অনুসরণ করেই এই মঠকে কেন্দ্র করে চার্চের ক্ষেত্রে সংস্কারের জন্য আন্দোলন পরিচালনা করেন। ক্লুনির মঠ পোপের কর্তৃত্ব মেনে নিলেও তা ছিল সামন্ততান্ত্রিক, রাজকীয় ও বিশপীয় প্রভাবমুক্ত। এই মঠের মঙ্কদের চারিত্রিক নির্মলতা ও ঐকান্তিকতা ইউরোপের ধর্মীয় ও সামাজিক জীবনে এক আলোড়ন সৃষ্টি করে। সেন্ট বার্ণো ও তাঁর সমর্থকেরা এই মঠে যেসব বিধি ব্যবস্থা গড়ে তোলেন তা 'ক্লুনিয়াক অর্ডার' (Cluniac Order) নামে পরিচিত। ক্লুনি ছিল সেকালের ইউরোপের একটি প্রধান ধর্মীয় ও সাংস্কৃতিক কেন্দ্র।

ক্লুনির মঠ

ইনভেস্টিচার বা অভিষেক ঃ মধ্যযুগের ইউরোপে একটি বিশেষ অনুষ্ঠানে সামন্তরা তাঁদের প্রভুর কাছ থেকে জায়গির লাভ করতেন, অথবা নির্বাচিত পাদরিরা যাজকের অধিকার অর্জন করতেন। এইভাবে কোন পদে স্থাপন বা অভিষেক করাকে ইংরেজিতে বলে ইনভেস্টিচার (Investiture)। প্রভুর প্রতি অনুগত থাকবার প্রতিজ্ঞা গ্রহণের পর প্রভু তাঁর অধীনস্থ প্রজাকে জায়গিরে অধিষ্ঠিত করতেন। যাজকদের তাঁদের পদে অধিষ্ঠিত করার অধিকারী কে, এই প্রশ্ন নিয়ে দীর্ঘকাল ধরে চার্চের সঙ্গে রাষ্ট্রের বিরোধ চলে। সমস্যাটি জটিল হয়ে ওঠে এই কারণে যে, বিশপ ও য়্যাবট উভয়েই ছিলেন জাগতিক ও আধ্যাত্মিক প্রভু। অনেক আগে থেকেই রাজা ও পোপ উভয়েই যাজকদের নির্বাচনে ও অভিষেকে অংশগ্রহণ করতেন। যদিও ইনভেস্টিচার হল যাজকীয় অনুষ্ঠান, তাহলেও একে যাজকদের প্রতিষ্ঠা ও অভিষেক করার ক্ষেত্রে ব্যাপকভাবে প্রয়োগ করা হত। জাগতিক ক্ষমতার অধিকারী রাজা আধ্যাত্মিক ক্ষমতাও দাবী করেন। যাজক পদে প্রতিষ্ঠা ও অভিষেক করার বিষয়ে রাজা নিজের কর্তৃত্ব বজায় রাখতে চেষ্টা করেন। তাই যাজকীয় নির্বাচন, রাজার সম্মতি ও পোপের সম্মতি এইসব বিষয় নিয়ে বিতর্ক শুরু হয়।

একাদশ-দ্বাদশ শতাব্দী ঃ একাদশ শতাব্দীর শেষের দিকে বিশপ পদে প্রতিষ্ঠা ও অভিষেক নিয়ে পোপের সঙ্গে রাজার বিরোধ বাধল। জার্মানীর বিশপদের নিয়োগের ব্যাপারে পোপের অধিকার বিষয়ে পোপের সঙ্গে জার্মানীর শাসকের কোন চুক্তি ছিল না। কিন্তু ১০৭৫ খ্রীষ্টাব্দে পোপ সপ্তম গ্রীগরী একটি নির্দেশ দিলেন, বিশপ নিয়োগে সম্রাট চতুর্থ হেনরীর কোন অধিকার থাকবে না। তখন সম্রাট হেনরী খুব ক্ষমতাশালী ছিলেন। তাই তিনি পোপের আদেশ অগ্রাহ্য করলেন। তার ফলে পোপের সঙ্গে হেনরীর বিরোধ হল। বিশপদের উপর নিজের কর্তৃত্ব বজায় রাখার উদ্দেশ্যেই পোপ হেনরীর ক্ষমতা সংকোচন করতে বদ্ধপরিকর হন। তাঁদের মৃত্যুর পরেও এই প্রশ্ন নিয়ে মতবিরোধ

বিশপ নিয়োগে বিরোধ

চলতে থাকে। অবশেষে এই বিষয়ে পোপের কর্তৃত্ব স্বীকার করা হয়।

ইউরোপে বিদ্যাচর্চা ঃ প্রাচীন যুগে ইউরোপে অনেক জায়গায় লেখাপড়ার চর্চা হত। মঠ এবং গির্জার বিদ্যালয়গুলি ছিল শিক্ষার কেন্দ্র। পরে বিশ্ববিদ্যালয় গড়ে ওঠে। কিন্তু মধ্যযুগে প্রথমে ইটালি ও স্পেন ছাড়া অন্য দেশে লেখাপড়ার চর্চায় ভাটা পড়ে আসে। দ্বাদশ শতাব্দীতে আবার ইউরোপে নতুন বিশ্ববিদ্যালয়ের সূত্রপাত হয়। বিশ্ববিদ্যালয়ের প্রকৃত অর্থ এই যে এখানে বিশ্বের সব জায়গা থেকে ছাত্ররা পড়তে আসে। প্যারিসে অনেক পণ্ডিত থাকতেন। তাঁদের খ্যাতিতে আকৃষ্ট হয়ে ছাত্ররা তাঁদের কাছে পড়তে আসত।

বিশ্ববিদ্যালয় ও লেখাপড়ার চর্চা

এইভাবে বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠা হয়। তখনকার দিনে বিশ্ববিদ্যালয়গুলোর কোনও আড়ম্বর ছিল না। ছাত্রদের নিকট থেকে যে টাকা পাওয়া যেত তা হতে অধ্যাপকদের বেতন দেওয়া হত। কখনও কখনও বড় লোকরাও বিশ্ববিদ্যালয়ে অর্থ সাহায্য করতেন। তখন ছাপা বই ছিল না, হাতে লিখে পুঁথি নকল করতে হত। কাজেই বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগারে বেশী বই থাকত না। ছাত্রদের সেজন্য পড়বার বই ছিল না। অধ্যাপকদের বক্তৃতা শুনে ছাত্রদের অনেক বিষয়ে লিখে নিতে হত।



পুঁথিলেখা

এক এক বিশ্ববিদ্যালয় আবার এক এক বিষয়ের জন্য প্রসিদ্ধ ছিল; যেমন ইটালিতে বলোনায় আইন ও সালারনো বিশ্ববিদ্যালয়ে চিকিৎসাশাস্ত্র পড়াবার খুব খ্যাতি ছিল। অক্সফোর্ডে ধর্মশাস্ত্র পড়াবার ভাল ব্যবস্থা ছিল। প্রথম প্রথম যাঁরা বিশ্ববিদ্যালয়ে শিক্ষা পেতেন


তাঁরা প্রায় সকলেই শিক্ষকতার কাজ করতেন। ডিগ্রী পাবার অর্থই ছিল শিক্ষকতা করবার ক্ষমতা পাওয়া। পরে অবশ্য অনেকে সখের খাতিরে ডিগ্রী নিতেন, শিক্ষকতা করতেন না। ছাত্ররা দল বেঁধে বিশ্ববিদ্যালয়ের কাছে বাসা করে থাকত। অনেক সময় এক দেশের ছাত্ররা এক বাড়িতে থাকত। প্যারিসে সীন নদীর দক্ষিণে যে অঞ্চলে মধ্যযুগের ছাত্ররা থাকত, এখনও সেখানে অনেক ছাত্র বাস করে। ছাত্রদের অনেক রকম সুবিধা ছিল। এক দেশ থেকে অন্য দেশে যাবার সময়ে তারা মঠে থাকতে পারত। মঠে আহার ও বাসস্থানের জন্য তাদের নিকট হতে টাকা নেওয়া হত না। বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা যে সব সময় লেখাপড়ায় সময় কাটাত তা নয়; তাদের দুষ্টামিও কম ছিল না। প্যারিসের ছাত্ররা শহরের লোকদের সাথে মারামারি করে খুন জখম করত বলে খুব দুর্নাম ছিল। এই রকম অপবাদ অল্প-বিস্তর অন্যান্য বিশ্ববিদ্যালয়ের ছাত্রদেরও ছিল। কখনও কখনও বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা দল বেঁধে শহরের লোকদের সাথে লড়াই করত।


বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনা

সাহিত্য, বিজ্ঞান ও শিল্পকলা: মধ্যযুগে লেখাপড়ার চর্চা কেমন ছিল জানতে গেলে তখনকার পণ্ডিতদের কথাও কিছু জানা দরকার। দ্বাদশ শতাব্দীতে ফরাসী দেশে অ্যাবেলার্ড (Peter Abelard) নামে একজন দার্শনিক ছিলেন। যাঁরা প্যারিসের বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করেছিলেন তিনি তাঁদের একজন। দ্বাদশ শতাব্দীর শেষে অ্যালবার্ট ম্যাগনাস (Albert

মধ্যযুগের পণ্ডিত ও সাহিত্যিক


Magnus) নামে একজন জার্মান পণ্ডিতের জন্ম হয়। তিনি একজন বৈজ্ঞানিক, উদ্ভিদ্‌বিদ্যার চর্চা করতেন। তাঁর প্রিয় ছাত্রের নাম টমাস অ্যাকুইনাস (Thomas Aquinas)। অ্যাকুইনাসের জন্ম ইটালির এক সম্ভ্রান্ত পরিবারে। কিন্তু অল্প বয়সেই তিনি সাধু হয়ে গিয়েছিলেন। ধর্মতত্ত্বের বই লিখে অ্যাকুইনাসের খুব নাম হয়েছিল। দ্বাদশ শতাব্দীর আরও কয়েকজন পণ্ডিতদের নাম এখানে দেওয়া হল : সেন্ট বার্ণার্ড, হুগ অব সেন্ট ভিক্টর, জন অব সেলসবেরী, পিটার লোমবার্ড ও গ্রাসিয়ান। এঁরা সবাই গ্রন্থকার হিসাবে বিখ্যাত হয়েছিলেন। এই পণ্ডিতরা যেমন মানুষকে চিন্তা করতে শিখিয়েছিলেন, সেই রকম কয়েকজন সাহিত্যিকও ইউরোপের বিভিন্ন ভাষাকে নতুন করে গড়েছিলেন। প্রাচীনকাল থেকেই ইউরোপের শিক্ষিত লোকের ভাষা ছিল ল্যাটিন। পণ্ডিতরা এই ভাষায় লিখতেন। কিন্তু সাধারণ লোকের এই ভাষা জানা ছিল না। মধ্যযুগে কয়েকজন বড় লেখক ল্যাটিন ভাষায় না লিখে নিজের মাতৃভাষায় লিখতে লাগলেন। বিভিন্ন ইউরোপীয় ভাষায় গল্প, গান, নাটক ইত্যাদি রচিত হয়। তাতে ইউরোপের ভাষাগুলির মধ্যে নতুন প্রাণ দেখা দিল।



রীমসের গির্জা

ইউরোপে পুরানো কাহিনী নিয়ে অনেক গাথাও লেখা হয়েছিল। এগুলি আবৃত্তি বা গান করা হত। ইংলণ্ডে একজন পরোপকারী দস্যু ছিলেন, তাঁর নাম রবিন্ হুড। তাঁর গল্প এই সব গাথায় পাওয়া যায়। আবার ফরাসী দেশেও 'রোলাণ্ডের গান' বলে কাব্য লেখা হয়েছিল। রাজা শার্লমানের সেনাপতি রোলাণ্ড এই কাহিনীর

নায়ক। ফরাসী দেশে এক শ্রেণীর কবি ছিলেন, তাঁরা এই সব কাহিনীর বিষয় নিয়ে কাব্য লিখতেন এবং ইউরোপের দেশে দেশে ঘুরে গান করে শুনাতেন। তাঁদের 'ত্রুবাদুর' (troubadour) বলা হত। জার্মানীতে এই রকম লেখক ছিলেন, তাদের বলা হত 'মিনেসিঙ্গার' (minne-singer)।



নোতরদাম্ গির্জা

সাহিত্যের মত শিল্পকলাতেও অনেক নতুন জিনিস দেখা গিয়েছিল। আগে গির্জা প্রভৃতি বড় বাড়ি যেভাবে তৈরি হত দ্বাদশ শতাব্দী থেকে তার ধরন বদলে গেল। এই নতুন ধরনের বাড়ি দেখতে অনেক সুন্দর। একে ইটালিয়ানরা 'গথিক রীতি' নাম দিয়েছিলেন। এইখানে ফরাসী দেশের রীমস্ ও নোতরদাম্ গির্জার ছবি দেওয়া হল। এই ধরনের বাড়ি দেখতে কি রকম সুন্দর হত ছবি দেখলে বোঝা যাবে। আমাদের দেশেও যে গথিক রীতিতে তৈরি বাড়ি নেই তা নয়। কলকাতা হাইকোর্টের বাড়ি দেখলে এই রীতি খানিকটা বোঝা যাবে। বোম্বাই শহরে এই ধরনের বাড়ি অনেক আছে।



নোতরদাম্ গির্জার মূর্তি

অনুশীলনী

প্রবন্ধমূলক প্রশ্ন ঃ

(১) শার্লমান সম্বন্ধে যা জান লেখ। [১০]

(২) রাষ্ট্র ও চার্চের সম্পর্ক কিরূপ ছিল ? [১০]

(৩) শার্লমানের বিদ্যানুরাগ সম্বন্ধে কি জান ? [১০]

(৪) খ্রীষ্টীয় সন্ন্যাসী ও সন্ন্যাসিনীদের মঠ সম্বন্ধে যা জান লেখ। [১০]

(৫) পবিত্র রোমান সাম্রাজ্যের বিষয়ে যা জান লেখ। [১০]

(৬) ইউরোপের বিদ্যাচর্চার বিষয়ে সংক্ষেপে আলোচনা কর। [১০]

(৭) মধ্যযুগে ইউরোপের সাহিত্য, বিজ্ঞান ও শিল্পকলার চর্চা সম্বন্ধে যা জান লেখ। [১০]

(৮) এই যুগের ইউরোপের শিল্পকলার সংক্ষিপ্ত পরিচয় দাও। [১০]

সংক্ষিপ্ত প্রশ্ন ঃ

(১) শার্লমানের রাজ্যাভিষেক সম্বন্ধে যা জান লেখ। তিনি কোথাকার সম্রাট ছিলেন ? [৫+২]

(২) শার্লমানের বেশভুষা ও চরিত্র সম্বন্ধে কি জান ? তাঁর সাম্রাজ্য কতদূর পর্যন্ত বিস্তৃত হয়েছিল ? [৫+২]

(৩) শার্লমান কিভাবে পোপের উপকার করেছিলেন ? তিনি কেমন করে 'রোমের সম্রাট' পদে অভিষিক্ত হলেন ? [৫+২]

(৪) কি কারণে রোমের পোপের সঙ্গে জার্মানীর সম্রাটের বিরোধ বাধল ? কখন থেকে জার্মানীর সম্রাট 'রোমের সম্রাট' পদবী লাভ করেন ? [৫+২]

(৫) খ্রীষ্টান মঠে কারা থাকতেন ? সেকালের শিক্ষিত লোক কারা ছিলেন ? [৫+২]

(৬) 'ক্লুনির মঠ' কেন বিখ্যাত ছিল ? এই মঠ কে প্রতিষ্ঠা করেন ? [৫+২]

(৭) কাকে ইনভেস্টিচার বলে ? এর সঙ্গে কাদের স্বার্থ যুক্ত ছিল ? [৫+২]

(৮) কি বিষয় নিয়ে পোপের সঙ্গে সম্রাট চতুর্থ হেনরীর বিরোধ বাধে ? তখন পোপ কে ছিলেন ? [৫+২]

(৯) দ্বাদশ শতাব্দীর ইউরোপের কয়েকজন পণ্ডিতের নাম কর। কোন্ বিশ্ববিদ্যালয়ে চিকিৎসাশাস্ত্র পড়াবার খুব খ্যাতি ছিল? [৫+২]

(১০) কিভাবে প্যারিসে বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠা হয়? ছাত্রদের কি পড়বার বই ছিল? [৫+২]

অতি-সংক্ষিপ্ত প্রশ্ন:

(১) শার্লমান কে ছিলেন? তাঁর সঙ্গে প্রজাদের সম্পর্ক কিরকম ছিল? [১+৪]

(২) 'রোমের সম্রাট' এই পদবীকে কে পুনরুজ্জীবিত করেন? নিজেকে রোমানদের প্রকৃত উত্তরাধিকারী বলে কে দাবী করতেন? [১+৪]

(৩) কাকে ভ্যাটিকান বলে? ধর্মের ব্যাপারে কাকে মেনে চলা হত? [১+৪]

(৪) শার্লমানের রাজধানীর কি নাম ছিল? এই রাজধানী কেন বিখ্যাত ছিল? [১+৪]

(৫) কাদের য়্যাবট বলা হত? ফ্রায়ার কাদের বলা হত? [১+৪]

(৬) ক্লুনি কোথায়? 'ক্লুনিয়াক অর্ডার' বলতে কি বোঝায়? [১+৪]

(৭) অ্যালবার্ট ম্যাগনাস কে ছিলেন? অ্যাকুইনাস সম্বন্ধে কি জান? [১+৪]

(৮) কাকে নিয়ে 'রোলাণ্ডের গান' রচিত হয়? কাদের 'ত্রুবাদুর বলা হত? [১+৪]

(৯) মিনেসিঙ্গারদের বাস কোথায় ছিল? তাঁরা কি করতেন? [১+৪]

(১০) কোথায় গথিক রীতিতে বাড়ী তৈরী হয়? গথিক রীতি বলতে কি বোঝায়? [১+৪]

সপ্তম পরিচ্ছেদ

মধ্যযুগের ইউরোপে সামন্ততন্ত্র

সামন্ততন্ত্রের সূচনা ঃ পশ্চিম ইউরোপে দীর্ঘকাল বিশৃঙ্খলা চলতে থাকে। কিভাবে চতুর্থ-পঞ্চম শতাব্দীতে রোমান সাম্রাজ্যের অবস্থা শোচনীয় হয়ে পড়ে এবং তার পতন ঘটে সে কথা পূর্বেই বলা হয়েছে। এই বিশৃঙ্খলার পরে ইউরোপের সামাজিক জীবন যেভাবে নতুন রূপে গঠিত হল তাকে ইংরেজিতে ফিউডালিজম (feudalism) বা সামন্ততন্ত্র বলা হয়। শার্লমানের সাম্রাজ্য ভেঙ্গে যাবার পরে ধীরে ধীরে নিরঙ্কুশ ক্ষমতার অধিকারী রাজতন্ত্রের আবির্ভাব হয়। এই সময়ের পশ্চিম ইউরোপের সামাজিক ও রাজনৈতিক জীবনের বিশেষ ধরনকে ফিউডাল বা সামন্ততান্ত্রিক বলা হয়। 'ফিউডালিজম' শব্দটি গৃহীত হয় ল্যাটিন শব্দ 'ফিওডাম' (feodum) থেকে।

অষ্টম শতাব্দীর শেষের দিকে শার্লমানের সাম্রাজ্যের (Frankish Empire) বেশীর ভাগ কৃষক সার্ফে (Serf) পরিণত হয়। বড় বড় জমিদাররা জমিজমার মালিক হয়ে বসেন। এইসব জমিদাররা এতটা সামরিক শক্তির অধিকারী ছিলেন যে তাঁরা সহজেই কৃষকদের পদানত রাখতেন। শার্লমানের সামরিক অভিযানের সময় থেকেই জমিদারেরা স্বাধীন কৃষকদের সার্ফে পরিণত করতে থাকেন। এই সময়ে ফ্রাঙ্কিশ অভিজাতরা প্রভূত অর্থ-সম্পদের অধিকারী হন। জমি ও সার্ফ উভয়ের যিনি মালিক হলেন তাঁকে বলা হত ফিউডাল লর্ড বা সামন্ত প্রভু।

প্রকৃতপক্ষে পশ্চিম ইউরোপের ফ্রাঙ্কিশ রাজ্যে নবম-দশম শতাব্দীতে ফিউডাল সমাজের পুরোপুরি রূপ প্রকাশ পেল। এই সময়ে ফ্রান্সের উত্তরে ও দক্ষিণে এবং ইংলণ্ডে ফিউডাল রাষ্ট্রের পরিচয় পাওয়া যায়। সামন্ততন্ত্র ফ্রান্স থেকে স্পেনে, ইটালিতে, জার্মানীতে এবং পরে পূর্ব ইউরোপে প্রসারিত হয়। যদিও ইংলণ্ডে সামন্ত-প্রথার

সব উপকরণই ছিল, তাহলেও ১০৬৬ খ্রীষ্টাব্দে প্রথম উইলিয়াম ফরাসী দেশের ফিউডাল পদ্ধতির অনুকরণে ইংলণ্ডের সামন্ততন্ত্রের সংস্কার সাধন করেন। পশ্চিম ইউরোপে সামন্ততন্ত্রের বিকাশের পরে পূর্ব ইউরোপে সামন্ত প্রথার উদ্ভব হয়। পশ্চিম ইউরোপের সর্বত্র চতুর্দশ শতাব্দীর শেষ পর্যন্ত সামন্ততন্ত্র অক্ষুণ্ণ ছিল। পূর্ব ইউরোপে সামন্ততন্ত্রের উচ্ছেদ হয় আরও পরে। প্রায় একই ধরনের সামন্ত-তন্ত্র অন্য দেশেও দেখা দেয়, তাহলেও মধ্যযুগে ইউরোপের সামন্ত-তন্ত্রকে সামন্ত সমাজের সাধারণ নমুনা বলা যেতে পারে।

সামন্ততান্ত্রিক বিধি ব্যবস্থা : 'ফিউডালিজম' বা সামন্ততন্ত্র এমন একটি ব্যবস্থা যা প্রধানতঃ সামন্তভূমি বা জায়গির ভিত্তি করে গড়ে ওঠে। সৈন্যরূপে কার্যাদি করার শর্তে বেতনের পরিবর্তে প্রদত্ত জায়গিরকে ইংরেজিতে 'ফিয়েফ' (fief) বা 'ফিউডা' (feuda) বলে। যেহেতু কারুর অধীনতা স্বীকার করে সামন্তরা এই জায়গির ভোগ করতেন, সেজন্য এই প্রথার সঙ্গে ব্যক্তিগত সম্পর্কের বিষয়টি যুক্ত ছিল। আর এই সব সামন্তদের জমি ভোগকারী প্রজা (vassal) বলা হত। অর্থাৎ তাঁদের উপরে যে একজন প্রভু ছিলেন তাঁর প্রতি অনুগত থেকে তাঁরা এই জায়গির ভোগ করতেন। এইসব জায়গির-ভোগী প্রজারাই সামন্ত নামে পরিচিত ছিলেন। সামন্তদের জমিদারীতে জমি চাষ করত কৃষকেরা। এই জমিদারীতে যারা বাস করত তাদের উপর সামন্তরা রাজনৈতিক ও অর্থনৈতিক কর্তৃত্ব প্রয়োগ করতেন, তাদের নিকট হতে নানারকম কর আদায় করতেন, নিরাপত্তার জন্য দুর্গ নির্মাণ করতেন এবং বিচার ব্যবস্থা পরিচালনা করতেন। সামন্তরা ছিলেন অভিজাত গোষ্ঠীভুক্ত এবং ফিউডাল রাষ্ট্রের শাসক শ্রেণী।

সামন্ত বা জায়গির

জায়গিরগুলির (fiefs) মধ্যে অঞ্চলগত পার্থক্য থাকলেও তাদের বিশেষ রাজনৈতিক চরিত্র ছিল। তার ফলে কয়েকটি মৌলিক উপাদান ভিত্তি করে জায়গির প্রথার সম্প্রসারণ হয়। তার একটি হল প্রাইমোজেনিচার (primogeniture) বা জ্যেষ্ঠের

উত্তরাধিকার লাভের বিধি। 'ফিয়েফ' (বা জায়গির) যিনি পেতেন তাঁর কিছু কর্তব্য ছিল। প্রভুকে সৈন্য দিয়ে সাহায্য করা ছিল একটি রাষ্ট্রীয় দায়িত্ব। সামন্ততান্ত্রিক আইন অনুযায়ী গোটা জায়গির সামন্তর জ্যেষ্ঠপুত্র পেত। একে বলা হত জ্যেষ্ঠের উত্তরাধিকার লাভের বিধি। প্রভুর প্রতি আনুগত্য প্রদর্শনের পরই পুত্র পিতার জমিতে আইনসঙ্গত অধিকার অর্জন করত। সাধারণতঃ মেয়েদের জায়গিরে অধিকার ছিল না।

প্রাইমোজেনিচার

দুই ব্যক্তির চুক্তির ফলেই জায়গির লাভ হত, অর্থাৎ প্রভু ও সামন্তর মধ্যে চুক্তি। জায়গিরের সাথে সামন্ত তাঁর প্রভুর নিকট থেকে নিরাপত্তা ও ন্যায়বিচারের অঙ্গীকার পত্র পেতেন। তার বিনিময়ে তিনি প্রভুর জন্য নানারকম কাজ করতেন। সামন্ত তাঁর প্রভুর আদালতের অধীন ছিলেন, প্রভু ডাকলেই তিনি তাঁর কাছে হাজির হতেন। যদি কখনও প্রভু সামন্তর জমিদারীতে আতিথ্য গ্রহণ করতেন তাহলে সামন্ত তাঁর যাবতীয় খরচ বহন করতেন। প্রয়োজন হলে তিনি প্রভুকে অর্থ দিয়েও সাহায্য করতেন। জায়গির লাভের সময়, প্রভুর মেয়ের বিয়ে উপলক্ষে ও আরও কয়েকটি ব্যাপারে প্রভুকে অর্থ দিতে হত সামন্তদের।

প্রভু ও সামন্তর সম্বন্ধ

এই ধরনের কাজ ও অর্থ যে কোন ফিউডাল লর্ড পেতেন যখন তিনি জমি জায়গির হিসাবে কোন সামন্তকে (vassal) দান করতেন। যা তাঁর দখলে থাকত তাকে বলা হত তাঁর খাস জমিদারী বা ম্যানর (manor)। এই ম্যানর থেকে তাঁর আয় হত। প্রতি সামন্তই নিজের ও পরিবারের প্রয়োজনে জমি রেখে বাকী অংশ তাঁর অধীনস্থ সামন্তকে দিতেন। এই অধীনস্থ সামন্তকে তাঁর প্রভুর প্রতি দায়-দায়িত্ব পালন করতে হত। খাস জমিদারী থেকে খরচ বাদ দিয়ে যে বাড়তি আয় হত তার সবই সামন্তরা ভোগ করতেন।

ফিউডাল পদ্ধতির মূল নীতি এই যে, রাজা দেশের সমস্ত জমির

মালিক। কিছু জমি নিজেদের জন্য রেখে বাকিটা তিনি তাঁর সামন্তদের মধ্যে ভাগ করে দিতেন। সামন্তরা রাজার কাছে হাঁটু গেড়ে বসে বশ্যতা স্বীকার করতেন এবং বাইবেল হাতে নিয়ে তাঁরা অনুগত থাকবেন বলে শপথ গ্রহণ করতেন। রাজা যুদ্ধে গেলে তাঁদেরও সৈন্য নিয়ে তাঁর সাথে যুদ্ধে যোগ দিতে হত। যাঁরা সাক্ষাৎভাবে যুদ্ধ করবার শর্তে রাজার নিকট হতে জমিদারী পেতেন, তাঁদের মুখ্য ভূম্যধিকারী বলা হত। কিন্তু এইসব বড় বড় জমিদাররাও আবার বেতন দিয়ে সব সৈন্য রাখতেন না। তাঁরা নিজেদের ভরণ পোষণের জন্য কিছু জমি খাস খামারে রেখে বাকী জমি নিজ নিজ অনুচরদের মধ্যে বিলি করে দিতেন। এইসব ছোট জমিদারদের মধ্য ভূম্যধিকারী বলা হত। এইভাবে যাঁদের জমি দেওয়া হত তাঁরা সামন্তদের হয়ে যুদ্ধ করতেন। ছোট জমিদাররাও ইচ্ছা করলে তাঁদের জমি এইভাবে নিম্নতন প্রজাদের মধ্যে বিলি করতে পারতেন। যাঁর কাছ থেকে জমি পাওয়া যেত তাঁকে প্রভু বলে স্বীকার করতে হত এবং তাঁকে যুদ্ধে সাহায্য করবার অঙ্গীকার করতে হত। রাজার দরকার হলে ভূম্যধিকারীরা তখনই সৈন্য নিয়ে হাজির হতেন। মুখ্য ভূম্যধিকারী যুদ্ধে ডাক পড়লেই তিনি তাঁর অধীনস্থ মধ্য ভূম্যধিকারীকে সৈন্য নিয়ে আসতে হুকুম করতেন। তাঁরা আবার ডাকতেন তাঁদের অধীনস্থ বৃত্তিভোগী সৈনিকদের। ফ্লাণ্ডার্স, আঞ্জু, নর্মাণ্ডি ও ইংলণ্ডের শাসকরা ফিউডাল ভূমিব্যবস্থাকে দেশ শাসনের পক্ষে উপযোগী মনে করতেন। ইংলণ্ডের ডুম্‌স ডে বুক (Domesday Survey of 1085) থেকে সেকালের ফিউডাল সম্পর্ক সম্বন্ধে অনেক তথ্য পাওয়া যায়।

মুখ্য ও মধ্য ভূম্যধিকারী

মধ্যযুগে ইউরোপে চারটি বিশেষ দিক লক্ষ্য করে দেখা উচিত : রাজা বা রাষ্ট্রের প্রধান, সামন্ত প্রভু, চার্চ এবং আঞ্চলিক প্রতিষ্ঠান।

মধ্যযুগের রাষ্ট্র


রাজার ক্ষমতা সামন্ততান্ত্রিক বিধি-ব্যবস্থা অনুযায়ী সীমিত ছিল। ফিউডাল প্রথা অনুযায়ী রাজার সঙ্গে সামন্তদের চুক্তি অনুযায়ী রাজার ক্ষমতা নির্ধারিত হত। সামন্তদের

যেমন রাজার প্রতি কর্তব্য ছিল, তেমনি রাজারও সামন্তদের প্রতি দায়িত্ব ছিল। যদি কোন পক্ষ চুক্তি ভঙ্গ করত তাহলে অন্য পক্ষের চুক্তি অনুযায়ী কাজ করবার কোন বাধ্যবাধকতা থাকত না। অর্থাৎ কার্যতঃ ফিউডাল রাজাদের কতকগুলো সীমাবদ্ধতার মধ্যে ফিউডাল প্রথা অনুযায়ী দেশ শাসন করতে হত। যখন ইংলণ্ডের ব্যারনরা রাজা জনকে ম্যাগনা কার্টা (১২১৫ খ্রীঃ) স্বাক্ষর দিতে বলেন, তখন তাঁরা রাজাকে লিখিত চুক্তিতে সম্মতি জানাতে বলেন। ম্যাগনা কার্টার শর্তগুলির বৈশিষ্ট্য ছিল ফিউডাল। মধ্যযুগের ইউরোপে এই ধরনের শর্তাবলীসহ সনন্দ বা চার্টার (Charter) খ্রীষ্টীয় মঠ, ব্যবসায়ী, শহর ইত্যাদিকে দেওয়া হয়। এই যুগে মানুষের সঙ্গে মানুষের সম্পর্ক গড়ে উঠেছিল চুক্তি অনুযায়ী। চার্চও ছিল রাষ্ট্রের মধ্যে রাষ্ট্রের মত। চার্চের নিজস্ব বিচারালয়, কর্মচারী, যাজক সমিতি (Synod) এবং কাউন্সিল ছিল। কখনও চার্চ সামন্তদের সঙ্গে যুক্ত হয়ে রাজার বিরুদ্ধাচরণ করত, আবার কখনও রাজার সঙ্গে যুক্ত হয়ে সামন্তদের বিরুদ্ধে দাঁড়াত। সুতরাং মধ্যযুগের চার্চ কেবল ধর্ম ব্যাপার নিয়েই যুক্ত থাকত না, চার্চ রাজ্যশাসনের ব্যাপারেও প্রত্যক্ষ ভাবে অংশগ্রহণ করত। আঞ্চলিক প্রতিষ্ঠানগুলির বৈশিষ্ট্য হল এই যে, এই যুগের অর্থনৈতিক জীবন আঞ্চলিক ভাবেই পরিচালিত হত। তাই অর্থনীতি পরিচালনার সঙ্গে কতকগুলি প্রতিষ্ঠানও গড়ে ওঠে। ইউরোপে ফিউডাল রাষ্ট্রে জমিদারদের অপ্রতিহত ক্ষমতা ছিল। রাজকার্য চলত সামন্তদের সাহায্যে। তাঁরাই রাজার প্রাপ্য আদায় করে দিতেন। সামন্তরা নিজ নিজ এলাকায় প্রায় রাজার মত ক্ষমতাশালী ছিলেন।

ইউরোপের বহু জায়গায় এখনও পুরানো দিনের দুর্গ দেখতে পাওয়া যায়। মধ্যযুগে এইসব দুর্গে সামন্তরা বাস করতেন। অন্য দেশের মত ইউরোপের দুর্গ এমন জায়গায় নির্মাণ করা হত যাতে শত্রু হঠাৎ আক্রমণ করতে না পারে। উঁচু জায়গা থেকে অনেকদূর দেখা যায় এবং শত্রুর আক্রমণে

দুর্গ

বাধা দেওয়ারও সুবিধা হয়। সেইজন্য অনেক সময় পাহাড়ের উপর দুর্গ নির্মাণ করা হত। আমাদের দেশেও এই রকম পাহাড়ের উপর দুর্গ আছে। পাহাড়ের উপর না হলে দুর্গের চারদিকে সাধারণতঃ গভীর পরিখা থাকত। পরিখার উপরে একটি সেতু, ইচ্ছা হলে তাকে



দুর্গ

গুটিয়ে রাখা যেত। দুর্গে প্রবেশ করবার পথে লোহা কিংবা কাঠের তৈরী শক্ত দরজা। তাছাড়াও এক রকম লোহার শিক দেওয়া দরজা থাকত। দরকার হলে তা উপর থেকে নামিয়ে শত্রুর পথ রোধ করা যেত। দুর্গের মধ্যে একদিকে একটি উঁচু মিনারের মত বাসগৃহ। সেখানে লোক বাস করতে পারত। আবার শত্রু আক্রমণ করলে মিনারের জানালা দিয়ে তীরন্দাজরা তীর ছুড়ত। শত্রু খুব কাছে এসে পড়লে এখান থেকে কিংবা প্রাকার থেকে গরম সীসা, তেল, গরম জল শত্রু সৈন্যের গায়ে ঢেলে দেওয়া হত।

দুর্গের মধ্যে অনেক ঘর থাকত। সেখানে সামন্ত ও তাঁর আত্মীয়-স্বজন বাস করতেন। তখন দুর্গে অনেক সৈন্য থাকবার ব্যবস্থা

থাকত। এখনকার তুলনায় থাকবার ব্যবস্থা যে আরামের ছিল তা নয়। আসবাবপত্র খুব কম, বেশীর ভাগ লোককেই মেঝের উপর শুতে হত। শীতের দেশ বলে ঘরের মেঝেতে খড় বিছান থাকত। এখনকার মত দেওয়ালে ছবি টাঙ্গাবার প্রথা ছিল না। মোটা কাপড়ের উপর ছুঁচ দিয়ে নানা রকম ছবি ও কারুকার্য করা হত। একে ট্যাপেস্ট্রি (tapestry) বলে। ঘরের শোভা বাড়াবার জন্য এইসব কাপড় টাঙ্গিয়ে রাখা হত।

রাজা বা সামন্তর সঙ্গে দুর্গে একদল অশ্বারোহী যোদ্ধা বাস করতেন। তাঁরা লোহার বর্ম পরে ঘোড়ায় চড়ে তলোয়ার নিয়ে যুদ্ধ করতেন ; মাথায় লোহার শিরস্ত্রাণ থাকত। এই যোদ্ধাদের নাইট (Knight) বলা হয়। অভিজাত বংশের লোকেরাই সাধারণতঃ নাইট হতে পারতেন। অল্প বয়স থেকে যোদ্ধাদের সঙ্গে বাস করে তাঁরা অস্ত্রবিদ্যা শিখতেন। বড় হলে সৈনিকব্রতে দীক্ষা নেবার আগের দিন সমস্ত রাত জেগে গির্জায় প্রার্থনা করতে হত। পরদিন রাজার কিংবা কোনও সামন্তের কাছে

নাইট



সৈনিকব্রত গ্রহণ

হাঁটু গেড়ে বসে তাঁকে প্রভু বলে স্বীকার করা হত। যাঁর বশ্যতা স্বীকার করা হত তিনি তরবারি দিয়ে তাঁকে স্পর্শ করতেন। যাঁরা এই

ব্রত গ্রহণ করতেন তাঁদের অনেক সৎ আচরণের নিয়ম পালন করতে হত। তাঁরা সচ্চরিত্র এবং ভদ্র হতেন, আর্তকে রক্ষা করতেন, দুষ্টকে সাজা দিতেন। অনেকদিন আগে ইংলণ্ডে আর্থার নামে এক রাজা ছিলেন। তাঁকে আদর্শ নাইট মনে করা হত। পরবর্তীকালের যোদ্ধারাও নাইটদের দৃষ্টান্ত অনুসরণ করতে চেষ্টা করতেন।

নাইটরা যেমন রাজার জন্য যুদ্ধ করতেন, সেই রকম আমোদ আহ্লাদেও তাঁর সঙ্গী হতেন। কখনও কখনও কৃত্রিম যুদ্ধের আয়োজন করা হত। তাকে টুর্নামেণ্ট (Tournament) বলে। টুর্নামেন্টের সময় যোদ্ধারা ঘোড়ায় চড়ে পরস্পরের বল পরীক্ষা



নাইট

করতেন। যিনি প্রতিপক্ষকে ঘোড়া থেকে ফেলে দিতে পারতেন তাঁর জয় হত। অনেক সময় তীর ছোড়ার প্রতিযোগিতা হত। কখনও কখনও দুর্গে গীতবাদ্যের আয়োজন হত। আবার কখনও কখনও ভাঁড়ের খেলা ও নানারকম ব্যায়াম দেখান হত। কোন কোন উৎসবের সময় দুর্গে ভোজের আয়োজন হত। তখন আস্ত ষাঁড় ও

শূকর আগুনে পুড়িয়ে খাওয়া হত। খাবার সময় প্লেটের পাশে একটি করে চামচ দেওয়া হত, কিন্তু এখনকার মত ছুরি-কাঁটার ব্যবহার ছিল না। কাঁটার ব্যবহার পরে ইটালিতে আরম্ভ হয়। মধ্যযুগের যোদ্ধারা নিজের কোমর-বন্ধ থেকে ছুরি বার করে মাংস কেটে নিতেন এবং হাত দিয়ে খেতেন।


চারণরা দুর্গ হতে দুর্গে ঘুরে প্রাচীনকালের বীরত্বের কথা গান করে শোনাতেন। আগেই বলা হয়েছে এই ধরনের গায়কদের 'ত্রুবাদুর' (troubadour) বলা হত। একাদশ শতাব্দীর শেষ থেকেই দক্ষিণ ফ্রান্সে অভিজাত কবি গায়কদের অধিক সংখ্যায় দেখা যায়। অনেক ত্রুবাদুর ছিলেন অভিজাতবংশীয় ও নাইট। এমনকি তাঁদের মধ্যে কয়েকজন রাজাও ছিলেন। ত্রুবাদুররা যন্ত্র সহযোগে গান করতেন। তাঁদের প্রভাব মধ্য ও উত্তর ফ্রান্সেও পড়ে। তাঁদের অনুকরণে জার্মানী, স্পেন ও ইটালীতে গায়কের আবির্ভাব হয়।

ত্রুবাদুর

ম্যানর প্রথা : মধ্যযুগের ইউরোপে বেশীরভাগ লোক গ্রামে বাস করত। কৃষিকাজ ও পশুপালন ছিল তাদের প্রধান জীবিকা। সম্পদের প্রধান উৎস ছিল জমি। দশম-একাদশ শতাব্দীতে পশ্চিম ইউরোপের সমস্ত জমির মালিক হয়ে বসেন বড় বড় জমিদাররা। চাষের জমি, বনভূমি ও পতিত জমি, এমন কি নদীও তাঁদের সম্পত্তিতে পরিণত হয়। বড় বড় জমিদাররা বহু গ্রামের মালিক হন, আর ছোট জমিদারদের কর্তৃত্বে থাকে কয়েকখানি গ্রাম। জমিদারদের যে খাস তালুক বা খামার তাকেই বলা হত ম্যানর (manor)। ১০৬৬ খ্রীষ্টাব্দে নরম্যান বিজয়ের পর ইংলণ্ডে 'ম্যানর' শব্দের ব্যবহার শুরু হয়। ল্যাটিন শব্দ 'ম্যানিয়ার' (manere) থেকে ফরাসী দেশে 'ম্যানয়র' (manoir) শব্দের উদ্ভব। আর তা থেকেই ইংরেজিতে 'ম্যানর' শব্দের ব্যবহার। 'ম্যানর' হল এমন কৃষিসম্বন্ধীয় ভূসম্পত্তি যার মালিক ছিলেন একজন সামন্ত বা জমিদার। অর্থাৎ জমিদার ছিলেন ম্যানরের প্রভু। যে অর্থনৈতিক ও সামাজিক ব্যবস্থা ম্যানরে

গড়ে ওঠে তাকে বলে 'ম্যানর প্রথা' (manorial system)। অবশ্য এর প্রধান চারিত্রিক বৈশিষ্ট্য হল অর্থনৈতিক। কৃষক জমিদার বা প্রভুর নিকট হতে চাষ করার জন্য জমি পেত এবং তার বিনিময়ে কৃষককে দিতে হত শস্যের অংশ ও টাকা, আর প্রভুর প্রয়োজনে কাজ করতে হত। ইউরোপের বাইরের দেশগুলিতে, বিশেষ করে জাপানে ও ভারতবর্ষে, এই ধরনের প্রথার পরিচয় পাওয়া যায়। ম্যানর প্রথা ফ্রান্স, ইংলণ্ড, জার্মানী, স্পেন, ইটালি এবং পূর্ব ইউরোপীয় অঞ্চলে প্রচলিত ছিল। পশ্চিম রোমান সাম্রাজ্যের পতনের পরেই আঞ্চলিক ম্যানর প্রথা গড়ে ওঠে। সামন্তপ্রথার মতই পরবর্তীকালে এই ম্যানর প্রথা আরও প্রসারিত হয়। ইউরোপের বিভিন্ন দেশে ম্যানর প্রথার পূর্ণ প্রকাশ দেখা যায় একাদশ শতাব্দী থেকে পঞ্চদশ শতাব্দীর মধ্যে।

এই ম্যানর প্রথা প্রধানতঃ ছিল আঞ্চলিক। দেশের সমস্ত জমি স্বয়ং সম্পূর্ণ জমিজারীতে (estate) বিভক্ত ছিল। প্রতি



ম্যানরের প্রভুর বাড়ি


জমিদারী ছিল ম্যানরের প্রভুর কর্তৃত্বাধীন। স্থানীয় গ্রামের লোকেরা

তা চাষ করত। এই প্রভু বা জমিদার রাজা, যাজক, বড় বা ছোট সামন্ত যে কেউ হতে পারেন ; প্রভুর কর্তব্য ছিল গ্রামের কৃষকদের রক্ষা করা। জমিদাররাই ছিলেন জমির মালিক, তাঁরা কৃষকদের জমি দিতেন শ্রম এবং করের বিনিময়ে। কৃষকদের চাষ করবার অধিকার বংশানুক্রমিক ছিল। কৃষকরা দুই ধরনের ছিল : মুক্ত কৃষক (Villein) এবং ভূমিদাস (Serf)। তাদের বলা হত ভিলেন এবং সার্ফ। তবে এদের মধ্যে বিশেষ কোন পার্থক্য করা কঠিন ছিল। জমির সঙ্গে কৃষকের সম্পর্ক কি ধরনের ছিল তা থেকেই ভিলেন ও সার্ফ এই নামকরণ হয়। সার্ফ ছিল প্রভুর সম্পত্তি, আর ভিলেন ছিল সাধারণ গ্রামবাসী। অবশ্য উভয়েই একই ব্যবস্থার মধ্যে বাস করত। গ্রামের একচ্ছত্র মালিক ছিলেন জমিদার। ম্যানরের একটা নির্দিষ্ট স্থানে তাঁর বাড়ি থাকত। তিনি নিজের জন্য কিছুটা জমি রেখে বাকী জমি চাষের জমি, গরু চড়াবার ঘাসের জমি, বনভূমি এবং পতিত জমি এইভাবে ভাগ করতেন। তিনি চাষের জমি দিতেন কৃষকদের এবং কৃষকেরা এই জমি ভোগ করত কতকগুলো নির্দিষ্ট শর্ত অনুযায়ী। চাষের জমি তিন রকমের ছিল। কোন জমিতে শীতের ফসল হত, আবার কোন জমিতে বসন্তের ফসল হত, আবার কোন জমি চাষ না করে প্রতি বছর ফেলে রাখা হত। গোচারণের মাঠে সকলের সমান অধিকার ছিল। বনভূমির এবং মাছের পুকুরের মালিক ছিলেন জমিদাররা। তাঁরা



চাষী

বনে শিকার করতেন, পুকুরে মাছ ধরতেন এবং প্রয়োজন মত গাছ কাটতেন। যখন অজন্মা হত জমিদারের কর্তব্য ছিল প্রজাদের



সামন্ত প্রভুর জমিদারী

কষ্ট লাঘব করা। ম্যানরে কিছু কিছু ছোট শিল্পও (Industry)

ছিল। সেখানে কাপড়, ঘরবাড়ির জিনিস ও লোহার জিনিস তৈরি হত। এইসব শিল্প ছিল ম্যানর প্রথার অন্তর্ভুক্ত। সার্ফ এবং ভিলেনরা উৎপন্ন ফসলের অংশ, নানারকম কর ইত্যাদি জমিদারকে যে দিত তার পরিমাণ সব ম্যানরে একই রকম ছিল না। বছরের একটা সময়ে নির্দিষ্ট পরিমাণ শস্য, টাকা ইত্যাদি জমিদারকে দিতে হত। জমি চাষ করা বাবদ নির্দিষ্ট পরিমাণ খাজনা দেওয়া ছাড়াও জমিদারের জন্য তাদের কাজ করতে হত। যখন জমিদার ম্যানরে আসতেন তখন তাঁর বাড়িতে তাদের নানারকম কাজকর্ম করতে হত। ম্যানরে জমিদারের বিচারালয় ছিল। সেখানে জমিদার অপরাধীদের শাস্তি দিতেন এবং অপরাধীদের কাছ থেকে জরিমানা আদায় করতেন। ম্যানর হল একটি শাসনতান্ত্রিক ও রাজনৈতিক কেন্দ্র। প্রজাদের নিকট হতে কর আদায় করবার প্রশাসনিক কেন্দ্রও ছিল এই ম্যানর। আর জনকল্যাণমূলক কাজ-কর্মও ম্যানরের দায়িত্বে ছিল। ম্যানরের কৃষকদের রাস্তাঘাট ও সেতু মেরামত করতে হত, দুর্গ পাহারা দিতে হত এবং সামরিক প্রয়োজনে অর্থ সাহায্য করতে হত। ম্যানরগুলি পরিচালনা করা হত জমিদারদের গোমস্তাদের দ্বারা। গোমস্তাদের সাহায্য করত অন্যান্য কর্মচারীরা। ম্যানরকে একটি স্থায়ী সংগঠন মনে করা হত। জমিদাররা যদি কোন সময় ম্যানরের কোন অংশ অন্য জমিদারের নিকট বিক্রি করে দিতেন, তাহলে সেই অংশ একটি ম্যানর হিসাবেই গণ্য হত। কাজেই একটি ম্যানরের একাধিক প্রভু বা জমিদার থাকা অসম্ভব ছিল না।

সার্ফদের অবস্থা ঠিক ক্রীতদাসদের মত ছিল না। সার্ফদের নিজেদের ভরণপোষণের জন্য কিছু কিছু জমি থাকত। তাছাড়া তাদের গৃহপালিত পশু ও চাষের উপকরণও ছিল। তারা কুঁড়ে ঘরে বাস করত। অবশ্য সার্ফরা ঠিক স্বাধীন মানুষ ছিল না। তারা জমির সঙ্গে আবদ্ধ ছিল এবং সামন্ত প্রভুর জন্য কাজ করতে বাধ্য ছিল। তবুও তাদের অবস্থা ক্রীতদাসদের তুলনায় ভাল ছিল।

সার্ফরা কখনও খাটত নিজের জমিতে, কখনও জমিদারের জমিতে। প্রভুর জমিতে তাদের এত কাজ করতে হত যে অনেক সময় তারা নিজেদের জমির ফসলের প্রতি দৃষ্টি দিতে পারত না। তার ফলে তাদের নিজেদের জমির ফসল ঝড়ে, তুষারপাতে বা বৃষ্টিতে নষ্ট হয়ে যেত। সার্ফরা যাতে কাজে শৈথিল্য না দেখাতে পারে তার জন্য তাদের উপর কড়া নজর রাখা হত। প্রভুর প্রয়োজনে সার্ফরা যে সব কাজ করত তাকে বলা হত কর্ভি (Corvee)। সার্ফরা ইচ্ছামত জমিদারের এলাকা ছেড়ে যেতে পারত না ; সে স্বাধীনতা তাদের ছিল না। জমি বিক্রি হয়ে গেলে তারাও জমির সঙ্গে নতুন প্রভুর অধিকারে আসত। বেশীর ভাগ সময় সার্ফদের প্রভুর জমিতে বেগার খাটতে হত। প্রভুর জন্য বাড়ি তৈরি করা, পুকুর পরিষ্কার করা, পুল নির্মাণ করা, মাছ ধরা ইত্যাদি কাজও তাদের করতে হত। তাছাড়া তাদের প্রভুর জন্য কাজ ও ফরমাস খাটতে হত। এমনকি সার্ফদের স্ত্রী, কন্যা ও শিশুদেরও প্রভুর জন্য কাজ করতে হত। কৃষকদের অর্থে ও উৎপন্ন শস্যে জমিদার নানাভাবে ভাগ বসাত। জমিদারের আদালত তাদের শাস্তি দিত। তাতে জমিদারের বেশ লাভ হত। নতুন প্রজাকে জমি হাতে নেবার আগে প্রভুকে নজর দিতে হত। বনে শিকার করার, কাঠ কাটার এবং নদীতে বা পুকুরে মাছ ধরবার স্বাধীনতাও অনেক সময় কৃষকদের থাকত না। আসলে শাসনের ব্যাপারে রাজার সঙ্গে প্রজাদের সাক্ষাৎ সম্বন্ধ ছিল কম। জমিদাররাই ছিল প্রজাদের প্রকৃত শাসক। ভিলেনদের অবস্থাও সার্ফদের থেকে বিশেষ উন্নত ছিল না। তাদেরও জমিদারের জন্য অনেক কাজকর্ম করতে হত। জমিদার ইচ্ছা করলে তাদের উপর নানাভাবে অত্যাচার করতে পারতেন। প্রকৃতপক্ষে কৃষকরা ছিল জমিদারদের অস্থাবর সম্পত্তির মত। তাদের উপর যে কোন কাজের বোঝা চাপাবার অধিকার ছিল ম্যানরের প্রভুদের।

সার্ফদের অবস্থা

ফিউডাল সমাজ কাঠামো ছিল অনেকটা পিরামিডের মত।

সর্বনিম্নে সার্ফ ও ভিলেন, আর তাদের উপরে নানা স্তরে সামন্ত এবং রাজা। সব বোঝাই কৃষকদের বহন করতে হত। সমাজে তিনটি নির্দিষ্ট শ্রেণী ছিল : যাজক, অভিজাত ও কৃষক। অভিজাত শ্রেণীভুক্ত জমিদারদের সঙ্গে কৃষকদের সম্পর্ক আলোচনা করা হয়েছে। এই যুগে যাজকদের ও তাদের প্রতিষ্ঠান ক্যাথলিক চার্চের প্রভূত ক্ষমতা ছিল। চার্চ ছিল বড় জমিদার। চার্চের প্রচুর জমিজমা ছিল। চার্চের জমিদারীতে যাজকেরা ফিউডাল প্রথায় কৃষকদের শোষণ করত, আবার ধর্মের নামেও অনেক পাওনা আদায় করত। চার্চেরও আলাদা বিচারালয় ছিল। সেখানে দোষীদের শাস্তি দেওয়া হত।

মধ্যযুগে এখনকার মত নানারকম শাক-সবজি পাওয়া যেত না। সাধারণতঃ শালগম, বাঁধাকপি ও আপেলের গাছ লাগান হত। আলু কিংবা তামাকের চাষ অনেক পরে আরম্ভ হয়েছে। কৃষকদের মধ্যে অনেকে গরু, ঘোড়া কিংবা শূকর পুষত। গরীব লোকেরা মাছ, মাংস বেশী খেতে পেত না। তারা সাধারণতঃ রুটি, সবজি এবং কালেভদ্রে মাংস খেত। শীতের সময় ইউরোপে শাক-সবজি বিশেষ পাওয়া যেত না। শীতকালের জন্য মাংস নুন মেখে রেখে দেওয়া হত। নুন মাখা হত বলে মাংস বহুদিন অবিকৃত থাকত।

মধ্যযুগের সব জিনিসই গ্রামে প্রস্তুত হত। প্রত্যেক গ্রামে কামার ও ছুতার থাকত। জামাকাপড় পশুর চামড়া কিংবা পশম দিয়ে প্রস্তুত করা হত। সুতা কাটা এবং কাপড় বোনা মেয়েদের কাজ ছিল। তারা ঘরের কাজেই ব্যস্ত থাকত। গরীব লোকের বাড়ির দেওয়াল কাঠ কিংবা পাথর দিয়ে তৈরি হত; উপরে খড়ের চাল। কাঠের কিংবা মাটির বাসনপত্রে খাওয়া হত। বড় লোকেরা অবশ্য দামী বাসনপত্র ব্যবহার করতেন। প্রত্যেক গ্রামে উপাসনার জন্য গির্জা থাকত। লেখাপড়ার চর্চা খুব কম ছিল। এমনকি যিনি গির্জার পুরোহিত তাঁরও বিদ্যা বেশী ছিল না। গ্রামে সার্ফ বা ভিলেনদের দারিদ্র্য খুবই প্রকট ছিল। তাদের বাসস্থান ও পোশাক-

পরিচ্ছদ খুবই খারাপ ছিল। খুব অস্বাস্থ্যকর পরিবেশে তাদের বাস করতে হত।

ফিউডাল সমাজে সার্ফ বা ভূমিদাস প্রথা বংশানুক্রমিক ছিল, তাই এই অবস্থা থেকে উদ্ধারের পথ কঠিন হয়ে পড়ে। অনেক সময় সার্ফ বা ভিলেনরা গ্রাম ছেড়ে শহরে পালিয়ে গিয়ে আত্মরক্ষার চেষ্টা করত। কিন্তু ধরা পড়লে তাদের উপর নির্যাতনের সীমা থাকত না। আবার কখনও কখনও তারা গোপনে ব্যবসা বা শিল্পে কাজ নিয়ে অথবা চার্চের কাজে যোগদান করে আত্মরক্ষার চেষ্টা করত। তাদের সামনে এই কয়েকটি উপায় ছাড়া অত্যাচারের হাত থেকে রক্ষা পাবার আর কোন পথ খোলা ছিল না। কিন্তু এইভাবে মুক্তি পাওয়াও খুব কঠিন ছিল। গোটা সার্ফ সমাজের পক্ষে তা কখনই সম্ভব ছিল না। তাই মধ্যযুগের ইউরোপে সার্ফ বা ভিলেনরা মাঝে মাঝে বিদ্রোহ করতে আরম্ভ করে। উদ্দেশ্য ভূমিদাস প্রথা থেকে মুক্তি লাভ করা। এই রকম একটি কৃষক বিদ্রোহ হয় পশ্চিম ফ্লাণ্ডার্সে ১৩২৩—১৩২৮ খ্রীষ্টাব্দে। পরবর্তীকালে উত্তর ফ্রান্সে ও ইংলণ্ডেও কৃষক বিদ্রোহ হয়। এইসব কৃষক বিদ্রোহে অসন্তুষ্ট কারিগররাও অংশগ্রহণ করে। অর্থনৈতিক ও রাজনৈতিক কারণ ছিল এই বিদ্রোহের মূলে। অভিজাত ও শাসকদের অত্যাচারের ফলেই তারা বিদ্রোহ করে। সামন্ততান্ত্রিক ব্যবস্থায় কৃষক ও কারিগরদের জীবন এমন দুর্বিসহ হয়ে পড়ে যে তারা বিদ্রোহের পথ বেছে নেয়।

কৃষক বিদ্রোহ

চতুর্দশ শতাব্দীতে ইংলণ্ডের সঙ্গে ফ্রান্সের যুদ্ধ শুরু হয়। এই যুদ্ধ একশত বছর ধরে চলে। ইউরোপের ইতিহাসে তা শতবর্ষব্যাপী যুদ্ধ (১৩৩৭-১৪৫৩ খ্রীঃ) নামে খ্যাত। দীর্ঘকাল এই যুদ্ধ চলায় সাধারণ মানুষের দুরবস্থা বৃদ্ধি পায়। এই অবস্থায় ১৩৪৮-১৩৪৯ খ্রীষ্টাব্দে সমগ্র ইউরোপে এক ভয়াবহ মহামারী দেখা দেয়। এই মহামারীকে বলা হয় 'কাল মহামারী' (Black Death)। এই

মহামারীর ফলে বহু লোকের মৃত্যু হয়। কৃষকদের অবস্থার আরও অবনতি হয়। শতবর্ষের যুদ্ধ বাধবার আগেই কৃষকদের উপর সামন্তদের নিপীড়ন বৃদ্ধি পায়। চতুর্দশ শতাব্দীতে ফ্রান্সে ও ইংলণ্ডে যে কৃষক বিদ্রোহ দেখা দেয় তার অন্যতম কারণ হল সামন্তদের নিপীড়ন, শতবর্ষের যুদ্ধ ও 'কাল মহামারী'।

জাকেরি বিদ্রোহ

১৩৫৮ খ্রীষ্টাব্দের মে মাসে উত্তর-পূর্ব ফ্রান্সের কৃষকেরা বিদ্রোহ করে। তারা সামন্ত প্রভুদের হত্যা করে এবং নাইটদের দুর্গগুলি ধ্বংস করে। ফ্রান্সের অভিজাতরা বিদ্রূপ করে কৃষকদের জাকে (Jacques) বলতেন। তাই এই বিদ্রোহ ফ্রান্সের ইতিহাসে 'জাকেরি' (Jacquerie) বিদ্রোহ নামে পরিচিত। গুইল্লমে কালে (Guillaume Calle) ছিলেন এই বিদ্রোহের নেতা। কৃষকদের এই স্বতঃস্ফূর্ত বিদ্রোহ কোন প্রস্তুতি ছাড়াই শুরু হয়। সামন্তদের মধ্যে অনেকে পালিয়ে গিয়ে আত্মরক্ষা করেন। শহরের দরিদ্ররা যাতে কৃষকদের সাহায্য করতে না পারে সেজন্য শহরের সব দ্বার বন্ধ করে দেওয়া হয়। সামন্তরা এই বিদ্রোহ দমন করেন। বিদ্রোহের নেতা কালেকে হত্যা করা হয়। জাকেরি বিদ্রোহ ব্যর্থ হলেও ফ্রান্সের সামন্তরা কৃষক বিদ্রোহের ভয়ে আর সার্ফদের উপর পূর্বের মত অত্যাচার করতে সাহস পাননি। তাঁরা সার্ফদের মুক্ত করে দেন। অবশ্য অনেক অর্থের বিনিময়ে সার্ফরা মুক্তি লাভ করতে পারত।

ইংলণ্ডের কৃষক বিদ্রোহ

এই ধরনের আর একটি কৃষক বিদ্রোহ হয় ইংলণ্ডে। ইংলণ্ডের সামন্ত ও যাজকদের সম্পদের অভাব ছিল না। জন ওয়াইক্লিফ নামক একজন ধর্মসংস্কারকের প্রচারের ফলে দরিদ্র শ্রমজীবী ও ভিলেনরা সামন্ত ও যাজকদের প্রতি বীতশ্রদ্ধ হয়। তখন ইংলণ্ডের যুদ্ধের ব্যয় নির্বাহের জন্য প্রজাদের নিকট হতে কর আদায় করা হত। কিন্তু কর আদায়কারীরা প্রজাদের প্রতি দুর্ব্যবহার করত। তাদের অভদ্রতায় উত্যক্ত হয়ে ওয়াট টাইলার নামক একজন গ্রাম্য কারিগর কেন্ট

জেলার কৃষকদের বিদ্রোহে প্ররোচিত করেন। ১৩৮১ খ্রীষ্টাব্দের মে মাসে এই কৃষক বিদ্রোহ শুরু হয়। কেণ্টের প্রায় এক লক্ষ বিদ্রোহী কৃষক ওয়াট টাইলারের নেতৃত্বে লণ্ডন অভিমুখে অগ্রসর হয়েছিল। অভিজাত সম্প্রদায় ভীত সন্ত্রস্ত হল। রাজা দ্বিতীয় রিচার্ড তাদের অভিযোগের প্রতিকারের প্রতিশ্রুতি দিয়ে বিক্ষুব্ধ কৃষকদের শান্ত করলেন। কিন্তু অভিজাতদের প্রতিবন্ধকতায় রাজা তাঁর প্রতিশ্রুতি রক্ষা করতে পারেননি। তাহলেও কৃষক বিদ্রোহ একেবারে নিষ্ফল হয়নি। ইংলণ্ডে ভিলেন প্রথা টিকিয়ে রাখা কষ্টকর হল। পঞ্চদশ শতাব্দীর শেষে এই প্রথা প্রায় বিলুপ্ত হয়ে যায়। জমিদারদের আর পূর্বের মত কৃষকদের শোষণ করা সম্ভব ছিল না। এইভাবে কৃষক বিদ্রোহের ফলে ইউরোপের সামন্ততন্ত্রের অন্তিম দশা ঘনিয়ে আসে।

আরও কয়েকটি কারণে সামন্ততান্ত্রিক ব্যবস্থায় ভাঙ্গন দেখা দেয়। ফিউডাল সমাজ ব্যবস্থায় অল্প লোকের হাতে ক্ষমতা কেন্দ্রীভূত থাকায় বিভেদ সৃষ্টিকারী শক্তি সব সময়েই ছিল। ফ্রান্স, স্পেন এবং ইংলণ্ডে শক্তিশালী রাজতন্ত্রের আবির্ভাব হওয়ায় আঞ্চলিক ব্যবস্থা ভেঙ্গে পড়েছিল। যোগাযোগের পথ প্রশস্ত হওয়ায় ম্যানরগুলো আর বিচ্ছিন্নভাবে টিকে থাকতে পারেনি। ক্রমান্বয়ে শহর গড়ে ওঠে, বাণিজ্যের প্রসার ঘটে এবং 'বার্জেস' (burgess) নামক এক শ্রেণীর আবির্ভাব হয়। 'বার্জেস'-রা নাগরিকদের অনেক ক্ষমতা ভোগ করতেন। চতুর্দশ শতাব্দী থেকে এই পরিবর্তন ঘটতে থাকে। তার ফলে ফিউডাল সমাজের স্তরগুলি ভেঙ্গে পড়তে থাকে। এইভাবে নানা অর্থনৈতিক ও রাজনৈতিক কারণে ম্যানর প্রথার অবসান হয়।

সামন্ততান্ত্রিক ব্যবস্থার ভাঙ্গন

অনুশীলনী

প্রবন্ধমূলক প্রশ্ন ঃ

(১) কখন সামন্ততান্ত্রিক সমাজের পূর্ণ প্রকাশ ঘটে? [১০]

(২) সামন্ততান্ত্রিক বিধিব্যবস্থা সম্বন্ধে যা জান আলোচনা কর। [১০]

(৩) কাদের সামন্ত বলা হত ? জায়গির প্রথা সম্বন্ধে যা জান লেখ। [১০]

(৪) রাজার সঙ্গে মুখ্য ও মধ্য ভূম্যধিকারীর সম্বন্ধ কিরকম ছিল ? [১০]

(৫) মধ্যযুগের রাষ্ট্র ব্যবস্থা সম্বন্ধে কি জান ? [১০]

(৬) মধ্যযুগের দুর্গ সম্বন্ধে সংক্ষেপে আলোচনা কর। [১০]

(৭) নাইটদের সম্বন্ধে কি জান ? [১০]

(৮) ম্যানর প্রথা সম্বন্ধে যা জান লেখ। [১০]

(৯) জমিদারদের সঙ্গে কৃষকদের সম্পর্ক কি রকম ছিল ? [১০]

(১০) সার্ফদের জীবনযাত্রা বর্ণনা কর। [১০]

(১১) মধ্যযুগের জীবনযাত্রা সম্বন্ধে সংক্ষেপে আলোচনা কর। [১০]

(১২) মধ্যযুগের ইউরোপে কৃষকবিদ্রোহ সম্বন্ধে যা জান লেখ। [১০]

সংক্ষিপ্ত প্রশ্ন ঃ

(১) কোন্ শব্দ থেকে 'ফিউডালিজম' শব্দের উৎপত্তি হয় ? ইউরোপের কোথায় প্রথমে ফিউডাল সমাজের পুরোপুরি রূপ প্রকাশ পায় ? [১+৪]

(২) 'ফিয়েফ' শব্দের অর্থ কি ? কাদের সামন্ত বলা হত ? [১+৪]

(৩) 'প্রাইমোজেনিচার' বলতে কি বোঝায় ? কার জায়গিরে অধিকার ছিল ? [১+৪]

(৪) ইংলণ্ডে সামন্ততন্ত্রের সংস্কার কে করেন ? 'ডুমস্ ডে বুক' থেকে কোন্ বিষয়ের তথ্য পাওয়া যায় ? [১+৪]

(৫) কাকে 'ট্যাপেস্ট্রি' বলে ? 'টুর্ণামেণ্ট কি ? [১+৪]

(৬) ইংলণ্ডে কখন 'ম্যানর' শব্দের ব্যবহার শুরু হয় ? কাকে 'ম্যানর' বলা হত ? [১+৪]

(৭) গ্রামের একচ্ছত্র মালিক কে ছিলেন ? 'ভিলেন' ও 'সার্ফ' কাদের বলা হত ? [১+৪]

(৮) কাকে 'কর্ভি' বলা হয় ? চার্চের জমিদারী সম্বন্ধে কি জান ? [১+৪]

(৯) 'কাল মহামারী' কখন হয়েছিল ? কি কারণে ফ্রান্সে ও ইংলণ্ডে কৃষক বিদ্রোহ দেখা দেয় ? [১+৪]

(১০) গুইল্লমে কালে কে ছিলেন ? 'জাকেরি' বিদ্রোহ কেন বলা হয় ? [১+৪]

(১১) জন ওয়াইক্লিফ কে ছিলেন ? ইংলণ্ডের কৃষক বিদ্রোহের নেতা কে ছিলেন ? [১+৪]

(১২) 'বার্জেস' কাদের বলা হত ? কি কারণে সামন্ততান্ত্রিক ব্যবস্থা ভেঙ্গে পড়ল ? [১+৪]

অষ্টম পরিচ্ছেদ

ক্রুসেড

জ্ঞান-বিজ্ঞান ও শিল্পকলার চর্চায় যেমন ইউরোপীয়দের মন অগ্রসর হচ্ছিল, সেই রকম এশিয়ার সংস্পর্শে এসেও ইউরোপের অনেক পরিবর্তন হয়েছিল। মধ্যযুগে প্রায় দুইশত বছর ধরে ইউরোপীয় লোকদের ও তুর্কীদের মধ্যে বিবাদ চলেছিল। এই যুদ্ধকে ক্রুসেড (Crusade) অর্থাৎ ধর্মযুদ্ধ বলে। 'ক্রুসেড' শব্দের অর্থ ক্রুশের যুদ্ধ। ক্রুশ খ্রীষ্টানদের ধর্মের প্রতীক। ক্রুসেডে যাবার সময় ইউরোপের সৈন্যরা বুকে ক্রুশ বাধতেন।

ক্রুসেডের কারণঃ জেরুসালেমকে খ্রীষ্টানরা তীর্থক্ষেত্র বলে মনে করেন, এইখানে যীশুখ্রীষ্ট ধর্ম প্রচার করেছিলেন। জেরুসালেম শহর পূর্বে আরবদেব হাতে ছিল। তখন তীর্থযাত্রীরা ইচ্ছামত যাওয়া আসা করতে পারত; কোন বাধা ছিল না। একাদশ শতাব্দীতে তুর্কীরা জেরুসালেম অধিকার করে নেয়। তখন থেকে খ্রীষ্টান তীর্থযাত্রীদের উপর অত্যাচার হতে লাগল। ১০৯৫ খ্রীষ্টাব্দে পোপ দ্বিতীয় আরবান (Pope Urban II) খ্রীষ্টানদের এই অত্যাচারের বিরুদ্ধে যুদ্ধে অংশগ্রহণ করতে আহ্বান জানান। তিনি ঘোষণা করেন, ঈশ্বর এই যুদ্ধ চান। তিনি যে সভায় এই ভাষণ দেন সেখানে খ্রীষ্টানদের মধ্যে ক্রুশ বিতরণ করা হয়। প্রথম ক্রুসেডের সূত্রপাত এইভাবেই হয়। পিটার (Peter the Hermit) নামে একজন সন্ন্যাসী গাধার পিঠে চড়ে শহরে শহরে ঘুরে দেশের লোকের কাছে অত্যাচারের কথা বর্ণনা করে শোনাতে লাগলেন এবং তুর্কীদের বিরুদ্ধে যুদ্ধযাত্রার জন্য সকলকে উত্তেজিত করতে লাগলেন। এই রকম প্রচারের ফলে সমগ্র ইউরোপে যুদ্ধের পক্ষে উদ্দীপনা দেখা দিল।

ধর্মীয় কারণ ছাড়াও ক্রুসেডের পক্ষে জনমত গঠনের আরও কয়েকটি কারণ ছিল। এই সময়ে পশ্চিম ইউরোপে জনসংখ্যা বেশ বৃদ্ধি পায়। পূর্বের তুলনায় লোকের অবস্থাও অনেক স্বচ্ছল ছিল। নতুন নতুন শহর ও ব্যবসা-বাণিজ্যের কেন্দ্রও গড়ে ওঠে। খ্রীষ্টধর্মের

প্রতি লোকের আনুগত্যও প্রবল ছিল। আঞ্চলিক প্রাধান্য বিস্তার করার ও অভিজাত শ্রেণীর সম্পদ বৃদ্ধি করার আগ্রহও যথেষ্ট বৃদ্ধি পায়। অন্যদিকে নিম্ন শ্রেণীর স্বাধীনতাও পূর্বের তুলনায় অনেক বেশী ছিল। বাইজানটাইন সাম্রাজ্যের বিরুদ্ধে এবং মুসলিম জগতের বিরুদ্ধে যুদ্ধ পরিচালনা করে ঔপনিবেশিক আধিপত্য স্থাপনের পরিকল্পনাও গুরুত্ব লাভ করে। ইটালির শহরগুলি পূর্ব দেশে বাণিজ্য বৃদ্ধির জন্য উৎসাহিত হয়। তাছাড়া ইউরোপের লোকদের মধ্যে ভ্রমণ ও অভি-যানের আগ্রহ দেখা দিয়েছিল। খ্রীষ্টীয় চার্চকে কেন্দ্র করে সামরিক মনোভাব গড়ে ওঠে এবং শৌর্যবীর্যের প্রতিও আকর্ষণ বৃদ্ধি পায়। এই সব কারণের জন্য ক্রুসেডের পক্ষে অনুকূল পরিবেশের সৃষ্টি হয়।

১০৯৫ খ্রীষ্টাব্দে প্রথম ক্রুসেড আরম্ভ হয়। তখন থেকে ১০৯৯ খ্রীষ্টাব্দ পর্যন্ত এই ক্রুসেড চলে। সাধু পিটারের সঙ্গে একজন যোদ্ধা ছিলেন। তাঁর নাম ওয়ালটার (Walter)। তিনি গরীব বলে তাঁকে সবাই 'দরিদ্র ওয়ালটার' (Walter the Penniless) বলত। পিটার ও ওয়ালটার দুজনেই এই যুদ্ধে যোগদান করেন। ফ্রান্স ও জার্মানী থেকে যে সব কৃষকেরা এই যুদ্ধে অংশগ্রহণ করে তাদের সামরিক দক্ষতা ছিল না। যে সব লোকেরা কনস্টান্টিনোপলে পৌঁছেছিল তারা এশিয়া মাইনরে চলে আসার পর তুর্কীদের হাতে সহজেই পরাজিত হয়। কয়েকমাস পরে কয়েকজন নেতার অধীনে প্রায় কুড়ি হাজার খ্রীষ্টান সৈন্য জেরুসালেমে এসে উপস্থিত হল। জেরুসালেম শহরের চারিদিকে উঁচু দেওয়াল ছিল। ১০৯৯ খ্রীষ্টাব্দে খ্রীষ্টান সৈন্যরা জেরুসালেম দখল করে এবং বহু মুসলমান ও ইহুদী হত্যা করে। গডফ্রে নামক একজন যোদ্ধাকে জেরুসালেমের শাসনকর্তা করা হল। এইভাবে জেরুসালেমে ল্যাটিন রাজত্ব (Latin Kingdom) আরম্ভ হয়। প্রথম ক্রুসেডে সাফল্যলাভ করায় প্রায় পঞ্চাশ বছর তুর্কীদের সাথে খ্রীষ্টানদের যুদ্ধ হয়নি। পরে আবার তাদের মধ্যে বিবাদ শুরু হল। এর মধ্যে তৃতীয় ক্রুসেড (১১৮৯-১১৯২ খ্রীঃ) এবং চতুর্থ ক্রুসেড (১২০২-১২০৪খ্রীঃ) বিখ্যাত।

১১৮৭ খ্রীষ্টাব্দে মিশরের সুলতান সালাদিন জেরুসালেম অধিকার করলেন। তার ফলে তৃতীয় ক্রুসেড আরম্ভ হল। পোপ অষ্টম গ্রীগরীর আহ্বানে অনেক বড় বড় খ্রীষ্টান যোদ্ধা এই ক্রুসেডে যোগ দিয়েছিলেন। পোপ তৃতীয় ইনোসেন্ট (Pope Innocent III) চতুর্থ ক্রুসেড আরম্ভ করেন। সর্বশেষ ক্রুসেড (১২৭১-১২৭২ খ্রীঃ) পরিচালনা করেছিলেন ইংল্যাণ্ডের প্রিন্স এডওয়ার্ড। পরে তিনি ইংল্যাণ্ডের রাজা প্রথম এডওয়ার্ড নামে খ্যাত হন। এইসব ক্রুসেডে ইউরোপের বিভিন্ন অঞ্চলের অভিজাত ও সাধারণ মানুষ অংশগ্রহণ করেন। তৃতীয় ক্রুসেড সমাপ্ত হবার পরে যে সন্ধি হল তাতে ঠিক হল খ্রীষ্টান তীর্থযাত্রীরা বিনা বাধায় জেরুসালেমে যাওয়া আসা করতে পারবে।

ক্রুসেডের ফলাফল : যে উদ্দেশ্যে খ্রীষ্টানরা ক্রুসেডে যোগ দিয়েছিলেন তা সফল হয়নি। তুর্কীদের হাত থেকে জেরুসালেম খ্রীষ্টানদের হাতে আর ফিরে আসেনি। কিন্তু এই যুদ্ধের ফলে ইউরোপের অনেক পরিবর্তন হয়েছিল। পোপের ক্ষমতা খুব বৃদ্ধি পায়। এই যুদ্ধে পোপরা গুরুত্বপূর্ণ ভূমিকায় অবতীর্ণ হওয়ায় সাধারণ লোকেরা তাঁদের পরিচালক ও নেতারূপে মেনে নেয়। এমনকি খ্রীষ্টীয় মঠগুলির প্রভাবও বৃদ্ধি পায়।

ক্রুসেডের ফলে তুর্কীদের সাম্রাজ্য বিস্তার প্রতিহত হওয়ায় পূর্ব রোমান সাম্রাজ্যের পতন হয়নি। তার ফলে কনস্টান্টিনোপলে যেসব মূল্যবান পুঁথিপত্র ছিল তা রক্ষা পায়। তাছাড়া মধ্য ইউরোপের খ্রীষ্টানরাও নিজেদের শক্তি অনেকটা সংহত করতে সক্ষম হন এবং পরবর্তীকালে মুসলমানদের আক্রমণ থেকে আত্মরক্ষা করতে পারেন।

ক্রুসেডের ফলে শহরগুলোও অনেক রাজনৈতিক সুযোগ-সুবিধা লাভ করে। দ্বাদশ ও ত্রয়োদশ শতাব্দীতে শহরের বণিকদের হাতে অনেক অর্থ আসে। স্বভাবতই তাতে বণিকদের প্রভাব বৃদ্ধি পায়। যুদ্ধের সময়ে সামন্তপ্রভুদের অর্থ সাহায্য ও ঋণ দেবার বিনিময়ে

বণিকরা অনেক সুযোগ-সুবিধা আদায় করে নেন। যখন ক্ষমতা ও অর্থ সামন্ত প্রভুদের হাত থেকে চলে যায়, ঠিক তখনই শহরগুলোর রাজনৈতিক গুরুত্ব বৃদ্ধি পায়; আর শহর পরিচালনায় বণিকরা স্বাধিকার অর্জন করেন।

এই ধর্মযুদ্ধ শহরের সম্পদ বৃদ্ধি করে এবং ব্যবসা-বাণিজ্যের প্রসার ঘটায়। এই সময়ে ক্রুসেডের প্রয়োজনে ব্যবসার প্রসার ঘটায় এবং প্রাচ্যের সঙ্গে বাণিজ্যিক সম্পর্ক স্থাপিত হওয়ায় ভেনিস, পিসা ও জেনোয়া প্রভৃত সম্পদশালী শহরে পরিণত হয়। পালতোলা পণ্যবাহী জাহাজগুলো সমগ্র ভূমধ্যসাগরকে ছেয়ে ফেলত। এই জাহাজগুলো নিয়মিত ইউরোপের বন্দরগুলো থেকে সিরিয়ার উপকূলবর্তী শহরগুলোতে যাতায়াত করত। ভেনিস ও জেনোয়ার বণিকরা সিরিয়া ও প্যালেস্টাইন বন্দরগুলোতে আধিপত্য বিস্তার করে। কৃষ্ণসাগর অঞ্চলে বণিকদের অনেক বসতি স্থাপিত হয়। পূর্বাঞ্চলে বসবাস ও বাণিজ্য করার ফলে ইউরোপীয়রা অনেক নতুন শস্য ও ফলের সঙ্গে পরিচিত হয়। যে যোদ্ধারা ক্রুসেডে গিয়েছিলেন তাঁরা তুর্কীদের দেখাদেখি অনেক শৌখিন জিনিস ব্যবহার করতে আরম্ভ করলেন। মুক্তা, রেশম, মখমল, সাটিন, মশলা, সুগন্ধি, মৃগনাভি, হাতীর দাঁতের জিনিস প্রভৃতি ইটালীয় বণিকদের হাত ঘুরে ইউরোপের অন্যান্য দেশে পৌঁছাতে লাগল। এই রকম করে ইউরোপের কোন কোন জায়গায় ধান, পিচ, লেবু, খোবানি প্রভৃতির চাষ আরম্ভ হয়েছে। তাছাড়া এশিয়ার সংস্পর্শে আসার ফলে ইউরোপীয়রা রেশম ও আয়না ইত্যাদি তৈরি করা শেখে, আর ধাতুশিল্প সম্বন্ধীয় জ্ঞান লাভ করে।

ক্রুসেডের ফলে ইউরোপের চিন্তাজগতেও এক পরিবর্তন ঘটে। ক্রুসেডে অংশগ্রহণকারী যোদ্ধাদের মন প্রসারিত হয়। মুসলমানদের সম্বন্ধে তাঁরা পূর্বে যে ভুল ধারণা পোষণ করত তা দূর হল। ভৌগোলিক জ্ঞান বৃদ্ধি পাওয়ায়, প্রাচ্যের জ্ঞান-বিজ্ঞানের সঙ্গে পরিচিত হওয়ায় ইউরোপীয়দের জ্ঞানভাণ্ডার সমৃদ্ধ হয়। তুর্কীদের

সংস্পর্শে আসার ফলে ইউরোপীয়রা যুদ্ধবিদ্যা, রসায়নশাস্ত্র ও চিকিৎসা-বিদ্যার অনেক নতুন কথা শিখেছিলেন। সাহিত্যচর্চার ক্ষেত্রেও তাঁরা অনুপ্রেরণা লাভ করেন। ক্রুসেডের সবচেয়ে বড় ফল ইউরোপের সাথে এশিয়ার সভ্যতার পরিচয়। ইউরোপের বাইরেও যে বড় পৃথিবী আছে এবং সেখানকার সভ্যতাও যে কত প্রাচীন সে কথা ইউরোপের লোকেরা বুঝতে পেরেছিলেন।

ক্রুসেডের প্রভাব ইউরোপের রাজনৈতিক জীবনেও পড়ে। এই যুদ্ধ সামন্ততান্ত্রিক-অভিজাত সম্প্রদায়ের শক্তিকে ভেঙে ফেলতে সাহায্য করে। সামন্ততান্ত্রিক ব্যবস্থার ভাঙনের ফলে দ্রুত জাতীয় চেতনা বিকশিত হয়। রাজতন্ত্রের প্রভাবও বৃদ্ধি পায়। ফ্রান্স, ইংলণ্ড, জার্মানী প্রভৃতি রাষ্ট্রে তা লক্ষ্য করা যায়। তাছাড়া ক্রুসেড অজানা দেশ আবিষ্কারে ইউরোপীয়দের অনুপ্রাণিত করে।

নতুন শহরের পত্তন, ব্যবসা-বাণিজ্যের প্রসার ও মুদ্রার ব্যবহার বৃদ্ধি ইত্যাদির প্রভাব কুটিরশিল্প ও কৃষির উপরও পড়ে। মধ্যযুগের

কৃষিকাজ ও কুটিরশিল্প

প্রথমদিকে কৃষকরা যাবতীয় প্রয়োজনীয় জিনিস নিজেরাই উৎপন্ন করত। তারা যেমন চাষবাস করত, তেমনি অন্যান্য জিনিসপত্রও নিজেরা তৈরি করত। কুটিরশিল্প কৃষির সঙ্গে যুক্ত ছিল। কিন্তু একাদশ-দ্বাদশ শতাব্দীতে একই সঙ্গে এইসব কাজ করা আর কৃষকদের সম্ভব ছিল না। কাপড় তৈরি করা বা বড় লোহার লাঙল তৈরি করার জন্য বিশেষ জ্ঞান ও দক্ষতা প্রয়োজন। আর তার জন্য অনেক সময় দরকার। এই অবস্থায় কৃষকদের মধ্যে বুদ্ধিমান ও দক্ষ কারিগরদের আবির্ভাব হয়। তাদের সন্তানেরাও এই পেশায় নিযুক্ত হল। এইভাবে কৃষিকাজ থেকে কুটিরশিল্প পৃথক হয়ে যায়।

অনুশীলনী

প্রবন্ধমূলক প্রশ্ন :

(১) ক্রুসেডের কারণ আলোচনা কর। [১০]

(২) প্রথম ক্রুসেডের কথা যা জান লেখ। [১০]

(৩) ক্রুসেডের ফলাফল আলোচনা কর। [১০]

সংক্ষিপ্ত প্রশ্ন :

(১) পিটার কি করেছিলেন ? 'ক্রুসেড' শব্দের অর্থ কি ? [৫+২]

(২) কোন্ স্থানকে কেন্দ্র করে বিরোধের সূত্রপাত হয় ? কোন্ পোপ খ্রীষ্টানদের যুদ্ধে অংশ গ্রহণ করতে আহ্বান জানান ? [৫+২]

অতি-সংক্ষিপ্ত প্রশ্ন :

(১) কোন্ স্থানকে খ্রীষ্টানরা তীর্থক্ষেত্র বলে মনে করত ? কারা খ্রীষ্টানদের উপর অত্যাচার করে ? [১+৪]

(২) পিটার কে ছিলেন ? তিনি কিভাবে যুদ্ধে অংশ গ্রহণ করার জন্য লোককে উত্তেজিত করতেন ? [১+৪]

(৩) ওয়ালটার কে ছিলেন ? তিনি কি করেন ? [১+৪]

(৪) প্রথম ক্রুসেডের সময়কাল কি ? কখন জেরুসালেমে ল্যাটিন রাজত্ব আরম্ভ হয় ? [১+৪]

(৫) সালাদিন কে ছিলেন ? তৃতীয় ক্রুসেড কি কারণে আরম্ভ হল ? [১+৪]

নবম পরিচ্ছেদ


শহরের বিকাশ

মধ্যযুগের ইউরোপে ব্যবসা-বাণিজ্যের প্রসার, বণিক শ্রেণীর আবির্ভাব, জনসংখ্যা বৃদ্ধি, নিরাপত্তার প্রয়োজনীয়তা যাওয়া-আসার সুবিধা প্রভৃতি কারণে বড় রাস্তার ধারে অথবা নদীর তীরে বেশীর ভাগ শহর গড়ে ওঠে। ফ্রান্সে ও ইটালিতে অনেক শহর ছিল। ক্রুসেড বা ধর্মযুদ্ধের ফলে বাণিজ্যের প্রসার ঘটে। এই সময়ে বণিকেরা যুদ্ধের অর্থ, রসদ, জাহাজ ইত্যাদি জোগাত। পূর্বদেশের সঙ্গে বাণিজ্যিক সম্পর্কও গড়ে ওঠে। তার ফলে ইটালির বণিকেরা খুব লাভবান হয় এবং ইটালির শহরগুলির সমৃদ্ধি ঘটে। শহরে প্রধানতঃ ব্যবসা-বাণিজ্যের সঙ্গে যুক্ত ব্যক্তিরাই বাস করত। কারিগর ও শ্রমজীবী মানুষের সংখ্যাও ছিল অনেক। দ্বাদশ ও ত্রয়োদশ শতাব্দীতে শহর যখন বড় হয়ে উঠল তখন এই সব শহরের সঙ্গে কৃষক বিদ্রোহের যোগ স্থাপিত হল। জমিদারদের অত্যাচারের ফলে সার্ফরা পালিয়ে এইসব ব্যবসা-বাণিজ্যের কেন্দ্রে শ্রমজীবী হিসাবে বাস করার সুযোগ পেল। বণিকরাও তাদের নানা কাজে লাগাতে পারল। আয়ের অনেক সুবিধা ছিল শহরে। কেনাবেচার বাজার থাকায় বহু লোক শহরে জীবিকার সংস্থান করতে পারল। কারিগররা নানারকম জিনিস উৎপন্ন করতে লাগল।

শহরের বণিক বা কারিগররা সমিতি স্থাপন করে নিজেদের স্বার্থ রক্ষা করত। এই সমিতি বা সংঘকে গিল্ড্ (guild) বলে।

গিল্ড্

এক এক গিল্ডে এক এক ব্যবসার লোকেরা সংঘবদ্ধ হত। গিল্ডের উদ্দেশ্য ছিল প্রতিযোগিতা থেকে গিল্ডের লোকদের স্বার্থরক্ষা করা। তারা কতকগুলি নিয়ম চালু করে। প্রত্যেককে তা মেনে চলতে হত। গিল্ডের লোকেরা বিপদে আপদে পরস্পরকে রক্ষা করত। প্রতিটি গিল্ডে আলাদা সামাজিক জীবন গড়ে ওঠে। তাঁতি, ছুতোর, কামার, মিস্ত্রী, মুচি প্রভৃতির পৃথক পৃথক গিল্ড্ ছিল। ভাল করে কাজ না শিখলে কেউ


পশ্চিম ইউরোপের শহর
ত্রয়োদশ শতাব্দী
0 ৮০ ১৬০ ২৪০ ৩২০
কিমি.
উত্তর সাগর
আটলান্টিক মহাসাগর
ভূমধ্য সাগর
আড্রিয়াটিক সাগর
লুবেক
হামবুর্গ
ব্রেমেন
কোলোন
লিজ
ঘেন্ট
ব্রুজেস
আরাস
রুয়েন
লন্ডন
ব্রিস্টল
ইয়র্ক
প্যারিস
লিয়নস
মার্সাই
বার্সিলোনা
জেনোয়া
পিসা
রোম
ভেনিস
ভিয়েনা
প্রাগ
উলম
লিসবন
কর্ডোভা
পালারমো

ব্যবসা করতে পারত না। ভাল কারিগরদের কাছে হাতে কলমে কাজ শিখবার জন্য অল্প বয়সে ছেলেরা ভর্তি হত। অবশ্য গিল্ডের মধ্যেও অনাচার দেখা দিতে লাগল। ওস্তাদ কারিগররা সুযোগ-সুবিধা ভোগ করতে লাগল, আর আসল খাটুনি পড়তে লাগল অন্যদের উপর।

শহরগুলিতে ব্যবসায়ীদের খুব প্রতিপত্তি ছিল। নানা দেশের সঙ্গে ব্যবসা-বাণিজ্যের ফলে বণিকদের হাতে অনেক টাকা আসত। কাজেই তাদের ক্ষমতাও বৃদ্ধি পেতে লাগল। যুদ্ধ কিংবা অন্য কারণে টাকার দরকার হলে শহরের বড় লোকদের কাছে রাজা টাকা চাইতেন। শহরের কর্তারা টাকা দিতে আপত্তি করতেন না। কিন্তু তার বদলে তাঁরা অনেক সুবিধা আদায় করে নিতেন। রাজকীয় সনদে তা উল্লেখ করা থাকত। এইরূপে কোন কোন শহর অনেক বিষয়ে স্বাধীন হয়ে গিয়েছিল। কোন কোন শহরে আবার নিজেদের আলাদা টাকশাল পর্যন্ত ছিল। প্রতি শহরের নিজস্ব নিয়ম কানুন ছিল। শহরের শাসনভারের দায়িত্বে যাঁরা ছিলেন তাঁরাই শহরের শান্তিরক্ষা এবং শাসনের কাজ করতেন। অনেক সময় তাঁরা ঝগড়া-বিবাদের নিষ্পত্তি করতেন। মধ্যযুগের বিখ্যাত কয়েকটি শহরের নাম এখানে উল্লেখ করা হল: ভেনিস, পিসা, জেনোয়া, মার্সাই, বোরদো, রুয়েন, ঘেণ্ট, লীজ, কোলোন, ব্রেমেন, হামবুর্গ, লণ্ডন, ইয়র্ক, ব্রিস্টল, আরাস, ব্রুগেস এবং লুবেক। ত্রয়োদশ শতাব্দীতে ইউরোপে এই রকম অসংখ্য শহর ছিল। চোর ডাকাত ও শত্রুর হাত থেকে রক্ষা পাবার জন্য তখন শহর প্রাচীর দিয়ে ঘেরা হত। সন্ধ্যার পরে বাইরে যাওয়ার দরজা বন্ধ করে দেওয়া হত। আমাদের দেশের অনেক বড় শহরেও তখন এই রকম ব্যবস্থা ছিল। আমাদের দেশে কাশী প্রভৃতি প্রাচীন শহরের পথ যেমন সংকীর্ণ, ইউরোপেও সেই রকম ছিল। কোথাও কোথাও রাস্তা পাথর দিয়ে বাঁধানো হত। যেখানে পথ বাঁধানো ছিল না সেখানে বৃষ্টির সময় এত কাদা

মধ্যযুগের শহর, দোকানপাট, আমোদ-প্রমোদ

হত যে পায়ে হেঁটে যাওয়া দুঃসাধ্য ছিল। তার উপর আবার সেই গলির দুইধারের বাড়ি হতে আবর্জনা ও ময়লা জল গায়ে পড়বার ভয় ছিল। পথিকরা রাস্তার ধারে বাড়ীর দেওয়াল ঘেঁষে সাবধানে কাপড় বাঁচিয়ে চলত। রাত্রে শহরের রাস্তায় আলো দেওয়া হত না। সন্ধ্যার পর চৌকিদার উঁচু লাঠির গায়ে লণ্ঠন বেঁধে পাহারা দিতে বের হত। চোর ডাকাতের ভয়ে রাত্রে রাস্তায় জনমানবও বেশী বের হত না।



শহর অবরোধের দৃশ্য

এখন যেমন দোকানের গায়ে দোকানের নাম লেখা থাকে মধ্যযুগে সে প্রথা ছিল না, কেননা বেশীর ভাগ লোকই পড়তে জানত না। দোকানদাররা দোকানে যে জিনিস বিক্রি হত তার নমুনা টাঙ্গিয়ে রাখত। যেমন জুতার দোকানের সামনে এক জোড়া জুতা ঝুলিয়ে রাখা হত। আমাদের দেশের মত সে যুগের ইউরোপে

নাপিতরা কিছু কিছু অস্ত্রচিকিৎসা করত। সেইজন্য অনেক নাপিতের দোকানের দরজায় লাঠির মাথায় রক্তমাখা কাপড়ের টুকরো টাঙিয়ে রাখা হত। শহরে আমোদ-প্রমোদের অনেক ব্যবস্থা ছিল। অনেক শহরে ভালুক ও কুকুরের লড়াই দেখানো হত। পাখীর লড়াই দেখতেও অনেক লোক আসত। গায়ক ও বাজিকররা শহরে শহরে ঘুরে গান শোনাত ও খেলা দেখাত। ধার্মিক লোকেরা গির্জায় নানা রকম উৎসবে যোগ দিত। কখনও কখনও খ্রীষ্টান সাধুদের সম্মানের জন্য শোভাযাত্রা হত।

মধ্যযুগের ফরাসী দেশের শহরগুলিতে বসবাসকারী কারিগর ও ব্যবসার সঙ্গে যুক্ত ব্যক্তিরা সামাজিক-আর্থিক জীবনে এক স্বতন্ত্র স্থান দখল করতে থাকেন। তাঁরা গ্রামের কৃষক ও জমিদার শ্রেণী থেকে

বুর্জোয়া

পৃথক ছিলেন। তাঁদের ফরাসী দেশে 'বুর্জোয়া' (bourgeois) বলা হত। পরবর্তীকালে ফরাসী দেশ ও অন্যান্য দেশে মধ্যবিত্ত শ্রেণীকেও 'বুর্জোয়া' বলে উল্লেখ করা হত। ইউরোপের মধ্যযুগের শহরগুলিতে বুর্জোয়া শ্রেণীর আবির্ভাব এক ঐতিহাসিক ঘটনা। জমিজমার মালিকদের সঙ্গে বিরোধ বাধবার পর বুর্জোয়া অথবা বণিক ও শিল্পীরা (craftsmen) সংঘবদ্ধ হন। মধ্যযুগের শেষে সামন্ততান্ত্রিক বিশৃঙ্খলা থেকে দেশকে রক্ষা করার জন্য বুর্জোয়া শ্রেণী পশ্চিম ইউরোপের রাজতন্ত্রকে সমর্থন করে।

অনুশীলনী

প্রবন্ধমূলক প্রশ্ন ঃ

(১) কি কি কারণে মধ্যযুগের ইউরোপের শহরের বিকাশ ঘটে ? শহরে কারা বাস করত ? [১০]

(২) গিল্‌ডের বিষয়ে যা জান লেখ। [১০]

(৩) মধ্যযুগের শহরগুলির বর্ণনা কর। [১০]

সংক্ষিপ্ত প্রশ্ন ঃ

(১) মধ্যযুগের ইউরোপের কয়েকটি বিখ্যাত শহরের নাম কর। শত্রুর হাত হতে শহরকে কিভাবে রক্ষা করা হত? [৫+২]

(২) বুর্জোয়া কাদের বলা হত? কোথায় তাদের আবির্ভাব হয়? [৫+২]

অতি-সংক্ষিপ্ত প্রশ্ন ঃ

(১) গিলড্ কাকে বলে? গিল্ডের কি উদ্দেশ্য ছিল? [১+৪]

(২) শহরে কাদের প্রতিপত্তি ছিল? শহরের শান্তিশৃঙ্খলা কিভাবে রক্ষা করা হত? [১+৪]

(৩) দোকানের গায়ে কি নাম লেখা থাকত? কোন জিনিস দোকানে বিক্রীর জন্য রয়েছে তা ক্রেতারা কিভাবে বুঝতেন? [১+৪]

দশম পরিচ্ছেদ

মধ্যযুগের দূর প্রাচ্য

॥ এক ॥ মধ্যযুগের চীন দেশ (সপ্তম শতাব্দীর আরম্ভ থেকে চতুর্দশ শতাব্দী পর্যন্ত)

তাং রাজত্ব (৬১৮-৯০৭ খ্রীঃ) ঃ হান রাজত্বের পতনের পর চীনে ২২১ খ্রীষ্টাব্দ থেকে ৫৮৯ খ্রীষ্টাব্দ পর্যন্ত বিশৃঙ্খলা চলে। দেশের মধ্যে যুদ্ধবিগ্রহ লেগেই থাকত। তারপর অল্পকালের জন্য সুই (Sui) রাজবংশ (৫৯০-৬১৮ খ্রীঃ) দেশ শাসন করে। এই সময়ে উত্তরের কোরিয়ান ও তার্তার এবং পশ্চিমে মধ্য এশিয়ার উইঘুরদের পরাজিত করে দেশের নিরাপত্তা রক্ষা করে। ৬১৮ খ্রীষ্টাব্দে লি উয়ান (Li Yuan) চীনের সিংহাসনে বসে তাং (Tang) রাজবংশের সূচনা করেন। প্রায় তিনশত বছর এই রাজবংশ চীনে রাজত্ব করে। লি উয়ানের পর তাঁর পুত্র লি শিহ্-মিন (Li Shih-min) সিংহাসনে বসেন। প্রথমেই তাং শাসক যাযাবর, উপজাতি ও অন্যান্য বিরোধী শক্তিকে দমন করে চীনের শান্তি ফিরিয়ে আনেন। তাছাড়া সপ্তম শতাব্দীর মধ্যভাগেই তাং রাজ্য কোরিয়া, মাঞ্চুরিয়া, মঙ্গোলিয়া, তিব্বত এবং তুর্কীস্তান প্রভৃতি স্থানের বৃহত্তর অঞ্চল হয় দখল করেন কিংবা কর্তৃত্বাধীন করেন।

চীনের প্রাধান্য তখন অনেকটা জায়গা জুড়ে ছিল। তার জন্য আইন-কানুনেরও পরিবর্তন করতে হয়। জমিজমার ক্ষেত্রেও নতুন বিধি-ব্যবস্থা প্রচলিত হয়। জমিদারদের স্বার্থ অক্ষুণ্ণ থাকে। তাহলেও চাষবাসের উন্নতির জন্য পতিত জমি কৃষকদের মধ্যে বণ্টন করা হয়। খাজনা ও কর দেশের প্রচলিত নিয়ম অনুযায়ী আদায় করা হত। এই সময়ে কৃষির উন্নতি হয়। হস্তশিল্প ও বাণিজ্যেরও অগ্রগতি হয়। শহরে দোকানপাট খুলে ব্যবসা চলে। এই সময়ে চীনে অনেকগুলো বড় শহর গড়ে ওঠে। গিল্‌ড্‌ প্রথা চীনেও দেখা যায়। সিল্কের জিনিস তৈরী করে চীন খ্যাতি লাভ করে। এখানে সুন্দর সুন্দর চীনামাটির বাসন নির্মিত হত। খ্রীষ্টীয় ষষ্ঠ

শতাব্দীতেই চীনে চা-পানের প্রথা আরম্ভ হয়েছিল, আর আরম্ভ হয়েছিল বারুদের ব্যবহার।



চীনামাটির পাত্র

অষ্টম শতাব্দীতে চীনে চায়ের চাষ হত একটি বিখ্যাত বাণিজ্যিক দ্রব্য হিসাবে। তাং শাসকদের সময় বণিকেরা পণ্য সম্ভার নিয়ে ভারতবর্ষ, পারস্য, আরব প্রভৃতি দেশে ও অন্যান্য দ্বীপে বাণিজ্য করতে যেত। রেশম ও মশলার বাণিজ্যে চীনের প্রচুর অর্থাগম হত। বাণিজ্য বৃদ্ধির সঙ্গে সঙ্গে টাকারও চাহিদা বৃদ্ধি পায়। অষ্টম শতাব্দীর মধ্যভাগে তাং শাসক টাকশাল নির্মাণ করে অনেক মুদ্রা তৈরী করেন।

চীনের আঞ্চলিক প্রাধান্য বিস্তৃত হওয়ার সঙ্গে সঙ্গে তাং রাজত্বকালে শিল্প সংস্কৃতির অভূতপূর্ব সমৃদ্ধি ঘটে। ভাস্কর্য ও চিত্রশিল্পের খুবই উন্নতি হয়। চীনা সাহিত্যে কবিতা বিশেষ মর্যাদা লাভ করে। তাং যুগের কবিদের মধ্যে খ্যাতিমান ছিলেন লি পো (Li Po), তু ফু (Tu Fu) এবং পো চু-ই (Po Chu-I)। নৃত্য-গীতেও পারদর্শিতা লক্ষ্য করা যায়। চীনে সেকালে বড় বড় সরকারী চাকরির জন্য পরীক্ষার ব্যবস্থা ছিল। তাঁদের কনফুসিয়াসের রচনা পাঠ করে পরীক্ষায় উত্তীর্ণ হতে হত। মেধাবী ছাত্র ব্যতীত কেউ পরীক্ষায় উত্তীর্ণ হতে পারত না।



তু ফু

চীনের প্রভাব

চীনের সাংস্কৃতিক প্রভাব বিশেষভাবে জাপান, কোরিয়া ও আনাম প্রভৃতি দেশে পড়ে। শিক্ষা, সংস্কৃতি, রাজনীতি ইত্যাদি বিষয়ে আশে-পাশের দেশগুলি

চীনের অনুকরণ করত। বৌদ্ধ ধর্মও প্রথম চীন হয়ে জাপানে প্রসারিত হয়।

মধ্য এশিয়ার বাণিজ্যিক পথ ধরে খ্রীষ্টীয় প্রথম শতাব্দীতে ভারত থেকে চীন দেশে বৌদ্ধ ধর্ম প্রবেশ করে। তারপর চারশত বছর ধরে চীনে বৌদ্ধধর্মের প্রভাব বিস্তারের চেষ্টা চলে। তাং রাজত্বকালেও বৌদ্ধধর্মের প্রসার হয়েছিল। এই যুগেই হুয়েন-সাং দীর্ঘ তের বছর (৬৩০-৬৪৩ খ্রীঃ) ভারতবর্ষ ভ্রমণের পর বহু মুল্যবান সংস্কৃত পুঁথি নিয়ে দেশে ফেরেন। তিনি এইসব পুঁথি চীনা ভাষায় অনুবাদ করেন এবং একখানি আত্ম-জীবনী রচনা করেন। কুমারজীব ও হুয়েন-সাং চীনে বৌদ্ধধর্ম প্রসারে সহায়তা করেন। হুয়েন-সাং-এর অক্লান্ত পরিশ্রমের ফলে ভারত ও চীনের মধ্যে সাংস্কৃতিক সেতু-বন্ধন রচিত হয়। তার ফলে সাংস্কৃতিক জীবনে ভারত ও চীন পরস্পরকে নানাভাবে প্রভাবান্বিত করে। ভারত ও চীনের প্রাচীন ইতিহাসের অনেক মূল্যবান তথ্য আমরা জানতে পারি। হুয়েন-সাং-এর শিষ্যরা চীনে বৌদ্ধধর্ম চর্চার একটি কেন্দ্র স্থাপন করেন। এই কেন্দ্রটি চীনে বৌদ্ধধর্মের বিষয়ে অনেক মূল্যবান তথ্য সংরক্ষণ করে।

চীনে বৌদ্ধধর্ম

সুং রাজত্ব (৯৬০-১২৮০খ্রীঃ): তাং রাজত্বের পরে চীনে সুং (Sung) রাজবংশ বহুদিন রাজত্ব করে। এই রাজবংশের প্রথম সম্রাট ছিলেন চাও কুয়াং-ইন (Chao Kuang-yin)। সুং শাসকেরা রাজ কর্মচারীদের সাহায্যে একটি স্বৈরতান্ত্রিক রাষ্ট্র গড়ে তোলেন। এই রাজত্বকালেও চীনের ব্যবসা-বাণিজ্যের প্রসার হয়। সরকার ব্যবসা-বাণিজ্যের উপর কর বসিয়ে অনেক অর্থ সংগ্রহ করত। তার একটা অংশ সৈন্যবাহিনীর জন্য খরচ হত, আর বাকি অংশ রাজদরবারে বিলাস-ব্যসনে ব্যয় হত। সরকার যতই আর্থিক অসুবিধায় পড়ত ততই বেশী করে জনসাধারণের উপর আর্থিক বোঝা চাপত। কৃষকদের অবস্থা দুর্বিসহ ছিল। এই পরিবেশ থেকে পরিত্রাণ লাভের আশায় কৃষকেরা বিদ্রোহ করে। সমগ্র দেশে বিদ্রোহ ছড়িয়ে

পড়ে। কৃষকদের নেতা ছিলেন ওয়াং সিয়াও-পো (Wang Hsiao-po)। তিনি 'সম্পদের সমান বণ্টনের' কথা বলেন। এই বিদ্রোহ দমন করতে সম্রাটকে খুব বেগ পেতে হয়। প্রশাসকদের মধ্যে কেউ কেউ উপলব্ধি করেন, কিছু কিছু সংস্কার সাধন করে লোকের বিক্ষোভ প্রশমিত করতে না পারলে ভয়ানক বিপদ হবে। এই সময়ে চীনে ওয়াং আন-সিহ্ (Wang An-shih) নামে একজন বিখ্যাত রাজনীতিজ্ঞ ছিলেন। তিনি সংস্কার সাধনের জন্য কয়েকটি প্রস্তাব দেন। তরুণ সম্রাট সেন সুঙ্গ (Shen Tsung) অবস্থা উপলব্ধি করে ওয়াং আন-সিহ্‌কে প্রধানমন্ত্রী নিযুক্ত করেন এবং তাঁকে তাঁর চিন্তাকে বাস্তবে রূপদান করতে অনুমতি দেন। বড় জমিদার ও প্রভাবশালী মন্ত্রীরা বাধা দান করেও সম্রাটের সিদ্ধান্ত পরিবর্তন করতে পারেননি।

১০৬৯ খ্রীষ্টাব্দ থেকে ওয়াং আন-সিহ্ যে কয়টি আইন প্রনয়ন করেন তা চীনের ইতিহাসে 'ওয়াং আন-সিহ্-র সংস্কার' নামে খ্যাত। এদের মধ্যে যেসব আইন গুরুত্বপূর্ণ ছিল তা এখানে উল্লেখ করা হল। একটি আইনে জল সেচনের ব্যবস্থা করে এবং পতিত জমি উদ্ধার করে কৃষির উন্নতির ব্যবস্থা করা হয়। জমিদার ও কুসিদজীবীর হাত থেকে কৃষকদের রক্ষা করবার জন্য একটি আইন হয়। তাতে ঠিক হল চাষের সময়ে সরকার কৃষকদের ঋণ দেবে, তার জন্য সুদ দিতে হবে এবং ছয় মাসের মধ্যে ঋণ পরিশোধ করতে হবে। আর একটি আইনে কৃষকেরা যাতে ক্ষেতে কাজ করবার সময় দিতে পারে তার ব্যবস্থা হল এবং রাজকর্মচারীদের সুযোগ-সুবিধা খর্ব করা হয়। পরিবারগুলি সম্পত্তির পরিমাণ অনুযায়ী কয়েকটি স্তরে ভাগ করা হয় এবং যারা সরকারের প্রয়োজনে কোন কাজে নিযুক্ত হওয়া থেকে অব্যাহতি চায় তাদের উপর সম্পত্তির পরিমাণ অনুযায়ী কর বসানো হয়। কাজে নিযুক্ত হওয়ার হাত থেকে রেহাই পেতে হলে এই কর তাদের দিতে হত। এইভাবে সংগৃহীত অর্থ দিয়ে সরকার শ্রমিক সংগ্রহ করে তাদের বিভিন্ন কাজে নিযুক্ত করে। একটি আইনে এমন

ব্যবস্থা করা হল যার ফলে রাজকর্মচারীরা ও জমিদাররা জমি লুকিয়ে রাখতে পারল না, সরকারের রাজস্বও ফাঁকি দিতে পারল না। জমি জরিপ করে সমান ভাবে কর বসানোর ব্যবস্থা হল। রাজকর্মচারী ও জমিদার সবাইকে কর দিতে বাধ্য করা হল। অপর একটি আইনে বড় বড় ব্যবসায়ীদের ক্ষমতা হ্রাস করা হল। এই আইনের ফলে ব্যবসায়ীরা খুশিমত জিনিস মজুত করে চড়া দামে বিক্রি করে লাভ করতে পারত না। সরকার প্রয়োজনীয় জিনিসপত্র কিনে ন্যায্য দামে বিক্রির ব্যবস্থা করত। আর একটি আইনে সামরিক বাহিনীর খরচ কমানোর ব্যবস্থা হল। জাতীয় প্রতিরক্ষার ব্যবস্থা শক্তিশালী করবার জন্য কৃষকদের তাদের অবসর সময়ে সামরিক শিক্ষা দেবার ব্যবস্থা হল। এই সব আইনের ফলে কৃষকদের কিছু সুবিধা হল এবং আমলাতন্ত্র, জমিদার ও বড় বড় ব্যবসায়ীদের ক্ষমতা কিছুটা সঙ্কুচিত হয়েছিল। তার ফলে সরকারের আয় বৃদ্ধি পেল, জাতীয় প্রতিরক্ষা আরও সুদৃঢ় হল এবং জনসাধারণের বোঝা অনেকটা হালকা হল। আমলাতন্ত্র, জমিদার ও বড় ব্যবসায়ীরা এই আইনের বিরুদ্ধে মনোভাব ব্যক্ত করে। এই আইনসমূহ যাতে কার্যকরী হতে না পারে তার জন্য তারা নানাভাবে বাধা দেয়। সম্রাট সেন সুঙ্গ-এর মৃত্যুর সঙ্গে সঙ্গে এই আইনগুলি রহিত করা হয়।

সুং রাজত্বকালেও শিক্ষা-সংস্কৃতির ক্ষেত্রে চীনের অগ্রগতি অব্যাহত থাকে। এই আমলে কেন্দ্রীয় ও স্থানীয় সরকার বইপত্র মুদ্রণ করতে আরম্ভ করে। গ্রন্থ মুদ্রণের ব্যাপারে চীনের পুস্তক প্রকাশকদের অগ্রণী ভূমিকা ছিল। এই সময়ে চীনে ইতিহাস, দর্শন, সাহিত্য, বিজ্ঞান, কারিগরী বিষয়ক বিখ্যাত গ্রন্থসমূহ মুদ্রিত হয়। ভাল কাগজে বইগুলি মুদ্রণ করা হত। সুং রাজত্বের মধ্যভাগে পি সেং (Pi Sheng) নামক এক ব্যক্তি স্থানান্তর করা যায় এমন অক্ষর আবিষ্কার করার ফলে মুদ্রণ ব্যবস্থার খুবই উন্নতি হয়। সুং রাজত্বে বারুদের ব্যবহার বৃদ্ধি পায়। একরকম

মুদ্রণের উন্নতি

কামানের মতন কল দিয়ে গোলাগুলি ছোড়বার পদ্ধতি আবিষ্কৃত হয়। আগ্নেয়াস্ত্র ব্যবহারের ফলে চীনের সামরিক কলা কৌশলের আমূল পরিবর্তন ঘটে। শান্তির সময়েও আগ্নেয়াস্ত্রের ব্যবহার কাজে লাগে। এই সুং আমলেই প্রথম নৌ চালনে দিগদর্শন যন্ত্র (Compass) ব্যবহৃত হয়। এর ফলে চীনের নাবিকদের পক্ষে চীন থেকে ভারতবর্ষ পর্যন্ত এবং দক্ষিণ সমুদ্র দ্বীপগুলিতে যাতায়াত করা সহজ হয়। আরবেরা চীনের নিকট থেকে কম্পাস ব্যবহার করা শেখে। এই কম্পাস ব্যবহারের ফলে বিভিন্ন দেশের মধ্যে যোগাযোগ বৃদ্ধি পায় এবং তা পৃথিবীর অর্থনীতি ও সংস্কৃতির উন্নয়নে সহায়ক হয়।

কবিতা, গান, নাটক

তাং রাজত্বের শেষে এক নতুন ধরনের কাব্যের বিকাশ ঘটে; তাকে বলা হত সু (tzu)। সুং আমলে এই পদ্ধতির আরও সমৃদ্ধি হয়। গানের মাধ্যমে স্বদেশ চেতনা জাগ্রত করা হয়। এই সময়ের বিখ্যাত গান রচনাকার ছিলেন সিন চি-চি (Hsin Chi Chi)। তাঁর রচিত দেশাত্মবোধক গানে লোকেরা উদ্বুদ্ধ হত। সুং রাজত্বকালে বড় বড় শহরগুলিতে নাট্যমঞ্চ গড়ে ওঠে। এইসব মঞ্চে গীতিনাট্য অভিনীত হত। তাছাড়া নাটকের দলগুলো বিভিন্ন স্থানে ঘুরে ঘুরেও নাটক, গান-বাজনা করত। বড় শহরগুলিতে চীনের কথ্য ভাষায় গল্প বলার লোক ছিলেন। তাঁরা চীনের প্রচলিত কাহিনী ভিত্তি করে গল্প বলতেন। চীনের নাটক, সাহিত্য, গান, গল্প ইত্যাদিতে সমসাময়িক জীবনের প্রতিফলন ঘটে। কোন কোন নাটকে জমিদারদের অত্যাচারের বিরুদ্ধে মনোভাব ব্যক্ত হয়। সামন্ততান্ত্রিক চীনের চিত্র এইসব রচনায় পাওয়া যায়।

মোঙ্গলদের উত্থান : মোঙ্গলরা ছিল যাযাবর ও শিকারী জাতি। তারা পূর্বে খিনগান পর্বতশাখা (Khingan Range) থেকে পশ্চিমে আলতাই পর্বতমালা (Altai Mountains) পর্যন্ত বিস্তীর্ণ সবুজ ঘাসের অঞ্চলে ঘুরে বেড়াত। তারা ছিল খুব সাহসী ও সুশৃঙ্খল। দ্বাদশ শতাব্দীর মধ্যেই তারা লোহা দিয়ে অস্ত্রশস্ত্র তৈরি করতে

আরম্ভ করে। তাদের নেতা ছিলের তেমুজিন (Temujin) ১২০৬ খ্রীষ্টাব্দে তিনি সমস্ত মোঙ্গল উপজাতিদের ঐক্যবদ্ধ করে 'চেঙ্গিস খাঁ' (যার অর্থ সংখ্যাগরিষ্ঠের মহাশক্তিশালী সম্রাট) উপাধি ধারণ করে সাম্রাজ্য বিস্তারে অগ্রসর হন। তিনি মধ্য এশিয়া, ট্রান্স-ককেসাস এবং কৃষ্ণসাগর অঞ্চল পদানত করে ডানিউব উপত্যকা পর্যন্ত অগ্রসর হন। চীনের বিরুদ্ধে অভিযানের সময়ে তিনি মারা যান। পরে তাঁর পৌত্র কুবলাই খাঁ চীনের বিরুদ্ধে অভিযান চালিয়ে সাফল্যলাভ করেন। মোঙ্গলদের সাম্রাজ্য এশিয়া ও ইউরোপের বিশাল অঞ্চল জুড়ে ছিল। চীনের বিরুদ্ধে মোঙ্গলদের অভিযান শুরু হয় ১২১১ খ্রীষ্টাব্দ থেকে। সুং শাসকেরা মোঙ্গলদের আক্রমণ প্রতিরোধ করতে পারেননি।



মোঙ্গল তীরন্দাজ

উয়ান রাজত্ব (১২৭১-১৩৬৮ খ্রী:): সুং রাজবংশের পরে মোঙ্গলরা চীনে যে রাজত্ব প্রতিষ্ঠা করে তাকে চীনের ইতিহাসে উয়ান রাজত্ব বলে। মোঙ্গল নেতা কুবলাই খাঁ ছিলেন এই রাজবংশের প্রতিষ্ঠাতা। ১২৬০ খ্রীষ্টাব্দে কুবলাই খাঁ সিংহাসনে বসেন। ১২৭১ খ্রীষ্টাব্দে তিনি তাঁর সাম্রাজ্যকে উয়ান রাজবংশের সাম্রাজ্য বলে উল্লেখ করেন। তিনি ১২৭৯ খ্রীষ্টাব্দে সুং রাজবংশকে পরাজিত করেন। কুবলাই খাঁ বৌদ্ধধর্মের প্রতি আনুকূল্য প্রদর্শন করেন। তিনি নিজেও বৌদ্ধধর্ম গ্রহণ করেন। উয়ান রাজত্বকালে ডাক বিভাগের সুব্যবস্থা ছিল। ভাল রাস্তাঘাট নির্মাণ ও খাল খনন

করে তুর্কিস্তান, পারস্যদেশ ও দক্ষিণ রাশিয়ার সঙ্গে যোগাযোগ স্থাপন করা হয়। তার ফলে স্থলপথে পশ্চিমের সঙ্গে চীনের নিয়মিত যোগাযোগ স্থাপিত হল এবং পণ্যদ্রব্যের চলাচল হতে লাগল। উয়ান রাজত্বকালেই মধ্য এশিয়ার পথ বেয়ে বারুদ ও মুদ্রণ-পদ্ধতি চীন থেকে ইউরোপে যায়। উয়ান রাজবংশের রাজধানীর নাম ছিল কামবুলুক (বর্তমান পিকিং বা বেজিং)।




কুবলাই খাঁ

এই আমলেও চীনে নাটক, গান ইত্যাদির চর্চা অব্যাহত থাকে। উয়ান রাজত্বকালে নাটকের আরও উন্নতি ঘটে এবং তখন নাটক খুবই জনপ্রিয় হয়। নাটকের মাধ্যমে মোঙ্গল অভিজাত জমিদার এবং শাসকদের অত্যাচারের কথা বলা হত। এই সময়ে চীনে উপন্যাস রচিত হয়। 'সুই হু' (Shui Hu) নামক উপন্যাসের বিষয়বস্তু ছিল জমিদারদের বিরুদ্ধে কৃষকদের সংগ্রাম। উয়ান রাজবংশ চীনা জনসাধারণ অথবা শিক্ষিত ব্যক্তিদের সমর্থন পায়নি। চীনে বিদ্রোহ, মোঙ্গল শাসকদের মধ্যে আত্মকলহ ও গৃহবিবাদ এবং উয়ান রাজদরবারের অপদার্থতার ফলে এই রাজবংশের পতন ঘটে। চীনে মিং (Ming) রাজবংশের প্রতিষ্ঠা হয়।

মার্কো পোলো (১২৫৪-১৩২৪ খ্রীঃ): কুবলাই খাঁ ও তাঁর সময়ের অনেক কথা মার্কো পোলো নামক একজন ইউরোপীয় বণিকের লেখা থেকে জানা যায়। তাঁর বাড়ি ইটালির ভেনিস শহরে। মার্কো পোলোর পিতা ও খুড়া বিদেশে ব্যবসা করতেন। সেইজন্য তাঁদের নানা দেশ ঘুরে বেড়াতে হত। তাঁরা একবার চীনে কুবলাই খাঁর কাছে গিয়ে উপস্থিত হলেন। কুবলাই খাঁর ইচ্ছা ছিল

খ্রীষ্টান ধর্মের কথা শুনবেন ; তিনি তাঁদের পরের বার চীনে আসবার



সময় দেশ থেকে কয়েকজন ধর্মযাজক নিয়ে আসতে বললেন।

দেশে ফিরবার দুই বছর পরে মার্কো পোলোর পিতা ও কাকা মার্কো পোলোকে সঙ্গে করে আবার চীন দেশে রওনা হলেন। দুজন পাদরীও কিছুদিন এই দলে ছিলেন। কিন্তু পথের কষ্ট দেখে তাঁরা বেশী দূর অগ্রসর হননি।

মার্কো পোলো কোন্ পথে চীন দেশে গিয়েছিলেন তা তাঁর ভ্রমণ কাহিনীতে আছে। ইটালি থেকে রওনা হয়ে তাঁরা প্যালেস্টাইনে পৌঁছালেন, সেখান থেকে আর্মেনিয়া ও মেসোপটেমিয়া হয়ে পারস্য উপসাগরের তীরে অরমুজ বন্দরে উপস্থিত হলেন। অরমুজ বন্দর পেরিয়ে আবার স্থলপথে পারস্যের মরুভূমি পার হয়ে কাসগড় ও খোটান হয়ে অবশেষে কুবলাই খাঁর রাজধানী চীনের পিকিং শহরে পৌঁছালেন।


মার্কো পোলো

মার্কো পোলোর তখন একুশ বছর বয়স। অল্পদিনের মধ্যে তিনি কুবলাই খাঁর প্রিয়পাত্র হয়ে উঠলেন। মার্কো পোলো মোঙ্গলদের ভাষা শিখেছিলেন। কুবলাই খাঁ তাঁকে একটি শহরের শাসনকর্তা পদ দিলেন।

মধ্যযুগে ইউরোপে ইটালির শহরগুলির খুব জাঁকজমক ছিল। তথাপি মার্কো পোলো কুবলাই-এর সাম্রাজ্যের বড় বড় শহর, বৌদ্ধ মঠ, উদ্যান ও ঐশ্বর্য দেখে মুগ্ধ হয়েছিলেন। তাঁর গ্রন্থে কুবলাই-এর রাজধানী পিকিং শহরের বর্ণনা আছে। শহরের পরিধি চব্বিশ মাইল। তার চারদিকে প্রাচীর, একদিক হতে অন্যদিকে প্রশস্ত রাস্তা। শহরের মাঝখানে আবার চার মাইল পরিমাণ জায়গা আর একটি প্রাচীর দিয়ে ঘেরা। এই প্রাচীরের মধ্যে কুবলাই খাঁর প্রাসাদ,

পিকিং শহর

কোষাগার, গ্রন্থগার ও প্রমোদ উদ্যান। প্রাসাদের দেয়ালে খোদাইকরা ড্রাগনমূর্তি, পশু-পক্ষীর ছবি ও যুদ্ধের দৃশ্য। কুবলাই খাঁ বছরে অনেকবার উৎসব করতেন। তার মধ্যে তাঁর জন্মদিনে ও নববর্ষের প্রথম দিনের উৎসবেই বেশী সমারোহ হত। প্রায় ছয় হাজার লোকের নিমন্ত্রণ হত। সকলকে দামী পোশাক পরে আসতে হত। যাঁরা খুব সম্ভ্রান্ত তাঁরা কুবলাই খাঁর মত টেবিলে খেতেন। বাকি সকলে গালিচার উপর বসত। যে সব ভৃত্য সম্রাটকে পরিবেশন করত তাদের মুখ রেশমের কাপড় দিয়ে ঢাকা থাকত। একটি খুব মজার নিয়ম ছিল। কুবলাই খাঁ যতবার পান পাত্র মুখের কাছে আনতেন তত বার বাজনা বাজত এবং ওমরাহদের নতজানু হয়ে থাকতে হত।

মার্কো পোলো যে শহরের শাসনকর্তা ছিলেন তার নাম হাং-চাউ। হাং-চাউ পূর্বে দক্ষিণ চীনের রাজধানী ছিল। হাং-চাউ শব্দের অর্থ স্বর্গপুরী। হাং-চাউ শহরের একদিকে বড় হ্রদ, অন্যদিকে নদী। নদী থেকে অনেক খাল শহরের মধ্য দিয়ে এসে হ্রদে গিয়ে মিশেছে। খালের উপর লোক পারাপার করবার সেতু সংখ্যায় প্রায় বার হাজার। সেতুগুলি এত উঁচু যে তার নীচ দিয়ে জাহাজ চলত এবং এত প্রশস্ত যে তার উপর দিয়ে গাড়ী আসা যাওয়ার কোন অসুবিধা হত না। শহরের মধ্যে বাজার বসবার জন্য দশটি খোলা ময়দান ছিল। সপ্তাহে তিন দিন করে বাজার বসত এবং প্রত্যেকটিতে চল্লিশ-পঞ্চাশ হাজার লোক বেচাকেনা করতে আসত। মার্কো পোলো হাং-চাউয়ের বাজারে কত রকম সবজি পাওয়া যেত সেকথা বলেছেন। হরিণ, মুরগী, হাঁস, তিতির, ভেড়া, ছাগল প্রভৃতির মাংসও বিক্রি হত। সমুদ্র ও হ্রদ থেকে এত মাছ আসত যে তা দেখে মার্কো পোলো অবাক হয়ে গিয়েছিলেন। শহরের মধ্যে অনেক দোকান ছিল। সেখানে রেশম, মণিমুক্তা, গহনা, মশলা প্রভৃতি বিক্রি হত। হাং-চাউয়ের বাজারে আমাদের দেশের অনেক জিনিস পাওয়া যেত।

হাং-চাউ

শহরের অধিবাসীরা হ্রদের জলে নৌকা চড়ে বেড়াত, হ্রদের মধ্যে দ্বীপে প্রায়ই উৎসব হত। মার্কো পোলো হাং-চাউ শহরের প্রশস্ত রাস্তা ও স্নানাগারের বর্ণনা করেছেন।

মার্কো পোলোর ভ্রমণকাহিনীতে মোঙ্গলদের সঙ্গে ব্রহ্মদেশের রণহস্তীর যুদ্ধের বর্ণনা আছে। মার্কো পোলোর ধারণা ছিল জাপানে অনেক ধনরত্ন আছে। তাঁর বিশ্বাস ছিল জাপানের সম্রাটের প্রাসাদের ছাদ, ঘরের মেঝে ও জানালা সোনা দিয়ে তৈরি।

ষোল বছর চীনে থাকবার পর মার্কো পোলো ও তাঁর আত্মীয়দের দেশে ফিরবার ইচ্ছা হল। কুবলাই খাঁ একজন রাজকুমারীকে বিবাহের জন্য পারস্যে পাঠাবার ব্যবস্থা করেছিলেন।

মার্কো পোলোর প্রত্যাবর্তন

মার্কো পোলো সেই দলে যোগ দিলেন। তাঁরা জাহাজে চড়ে সুমাত্রা, যবদ্বীপ, দক্ষিণ ভারত হয়ে দুই বছর পরে পারস্য দেশে আসলেন এবং সেখান থেকে ভেনিস শহরে পৌঁছালেন। তাঁর লেখায় দক্ষিণ ভারতের তেলেঙ্গানা রাজ্যের কথা আছে। সেখানে রাণী রুদ্রাম্মা দেবী রাজত্ব করতেন। মার্কো পোলো দক্ষিণ ভারতে যোগীদের কথাও বলেছেন। তাঁরা খুব দীর্ঘজীবী হতেন, অনেকে দেড়শত-দুইশত বছর পর্যন্ত জীবিত থাকতেন।

মার্কো পোলো ও তাঁর সঙ্গীরা দেশে ফিরলে আত্মীয় স্বজনরা তাঁদের চিনতে পারেন নি। একে অনেকদিন পর বাড়ি ফিরেছেন তার উপর পরনে মোঙ্গলদের পোশাক ছিল। মার্কো পোলো কিছুদিন পরে আত্মীয় স্বজনদের ভোজে নিমন্ত্রণ করে তাদের নানা রকমের মণিমুক্তা দেখিয়ে আশ্চর্য করে দিলেন। তার কিছুকাল পরে জেনোয়া এবং ভেনিস শহরের যুদ্ধে মার্কো পোলো বন্দী হন। বন্দী অবস্থায় তাঁর ভ্রমণ কাহিনী লিখবার কথা মনে হল। তিনি মুখে বলে যেতেন আর একজন বন্দী লিখে নিত। এই বিবরণ থেকেই বোঝা যাবে মার্কো পোলোর ভ্রমণকাহিনী কি রকম সুখপাঠ্য। আশ্চর্যের বিষয় এই যে মার্কো পোলোর গ্রন্থে চীনদেশের

এত বিভিন্ন জিনিসের কথা আছে, অথচ চীনের বিখ্যাত প্রাচীরের কোন উল্লেখ নেই। প্রথমে কিন্তু সকলে মার্কো পোলোর কথা বিশ্বাস করেনি। অনেকের ধারণা ছিল তিনি মিথ্যাবাদী এবং তাঁর ভ্রমণ কাহিনী পরিহাসের বিষয় ছাড়া আর কিছু নয়।

॥ দুই ॥ মধ্যযুগে জাপান

জাপানের প্রথম যুগের ইতিহাস কিংবদন্তীতে আবৃত। ৪০০ খ্রীষ্টাব্দ থেকে জাপানের ইতিহাসের বিশ্বাসযোগ্য তথ্য পাওয়া যায়। খ্রীষ্টীয় প্রথম শতাব্দীতে জাপানে বহু কৌমের (clans) বা উপজাতির (tribes) রাজ্য ছিল। এই ক্ষুদ্র ক্ষুদ্র রাজ্য পুরোহিত-প্রধান (priest-chiefs) কর্তৃক শাসিত হত। তাদের সঙ্গে কোরিয়ার ঘনিষ্ঠ সম্পর্ক ছিল। খ্রীষ্টীয় প্রথম শতাব্দীতে কোরিয়া থেকে আগত অভিযানকারীরা জাপানে ব্রোঞ্জ ও লোহার অস্ত্রের প্রচলন করে। পঞ্চম শতাব্দীর মধ্যে ইয়ামাতো কৌম (Yamato clan) বর্তমান কিয়োতো (Kyoto) অঞ্চলে বসতি স্থাপন করে এবং তারা মধ্য ও পশ্চিম জাপানের কৌমগুলির উপর প্রাধান্য স্থাপন করে। এইভাবে জাপানী রাষ্ট্রের প্রতিষ্ঠা হয়। তারপর ষষ্ঠ শতাব্দী থেকে অষ্টম শতাব্দী পর্যন্ত জাপানী সমাজ ও সংস্কৃতির দ্রুত অগ্রগতি হয়। চীনের উন্নত সাংস্কৃতিক জীবনের প্রভাবেই জাপানের সমৃদ্ধি ঘটে। চীনে তখন তাং রাজত্ব চলছিল। ষষ্ঠ শতাব্দীতে বৌদ্ধধর্ম চীন থেকে জাপানে প্রবেশ করে। জাপানের উচ্চশ্রেণীর লোকেরা চীনা ভাষা, সাহিত্য, দর্শন, শিল্পকলা ও বিজ্ঞান গভীর মনোযোগ দিয়ে অধ্যয়ন ও চর্চা করেন। তাঁরা আগ্রহ সহকারে চীনের শাসনতান্ত্রিক ব্যবস্থা লক্ষ করেন। চীনের অনুকরণে জাপানের জীবনধারা তাঁরা গড়ে তোলেন। চীনের রাজতন্ত্রের অনুকরণে জাপানে একটি কেন্দ্রীয় ও আমলাতান্ত্রিক সরকার গঠনে তাঁরা অনেকখানি সাফল্যলাভ করেন। ইয়ামাতো (Yamato) কৌম পুরোহিত-প্রধান সম্রাটের ভূমিকায় অবতীর্ণ হয় এবং চীনের

তাং রাজ্যের রাজধানীর মত একটি রাজধানী নারাতে গড়ে তোলে। তারপর কিয়োতো শহরে একই ধরনের রাজধানী গড়ে তোলা হয়। জাপানের সম্রাটের মিকাডো (Mikado) পদবী ছিল।

জাপানের প্রাচীন ধর্মের নাম হল শিনটো (Shinto)। 'শিনটো' এই শব্দের উদ্ভব হয় চীনা ভাষা থেকে। শিনটো ধর্মের উপর বৌদ্ধধর্ম ও কনফুসিয়াস মতবাদের প্রভাব পড়ে। জাপানে এখনও শিনটো ধর্মের প্রচলন আছে। জাপানের পুরানো দেবস্থানে গিয়ে এবং বিশেষ বিশেষ ধর্মীয় উৎসবে শিনটো ধর্ম অনুযায়ী জাপানীরা কিছু রীতি-নীতি ও প্রথা পালন করেন। 'শিনটো' শব্দের জাপানী প্রতিশব্দ হল কামি-নো-মিচি (Kami-no-michi), এর অর্থ হল 'ঈশ্বরের পথ' অথবা 'উপরে যাঁরা আছেন তাঁদের পথ'। শিনটো ধর্মের প্রচলন কখন হয় তা সুনির্দিষ্ট করে বলা যায় না। পঞ্চম শতাব্দীতে যখন চীনা লিখন পদ্ধতি জাপানে প্রচলিত হয় তখন থেকে শিনটো ধর্মের বিষয়ে পৌরাণিক উপাখ্যান ও ধর্মীয় রীতি-নীতি লিপিবদ্ধ হতে থাকে। ৭১২ খ্রীষ্টাব্দে জাপানের পৌরাণিক উপাখ্যান 'কোজিকি' (Kojiki) নামক গ্রন্থে সম্রাটের আদেশে লিপিবদ্ধ হয় এবং ৭২০ খ্রীষ্টাব্দে জাপানের ইতিবৃত্ত লিপিবদ্ধ হয় 'নিহোঞ্জি' (Nihonji) নামক গ্রন্থে। এই দুটো গ্রন্থই চীনা লিপিতে লিখিত। দশম শতাব্দীতে জাপানের ধর্মীয় জীবনের রীতিনীতি লিপিবদ্ধ করা হয়েছিল 'ইয়েঞ্জি-শিকি' (Yengishiki) নামক গ্রন্থে। জাপানের সম্রাটকে ঈশ্বরের প্রতিনিধি মনে করা হত। তিনি 'প্রধান পুরোহিত' হিসেবে ধর্মীয় অনুষ্ঠানে সভাপতিত্ব করতেন। আবার অন্যদিকে শাসন পরিচালনায় তিনি ছিলেন সার্বভৌম ক্ষমতার অধিকারী। তাই জাপানের সম্রাট শিনটো ধর্মের প্রধান পুরোহিত ও সার্বভৌম শাসক এই দুই পদেই অধিষ্ঠিত ছিলেন।

শিনটো

নবম শতাব্দীতে ক্ষমতাশালী ফুজিওয়ারা (Fujiwara) পরিবার রাজদরবারে তাঁদের প্রাধান্য প্রতিষ্ঠা করে। ফুজিওয়ারা পরিবারের

প্রভাব ও বৌদ্ধ পুরোহিতদের ক্ষমতা রাজকীয় সরকারের প্রতিপত্তি অনেকটা ক্ষুণ্ণ করে। প্রদেশের অভিজাত সম্প্রদায়—বিশেষ করে যেসব বড় বড় কৌম ফুজিওয়ারাদের বিরোধী ছিল—রাজকীয় কর ফাঁকি দিতে থাকেন এবং তাঁরা বেশ শক্তিশালী হন। এই সময়ে জাপানে সামন্ততন্ত্রের উদ্ভব হয়। ক্রমাগত কৌমগুলির (Clans) আত্মকলহের ফলে জাপানে একটি শক্তিশালী সামরিক শ্রেণীর আবির্ভাব হয়। দ্বাদশ শতাব্দীতে জাপানে আভ্যন্তরীণ গৃহযুদ্ধ লেগেই ছিল। ১১৮৫ খ্রীষ্টাব্দে মিনামোতো (Minamoto) কৌম তাদের প্রতিপক্ষ তায়রা (Taira) পরিবারকে পরাজিত করে জাপানে কর্তৃত্ব স্থাপন করে। তাদের বড় নেতা ছিলেন ইওরিতোমো (Yoritomo)। তিনি শোগুন (Shogun) উপাধি ধারণ করেন, জাপানের পূর্বদিকে কামাকুরা (Kamakura) নামক স্থানে রাজধানী স্থাপন করেন এবং জাপানে সামরিক একনায়কতন্ত্রের প্রতিষ্ঠা করেন।



ইওরিতোমো

মিনামোতো কৌমের সামন্ত প্রভুরা জাপানের পূর্বাঞ্চলেই বড় বড় খামারের মালিক ছিলেন। ইওরিতোমো সামন্তদের সমর্থনলাভ করে শক্তিশালী হন। তিনি তাঁদের অধীনে রেখে নিজের ক্ষমতা বজায় রাখেন। ইওরিতোমো ছিলেন সামন্তদের প্রভু। তায়রা কৌমকে পরাজিত করার পর ইওরিতোমো তাঁর সমর্থকদের মধ্যে জমি বণ্টন করে দেন। দ্বাদশ শতাব্দীতে বিশৃঙ্খলা চলার সময়ে জাপানের সর্বত্র যোদ্ধারা জমিজমা দখল করে এবং নিজ নিজ অঞ্চলে প্রাধান্য

ইওরিতোমো

স্থাপন করে। কেন্দ্রীয় শক্তির দুর্বলতার ফলে জমিদাররা ক্ষমতাশালী হয়ে ওঠেন। তখন থেকেই জাপানে সামন্ততন্ত্রের পূর্ণ বিকাশ লক্ষ্য করা যায়। ইওরিতোমো সামন্ততান্ত্রিক ব্যবস্থার সংস্কার করে তার ভিত্তি সুদৃঢ় করেন।

জমিদারের পুত্ররা উত্তরাধিকার সূত্রে জমিদারী পেতেন। আর জাপানের যোদ্ধাদের একটি প্রভাবশালী অংশ ছিল এই জমিদার সম্প্রদায়ভুক্ত। জাপানের সামন্তদের মধ্যে অনেকেই ছিলেন নিরক্ষর। তাঁরা বাড়িতে হিসাবপত্র রাখবার জন্য দক্ষ কেরানী রাখতেন। ইউরোপের মত জাপানেও সামন্তরা দুর্গে বাস করতেন। তবে জাপানী দুর্গের গঠন ইউরোপ থেকে কিছুটা পৃথক ছিল। ইওরিতোমোর মৃত্যুর পর তাঁর পুত্র শোগুন হন। কিন্তু প্রকৃতপক্ষে হোজো তোকিমাসা (Hojo Tokimasa) শোগুনকে পরিচালনা করতেন। তারপর একশত বছরের বেশী হোজো শাসনকর্তারা শোগুনদের পরিচালনা করেন। অন্যদিকে ফুজিওয়ারা শাসনকর্তারা জাপানের সম্রাটদের পরিচালক ছিলেন। কয়েকবার অসন্তুষ্ট সামন্তরা শোগুনেটকে উচ্ছেদ করার চেষ্টা করেন। কখনও কখনও তাঁরা কিয়োতোর রাজকীয় দলের সাহায্যও নেন। এইরকম একটি বিদ্রোহ হয় ১২২১ খ্রীষ্টাব্দে। প্রাক্তন সম্রাট দ্বিতীয় তোবা (Toba II) কামাকুরার হোজো শাসনকর্তার বিরুদ্ধে বিদ্রোহ করে ব্যর্থ হন। সম্রাট, প্রাক্তন সম্রাট ও তাঁদের পরিবারের অনেককে কামাকুরা সরকার নির্বাসিত করে। সমর নায়কেরা ধনী কিয়োতো পরিবারের



দুর্গ

জমিজমা দখল করেন। ১২২৩ খ্রীষ্টাব্দে সম্রাট কামাকুরা সরকারের কর্তৃত্ব মেনে নেন। তার ফলে কামাকুরার সামন্তদের প্রভাব বৃদ্ধি পায়।

১৩৩৩ খ্রীষ্টাব্দে সম্রাট দ্বিতীয় দাইগো (Daigo II) কামাকুরার প্রাধান্য ধ্বংস করেন। কিয়োতো শাসনকার্যের প্রধান কেন্দ্রে পরিণত হল। সম্রাটদের সমর্থক ফিউডাল যোদ্ধারা শক্তিশালী হন। এইসব যোদ্ধাদের মধ্যে সবচেয়ে প্রভাবশালী ছিলেন আশিকাগা তাকৌজি (Ashikaga Takauji)। তিনি ও আরও কিছু সামন্ত ছিলেন প্রকৃত ক্ষমতার অধিকারী। কামাকুরা সরকারের পতনের পর সামন্তদের মধ্যে বিরোধ দীর্ঘকাল চলে। তাদের মধ্যে আশিকাগা পরিবার ছিল সবচেয়ে বেশী ক্ষমতাশালী।

দ্বাদশ শতাব্দী থেকে উনবিংশ শতাব্দী পর্যন্ত দীর্ঘকাল 'শোগুন' উপাধিধারী সামন্ততান্ত্রিক সামরিক একাধিপতিরা জাপান শাসন করেন। অবশ্য জাপানে 'শোগুন' পদবীর প্রচলন হয় ৭৯৪ খ্রীষ্টাব্দে, এর অর্থ ছিল 'রাজকীয় সেনাবাহিনীর অধিনায়ক'। ১১৮৫ খ্রীষ্টাব্দের পরে ইওরিতোমো (Yoritomo) যে সামরিক সরকার গঠন করেন তা জাপানের ইতিহাসে 'শোগুনেট' (Shogunate) নামে পরিচিত। সম্রাটের দরবার এবং শাসনতন্ত্রের প্রধান কেন্দ্র কিয়োতো শহরে থাকলেও, সব ক্ষমতা কেন্দ্রীভূত ছিল উত্তরাধিকার সূত্রে অধিষ্ঠিত শোগুনদের হাতে। সমরবাহিনীর প্রধান কেন্দ্র ও প্রশাসন ব্যবস্থা শোগুনরাই পরিচালনা করতেন। শোগুনেট ব্যবস্থার পরিচালনায় প্রথমে ছিলেন মিনামোতো পরিবার ও তাঁর উত্তরাধিকারীরা। তাঁদের রাজধানী ছিল কামাকুরা (১১৯২-১৩৩৩ খ্রীঃ)। আশিকাগা (Ashikaga) শোগুনদের রাজধানী ছিল কিয়োতো (১৩৩৮-১৫৯৭ খ্রীঃ)। আর টোকুগাওয়া (Tokugawa) শোগুনদের রাজধানী ছিল ইয়েদো (Yedo, বর্তমান টোকিও)। ১৮৬৭ খ্রীষ্টাব্দে সম্রাট মেইজি (Emperor Meiji) সিংহাসনে বসবার পর জাপানে এক আমূল পরিবর্তন ঘটে।

শোগুনেট

টোকুগাওয়া শোগুনদের প্রাধান্যের অবসান ঘটে। ১৮৭১ খ্রীষ্টাব্দে সামন্তদের প্রাধান্যের অবসান ঘটে এবং জাপানে একটি কেন্দ্রীয় শাসনব্যবস্থা গড়ে ওঠে। রাজদরবার কিয়োতো থেকে টোকিও শহরে স্থানান্তরিত হয়। তখন থেকে আধুনিক জাপানের সূত্রপাত হয়েছে।

১১৯২ খ্রীষ্টাব্দ থেকে জাপানের সম্রাট ডায়মিও (Daimyo) অথবা বড় সামন্তদের হাতের পুতুল হয়ে পড়েন। আর সামন্তরাই সামরিক ক্ষমতার অধিকারী হয়ে 'শোগুন' পদবী ধারণ করেন। ডায়মিও সামন্তরা রাজদরবারের সঙ্গে যুক্ত ছিলেন। আর একদল সামন্ত ছিল, তাদের বলা হত তোজামা (Tozama) বা বাইরের সামন্ত। জাপানের পশ্চিমদিকের সমৃদ্ধ জায়গিরগুলির পরিচালক ছিলেন তোজামা সামন্তরা। তাঁদের সঙ্গে ডায়মিও সামন্তদের বিরোধ ছিল। জাপানে যখন সামন্ততান্ত্রিক ব্যবস্থা ছিল তখন সামন্তরা অভিজাত বা নাইট (Knight) রাখতেন। নাইটদের বলা হত সামুরাই বা সামুরি (Samurai)। দ্বাদশ শতাব্দীতেই সামুরাই যোদ্ধাদের আবির্ভাব হয়। বিশেষ সম্মান-

সামুরাই

সূচক বলে তাদের দুই তরবারী একসঙ্গে ধারণ করবার অনুমতি দেওয়া হয়েছিল। এক সময়ে তাদের এত ক্ষমতা ছিল যে সাধারণ লোকেরা তাদের অপমান করলে তারা তাদের হত্যা করতে পারত। সামুরাইরা সব সময় তাদের প্রভুদের প্রতি অনুগত থাকত। জাপানে প্রভাবশালী দল ছিল এই সামুরাই। গ্রামের পরিচালক ছিল এই যোদ্ধারা। টোকুগাওয়া শোগুনেট (১৬০৩-১৮৬৭ খ্রীঃ) আমলে গ্রামের কর্তৃত্ব



সামুরাই যোদ্ধা

থেকে সামুরাইদের হটিয়ে দেওয়া হয়। তখন থেকে সামুরাইরা শহরের দুর্গে অবস্থান করত এবং সরকার থেকে বেতন পেত।

ফিউডাল জাপানে যোদ্ধাদের এবং অভিজাত শ্রেণীর আচরণ বিধি 'বুশিদো' (bushido) নামে পরিচিত। প্রভুদের প্রতি অনুগত থেকেই জাপানের সামন্ততান্ত্রিক পরিবেশে এই আচরণবিধি পালন করা হত। এর প্রধান কথাই হল এই যে, যারা প্রভু তাদের প্রতি অনুগত থাকতে হবে, আত্মত্যাগ ও আত্মনিগ্রহের গুণাবলী আয়ত্ত করতে হবে এবং যাবতীয় দুঃখযন্ত্রণার প্রতি উদাসীন থাকতে হবে। ব্যবসা ও মুনাফার প্রতি আকর্ষণ যোদ্ধাদের পরিত্যাগ করতে হবে। কামাকুরা আমলে (১১৮৫-১৩৩৩ খ্রীঃ) প্রথমে বুশিদো আচরণবিধি প্রবর্তিত হয়। এই আচরণ বিধিগুলি ষোড়শ শতাব্দীতে লিপিবদ্ধ করা হয়। ডায়মিও ও সামুরাই এই আচরণ বিধি অনুযায়ী চলত। টোকুগাওয়া শোগুনদের আমলে সরকারী বিদ্যালয়ে এই আচরণ বিধি শেখানো হত। সরকারী চাকুরীর জন্য এই আচরণ বিধি জানা প্রয়োজন ছিল। ১৮৬৮ খ্রীষ্টাব্দের পরে আধুনিক জাপানে সম্রাটের প্রতি অনুগত থাকবার জন্য এবং তাঁকে পূজা করবার জন্য নাগরিকদের যে শিক্ষা দেওয়া হত তার ভিত্তি ছিল এই বুশিদো। ১৯৪৫ খ্রীষ্টাব্দ পর্যন্ত জাপানে বুশিদোর প্রভাব বজায় ছিল।

বুশিদো

অনুশীলনী

॥ এক ॥ চীনদেশ

প্রবন্ধমূলক প্রশ্ন :

(১) তাং রাজত্বকালের অর্থনৈতিক জীবন সম্বন্ধে কি জান? [১০]

(২) তাং যুগের কয়েকজন কবির নাম বল। চীনের সংস্কৃতির প্রভাব কোন্ কোন্ দেশের উপর পড়ে? [১০]

(৩) সুং রাজত্বকালের কৃষক বিদ্রোহ সম্বন্ধে যা জান লেখ। [১০]

(৪) ওয়াং আন-সিহর সংস্কার সম্বন্ধে কি জান? তাঁর সংস্কার ব্যর্থ হল কেন? [১০]

(৫) সুং রাজত্বকালে চীনের বিজ্ঞান-কারিগরী ক্ষেত্রে অগ্রগতি সম্বন্ধে যা জান লেখ। [১০

(৬) সুং রাজত্বকালে চীনের কবিতা, গান, নাটক ইত্যাদি সম্বন্ধে কি জান? [১০]

(৭) কুবলাই খাঁর রাজত্বকাল সম্বন্ধে লেখ। [১০]

(৮) মার্কো পোলোর ভ্রমণকাহিনী সংক্ষেপে বর্ণনা কর। [১০]

সংক্ষিপ্ত প্রশ্ন ঃ

(১) চীনে বৌদ্ধধর্ম প্রচারে হুয়েন-সাংয়ের ভূমিকা আলোচনা কর। চীনে বৌদ্ধ ধর্ম কখন প্রচারিত হয়? [৫+২]

(২) চীনের মুদ্রণ ব্যবস্থা সম্বন্ধে কি জান? স্থানান্তর করা যায় এমন অক্ষর কে আবিষ্কার করেন? [৫+২]

(৩) মোঙ্গলদের উত্থানের ইতিহাস আলোচনা কর। কখন থেকে চীনের বিরুদ্ধে মোঙ্গলদের অভিযান শুরু হয়? [৫+২]

(৪) উয়ান রাজত্বকালের সাহিত্য-সংস্কৃতি সম্বন্ধে কি জান? এই সময়কার একটি উপন্যাসের নাম কর। [৫+২]

(৫) মার্কো পোলো কোন্ পথে চীনে গিয়েছিলেন? তাঁর বাড়ি কোথায়? [৫+২]

(৬) হাং-চাউ শহরের বর্ণনা দাও। হাং-চাউ কোন্ অঞ্চলের রাজধানী ছিল? [৫+২]

(৭) দেশে ফিরে যাবার পরে মার্কো পোলের কি অবস্থা হল? কোথায় বসে তিনি ভ্রমণকাহিনী লেখেন? [৫+২]

অতি-সংক্ষিপ্ত প্রশ্ন ঃ

(১) কত বছর তাং রাজবংশ চীনে রাজত্ব করে? তাং রাজত্ব কতদূর পর্যন্ত বিস্তৃত ছিল? [১+৪]

(২) কোন জিনিস তৈরী করে চীন খ্যাতি লাভ করে? তার রাজত্বকালে বণিকরা কোন্ কোন্ দেশে বাণিজ্য করতে যেত? [১+৪]

(৩) লি পো কে ছিলেন? সরকারী চাকরীর জন্য পরীক্ষায় বসতে হলে কার রচনা পাঠ করতে হত? [১+৪]

(৪) বৌদ্ধ ধর্ম চীন থেকে কোথায় যায়? কোন্ পথ ধরে চীনে বৌদ্ধ ধর্ম প্রবেশ করে? [১+৪]

(৫) হুয়েন সাং কে ছিলেন? তিনি ভারত থেকে কি সঙ্গে করে নিয়ে যান? [১+৪]

(৬) তাং রাজত্বের পর চীনে কোন্ রাজবংশ রাজত্ব করেন? কি কারণে চীনে কৃষক বিদ্রোহ হয়? [১+৪]

(৭) চীনের স্থং রাজত্বকালের কৃষক বিদ্রোহের নেতার নাম কর। তিনি কি দাবি করেন? [১+৪]

(৮) সিন চি-চি কে ছিলেন? তিনি কিভাবে জনসাধারণকে উদ্বুদ্ধ করেন? [১+৪]

(৯) চেঙ্গিস খাঁ কে ছিলেন? তিনি কোন্ অঞ্চলে প্রাধান্য স্থাপন করেন? [১+৪]

(১০) মার্কো পোলো কার সময়ে চীনে যান? তিনি কোথাকার শাসনকর্তা হন? [১+৪]

॥ দুই ॥ মধ্যযুগে জাপান

প্রবন্ধমূলক প্রশ্ন ঃ

(১) জাপানের উপর চীনের প্রভাব সম্বন্ধে যা জান লেখ। [১০]

(২) শিনটো ধর্ম সম্বন্ধে কি জান? [১০]

(৩) ফুজিওয়ারা পরিবার সম্বন্ধে যা জান লেখ। [১০]

(৪) জাপানের সামরিক শ্রেণীর আবির্ভাব কিভাবে হল? [১০]

(৫) ইওরিতোমো সম্বন্ধে যা জান লেখ। [১০]

(৬) জাপানে সামন্ততন্ত্রের পূর্ণ বিকাশ কি করে হল? [১০]

(৭) কোন্ সরকার জাপানের ইতিহাসে 'শোগুনেট' নামে পরিচিত ছিল? 'শোগুন'-এর বিষয়ে কি জান? [১০]

(৮) জাপানের ইতিহাসে সামুরাইদের ভূমিকা আলোচনা কর। [১০]

(৯) বুশিদো সম্বন্ধে কি জান? [১০]

সংক্ষিপ্ত প্রশ্ন ঃ

(১) জাপানের ইতিহাসে ইয়ামাতো কৌমের ভূমিকা আলোচনা কর। এই কৌমের কোথায় বসতি ছিল? [৫+২]

(২) জাপানে সামন্তরা কোথায় বাস করতেন? কে সামন্ততান্ত্রিক ব্যবস্থার ভিত্তি সুদৃঢ় করেন? [৫+২]

(৩) জাপানে আমূল পরিবর্তনের সূচনা কখন থেকে শুরু হয়? কোন্ জায়গা থেকে টোকিও শহরে রাজদরবার স্থানান্তরিত হয়? [৫+২]

(৪) টোকুগাওয়া শোগুনেটের আমলে গ্রামের কর্তৃত্বে কারা ছিল? টোকুগাওয়া শোগুনদের প্রাধান্যের অবসান কখন ঘটে? [৫+২]

(৫) বুশিদো আচরণবিধি কি? কোন্ সময়ে তা প্রবর্তিত হয়? [৫+২]

অতি-সংক্ষিপ্ত প্রশ্ন:

(১) জাপানের সম্রাটের পদবী কি ছিল? জাপানের সম্রাটকে কার প্রতিনিধি মনে করা হত? [১+৪]

(২) 'শিনটো' শব্দের অর্থ কি? শিনটো ধর্মের উপর কোন্ কোন্ মতবাদের প্রভাব পাওয়া যায়? [১+৪]

(৩) ইয়েঙ্গিশিকি কি? তাতে কি রয়েছে? [১+৪]

(৪) 'ডায়মিও' কাদের বলা হত? 'শোগুন' পদবী কারা ধারণ করত? [১+৪]

(৫) কাদের 'সামুরাই' বলা হত? কখন তাদের আবির্ভাব হয়? [১+৪]

একাদশ পরিচ্ছেদ

মধ্যযুগে ভারতবর্ষ

(ক) ভারতে হূন: ইতিহাসে হূনদের কথা আমরা খ্রীষ্টপূর্ব তৃতীয় শতাব্দীতে জানতে পারি। চীনারা তাদের বলত হিউং-নূ (Hsiung-nu) জাতি। হিউং-নূ জাতি ভারতে হূন বলে পরিচিত। হূনরা উত্তর চীনদেশ খ্রীষ্টীয় তৃতীয় শতাব্দীতে দখল করে। ৫৮১ খ্রীষ্টাব্দ পর্যন্ত তারা সেখানে প্রাধান্য বজায় রাখে। ভারতবর্ষও তাদের আক্রমণ থেকে রক্ষা পায়নি। তাদের একটি দল যখন পশ্চিমে ইউরোপ অভিমুখে গিয়েছিল তখন আর এক দল আফগানিস্তান ও উত্তর-পশ্চিম সীমান্তের পথে ভারতবর্ষে প্রবেশ করেছিল। কালিদাসের কাব্যে হূনজাতির উল্লেখ আছে। গুপ্ত সম্রাট দ্বিতীয় চন্দ্রগুপ্তের পৌত্র স্কন্দগুপ্ত (৪৫৫-৪৬৭ খ্রীঃ) হূনদের সঙ্গে যুদ্ধ করে নিজের রাজ্য রক্ষা করেছিলেন। তাঁর মৃত্যুর পর গুপ্ত সাম্রাজ্য ক্রমশঃ দূর্বল হয়ে পড়ল। হূন শক্তি প্রবল হয়ে উঠল। হূনদের প্রথম রাজার নাম হল তোরমান। ৪৮৪ খ্রীষ্টাব্দে হূনরা কাবুল ও পারস্য দেশ দখল করে। পারস্য জয় করবার পর তারা খুবই শক্তিশালী হয়ে ওঠে এবং বিশাল সাম্রাজ্য গড়ে তোলে। তাদের রাজধানীর নাম ছিল বল্‌খ্‌। তোরমান মালব জয় করেছিলেন। তোরমানের পর তাঁর পুত্র মিহিরগুল রাজা হন। মিহিরগুল কাশ্মীর জয় করেছিলেন। শাকল (বর্তমান শিয়ালকোট) নগরে তাঁর রাজধানী ছিল। তিনি অত্যন্ত নিষ্ঠুর ছিলেন। বৌদ্ধদের প্রতি তাঁর অত্যন্ত শত্রুতা ছিল। তিনি বহু বৌদ্ধ স্তূপ ও মঠ ধ্বংস করেন। অবশেষে ৫৩৩ খ্রীষ্টাব্দে মালবের অন্তর্গত মান্দাশোরের শাসনকর্তা যশোধর্মন মিহিরগুলকে পরাজিত করেন। মগধের গুপ্ত রাজবংশীয় বালাদিত্যের হাতেও মিহিরগুল পরাজিত হন। মিহিরগুল কাশ্মীরে ফিরে যান এবং সেখানেই ৫৪২ খ্রীষ্টাব্দে তাঁর মৃত্যু হয়। মিহিরগুলের পরাজয়ের সঙ্গেই হূনশক্তি একেবারে

নিঃশেষিত হয়নি। মিহিরগুলের মৃত্যুর পর হূনরা নেতাশূন্য হয়ে পড়েছিল। তাদের রাজনৈতিক ক্ষমতা হ্রাস পেল। ষষ্ঠ শতাব্দীর শেষ পর্যন্ত তারা ভারতীয় রাজাদের বিব্রত করেছে। কিন্তু এখন আর আমাদের দেশে হূন জাতির কোন চিহ্ন নেই। গ্রীক, শক, কুষাণ, পল্লব আক্রমণকারীদের মত হূনরাও হিন্দুধর্ম ও হিন্দু আচার গ্রহণ করে হিন্দুদের সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হয়ে হিন্দু সমাজে মিশে গিয়েছে। কেউ কেউ অনুমান করেন যে পরবর্তীকালের রাজপুতদের দেহে হূন শোণিত থাকতে পারে। আশ্চর্য কি ? বহু জাতির দানেই তো ভারতের সংস্কৃতি গড়ে উঠেছে। রাজনৈতিক দিক থেকে একাধিক হূন আক্রমণের ফলে গুপ্ত সাম্রাজ্যের দ্রুত পতন ঘটেছিল এবং সাম্রাজ্যের ধ্বংসস্তূপের মধ্যে ক্ষুদ্র ক্ষুদ্র রাজ্যের উত্থান হয়েছিল।

(খ) **গুপ্ত সাম্রাজ্যের ভাঙ্গন : হর্ষবর্ধনের যুগ :** গুপ্ত সাম্রাজ্যের পতনের পর থেকে সপ্তম শতাব্দীর প্রারম্ভে হর্ষবর্ধনের আবির্ভাব পর্যন্ত ভারতবর্ষের রাজনৈতিক জীবনে বিশৃঙ্খলা বিরাজমান ছিল। পঞ্চম শতাব্দীর শেষের দিকে গুপ্ত সাম্রাজ্যের পতন হয়। তারপর প্রায় একশত বছরের মধ্যে উত্তর ভারতে আর কোন সার্বভৌম রাজার অভ্যুদয় হয়নি। এই সময়ে উত্তর ভারত চারটি রাজ্যে বিভক্ত হয় : মগধে গুপ্ত রাজ্য, কনৌজে মৌখরী বংশ, থানেশ্বরে পুষ্যভূতি বংশ এবং গুজরাটে অবস্থিত বলভির মৈত্রক বংশ। এখানে উল্লিখিত মগধের গুপ্ত রাজ্যের সঙ্গে পূর্বের গুপ্ত সাম্রাজ্যকে একই মনে করা ভুল হবে। মৌখরী বংশ প্রথমে কনৌজকে কেন্দ্র করে উত্তর প্রদেশের পশ্চিম অঞ্চলে রাজত্ব করেন। তারপর ধীরে ধীরে তাঁরা মগধের গুপ্তদের বিতাড়িত করে প্রাধান্য বিস্তার করেন। গুপ্তরা মালবে আশ্রয় গ্রহণ করেন। দিল্লীর উত্তরে থানেশ্বরে পুষ্যভূতি বংশ রাজত্ব করতেন। তাঁদের সঙ্গে মৌখরিদের বৈবাহিক সম্পর্ক স্থাপিত হয়। মৌখরিরাজ গ্রহবর্মণ বিবাহ করেন থানেশ্বরের পুষ্যভূতি-বংশের রাজা প্রভাকরবর্ধনের কন্যা রাজ্যশ্রীকে। এই রাজ্যশ্রী হলেন রাজ্যবর্ধন


ও হর্ষবর্ধনের ভগ্নী। মৈত্রকরা রাজত্ব করতেন গুজরাটে (বর্তমান সৌরাষ্ট্র)। তাঁদের রাজধানী বলভি জ্ঞানচর্চার একটি বিখ্যাত কেন্দ্র ছিল। এই চারটি রাজ্য ছাড়াও আশেপাশে আরও কয়েকটি ছোট ছোট রাজ্য ছিল। বিশেষ করে বাংলা ও আসামে এই ধরনের রাজ্যের কথা বলা যায়। চারটি প্রধান রাজ্যের মধ্যে মৈত্রক বংশ দীর্ঘকাল রাজত্ব করেন। অষ্টম শতাব্দীর মধ্যভাগে আরবদের আক্রমণে তাঁদের পতন হয়েছিল।

হর্ষবর্ধন ঃ রাজা প্রভাকরবর্ধনের আমলেই থানেশ্বরের পুষ্যভূতি বংশের শক্তি বৃদ্ধি পায়। প্রতিপত্তিশালী রাজা হিসাবে প্রভাকরবর্ধনের খ্যাতি ছিল। ৬০৪ খ্রীষ্টাব্দে থানেশ্বর রাজ্য হূন আক্রমণ প্রতিহত করে। ৬০৫ খ্রীষ্টাব্দে প্রভাকরবর্ধনের মৃত্যুর পরেই মালবের রাজার আক্রমণে মৌখরিরাজ গ্রহবর্মণ পরাজিত ও নিহত হলেন। রাজ্যশ্রী হলেন শত্রুর হাতে বন্দিনী। এই সংবাদ পেয়ে রাজ্যবর্ধন সসৈন্যে ভগ্নীকে উদ্ধার করবার জন্য অগ্রসর হলেন। মালবরাজ তাঁর নিকট পরাজিত হয়েপালিয়ে গেলেন। তখন গৌড়ের রাজা ছিলেন শশাঙ্ক। তিনি পরাক্রমশালী রাজা ছিলেন। তাঁর সঙ্গে মালবরাজের মিত্রতা ছিল। শশাঙ্ক মালবরাজের সাহায্যে এগিয়ে আসেন এবং রাজ্যবর্ধনকে পরাজিত করেন।



হর্ষবর্ধন

কথিত আছে শান্তির কথাবার্তা বলার অজুহাতে শশাঙ্ক নিজের শিবিরে রাজ্যবর্ধনকে ডেকে নিয়ে গিয়ে হত্যা করেন। তখন ভ্রাতার মৃত্যুর প্রতিশোধ ও ভগ্নীকে উদ্ধার করবার দায়িত্ব পড়ল হর্ষবর্ধনের উপর। থানেশ্বর রাজ্যের এই ঘোর দুর্দিনে হর্ষবর্ধন সিংহাসনে বসেন


হর্ষবর্ধনের সাম্রাজ্য
রাজ্যের সীমানা
০ ২৫০ ৫০০
কি.মি.
উঃ
থানেশ্বর
কনৌজ
সিন্ধু নদ
পুণ্ড্রবর্ধন
ব্রহ্মপুত্র নদ
কামরূপ
প্রয়াগ
কাশী
পাটলিপুত্র
কর্ণ
উজ্জয়িনী
সাঁচী
বুদ্ধগয়া
সুবর্ণ
সমতট
বলভি
তাম্রলিপ্ত
নর্মদা নং
মহানদী
তাপ্তী নং
গোদাবরী নং
কলিঙ্গ
কৃষ্ণা নং
আ-র-ব
সা-গ-র
ব-ঙ্গো-প
সা-গ-র
কাবেরী নং

৬০৬ খ্রীষ্টাব্দে। ইতিমধ্যে বন্দিনী রাজ্যশ্রী কোন উপায়ে বিন্ধ্যের অরণ্যে পলায়ন করেন। বনবাসী সন্ন্যাসীদের নিকট হর্ষ তাঁর সন্ধান পেলেন। তিনি বোনকে উদ্ধার করে থানেশ্বরে ফিরিয়ে আনেন। তিনি কিছুকাল রাজ্যশ্রীকে সহযোগে রাজ্য শাসন করেন। তখন মৌখরি রাজ্যের আর কেউ দাবীদার ছিলেন না। কাজেই মৌখরি রাজ্য হর্ষেরই কর্তৃত্বে চলে আসে। কান্যকুব্জ বা কনৌজনগর হল তাঁর রাজধানী।

সমগ্র আর্যাবর্তে আধিপত্য বিস্তারের জন্য হর্ষবর্ধন চেষ্টা করে-ছিলেন। তাঁর সেনাদলে বহু সহস্র রণহস্তী ও প্রায় লক্ষাবধি অশ্বারোহী ছিল। তিনি বঙ্গোপসাগরের উপকূলে গঞ্জাম রাজ্য জয় করেন। কাম-রূপের রাজা ভাস্করবর্মণ তাঁর আদেশ পালন করতেন। তিনি উত্তরবঙ্গও জয় করেন। শশাঙ্কের মৃত্যুর পর মগধে প্রাধান্য স্থাপন করেন। জলন্ধরের রাজা তাঁর জামাতা ছিলেন। এমনকি হর্ষবর্ধন সিন্ধু ও কাশ্মীর রাজ্য আক্রমণ করেছিলেন। উত্তর ভারতের বহু রাজাই তাঁর প্রাধান্য স্বীকার করেন। পাঞ্জাব থেকে প্রয়াগ পর্যন্ত বিস্তীর্ণ প্রদেশ তাঁর নিজের শাসনাধীন ছিল, কিন্তু দক্ষিণাপথে তাঁর আধিপত্য স্বীকৃত হয়নি। শিলালিপিতে হর্ষবর্ধনকে 'সমগ্র উত্তরাপথের প্রভু' বলে বর্ণনা করা হয়েছে। হর্ষবর্ধন ধার্মিক ও বিদ্যানুরাগী বলে খ্যাতি-লাভ করেছিলেন। দিবসের এক-তৃতীয়াংশ তিনি রাজকার্যে অতি-বাহিত করতেন। বাকী সময় কাটত ধর্মানুশীলনে। তাঁর পিতা ছিলেন সূর্যোপাসক, হর্ষবর্ধন স্বয়ং বুদ্ধের ভক্ত, তিনি সূর্য ও শিবের আরাধনাও করতেন। প্রত্যেক বছর তিনি রাজধানীতে বৌদ্ধ

ধর্মচর্চা ও বিদ্যানুরাগ

সম্মিলনীর ব্যবস্থা করতেন। আর পাঁচ বছর অন্তর প্রয়াগে গঙ্গাতীরে বসত মহামোক্ষ পরিষদ। হর্ষবর্ধন প্রায় ত্রিশ বছর রাজত্ব করেছিলেন। অবসর সময়ে তিনি সাহিত্যচর্চা করতেন। রত্নাবলী ও নাগানন্দ নামক বিখ্যাত নাটক দুইখানি তাঁর রচনা।


হর্ষের রাজত্বকালে রাজধানী কনৌজের সম্পদ ও সমৃদ্ধির সীমা

ছিল না। কনৌজনগর গঙ্গার পূর্বতীরে অবস্থিত। সেখানে তখন একশ বৌদ্ধ বিহার ও দুইশ দেবমন্দির ছিল। নাগরিকের মধ্যে অনেকেই অবস্থাপন্ন। তারা উজ্জ্বল রেশমের কাপড় পরিধান করত। কনৌজবাসীদের যেমন বিত্তের খ্যাতি ছিল তেমন তাদের বিদ্যা ও শিল্পানুরাগের খ্যাতিও ছিল। হর্ষের রাজধানীতে বিদেশ থেকে বহু দুষ্প্রাপ্য দ্রব্যের আমদানি হত। নগরে বহুসংখ্যক সুরম্য উদ্যান ও নির্মল সরোবর ছিল।

কনৌজ

ভারতবর্ষের অনেক রাজা ও রাজধানী সম্বন্ধেই আমরা এত কথা জানি না। কেবল উৎকীর্ণ লিপি ও মুদ্রার উপর নির্ভর করতে হলে হর্ষবর্ধন সম্বন্ধেই বা কতটুকু জানা যেত ? কিন্তু সৌভাগ্যক্রমে দুইজন সমসাময়িক পণ্ডিত হর্ষের কথা লিখে গিয়েছেন। দুইজনেরই হর্ষের সাথে ঘনিষ্ঠ পরিচয় ছিল। বাণভট্ট ছিলেন তাঁর সভাপণ্ডিত। হর্ষচরিত নাটক একখানি গ্রন্থে তিনি রাজ্যশ্রীর উদ্ধার পর্যন্ত হর্ষের জীবনকথা সংস্কৃত ভাষায় লিখে গিয়েছেন। বাণভট্টের কাদম্বরীও সংস্কৃত কথা সাহিত্যের একখানি উৎকৃষ্ট গ্রন্থ। হর্ষচরিতের প্রথম অংশে কবি তাঁর বাল্যজীবন ও পূর্বপুরুষদের কথাও বলেছেন। হুয়েন-সাং চীনের বৌদ্ধ ভিক্ষু। তিনি ভারতবর্ষে তীর্থভ্রমণ ও শাস্ত্র-পাঠের জন্য এসেছিলেন। দেশে ফিরে তিনি ভারতবর্ষ সম্বন্ধে নানা তথ্যপূর্ণ একখানি গ্রন্থ রচনা করেন।

হুয়েন-সাং (৬০৫-৬৬৪ খ্রী:): চীনের এক অভিজাতবংশে হুয়েন সাং-এর জন্ম। বাল্যকাল হতেই তার অসাধারণ বিদ্যানুরাগ দেখা গিয়েছিল। বৌদ্ধ ধর্মে দীক্ষা নেবার পর তিনি দেখলেন যে বৌদ্ধ শাস্ত্রগ্রন্থের চীনা অনুবাদে অনেক অসঙ্গতি আছে। তিনি সংকল্প করলেন যে ফা-হিয়ানের মত তিনিও ভারতবর্ষে গিয়ে বুদ্ধের লীলাভূমি দর্শন করবেন, সংস্কৃত ভাষায় লেখা বৌদ্ধ গ্রন্থ অধ্যয়ন করবেন। ৬২৯ খ্রীষ্টাব্দে তিনি যাত্রা শুরু করেন। কিন্তু ভারতের পথে জনমানবহীন মরুভূমি,—সেখানে একগাছা তৃণ দেখা যায় না।


হুয়েন-সাংয়ের ভারতে
আগমনের পথ
ভারত অভিমুখে
প্রত্যাবর্তন
পূর্ব তুর্কিস্তান
পশ্চিম তুর্কিস্তান
তুফান (তিব্বত)
মগধ
নালন্দা
গয়া
কামরূপ
কাশ্মীর
গান্ধার
কাপিশা
খোটান
কুচা
নানচাও
চম্পা
কি. মি.

এক ফোঁটা জল পাওয়া যায় না। মরুভূমির পর আছে দুর্গম পাহাড়। বারো মাস সেখানে বরফ থাকে। ফা-হিয়ান এই পথে একলা চলেননি। তাঁরা পাঁচ বন্ধু একত্র হয়ে তীর্থযাত্রায় বের হয়েছিলেন। পথে আরও সঙ্গী জুটেছিল। কিন্তু হুয়েন-সাং একাকী অশ্বপৃষ্ঠে মরু-

হুয়েন-সাংয়ের ভারতে যাত্রা

ভূমিতে প্রবেশ করবার পর পথ হারালেন। পাঁচদিন অনাহারে প্রখর রৌদ্রের মধ্যে ঘুরে ঘুরে তার শরীর অবসন্ন হয়ে পড়ল। চোখ জ্বালা করতে লাগল। পিপাসায় গলা শুকিয়ে কাঠ হল। ক্ষুধায়, পিপাসায় ঘোড়াটিরও আর চলবার ক্ষমতা ছিল না। বালুস্তূপের উপর শুয়ে নিরুপায় তীর্থযাত্রী কাতরভাবে দেবতার চরণে তাঁর আকুল প্রার্থনা নিবেদন করতে লাগলেন। হঠাৎ মধ্যরাত্রে শীতল বাতাসে তাঁর দেহ জুড়িয়ে গেল। তিনি আবার ঘোড়ার পিঠে উঠলেন এবং কিছুকাল পরে অপ্রত্যাশিতভাবে এক অজ্ঞাত মরুদ্যানে পৌঁছালেন। তার কয়েকদিন পরেই হুয়েন-সাং মরুভূমির পরপারে কাওচাং (বর্তমান তুরফান) রাজ্যে পৌঁছালেন।



হুয়েন-সাং

কাওচাং এর রাজা হুয়েন-সাংকে কয়েকখানি পরিচয় পত্র ও পথের প্রয়োজনীয় জিনিসপত্র দিয়েছিলেন। তিনি কারাশহর হয়ে হিম পর্বতের পথে তুর্কী রাজ্যে রওনা হলেন। হিম পর্বতের পথ বরফে পিচ্ছিল। এই সকল বিপদ উত্তীর্ণ হয়ে তিনি সহস্র নির্ঝরের দিকে চললেন। তুর্কীদের খাঁ বা নায়ক তখন মৃগয়া উপলক্ষে সেখানে শিবির স্থাপন করেছিলেন। তুর্কী শিবির হতে অনেক জায়গা ঘুরে হুয়েন-সাং সমরখন্দে পৌঁছালেন।

সমরখন্দ তখন মধ্য-এশিয়ার একটি বিশিষ্ট বাণিজ্যকেন্দ্র। সমরখন্দ হতে বদাখ্‌সান, বাল্‌খ, বামিয়ান্‌ ও জালালাবাদ হয়ে তিনি উত্তর-পশ্চিম প্রদেশের উদ্যান রাজ্যে (স্বাত উপত্যকা) প্রবেশ করেছিলেন। এখানে তিনি পাথরের উপর বুদ্ধের পদচিহ্ন ও বস্ত্রের দাগ দেখেছিলেন। তিনি ৬৩০ খ্রীষ্টাব্দে গান্ধারে আসেন।


হুয়েন সাংয়ের ভারতে আগমন

ভারতবর্ষে এসে হুয়েন-সাং কাশ্মীরে বহুদিন বাস করেছিলেন। সেখানকার একজন বৃদ্ধ পণ্ডিতের নিকট তিনি বহু শাস্ত্র অধ্যয়ন করেছেন। ভারতবর্ষে ভ্রমণকালে তিনি দুইবার দস্যুর হাতে পড়েছিলেন। একবার অতিকষ্টে তাঁর প্রাণরক্ষা হয়। ভ্রমণকালে যখন যেখানে কোন বড় পণ্ডিতের কথা শুনেছেন তখনই সেখানে থেকে কিছুদিন শাস্ত্রপাঠ করেছেন। এইভাবে সংস্কৃতে তাঁর এমন পারদর্শিতা জন্মেছিল যে অনায়াসে এই ভাষায় বিচার, বিতর্ক ও গ্রন্থরচনা করতে পারতেন। সেকালে নালন্দা বিশ্ববিদ্যালয়ের খ্যাতি সমগ্র এশিয়ায় বিস্তৃত হয়েছিল। হুয়েন-সাং এইখানে সুপ্রসিদ্ধ আচার্য শীলভদ্রের সাথে কয়েক বছর শাস্ত্রালোচনায় অতিবাহিত করেছিলেন।

নালন্দা বিশ্ববিদ্যালয়

হুয়েন-সাং শুনেছিলেন যে বুদ্ধের পরিনির্বাণের কিছু পরে একজন গুপ্ত সম্রাটের আনুকূল্যে নালন্দা বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়। ফা-হিয়ান নালন্দ গ্রামে গিয়েছিলেন কিন্তু কোন বিশ্ববিদ্যালয়ের উল্লেখ করেন নি। সুতরাং মনে হয় যে গুপ্তযুগের প্রথমভাগে এই বিশ্ববিদ্যালয়ের অস্তিত্ব ছিল না। কিন্তু এই প্রসিদ্ধ বিদ্যালয় যে বহু নরপতির অকৃপণ দানে সমৃদ্ধ হয়েছিল তাতে সন্দেহ নেই। গুপ্তবংশীয় রাজা বালাদিত্য নালন্দার অন্যতম পৃষ্ঠপোষক ছিলেন। বিশ্ববিদ্যালয়ের ব্যয় নির্বাহ হত দুইশত গ্রামের রাজস্ব হতে। একসময়ে নালন্দায় দশ হাজার ছাত্র ও শিক্ষকের বাস ছিল। বিশ্ববিদ্যালয়ে সর্বদা নানাবিধ দুরূহ বিষয়ের আলোচনা হত। কোন ছাত্র বা সন্ন্যাসীরই সেখানে আলস্যের অবকাশ ছিল না। নালন্দায় কেবল বৌদ্ধশাস্ত্রের চর্চা

হত না। বেদ, সাংখ্য, ব্যাকরণ প্রভৃতি শাস্ত্রের অধ্যয়ন-অধ্যাপনা হত। জাতিধর্ম নির্বিশেষে সকলেই যোগ্যতার পরিচয় দিয়ে বিশ্ববিদ্যালয়ে প্রবেশ করতে পারত। কিন্তু প্রতি বছরই অনেক প্রবেশার্থীকে নিরাশ হয়ে ফিরতে হত। ছাত্ররা বিনা ব্যয়ে থাকতে ও খেতে পেত। কিন্তু বিহারের নিয়ম অনুসারে তাদের প্রত্যেকেরই অল্পবিস্তর কাজ করতে হত। এই নিয়মের ব্যতিক্রম হত তাদের বেলায় যারা কোন না কোন শাস্ত্রে বিশেষ পারদর্শিতা লাভ করেছেন।



নালন্দা

নালন্দের বিহারে নারীর প্রবেশ অধিকার ছিল না। শিক্ষকরা সকলেই সন্ন্যাসী ছিলেন। ছাত্ররা বিশ্ববিদ্যালয়ে অবস্থানকালে সন্ন্যাসের কঠোর নিয়ম মেনে চলতেন। তাদের বাসগৃহ ছিল নিতান্ত অপরিসর, শয্যা কঠিন। বিশ্ববিদ্যালয়ের গ্রন্থ-সংগ্রহ ছিল বিরাট, শিক্ষার কক্ষ একশত। হুয়েন-সাং নালন্দের গগনচুম্বী বিহার, শ্বেত ও রক্ত কমল শোভিত জলাশয়, আম্রবাটিকা ও সুবর্ণবর্ণ কণকপুষ্পের অতুলনীয় শোভার মনোজ্ঞ বিবরণ দিয়েছেন, মহাস্থবির শীলভদ্রের অসাধারণ পাণ্ডিত্যের ভূয়সী প্রশংসা করেছেন। সেকালে তাঁর মত সর্বশাস্ত্রবিদ পণ্ডিত চীনে বা ভারতবর্ষে আর দ্বিতীয় ছিল না। হুয়েন-সাং বুদ্ধের সকল লীলাভূমি ঘুরে ঘুরে দেখেছিলেন। আর দেখেছেন কাশ্মীর, কনৌজ, কামরূপ, সমতট, কর্ণসুবর্ণ, কলিঙ্গ, দক্ষিণ-কোশল, অন্ধ্র, দ্রাবিড়, বলভি, কচ্ছ, সিন্ধু, মালব, মহারাষ্ট্র প্রভৃতি সমৃদ্ধ রাজ্য।

দক্ষিণ পাণ্ডুরাজ্যে তিনি ভ্রমণ করেননি। যেখানে যা দেখেছেন, শুনেছেন, যত্ন সহকারে লিখে গিয়েছেন।

নালন্দা বিশ্ববিদ্যালয়ে অবস্থানকালে কামরূপের রাজা ভাস্কর-বর্মণ হুয়েন-সাংকে নিজের রাজধানীতে আমন্ত্রণ করেন। কামরূপে থাকতে থাকতেই হুয়েন-সাং পেলেন হর্ষের আহ্বান। হুয়েন-সাংয়ের পাণ্ডিত্যের খ্যাতি শুনে হর্ষবর্ধন হুয়েন-সাংকে কনৌজে পাঠাবার জন্য ভাস্করবর্মণকে পত্র দিলেন। গভীর সমাদর প্রদর্শন করে হর্ষবর্ধন হুয়েন-সাংকে কনৌজে নিয়ে এলেন।

কনৌজের সভা ও প্রয়াগের মহামোক্ষ পরিষদ

কনৌজ মহাযান মতে প্রাধান্য প্রতিষ্ঠার জন্য হর্ষ এক বিরাট সভার আয়োজন করেছিলেন। এই সভায় হুয়েন-সাং উপস্থিত ছিলেন। এই সভায় এসেছিলেন ভারতের বিভিন্ন অঞ্চল থেকে আঠার জন রাজা, মহাযান ও হীনযান শাস্ত্রে ব্যুৎপন্ন তিন হাজার বৌদ্ধ আর তিন হাজার শাস্ত্রজ্ঞ ব্রাহ্মণ ও জৈন পণ্ডিত। এক নালন্দা বিশ্ববিদ্যালয় থেকেই এক হাজার পণ্ডিত এই বিতর্ক সভায় যোগদান করতে এসেছিলেন। সেখানে বুদ্ধের পূজা সমাপ্ত হবার পর হর্ষ হুয়েন-সাংকে সভার অধ্যক্ষতা করতে আহ্বান করলেন। তিনি মহাযান মত ব্যাখ্যা করে তার শ্রেষ্ঠত্ব প্রতিপাদন করলেন, কেউ তাঁর মত খণ্ডন করতে পারলেন না। তারপর হর্ষ হুয়েন-সাংকে নিয়ে ধর্মীয় অনুষ্ঠানের জন্য প্রয়াগের পুণ্য ক্ষেত্রে গেলেন। সেখানে প্রত্যেক পাঁচ বছর অন্তর এই অনুষ্ঠান হত। এই উপলক্ষে গঙ্গাযমুনা সঙ্গমে প্রায় পাঁচ লক্ষ লোকের সমাবেশ হয়েছিল। এখানে এক সপ্তাহ বৌদ্ধ, ব্রাহ্মণ, জৈন সাধু এবং নিঃস্ব অনাথ আতুরদের রাজা সমস্ত ভাণ্ডার উজাড় করে দান করলেন। তাঁর নিজের বস্ত্র অলঙ্কারও বাকী রইল না। দান শেষ হলে হর্ষ রাজ্যশ্রীর কাছে একখানি পুরাতন বস্ত্র ভিক্ষা করে অনুষ্ঠান সমাপ্ত করলেন।

হর্ষের নিকট বিদায় গ্রহণ করে ৬৪৩ খ্রীষ্টাব্দে হুয়েন-সাং স্বদেশে ফিরলেন। তিনি কাসগড়, ইয়ারখন্দ ও খোটানের ভিতর দিয়ে

৬৪৫ খ্রীষ্টাব্দে চীনে প্রত্যাবর্তন করেন। ভারতবর্ষ থেকে তিনি কয়েকটি বুদ্ধমূর্তি ও প্রায় সাড়ে ছয়শ সংস্কৃত পুঁথি নিয়ে গিয়েছিলেন। হুয়েন-সাং সমতটের অধিবাসীদের বিদ্যানুরাগ ও কর্ণসুবর্ণবাসীদের সততা ও সৌজন্যের উল্লেখ করেছেন। মহারাষ্ট্রের ক্ষত্রিয়দের সাহস ও রণনৈপুণ্যের প্রশংসা করেছেন।

(গ) **হর্ষবর্ধনের পরে ভারতবর্ষের অবস্থা (অষ্টম থেকে দ্বাদশ শতাব্দী) :** হর্ষবর্ধনের মৃত্যুর পরে তাঁর সাম্রাজ্যের আয়ু ফুরিয়ে আসে। দাক্ষিণাত্যের পশ্চিম ও উত্তর দিকে কয়েকটি রাজ্যের আবির্ভাব হয়। এই রাজ্যগুলি ভারতীয় উপমহাদেশের উত্তর ও দক্ষিণের মধ্যে সেতুবন্ধ রচনা করেন। স্বভাবতই উত্তর অঞ্চলের রাজনৈতিক ঘটনাবলীর প্রভাব এই রাজ্যগুলির উপর পড়ে। এই অঞ্চলে সাতবাহন, বাকাটক, চালুক্য ও রাষ্ট্রকূট রাজ্যই ছিল উল্লেখযোগ্য। অষ্টম শতাব্দীতে উত্তর ভারতের প্রধান নগর কনৌজের খুব মর্যাদা ছিল। এই শহরে অধিকার প্রতিষ্ঠা করা ছিল শক্তির মানদণ্ড। এই শহর অধিকার করে সাম্রাজ্য বিস্তার করাই ছিল শক্তিশালী রাজ্যগুলির উদ্দেশ্য। তখন কনৌজ দখলের প্রতিদ্বন্দ্বিতায় পাল, প্রতিহার ও রাষ্ট্রকূট এই তিনটি রাজ্য লিপ্ত ছিল। রাষ্ট্রকূটগণ দাক্ষিণাত্যের বিশাল অঞ্চলে প্রভুত্ব করেন। গুর্জর-প্রতিহারেরা রাজপুত বলে পরিচিত ছিলেন। এই বংশের একজন শক্তিশালী রাজা ছিলেন দ্বিতীয় নাগভট। তিনি বাংলার বিখ্যাত রাজা ধর্মপালের আশ্রিত চক্রায়ুধকে পরাজিত করে কনৌজ দখল করেন। এমনকি তিনি ধর্মপালের বাহিনীকেও পরাস্ত করেন। কিন্তু রাষ্ট্রকূট রাজ তৃতীয় গোবিন্দের নিকট দ্বিতীয় নাগভট পরাজিত হন। একটানা বিরোধের ফলে এই তিন রাজবংশের পক্ষে একটি ঐক্যবদ্ধ সাম্রাজ্য প্রতিষ্ঠা করা সম্ভব হয়নি। ক্রমান্বয়ে তাঁরা হীনবল হয়ে পড়েন। তার ফলে বহু ক্ষুদ্র ক্ষুদ্র রাজ্যের আবির্ভাব হয়।

কয়েকটি রাজ্যের আবির্ভাব

পাল, প্রতিহার ও রাষ্ট্রকূট—এই তিন রাজবংশের প্রতিদ্বন্দ্বিতা

অষ্টম শতাব্দী থেকে দ্বাদশ শতাব্দী পর্যন্ত দেশের বিভিন্ন স্থানে রাজপুতদের প্রাধান্য লক্ষ্য করা যায়। তাঁরা অনেককাল মুসলমানদের আক্রমণ প্রতিরোধ করেন। দশম শতাব্দীর দ্বিতীয়ভাগ থেকেই গুর্জর প্রতিহার সাম্রাজ্যের অধঃপতন আরম্ভ হয়। এই সাম্রাজ্য বহুধা বিভক্ত হয়ে পড়ল। মালবের পরমার রাজ্য, বুন্দেলখণ্ডের চান্দেল্ল রাজ্য, আজমীরের চৌহান রাজ্য এবং গুজরাটের সোলাঙ্কি রাজ্য প্রতিহার শক্তির উত্তরাধিকারী হল। রাজপুত সমাজ সামন্ততান্ত্রিক পদ্ধতিতে সংঘটিত হল। সমাজে ও রাষ্ট্রে রাজা, জায়গিরদার, সর্দার, সাধারণ মানুষ ইত্যাদির স্বতন্ত্র ক্ষেত্র ও দায়িত্ব সুনির্দিষ্ট ছিল। একাদশ শতাব্দীতে রাজপুত শাসনে সামন্ত-ব্যবস্থামূলক সমাজ ভারতবর্ষে প্রথম দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত হতে দেখা যায়। স্বদেশ ও স্বধর্মের জন্য রাজপুতদের আত্মবিসর্জনের কাহিনী আজও রাজপুত কবি ও চারণদের গাথায় ধ্বনিত হয়।

রাজপুত সমাজে সামন্ততন্ত্রের বিকাশ

(ঘ) **মধ্যযুগের বাংলা :** হর্ষবর্ধন যখন উত্তর ভারতের সম্রাট তখন গৌড়ে শশাঙ্ক নামে একজন পরাক্রান্ত হিন্দু রাজা ছিলেন। মুর্শিদাবাদের কর্ণসুবর্ণ তাঁর রাজধানী ছিল। তিনি উৎকল ও কঙ্গোদ (গঞ্জাম জেলা) জয় করেন। সম্ভবতঃ পশ্চিমে মগধ ও পূর্বে বঙ্গরাজ্য তাঁর দখলে ছিল। তিনি গৌড়ের শত্রু মৌখরিবংশকেও দমনের চেষ্টা করেন। কামরূপের ভাস্করবর্মণ শশাঙ্ক সম্পর্কে শঙ্কিত হয়ে থানেশ্বরের সঙ্গে মিত্রতা করেন। মালবরাজ দেবগুপ্তের সঙ্গে শশাঙ্কের মিত্রতা স্থাপিত হয়। শশাঙ্কের হাতে রাজ্যবর্ধনের পরাজয় ও মৃত্যুর কথা পূর্বেই বলা হয়েছে। শশাঙ্কর সঙ্গে হর্ষবর্ধনের প্রবল শত্রুতা ছিল। শশাঙ্ক বৌদ্ধদের দেখতে পারতেন না। ৬৩৭ খ্রীষ্টাব্দে শশাঙ্কর মৃত্যু হয়।

শশাঙ্ক

শশাঙ্কর মৃত্যুর পর বাংলাদেশে মাৎস্যন্যায় দেখা দিল। প্রাচীন লেখকরা খুব অরাজকতা এবং বিশৃঙ্খলা বোঝাতে মাৎস্যন্যায় কথা

ব্যবহার করতেন। এমন অবস্থা যে বড় মাছ ছোট মাছকে গিলে খায়। এই বিপদ থেকে রক্ষা পাবার জন্য দেশের লোকেরা অষ্টম শতাব্দীর মাঝামাঝি গোপাল নামে একজন যোদ্ধাকে রাজা নির্বাচন করেন। গোপাল শান্তি ফিরিয়ে আনলেন এবং বাংলাদেশে পালবংশ নামে একটি নতুন রাজবংশের প্রতিষ্ঠা করলেন। এই বংশের রাজারা প্রায় চারশত বছর রাজত্ব করেছিলেন। এই বংশের আর দুজন বিখ্যাত রাজা হলেন ধর্মপাল (৭৭০-৮১০ খ্রীঃ) ও দেবপাল (৮১০-৮৫০ খ্রীঃ)।

পালবংশ

পালবংশের পর সেনবংশের রাজারা বাংলাদেশে রাজত্ব করেন। তাঁদের পূর্বপুরুষ দক্ষিণ ভারত থেকে বাংলায় এসেছিলেন। এই বংশে বিজয় সেন নামক একজন পরাক্রান্ত রাজা ছিলেন। তাঁর পুত্র বল্লালসেন সম্ভবতঃ ১১৫৮ খ্রীষ্টাব্দে সিংহাসনে বসেন। তিনি প্রায় একুশ বছর রাজত্ব করেছিলেন। বল্লালসেনের পুত্র লক্ষ্মণসেন রাজা হলেন ১১৭৯ খ্রীষ্টাব্দে। তিনি প্রায় কুড়ি বছর রাজত্ব করেন। লক্ষ্মণসেনের রাজত্বের শেষের দিকে তুর্কী সেনাপতি বখ্‌তিয়ার খল্‌জী নদীয়া আক্রমণ করেন। লক্ষ্মণসেন পালিয়ে গিয়ে পূর্ববঙ্গে বিক্রমপুরে আশ্রয় নেন। লক্ষ্মণসেনের বংশধররা কিছুদিন পূর্ববঙ্গে রাজত্ব করেছিলেন। সমগ্র বাংলাদেশ জয় করতে তুর্কীদের অনেক সময় লেগেছিল।

সেনবংশ

পাল ও সেন রাজাদের সময় সাহিত্য, বাণিজ্য ও জীবনযাত্রা: পাল ও সেন রাজাদের সময় বাংলাদেশে খুব লেখাপড়ার চর্চা ছিল। সে সময় এদেশে অনেক পণ্ডিত ও লেখক জন্মেছিলেন। কতকগুলি প্রাচীন বাংলা গান নেপালে পাওয়া গিয়েছে। এইগুলিকে চর্যাপদ বলে। গানগুলিতে বৌদ্ধদের সাধনার কথা আছে। গোবিন্দচন্দ্র (বা গোপীচন্দ্র) বলে একজন রাজার কাহিনী নিয়ে ময়নামতীর গান নামে একখানি কাব্য লেখা হয়েছিল।

সাহিত্য ও বিদ্যাচর্চা

পালবংশের শেষের দিকে সন্ধ্যাকর নন্দী রামচরিত নামে একখানি

কাব্য লেখেন। সেন রাজাদের মধ্যে বল্লালসেন সংস্কৃত ভাষায় বই লিখেছিলেন। তাঁর একটি বইয়ের নাম দানসাগর। তাঁর পুত্র লক্ষণসেন সংস্কৃত ভাষায় কবিতা লিখতেন। তাঁর মন্ত্রী হলায়ুধ সে যুগের সবচেয়ে বড় পণ্ডিত ছিলেন। তিনি অনেক সংস্কৃত গ্রন্থ লিখেছিলেন। বিখ্যাত কবি জয়দেব লক্ষণসেনের সময়ের লোক। তাঁর কাব্যের নাম গীতগোবিন্দ। জয়দেবের বাড়ী ছিল অজয় নদের তীরে কেন্দুবিল্ব গ্রামে।

পালরাজারা বৌদ্ধ ছিলেন। ধর্মপাল তুইটি বৌদ্ধমঠ নির্মাণ করেন, একটি উত্তর বাংলায় পাহাড়পুরের কাছে সোমপুরে, আর একটির নাম বিক্রমশীল। বিহারের উদ্দণ্ডপুরের মঠও বোধ হয় ধর্মপালের সময় নির্মিত হয়। পাহাড়পুরের মন্দির পালযুগের একটি বিস্ময়কর কীর্তি। মন্দিরের গায়ে পাথরের উৎকীর্ণ কারু-কার্য ও নানারকম পোড়া-মাটির কাজ দেখতে পাওয়া যায়। তাদের মধ্যে দেবদেবীর মূর্তি ও পুরাণের কাহিনী ছাড়া দৈনন্দিন জীবনযাত্রার অনেক সুন্দর দৃশ্য আছে। মন্দিরটি ত্রিতল, কিন্তু উপরের অংশ ভেঙ্গে গিয়েছে। পণ্ডিতরা বলেন ভারতবর্ষের বাইরে প্রাচীন হিন্দু মন্দিরগুলির সঙ্গে এই মন্দিরটির গঠনরীতির খুব মিল আছে।


শরাহত হরিণ, পাহাড়পুরের

সে যুগে বিদ্যাচর্চার জন্য বিক্রমশীল বিহারের খুব খ্যাতি হয়েছিল। বিক্রমশীল বিহার নির্মিত হয়েছিল বর্তমান ভাগলপুরের নিকটে। এই বিহারে বিখ্যাত পণ্ডিত অতীশ দীপঙ্কর বাস করতেন। তিনি উদ্দণ্ডপুর বিহারে শিক্ষালাভ করেছিলেন। সেখান থেকে তিনি সুবর্ণদ্বীপে গিয়ে এক বৌদ্ধ পণ্ডিতের কাছে বার বছর বৌদ্ধশাস্ত্র

অধ্যয়ন করেন। দেশে ফিরে এলে তাঁকে বিক্রমশীল বিহারের আচার্যের পদ দেওয়া হয়।

সেন রাজগণ শৈব ও বৈষ্ণবধর্মের উপাসক ছিলেন ; তারা বৈদিক যাগযজ্ঞ ও ক্রিয়াকাণ্ডের অনুষ্ঠান করতেন। তাঁদের পৃষ্ঠপোষকতায় সংস্কৃত সাহিত্য ও হিন্দুধর্মের নবজাগরণের সূত্রপাত হয়। বল্লালসেন কৌলিন্য প্রথার প্রবর্তন করে হিন্দু সমাজকে নতুনভাবে সংগঠনের চেষ্টা করেন। জাতিভেদ প্রথা কঠোর রূপ ধারণ করে।

ভারতবর্ষের বহু রাজ্যের মত বাংলায় মেয়েদের প্রকৃত স্বাধীনতা ছিল না। বিধবা বিবাহ নিন্দিত ছিল, কিন্তু পুরুষের বহু বিবাহে কোন বাধা ছিল না। মৃত স্বামীর চিতায় সহমরণের প্রথাও ছিল। তখন দেশের অধিকাংশ মানুষ গ্রামে বাস করে কৃষিকাজ করত। বাংলার বস্ত্রশিল্পের খুব খ্যাতি ছিল। তাম্রলিপ্তি বন্দরে অনেক জায়গার জিনিস আমদানি হত ও বিভিন্ন জিনিস বিদেশে চালান যেত। বাণিজ্যের অগ্রগতি হলেও দেশ ছিল কৃষি-নির্ভর। দেশে যেমন সঙ্গতিপন্ন লোক ছিল, তেমনি দরিদ্র ব্যক্তিও অনেক ছিল। ভূমিহীন গৃহস্থ বা সাধারণ কৃষক ও শ্রমজীবী মানুষের আর্থিক স্বচ্ছলতা ছিল না।

জীবনযাত্রা

এই সময়কার বাঙালীর আহার-বিহার, জামাকাপড় এবং আমোদ-উৎসবের কথা কিছু কিছু জানতে পারা যায়। সেকালেও এখনকার মত ভাত, ঘি, দুধ, মাছ, পিঠা, পায়স, ক্ষীর, মোয়া, খাজা, লাড়ু, শাক-সবজি প্রভৃতি বাঙালীর প্রিয় খাদ্য ছিল। এখন যে সব মিষ্টান্নে আমাদের খুব রুচি, তার সবগুলি সেযুগে ছিল না। আবার তখনকার কোনও কোনও মিষ্টান্ন এখন আর তেমন দেখা যায় না। তখনও ইলিশ মাছ অনেকের খুব প্রিয় ছিল। শুঁটকী মাছ খাবার কথাও পাওয়া যায়। মাংস খাওয়া চলিত ছিল। তখন ছেলেরা খাটো করে ধুতি পরত। অনেক পাথরের মূর্তিতে এই রকম কাপড় পরবার ভঙ্গী দেখা যায়। মেয়েরা একখানি করে শাড়ী পরত। শহরের মেয়েরা

কখনও কখনও চোলির মত খাটো জামা গায়ে দিত। স্ত্রী পুরুষ সকলেই অলঙ্কার পরত। খড়ম ও চামড়ার জুতার ব্যবহার ছিল। আমাদের মত তখনও বাঙালীর দুর্গাপূজা প্রধান উৎসব ছিল। তাছাড়া দোল, জন্মাষ্টমী প্রভৃতিরও উৎসব হত। বারোমাসে নানা রকম ব্রত-পার্বণ তো ছিলই। ভদ্র পরিবারের মহিলারাও গানের চর্চা করতেন। কবি জয়দেবের স্ত্রী পদ্মাবতী ভাল নাচতে পারতেন বলে খ্যাতি ছিল। উৎসবের সময় ঢাক, ঢোল, মৃদঙ্গ, করতাল, কাঁসর বাজত।

(ঙ) মধ্যযুগে দক্ষিণ ভারত: গুপ্ত রাজ্যকালে ও তার পরবর্তীযুগে উত্তর ভারতের কোন শাসক দক্ষিণ ভারত জয় করতে পারেন নি। ষষ্ঠ শতাব্দীর মধ্যভাগে প্রথম পুলকেশী বাদামী বা বাতাপি (বিজাপুরের অন্তর্গত) নগরের পার্শ্ববর্তী কানাড়ী ভাষী অঞ্চলে একটি রাজ্যের পত্তন করেন। চালুক্য বংশের প্রধান নরপতি দ্বিতীয় পুলকেশী (৬০৯-৬৪২ খ্রীঃ) দাক্ষিণাত্যে হর্ষবর্ধনের অভিযানকে বিধ্বস্ত করেন। ৭৫৩ খ্রীষ্টাব্দে চালুক্য বংশের অবসান ঘটে।

চালুক্য বংশ


ষষ্ঠ শতাব্দীর মধ্যভাগ থেকে কাঞ্চীকে কেন্দ্র করে পল্লব রাজ-শক্তি সুপ্রতিষ্ঠিত হয়েছিল। পল্লবরাজ নরসিংহ বর্মণের রাজত্বকালে (৬২৫-৬৪৫ খ্রীঃ) পল্লব শক্তি উন্নতির শীর্ষে আরোহণ করেছিল। তিনি চালুক্যরাজ দ্বিতীয় পুলকেশীকে পরাজিত ও নিহত করে চালুক্য রাজধানী বাতাপী দখল করে বিপুল খ্যাতির অধিকারী হন। নবম শতাব্দীর দ্বিতীয়ার্ধে রাষ্ট্রকূটদের হাতে পল্লব রাজশক্তি ধ্বংস হয়ে যায়।

পল্লব রাজ্য

পল্লব শক্তির পতনের পর ভারতের দক্ষিণে চোল রাজ্য প্রবল হয়ে ওঠে। চোলরাজ প্রথম পরান্তক বীর যোদ্ধা বলে খ্যাতি লাভ করেন। চোল বংশের শ্রেষ্ঠ রাজা ছিলেন রাজ রাজ (৯৮৫-১০১৮ খ্রীঃ)। দ্বাদশ শতাব্দীর মাঝামাঝি থেকে চোল রাজ্য দুর্বল হয়ে পড়ে। ১৩১০ খ্রীষ্টাব্দে চোল রাজ্যের অস্তিত্ব নিশ্চিহ্ন হয়।

চোল রাজ্য

শিল্প ও স্থাপত্যের ক্ষেত্রে চালুক্য ও পল্লবদের অবদান : শিল্পকলা ও স্থাপত্যে দক্ষিণ ভারতের সম্পদ বিপুল ও বিস্ময়কর বললে মোটেই অতিরঞ্জন হবে না। চালুক্য আমলে শিল্পকলার অভূতপূর্ব উন্নতি ঘটে। চালুক্য রাজধানী বাদামীর গুহামন্দিরগুলি স্থাপত্য শিল্পের অপূর্ব নিদর্শন। এই রাজত্বকালেই অজন্তা গুহার বহু চিত্র অঙ্কিত হয়েছিল। পল্লব যুগের আকর্ষণীয় শিল্প নিদর্শনের সাক্ষ্য রয়েছে কাঞ্চী ও মহাবলিপুরমের মন্দিরে, নরনারী ও জীবজন্তুর শিলামূর্তিতে। স্থাপত্যে ও ভাস্কর্যে দক্ষিণ ভারতের শিল্পীদের কীর্তি আজও মানুষকে অভিভূত করে।



মহাবলিপুরম

সমুদ্রপথে চোলদের আধিপত্য : অনেককাল আগে থেকেই পোত-নির্মাণ ও চালনায় দক্ষিণ ভারতের নৈপুণ্যের পরিচয় পাওয়া যায়। পশ্চিমের ও পূর্বের দেশগুলির সঙ্গে তাদের নৌ-বাণিজ্য চলতে থাকে। চোল রাজশক্তির প্রাধান্যের যুগে চোলেরা তাদের নৌবাহিনীর জোরে বঙ্গোপসাগরকে 'চোল হ্রদে' অর্থাৎ প্রায় তাদের অধিকৃত অঞ্চলে পরিণত করেছিল। সমুদ্রের উপর আধিপত্য স্থাপন করে তারা মালয় থেকে চীন পর্যন্ত সুদূর দেশে প্রভাব বিস্তার করেছিল।

অনুশীলনী

প্রবন্ধমূলক প্রশ্ন :

(১) ভারতবর্ষে হূন অভিযানের কথা সংক্ষেপে বল। [১০]

(২) গুপ্ত সাম্রাজ্যের পতনের পর কোন্ কোন্ রাজ্যের আবির্ভাব হয়? তাদের সম্বন্ধে কি জান? [১০]

(৩) হর্ষবর্ধনকে 'সমগ্র উত্তরাপথের প্রভু' কেন বলা হত? তাঁর রাজ্য জয় সম্বন্ধে যা জান বল। [১০]

(৪) হর্ষবর্ধনের বিদ্যাচর্চা ও ধর্মানুরাগের কথা যা জান সংক্ষেপে বল। [১০]

(৫) হুয়েন-সাং ভারতবর্ষে কেন এসেছিলেন? তিনি যে পথে এসেছিলেন তার বিবরণ দাও। [১০]

(৬) হুয়েন-সাংয়ের বিবরণ হতে ভারতবর্ষের অবস্থা কি জানতে পারা যায়? [১০]

(৭) নালন্দা বিশ্ববিদ্যালয়ের কথা যা জান বল। [১০]

(৮) কনৌজের সভা সম্বন্ধে কি জান? [১০]

(৯) হর্ষবর্ধনের পরে ভারতবর্ষের অবস্থার এক সংক্ষিপ্ত বিবরণ দাও। [১০]

(১০) কোন্ কোন্ রাজ্য কনৌজ দখলের প্রতিদ্বন্দ্বিতায় লিপ্ত ছিল? তাদের বিষয়ে কি জান? [১০]

(১১) কখন রাজপুতদের প্রাধান্য ছিল? কখন রাজপুত সমাজে সামন্ততন্ত্রের বিকাশ ঘটে? [১০]

(১২) শশাঙ্ক সম্বন্ধে যা জান বল। [১০]

(১৩) পালরাজারা কোন্ ধর্ম অনুসরণ করতেন? বিক্রমশীল ও উদ্দণ্ড-পুরের মঠ সম্বন্ধে যা জান বল। [১০]

(১৪) পাল ও সেন রাজাদের সময়ের সাহিত্য ও বিদ্যাচর্চার সংক্ষিপ্ত বিবরণ দাও। [১০]

(১৫) বাংলার সামাজিক ও অর্থনৈতিক জীবন সম্বন্ধে সংক্ষেপে আলোচনা কর। [১০]

(১৬) শিল্প ও স্থাপত্যের ক্ষেত্রে চালুক্য ও পল্লবদের অবদান আলোচনা কর। [১০]

সংক্ষিপ্ত প্রশ্ন :

(১) মিহিরগুলের রাজ্যজয় সম্বন্ধে কি জান? কোন্ সময় থেকে হূন শক্তির ক্ষমতা হ্রাস পায়? [৫+২]

(২) রাজ্যবর্ধনের সঙ্গে কাদের যুদ্ধ হয়েছিল? তখন গৌড়ের রাজা কে ছিলেন? [৫+২]

(৩) রাজ্যশ্রী সম্বন্ধে কি জান? 'সমগ্র উত্তরাপথের প্রভু' কাকে বলা হত? [৫+২]

(৪) হর্ষবর্ধনের ধর্মানুশীলন সম্বন্ধে কি জান? হর্ষবর্ধন রচিত একটি নাটকের নাম কর। [৫+২]

(৫) কার গ্রন্থ থেকে হর্ষবর্ধনের জীবনকথা অনেকটা জানা যায়? হর্ষবর্ধনের সভাপণ্ডিতের নাম কর। [৫+২]

(৬) শশাঙ্কর মৃত্যুর পর বাংলা দেশের অবস্থা কেমন ছিল? পালবংশের প্রতিষ্ঠাতা কে ছিলেন? [৫+২]

(৭) বিক্রমশীল বিহার সম্বন্ধে কি জান? অতীশ দীপঙ্কর কোথাকার আচার্য ছিলেন? [৫+২]

(৮) সেন রাজারা কিসের উপাসক ছিলেন? কে কৌলিন্য প্রথার প্রবর্তন করেন? [৫+২]

(৯) সমুদ্রপথে চোলদের আধিপত্য সম্বন্ধে যা জান লেখ। কোন অঞ্চলকে 'চোল হ্রদে' পরিণত করা হয়েছিল? [৫+২]

অতি-সংক্ষিপ্ত প্রশ্ন:

(১) মিহিরগুল কে ছিলেন? কার নিকট তিনি পরাজিত হন? [১+৪]

(২) গ্রহবর্মণ কে ছিলেন? রাজ্যশ্রীকে কে বন্দিনী করেন? [১+৪]

(৩) রত্নাবলী ও নাগানন্দ নাটকের রচয়িতা কে ছিলেন? কাদম্বরী গ্রন্থ কার আমলে রচিত হয়? [১+৪]

(৪) বানভট্ট কে ছিলেন? তাঁর রচিত একখানি গ্রন্থের নাম কর। [১+৪]

(৫) শীলভদ্র কে ছিলেন? হুয়েন সাং তার সম্বন্ধে কি বলেছেন? [১+৪]

(৬) দ্বিতীয় নাগভট কে ছিলেন? তিনি কাকে পরাজিত করেন? [১+৪]

(৭) পাল বংশের প্রতিষ্ঠাতা কে ছিলেন? এই বংশের দুজন বিখ্যাত রাজার নাম কর। [১+৪]

(৮) ধর্মপাল কে ছিলেন? উদ্দণ্ডপুরের মঠ কার সময়ে নির্মিত হয়? [১+৪]

(৯) সেনবংশের পূর্বপুরুষ কোথা থেকে বাংলায় এসেছিলেন? বাংলায় কখন জাতিভেদ প্রথা কঠোর রূপ ধারণ করে? [১+৪]

(১০) রামচরিত গ্রন্থের রচয়িতা কে ছিলেন? কোন্ সেন রাজা সংস্কৃত ভাষায় বই লিখেছিলেন? [১+৪]

(১১) কাকে চর্যাপদ বলে? তাতে কি রয়েছে? [১+৪]

(১২) হলায়ুধ কে ছিলেন? লক্ষ্মণ সেন কোন্ ভাষায় কবিতা লিখতেন? [১+৪]

(১৩) বিক্রমশীল বৌদ্ধমঠ কে নির্মাণ করেন? এই মঠ কোন্ যুগের কীর্তি? [১+৪]

(১৪) বিক্রমশীল বিহার কোথায়? এখানে কোন্ পণ্ডিত বাস করতেন? [১+৪]

১৫) কে কৌলিন্য প্রথার প্রবর্তন করেন? দানসাগর গ্রন্থ কে রচনা করেন? ও কোন্ ভাষায় রচনা করেন? [১+৪]

(১৬) চালুক্য বংশের প্রতিষ্ঠাতা কে ছিলেন? দ্বিতীয় পুলকেশী সম্বন্ধে কি জান? [১+৪]

(১৭) কোন্ স্থানকে কেন্দ্র করে পল্লব রাজশক্তি সুপ্রতিষ্ঠিত হয়? কার আমলে এই রাজশক্তি উন্নতির শীর্ষে আরোহণ করে? [১+৪]

(১৮) চোল রাজ্য কখন শক্তিশালী হয়ে ওঠে? চোল বংশের শ্রেষ্ঠ রাজা কে ছিলেন? [১+৪]

(১৯) কোন্ রাজত্বকালে অজন্তাগুহার বহু চিত্র অঙ্কিত হয়েছিল? মহাবলিপুরম কিসের জন্য বিখ্যাত? [১+৪]

(২০) 'চোলহ্রদ' কাকে বলা হয়? এখানে কাদের নৌবহরের প্রাধান্য ছিল? [১+৪]

দ্বাদশ পরিচ্ছেদ

ভারতের সঙ্গে বিদেশের যোগাযোগ

ভারতবর্ষ ও এশিয়ার অন্যান্য দেশ : হুয়েন-সাং মধ্য এশিয়ার বহু জায়গায় ভারতীয় ভাষা, লিপি ও আচার ব্যবহারের প্রচলন লক্ষ্য করেছিলেন। তাঁর পরবর্তী পরিব্রাজক ইৎ-সিং সুমাত্রার শ্রীবিজয় রাজ্যের এক পণ্ডিতের নিকট সংস্কৃত ভাষা ও ব্যাকরণ শিখেছিলেন। নিকোবর দ্বীপপুঞ্জের বর্বর জাতিরাও সংস্কৃত "লৌহ" শব্দের সাথে পরিচিত ছিল। সুতরাং মধ্য এশিয়ায় ও ভারত মহাসাগরে ছোট ও বড় দ্বীপগুলিতে যে এক সময় হিন্দুদের যাতায়াত ছিল তাতে আর সন্দেহ নেই। প্রকৃত-পক্ষে অতি প্রাচীনকালেই হিন্দু বণিকরা পূর্ব ও পশ্চিম সমুদ্রপারের বহু দেশের সাথে ব্যবসা-বাণিজ্যে লিপ্ত ছিলেন।

বিদেশের সাথে ভারতের বাণিজ্য

ভারতবর্ষের বহির্বাণিজ্যের প্রাচীনতম উল্লেখ পাওয়া যায় গল্প ও উপকথায়। জাতকে আছে যে সেকালে আমাদের দেশের বণিকরা ব্যাবিলনে বাণিজ্য করতে যেতেন। খ্রীষ্টীয় প্রথম শতাব্দীতে মিশরের এক গ্রীক নাবিক লোহিত সাগর ও আরবসাগরের উপকূল ঘুরে জলপথে ভারতবর্ষে আসেন। তিনি লিখেছেন যে তখন মিশর, এশিয়া মাইনর ও রোমে ভারতবর্ষ থেকে মণিমুক্তা, মশলা, প্রসাধনদ্রব্য ও সূক্ষ্ম বস্ত্র রপ্তানি হত। ব্যবসায়ের সুবিধার জন্য তখন আরব সাগরের কতকগুলি দ্বীপে হিন্দু বণিকরা বাস করতে আরম্ভ করেছিলেন। সকোট্রা দ্বীপে তাঁদের একটি উপনিবেশ ছিল।

ভারতের পণ্য সাধারণতঃ দুইটি পথে রোমের বাজারে পৌঁছুত। জলপথে মিশর হয়ে আলেকজাণ্ড্রিয়ার বন্দর থেকে ভূমধ্যসাগরের পথে ভারতীয় পণ্য পাঠান যেত। অথবা পারস্যের কোন বন্দর থেকে স্থলপথে এশিয়া মাইনর হয়ে গ্রীসের উত্তর দিয়ে রোমে পৌঁছান যেত। ঐতিহাসিক প্লিনির গ্রন্থেও রোমের সাথে ভারতের ব্যবসায়ের কথা আছে।

মধ্য-এশিয়ার সাথে ভারতবর্ষের পরিচয় কত প্রাচীন তা নিঃসন্দেহে বলা যায় না। তবে খ্রীষ্টের জন্মের কয়েক শত বছর পূর্বেই যে মধ্য-এশিয়ায় বৌদ্ধধর্মের প্রচার হয়েছিল তাতে সন্দেহ নেই। মধ্য-এশিয়া থেকে চীনে এবং চীন থেকে কোরিয়া ও জাপানে এই ধর্মের প্রসার হয়। হুয়েন-সাং শুনেছিলেন যে বুদ্ধ স্বয়ং একবার খোটান অঞ্চলে গিয়েছিলেন। খোটানের (সংস্কৃত কুস্তন) রাজারা সম্রাট অশোকের বংশ বলে পরিচয় দিতেন। ফা-হিয়ান ও হুয়েন-সাংয়ের সময় পর্যন্ত সেখানে ভারতীয় সংস্কৃতির প্রাধান্য ছিল। মধ্য-এশিয়া এখন প্রাকৃতিক বিপর্যয়ে মরুভূমিতে পরিণত হয়েছে। কিন্তু প্রাচীনকালে সেখানে বহু সমৃদ্ধ জনপদ ছিল। বিখ্যাত পণ্ডিত স্যার অরেল্ ষ্টীন (Sir Aurel Stein) খোটানের বহু জায়গায় খনন করে অসংখ্য স্তূপ, বিহার ও হিন্দু দেবদেবীর মূর্তি এবং চিত্র ও পুঁথি আবিষ্কার করেছেন। খোটানের প্রাচীন রাজধানীতে সংস্কৃত ভাষায় ভারতীয় অক্ষরে লেখা কতকগুলি সরকারী চিঠিপত্র পাওয়া গিয়েছে। এই সব চিঠি থেকে জানা যায় যে খোটানের রাজার উপাধি ছিল "মহরায় মহারাজা দেবপুত্র"। সরকারী কাগজে তাঁর বিশেষণ ছিল "মহানুভব"। প্রজাদের মধ্যে ভীম, বঙ্গসেন, নন্দসেন, সিতক প্রভৃতি নাম দেখা যায়। রাজ কর্মচারীদের মধ্যে চর, দূত, লেখহারক প্রভৃতি উপাধি ছিল। স্যার অরেল যে সব খরোষ্ঠী দলিল পেয়েছেন তা থেকে প্রমাণ হয় যে খ্রীষ্টীয় তৃতীয় শতাব্দীতে খোটান অঞ্চলের সর্বত্র প্রাকৃতের মত একটি ভাষার প্রচলন ছিল। সরকারী কাগজপত্র ব্যতীত মধ্য-এশিয়ার বালুকাস্তূপ থেকে পাশ্চাত্য পণ্ডিতরা চিকিৎসা-শাস্ত্র, কাব্য ও দর্শন সম্বন্ধীয় অনেক মূল্যবান সংস্কৃত গ্রন্থ উদ্ধার করেছেন।

মধ্য এশিয়া ও ভারতবর্ষ

মধ্য-এশিয়ায় কেবল বণিক অথবা শিল্পীদের উপনিবেশ ছিল মনে করলে ভুল হবে। প্রসিদ্ধ বৌদ্ধ পণ্ডিত কুমারজীব মধ্য-এশিয়ার কুচা নগরে জন্মগ্রহণ করেছিলেন। তাঁর পিতা কাশ্মীরের লোক,

তিনি কুচা নগরের এক মহিলাকে বিবাহ করেছিলেন। কুমার বোধি ছিলেন তুরফানের রাজার গুরু।

নেপাল থেকে তিব্বতের ভিতর দিয়ে চীনে যাবার রাস্তা ছিল। খ্রীষ্টীয় সপ্তম শতাব্দীতে চীনের একজন রাজদূত এই পথে ভারতে এসেছিলেন। হর্ষের রাজত্বকালে তিব্বতে বৌদ্ধধর্মের প্রচার হয়। তখন তিব্বতে একজন পরাক্রান্ত রাজার অভ্যুদয় হয়েছিল। তাঁর নাম স্রংগ্ জান গাম্পো। তাঁর দুই রাণীর মধ্যে একজন চীনের ও আর একজন নেপালের রাজকন্যা। বোধ হয় তাঁদের প্রভাবেই রাজা বৌদ্ধধর্মে অনুরক্ত হয়েছিলেন। তিনি বৌদ্ধধর্মের সঙ্গে তিব্বতে ভারতীয় লিপিরও প্রবর্তন করেন। এখনও তিব্বতে এই লিপি প্রচলিত আছে।

চীন, তিব্বত ও ভারতবর্ষ

অতীশ দীপঙ্কর : চীনের বৌদ্ধ পণ্ডিতরা যেমন অধ্যয়ন ও তীর্থ দর্শনের জন্য বহু কষ্ট স্বীকার করে ভারতবর্ষে আসতেন সেইরকম তিব্বতের সাধুরাও এদেশে আসতে লাগলেন। নালন্দা বিশ্ববিদ্যালয়ে অনেক তিব্বতী পণ্ডিত শিক্ষা-লাভ করেছিলেন। আবার ভারতবর্ষ থেকেও বহু বৌদ্ধ পণ্ডিত তিব্বতে ধর্মপ্রচার করতে গিয়েছিলেন। তাঁদের মধ্যে অতীশ দীপঙ্করের নাম বিশেষ উল্লেখযোগ্য। দীপঙ্কর একাদশ শতাব্দীর লোক। তিনি জাতিতে বাঙালী ; তাঁর পাণ্ডিত্যের খ্যাতি শুনে তিব্বতের রাজা তাঁকে নিমন্ত্রণ করেন। অতীশের প্রথমে বিদেশে যাবার ইচ্ছা ছিল না, কিন্তু তিব্বতের রাজা বহুবার অনুরোধ করায় তিনি সম্মত হন। তিনি নেপাল হয়ে মানস সরোবরে যান এবং মানস সরোবর থেকে তিব্বতের রাজধানী লাসায় গিয়ে-




অতীশ দীপঙ্কর (তিব্বতীয় পট থেকে)


ছিলেন। লাসার ষোল মাইল দূরে একটি গুহায় তিনি বহুদিন বাস করেছিলেন। তিব্বতে তিনি অনেক গ্রন্থ রচনা ও অনুবাদ করেন। তিব্বতী ভাষায় বহু সংস্কৃত গ্রন্থ অনূদিত হয়েছিল। অতীশ আর দেশে ফিরে আসেননি। তিব্বতেই তাঁর মৃত্যু হয়। আজও তিব্বতের মানুষ অতীশের প্রতি গভীর শ্রদ্ধা প্রদর্শন করেন।

ভারতবর্ষ ও দক্ষিণ-পূর্ব এশিয়া ঃ মধ্য এশিয়ার বৌদ্ধ ও হিন্দু মন্দিরগুলি নষ্ট হয়েছে, কিন্তু এশিয়ার পূর্ব-দক্ষিণ ভাগে হিন্দু স্থপতি ভাস্করদের কীর্তি আজও বিদ্যমান। একসময়ে এই অঞ্চলে বড় বড় হিন্দুরাজ্য ছিল। সেকালে হিন্দু বণিকরা সুবর্ণভূমির ধনের খ্যাতি শুনে অজানা সমুদ্রে পাড়ি দিয়েছিলেন। সুবর্ণভূমি কোন একটি নির্দিষ্ট দেশের নাম নয়। কেউ ব্রহ্মদেশে সুবর্ণভূমির সন্ধান করেছেন। কেউ গিয়েছেন আরও পূর্বে। এইভাবে ব্রহ্ম থেকে ইন্দোচীন পর্যন্ত সমস্ত দেশের এবং বোর্নিও, সুমাত্রা ও যবদ্বীপ প্রভৃতি ছোট বড় দ্বীপের সঙ্গে তাদের পরিচয় হয়েছিল। ইন্দোচীনে দুইটি প্রসিদ্ধ রাজ্য স্থাপিত হয়েছিল, চম্পা ও কম্বুজ। এখন যে অঞ্চল আনাম নামে পরিচিত সেই অঞ্চলই ছিল চম্পার রাজাদের অধিকারে। ওদেশে হিন্দু ঔপনিবেশিকদের সংখ্যা বেশী ছিল মনে করবার কারণ নেই। তাহলেও সেখানে হিন্দুরাজ্য তেরশত বছরেরও বেশী টিকে ছিল। প্রচলিত প্রবাদ অনুসারে কম্বুজ রাজ্যের প্রতিষ্ঠাতা কৌণ্ডিন্য নামক একজন ব্রাহ্মণ। কম্বোডিয়ার দক্ষিণ ভাগে কম্বুজ রাজ্য ছিল। পঞ্চদশ শতাব্দীতে শ্যামের ও আনামের আক্রমণে কম্বুজ রাজ্যের পতন হয়। কম্বুজ রাজ্যের সমৃদ্ধির দিনে এর আধিপত্য কাম্বোডিয়ার বাইরেও বহুদূর পর্যন্ত বিস্তৃত হয়েছিল। চম্পা ও কম্বুজ রাজ্যে অনেক সংস্কৃত উৎকীর্ণ লিপি পাওয়া গিয়েছে। রাজাদের নামেও তাদের (চম্পা—রুদ্রবর্মণ, হরিবর্মণ; কম্বুজ—যশোবর্মণ, জয়বর্মণ) পিতৃভূমির পরিচয় রয়েছে। আংকোরভটের মন্দির ও আংকোরথোমের ধ্বংসাবশেষ এখনও কম্বুজ নরপতিদের পরাক্রম

সুবর্ণভূমি


ভারতের সঙ্গে বিদেশের যোগাযোগ
০ ৫০০ ১০০০
কি.মি.
দ ক্ষি ণ চী ন সা গ র
অমরাবতী
চম্পা
কাম্বোজিয়া
আংকর
কামপুচিয়া
মেকং নং
রেঙ্গুন
আন্দামান
নিকোবর
কেদা
সিংহপুর
যবদ্বীপ
বলি


ও সম্পদের স্মৃতি বহন করছে। আংকোরথোম কম্বুজরাজ সপ্তম জয়বর্মণের রাজধানী, আংকোরভট বিষ্ণুমন্দির। কম্বুজ রাজবংশের পিতৃভূমি ভারতবর্ষেও এতবড় মন্দির নেই। মঞ্চের উপর মঞ্চ, তার উপর মঞ্চ, তার উপর মুখ্য মন্দির। মঞ্চে মঞ্চে গগন স্পর্শী শিখর। মঞ্চের অবকাশে অপূর্ব কারুকার্য। মুখ্যমন্দির দুইশত তের ফুট উচ্চ, মন্দির-প্রাঙ্গণ প্রাচীর বেষ্টিত। প্রাচীরের বাইরে সাতশত ফুট বিস্তৃত পরিখা। এক প্রশস্ত শিলাময় সেতু পার হয়ে মন্দির-প্রাঙ্গণে প্রবেশ করতে হয়। এই বিরাট মন্দিরের ধ্বংসাবশেষ গভীর অরণ্যের অন্তরালে গুপ্ত ছিল। এক ফরাসী বৈজ্ঞানিক প্রথম যখন এই অপূর্ব মন্দিরের সংবাদ প্রকাশ করেন তখন অনেকে তাঁর কথা বিশ্বাস করেনি।



আংকোরভট (সম্মুখভাগ)

মন্দিরের ধ্বংসাবশেষ থেকে তিন মাইল দূরে রাজধানীর ধ্বংসস্তূপ। রাজধানী উচ্চ প্রাকার ও বিস্তৃত পরিখা দ্বারা সুরক্ষিত। নগরের কেন্দ্রস্থলে বেয়োনের বিরাট মন্দির। এই ত্রিতল মন্দির পিরামিডের আকারে গঠিত। তাতেও চল্লিশটি শিখর আছে, কেন্দ্রীয় শিখরের উচ্চতা দেড়শত ফুট। প্রত্যেক শিখরের চারিদিকে ধ্যানমগ্ন মহাদেবের মুখ। প্রায় একশত ফুট প্রশস্ত পাঁচটি রাজপথ নগরদ্বার হতে নগরের মধ্যভাগে গিয়েছে। রাজপ্রাসাদ ধ্বংস হয়ে গিয়েছে কিন্তু তার প্রাচীরের কারুকার্য কিছু কিছু অবশিষ্ট আছে। নগরদ্বার, তার সন্নিহিত প্রহরীদের বাড়ি ও শিখরের আয়তন এখনও দর্শকের মনে বিস্ময়ের উদ্রেক করে। বহু সংখ্যক সরোবরে এই প্রাচীন নগরের শোভা বৃদ্ধি হয়েছিল।

ত্রয়োদশ শতাব্দীতে একজন চীন দেশের লেখক কম্বুজের সম্পদ ও সমৃদ্ধি দেখে বিস্মিত হয়েছিলেন। তিনি চীন সম্রাটের দূতের সঙ্গে আংকোরে এসেছিলেন। বেয়োনের সর্বোচ্চ শিখর তখন সুবর্ণে মণ্ডিত ছিল। তিনি রাজধানীতে সুবর্ণ সেতু, সুবর্ণ সিংহ ও সুবর্ণে রচিত কতকগুলি বুদ্ধমূর্তি দেখেছিলেন। প্রত্যেক শিখরের শীর্ষে তখন মহাদেবের সুবর্ণরঞ্জিত পঞ্চ আনন বিদ্যমান ছিল।




বরবুদুরের মন্দির

ইন্দোচীনের হিন্দু রাজ্যগুলিতে বহু ব্রাহ্মণের বাস ছিল। স্থানীয় প্রাচীন অধিবাসীদের সাথে তাদের বিয়ে হত। ঔপনিবেশিকরা সংখ্যায় অল্প ছিল বলে তারা ক্রমশঃ ওখানকার খ্মের (khmer) জাতির সঙ্গে মিশে গিয়েছে।

মালয় উপদ্বীপে অষ্টম শতাব্দীতে এক পরাক্রান্ত সাম্রাজ্যের অভ্যুদয় হয়েছিল। শৈলেন্দ্র বংশীয় সম্রাটরা সমগ্র মালয় উপদ্বীপে ও সন্নিহিত দ্বীপপুঞ্জে (সুমাত্রা, বোর্ণিও, যবদ্বীপ ও বলি) আধিপত্য স্থাপন করেছিলেন। আরব লেখকদের মতে তখন সম্পদে ও শক্তিতে শৈলেন্দ্র বংশীয় 'মহারাজার' সমকক্ষ আর কেউ ছিল না। তাঁর দৈনিক রাজস্বের পরিমাণ ছিল দুইশত মণ সুবর্ণ। শৈলেন্দ্র রাজারা মহাযানপন্থী বৌদ্ধ। বাংলাদেশের পাল সম্রাটদের সাথে তাঁদের বিশেষ সম্প্রীতি ছিল। শৈলেন্দ্ররাজ বালপুত্রদেব নালন্দায় একটি বিহার নির্মাণ করিয়েছিলেন। তাঁর অনুরোধে দেবপাল বিহারের ব্যয় নির্বাহার্থ পাঁচখানি গ্রাম দান

করেন। বাঙালী শ্রমণ কুমারঘোষ শৈলেন্দ্র রাজাদের গুরু ছিলেন। যবদ্বীপের বরবুদুর (বহু বুদ্ধ) মন্দির শৈলেন্দ্র রাজবংশের কীর্তি। এই নবতল মন্দির একটি পাহাড়ের উপর নির্মিত। মন্দিরের শীর্ষদেশে একটি স্তূপ। মন্দিরের প্রাচীরে বুদ্ধের জীবনের আখ্যায়িকা উৎকীর্ণ আছে। ত্রয়োদশ শতাব্দীতে এই রাজ্যের পতন হয়। উত্তর ভারত যখন মুসলমান অধিকারে তখনও শৈলেন্দ্র রাজারা ভারত মহাসাগরে পূর্ব দ্বীপ-পুঞ্জ শাসন করছিলেন।



মন্দিরের তোরণ, বরবুদুর

শৈলেন্দ্র বংশের পতনের পর যবদ্বীপে একটি হিন্দু রাজ্য স্থাপিত হয়েছিল। মালয় অঞ্চলে ইসলাম ধর্ম বিস্তারের সঙ্গে সঙ্গে এই রাজ্য বিপন্ন হয়। রাজ পরিবারের লোকেরা ও অনেক হিন্দু তখন বলিদ্বীপে আশ্রয় গ্রহণ করেন। বলিদ্বীপে



বরবুদুরের দেওয়ালে উৎকীর্ণ চিত্র

এখনও হিন্দুদের বসতি। তাদের মধ্যে রামায়ণ ও মহাভারতের খুব আদর। যবদ্বীপের মুসলমানদের মধ্যেও হিন্দুপ্রভাব কিছু কিছু

বর্তমান আছে। সুদর্শন, পদ্মাবতী প্রভৃতি নামেই তার প্রমাণ। ওদেশে মুসলমানরাও রামায়ণ-মহাভারতের গল্প জানেন।

শ্যামে, ব্রহ্মে, সিংহলে এখনও বৌদ্ধধর্ম প্রচলিত। এই সকল দেশের শিল্প ও সংস্কৃতিতে এখনও ভারতের প্রভাব সুস্পষ্ট। ব্রহ্মের দ্বারাতী, শ্যামের অযোধ্যা ও মালয়ের সিংহপুর এখনও প্রাচীন ভারতের নগর ও জনপদের কথা স্মরণ করিয়ে দেয়। মালয়ের বহুস্থানে সংস্কৃত উৎকীর্ণ লিপি পাওয়া গিয়েছে। শ্যামে এখনও উত্তর ভারতের লিপি প্রচলিত। বহু শতাব্দীর ব্যবধানেও ভারতের সঙ্গে দক্ষিণ-পূর্ব এশিয়ার ঘনিষ্ঠ সম্বন্ধের ইতিহাস একেবারে নিশ্চিহ্ন হয়নি।

অনুশীলনী

প্রবন্ধমূলক প্রশ্ন ঃ

(১) বিদেশের সাথে ভারতের বাণিজ্য সংক্ষেপে আলোচনা কর। [১০]

(২) স্যার অরেল ষ্টীন কে ছিলেন? তাঁর আবিষ্কার হতে কি জানা যায়? [১০]

(৩) অতীশ দীপঙ্কর সম্বন্ধে যা জান লেখ। [১০]

(৪) দক্ষিণ-পূর্ব এশিয়ায় ভারতীয় উপনিবেশগুলির বিবরণ দাও। [১০]

(৫) আংকোরভট মন্দিরের বর্ণনা কর। [১০]

(৬) বেয়োনের মন্দিরের বর্ণনা কর। [১০]

(৭) বরবুদুর মন্দির সম্বন্ধে কি জান? [১০]

সংক্ষিপ্ত প্রশ্ন ঃ

(১) প্রাচীনকালে কোন্ অঞ্চলে হিন্দু বণিকদের যাতায়াত ছিল? কোন্ পথে ভারতীয় পণ্য রোমের বাজারে পৌছুত? [৫+২]

(২) কোন্ অঞ্চলে খনন করে অরেল ষ্টীন বহু জিনিস আবিষ্কার করেন? এখানে কি ভারতীয় সংস্কৃতির প্রাধান্য ছিল? [৫+২]

(৩) তিব্বতে বৌদ্ধধর্ম প্রচার সম্বন্ধে কি জান? নেপাল থেকে কোন্ অঞ্চলের মধ্য দিয়ে চীনে যাবার রাস্তা ছিল? [৫+২]

(৪) সুবর্ণভূমি বলতে কোন্ অঞ্চলকে বোঝায়? দক্ষিণ-পূর্ব এশিয়ায় হিন্দুরাজ্য কত বছর টিকে ছিল? [৫+২]

(৫) আংকোরভট মন্দিরের কথা কিভাবে জানা যায়? কোন্ রাজাদের আমলে তা নির্মিত হয়? [৫+২]

(৬) শৈলেন্দ্র রাজবংশের উল্লেখযোগ্য কীর্তি কি? কোথায় এই বংশের আধিপত্য স্থাপিত হয়? [৫+২]

অতি-সংক্ষিপ্ত প্রশ্ন:

(১) কুমারজীব কোন্ নগরে জন্মগ্রহণ করেন? কিসের জন্য তিনি খ্যাতিমান ছিলেন? [১+৪]

(২) তিব্বতের পরাক্রান্ত রাজার কি নাম ছিল? তাঁর সম্বন্ধে কি জান? [১+৪]

(৩) কোথায় চম্পা ও কম্বুজ রাজ্য স্থাপিত হয়েছিল? চম্পা ও কম্বুজ রাজ্যে কোন্ ভাষার লিপি পাওয়া গিয়েছে? [১+৪]

(৪) বরবুদুর মন্দির কোন্ রাজবংশের কীর্তি? মন্দিরের প্রাচীরে কার জীবনের আখ্যায়িকা উৎকীর্ণ আছে? [১+৪]

ত্রয়োদশ পরিচ্ছেদ

ভারতে সুলতানী আমল (১২০৬-১৫২৬খ্রীঃ)

তুর্ক-আফগানদের আগমন ঃ অষ্টম শতাব্দীর প্রথমে এদেশে আরবদের প্রাধান্য বৃদ্ধি পায়। পারস্য জয় করবার পরই তাদের দৃষ্টি ভারতবর্ষের উপর পড়েছিল। ৭১২ খ্রীষ্টাব্দে মহম্মদ বিন্ কাশিমের নেতৃত্বে এক শক্তিশালী সেনাবাহিনী সিন্ধুদেশ আক্রমণ করে জয়লাভ করে এবং সেখানে মুসলিম শাসন প্রতিষ্ঠা করে। কিন্তু এই শাসন স্থায়ী হয়নি। আরবরা রাজ্য বিস্তারে ব্যর্থ হলেও মধ্য এশিয়ার তুর্ক জাতি এই কাজে সাফল্য লাভ করে। গজনীতে তুর্ক জাতির রাজ্য ছিল। ৯৭৭ খ্রীষ্টাব্দে সবুক্তগীন যখন রাজত্ব করেন তখন থেকেই গজনীর গুরুত্ব বৃদ্ধি পায়। তিনি ভারতের উত্তর-পশ্চিম সীমান্তের কয়েকটি স্থানে প্রাধান্য বিস্তার করেন। গজনীর শ্রেষ্ঠ সুলতান মাহ্মুদ ১০০০ খ্রীষ্টাব্দ থেকে ১০২৭ খ্রীষ্টাব্দ পর্যন্ত অন্ততঃ সতেরো বার ভারত অভিযানকরেন। হিন্দুস্থানে প্রভূত ঐশ্বর্যের কথা শুনে এই দেশ দখলের বাসনা তাঁর মনে উদয় হয়েছিল। প্রতিবার ভারত আক্রমণ করে তিনি অনেক ধনদৌলত লুণ্ঠন করে নিয়ে যান। সুলতান মাহ্মুদের মৃত্যুর পর গজনীতে ঘুর বংশের প্রাধান্য স্থাপিত হয়। ঐশ্বর্যের লোভে ও সাম্রাজ্য বিস্তারের আশায় ঘুর বংশের মহম্মদ ঘুরী ১১৭৫ খ্রীষ্টাব্দে প্রথম ভারত আক্রমণ করেন। তারপর আরও কয়েকবার তিনি ভারত অভিযান করেন। পেশোয়ার, লাহোর প্রভৃতি জায়গা তিনি দখল করেন। ১১৯২ খ্রীষ্টাব্দে তিনি চৌহানরাজ পৃথ্বীরাজকে পরাজিত করেন। একে একে মহম্মদ ঘুরী দিল্লী, আজমীর প্রভৃতি জায়গা দখল করেন। ১২০৬ খ্রীষ্টাব্দে তিনি দিল্লীর সিংহাসনে বসেন। এইভাবে উত্তর ভারতে মুসলিম শাসন প্রতিষ্ঠিত হল। কিন্তু ঐ বছরেই আততায়ীর হাতে তাঁর মৃত্যু ঘটে। তখন দিল্লীর সুলতান পদে বসেন কুতুবউদ্দীন আইবাক। ১২০৬ খ্রীষ্টাব্দ থেকে ১২৯০ খ্রীষ্টাব্দ পর্যন্ত দিল্লীতে যে সুলতানরা রাজত্ব

গজনীর তুর্কী রাজ্য

করতেন তাঁদের 'দাসবংশ' বলা হয়। কারণ এই বংশের কয়েকজন সুলতান প্রথম জীবনে ক্রীতদাস ছিলেন। এই সুলতানরাও তুর্কী ছিলেন।

১২৯০ খ্রীষ্টাব্দে সুলতান কায়কাবাদকে হত্যা করে জালালউদ্দীন ফিরুজ খল্‌জী বংশের প্রতিষ্ঠা করেন। খল্‌জীরা প্রকৃতপক্ষে তুর্কী হলেও তারা অনেকদিন ধরে আফগানিস্তানের বাসিন্দা। তাই তাদের তুর্কী না বলে কোন কোন ঐতিহাসিক আফগান বলেন।



আলাউদ্দীন খল্‌জী

এই বংশের আলাউদ্দীন খল্‌জী অনেক দেশ জয় করে সাম্রাজ্য বিস্তার করেছিলেন। ১৩১৬ খ্রীষ্টাব্দে তাঁর মৃত্যু হয়। ১৩২০ খ্রীষ্টাব্দে পাঞ্জাবের দীপালপুরের শাসনকর্তা গিয়াসউদ্দীন তুঘ্‌লক দিল্লীর সিংহাসন অধিকার করেন। এই সময় থেকেই তুঘ্‌লক বংশের প্রতিষ্ঠা হয়। এই বংশের বিখ্যাত শাসক ছিলেন মহম্মদ বিন্ তুঘ্‌লক (১৩২৫-১৩৫১ খ্রীঃ)। তিনি খুব বিদ্বান ছিলেন। তিনি শাসন বিষয়ে উদার ও ধর্ম নিরপেক্ষ ছিলেন।

১৩৯৮ খ্রীষ্টাব্দে সমরখন্দের রাজা তৈমুর ভারতবর্ষ আক্রমণ করেন। তিনি দিল্লী দখল করে নিষ্ঠুরভাবে লুণ্ঠন ও হত্যাকাণ্ড চালালেন। দিল্লীর সুলতান মামুদ দিল্লী ছেড়ে গুজরাটে পালিয়ে যান। ১৩৯৯ খ্রীষ্টাব্দে তৈমুর ভারত ত্যাগ করলেন। ১৪১৩ খ্রীষ্টাব্দে তুঘলক বংশের শেষ সুলতান মামুদ মারা যান। তখন সৈয়দ খিজির খাঁ দিল্লীর সিংহাসনে বসলেন। কয়েক বছর পূর্বে তৈমুর যখন ভারতবর্ষে ছিলেন তখন তিনি সৈয়দ খিজির খাঁকে

মুলতানের শাসনকর্তা নিযুক্ত করেছিলেন। এইভাবে সৈয়দবংশের রাজত্ব প্রতিষ্ঠিত হল। ১৪১৪ খ্রীষ্টাব্দ থেকে ১৪৫১ খ্রীষ্টাব্দ পর্যন্ত এই বংশ রাজত্ব করেন।



মহম্মদ বিন্ তুঘ্‌লক

আফগানদের রাজত্বকাল


তারপর দিল্লীর সিংহাসনে বসেন আফগান জাতির লোদী বংশের লোকেরা। দিল্লীর প্রথম আফগান সুলতান হলেন বহ্‌লুন খান লোদী। তিনি ১৪৮৯ সাল পর্যন্ত রাজত্ব করেন। এই বংশের শ্রেষ্ঠ নরপতি ছিলেন সিকন্দর লোদী (১৪৮০-১৫১৭ খ্রীঃ)। তারপর মসনদে বসেন তাঁর পুত্র ইব্রাহিম লোদী (১৫১৭-১৫২৬ খ্রীঃ)। তাঁর সময়েই বাবর ভারতবর্ষ আক্রমণ করেন। তাঁকে বাধা দিতে গিয়ে পানিপথের যুদ্ধে (১৫২৬ খ্রীঃ) ইব্রাহিম লোদীর মৃত্যু হল। তুর্ক-আফগান সুলতানী আমলের অবসান এবং মোগল সাম্রাজ্যের আরম্ভ হল।

তুর্ক-আফগান যুগের সমাজ ও সংস্কৃতি : ত্রয়োদশ শতাব্দীর প্রারম্ভে ভারতবর্ষের মুসলমান আধিপত্য প্রতিষ্ঠার সঙ্গে সঙ্গে ইতিহাসে এক নতুন অধ্যায়ের সূচনা হয়। মুসলমানরা এদেশে স্থায়ীভাবে বসবাস করতে থাকেন, ইসলাম ধর্ম ভারতের একটি ধর্ম বলে গণ্য হয়। হিন্দুধর্ম ও ইসলাম ধর্মের সংস্পর্শে এক নতুন ধর্ম-চিন্তার উদ্ভব হয়। একে ভক্তি-আন্দোলন বলা হয়।

ভক্তি-আন্দোলন

তখনকার সাধুসন্তরা ভক্তি-আন্দোলনের জোয়ার প্রবাহিত করে দিলেন। তাঁদের লেখায় ও বাণীতে হিন্দু-মুসলমান

দুই ধর্মেরই সমন্বয়ের চেষ্টা দেখতে পাওয়া যায়। রামানন্দ নামে




একজন হিন্দু সাধু ছিলেন। তিনি ধর্মের গোঁড়ামী বা সংকীর্ণতায়

বিরোধী ছিলেন। তিনি জাতি ধর্ম নির্বিশেষে সকলকে শিষ্য করতেন। তাঁর একজন শিষ্যের নাম কবির। কবির মুসলমান জোলা। কবির সুলতানী আমলের শেষের দিকে জন্মেছিলেন। কবির বলতেন, হিন্দু ও মুসলমান দুইই এক মাটিতে তৈরি, আল্লাই বল আর রামই বল, ভগবান এক। কবিরের হিন্দু ও মুসলমান দুই সম্প্রদায়েরই শিষ্য ছিল। কবিরের 'দোঁহা' বা দুই পংক্তির কবিতা গুচ্ছ হিন্দী সাহিত্যের অমূল্য সম্পদ।

কবির



কবির



শ্রীচৈতন্য

১৪৮৫ খ্রীষ্টাব্দে নবদ্বীপে এক ব্রাহ্মণ পরিবারে শ্রীচৈতন্য জন্মগ্রহণ করেন। তিনি বৈষ্ণব ধর্ম প্রচারে অগ্রণী ছিলেন। তাঁর ভক্তি ও প্রেমমূলক প্রচারে মাহাত্ম্য ভারতের বহুস্থানে বিস্তৃত হয়েছিল। তিনি জাতিভেদ প্রথার বিরোধী ছিলেন। তাঁর শিষ্যদের মধ্যে 'যবন হরিদাস' অন্যতম।

শ্রীচৈতন্য

১৪৬৯ খ্রীষ্টাব্দে লাহোরের পঁয়ত্রিশ মাইল দূরে নানকানা শহরে গুরু নানক জন্মগ্রহণ করেন। তিনি শিখধর্মের প্রতিষ্ঠাতা। নানকানা এখন পাকিস্তানের মধ্যে। তিনি আচার নিয়ম পালনের বিশেষ পক্ষপাতী ছিলেন না। তিনি বলতেন, দূরদেশে ঘুরে বেড়ালেও ধর্ম হয় না, তীর্থস্থানেও ধর্ম নেই ; পৃথিবীর অপবিত্রতার মধ্যেও পবিত্রতা থাকে। বিভিন্নধর্মের মধ্যে প্রীতির সম্পর্ক স্থাপনের চেষ্টায় তাঁর জীবন অতিবাহিত হয়। তিনি হিন্দু ও মুসলমানের মধ্যে কোন প্রভেদ মানতে চাননি।

গুরু নানক




গুরু নানক

সুলতানী যুগে হিন্দু-মুসলিম সংস্কৃতির সমন্বয়ে এক নতুন শিল্পরীতি গড়ে ওঠে। একে 'ইন্দো-মুসলিম স্থাপত্য' বলে উল্লেখ করা হয়। দিল্লীর কুতুব-মিনার, মসজিদ, ইমারৎ, জৌনপুরের অতাল মসজিদ, আহমদাবাদের জুম্মা মসজিদ, পাণ্ডুয়ার আদিনা মসজিদ ইত্যাদি নতুন শিল্পধারার নিদর্শন। গুজরাটের স্থাপত্য রীতিতে মুসলিম প্রভাব খুব সুস্পষ্ট। হিন্দু শিল্পীর ও মুসলমান স্থপতির কীর্তি আজও দর্শকদের মুগ্ধ করে। হিন্দু-মুসলিম সংস্কৃতির সমন্বয়ের ধারা মোগল আমলে আরও স্পষ্ট হয়ে উঠেছিল।

এইযুগে হিন্দু-মুসলিম সংস্কৃতির পারস্পরিক প্রভাবে এবং ধর্ম ও সমাজ সংস্কারের আন্দোলনের ফলে ভারতের বিভিন্ন প্রাদেশিক


ভাষা ও সাহিত্যের বিকাশ

ভাষা ও সাহিত্যের প্রসার ঘটে। উর্দু ও ফার্সি ভাষা ছাড়া এই সময় হিন্দী, বাংলা ও মারাঠী ভাষার খুবউন্নতিহয়েছিল। সংস্কৃত ভাষার ও সাহিত্যের চর্চাতো হতই। তুর্ক-আফগান যুগের একজন বড় কবির নাম হল আমীর খসরু। তিনি যুদ্ধবিদ্যাও জানতেন। তিনি গদ্যে-পদ্যে বহু ফার্সি গ্রন্থ লিখে অমর হয়ে আছেন। রাজতরঙ্গিণী নামে সংস্কৃত ভাষায় লেখা কাশ্মীরের একটি প্রাচীন ইতিহাস আছে। জয়নূল আবেদিন এই গ্রন্থ ফার্সিতে অনুবাদ করেছিলেন।



কুতুবমিনার

যুদ্ধবিগ্রহ, রাজ্যজয় ইত্যাদির ফলে হিন্দু ও মুসলমানের মধ্যে বিরোধ ও বিদ্বেষ হলেও বাস্তব জীবনের তাগিদে উভয়কেই পরিবর্তিত অবস্থার সঙ্গে অনেকটা মানিয়ে নিতে হয়েছে। পল্লীর জীবনযাত্রা মোটামুটি একই রকম ছিল। ভূমি ব্যবস্থার কোনো মূলগত পরিবর্তন হয় নি। ব্যবসা-বাণিজ্যের ক্ষেত্রেও একটা বড় রকমের



অতাল মসজিদ

পরিবর্তন হয়নি। মুসলমান আক্রমণকারীরা ছিল যোদ্ধা ও

পল্লী অঞ্চলে অব্যাহত জীবনযাত্রা

শাসক। ব্যবসা-বাণিজ্যের প্রতি তাঁদের যথেষ্ট আগ্রহ ছিল না। তাই হিন্দু ব্যবসায়ীদের অস্তিত্ব অক্ষুণ্ণ থাকে। নানা উপায়ে শাসকরা তাদের কাছ থেকে অর্থ আদায় করত। যতটুকু পরিবর্তন হয়েছিল তা শহরেই সীমাবদ্ধ ছিল।

হিন্দুদের মধ্যে থেকে যখন অনেকে ইসলাম ধর্ম গ্রহণ করল তখন তাদের সঙ্গে মুসলমান সমাজে হিন্দু ধারারও অনুপ্রবেশ ঘটল। ইসলামে জাতিভেদ প্রথার স্থান নেই। কিন্তু হিন্দু সমাজের জাতিভেদের কিছু প্রভাব ভারতের মুসলিম সমাজেও দেখা দিল। যেসব নিম্নবর্ণের হিন্দু ইসলাম ধর্ম গ্রহণ করে, তাদের সঙ্গে বিদেশ

সমাজ জীবন

থেকে আগত মুসলমানদের সামাজিক আচার-আচরণে পার্থক্য প্রকট হয়ে ওঠে। তার ফলে উচ্চবর্ণের ও নিম্নবর্ণের মুসলমানের আবির্ভাব ঘটল। উচ্চবর্ণের মুসলমানরা ছিল প্রায় প্রাচীন কালের হিন্দু কুলীনদের মত। এইভাবে মুসলিম সমাজে কয়েকটি বিশিষ্ট শ্রেণীর উদ্ভব হল। অন্যদিকে মুসলমানদের অনুকরণে হিন্দু সমাজের পর্দা প্রথার প্রবর্তন হল। জাতিভেদ প্রথা পূর্বের চেয়ে কঠোর হয়ে উঠল।

স্থলতানী আমলে বাংলা : তুঘলক সাম্রাজ্যের দুর্বলতার সুযোগ শামসুদ্দীন ইলিয়াস শাহ বাংলার সুলতান হয়ে বসলেন (১৩৪২-১৩৫৭ খ্রীঃ)। তাঁর রাজধানী ছিল পাণ্ডুয়াতে। তিনি ছিলেন বাংলার স্বাধীন সুলতান। তারপর সুলতান হলেন তাঁর পুত্র সিকন্দর শাহ (১৩৫৭-১৩৯৩ খ্রীঃ)। তাঁর পুত্র গিয়াসউদ্দীনও (১৩৯৩-১৪১০ খ্রীঃ) সুলতান হন। ১৩৮৬ খ্রীষ্টাব্দ পর্যন্ত ইলিয়াস শাহী বংশ বাংলায় রাজত্ব করে। এই বংশের প্রথম তিনজন সুলতানের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। এই সময়ে হিন্দু-মুসলিম সম্প্রীতি বর্তমান ছিল; সংস্কৃতি ও স্থাপত্যের উন্নতি হয় এবং দেশের শান্তি ও সমৃদ্ধি বৃদ্ধি পায়। পাণ্ডুয়ার বিখ্যাত আদিনা মসজিদ

সিকন্দর নির্মাণ করেন। গিয়াসউদ্দীন কবি, সাহসী ও ন্যায় পরায়ণ বলে খ্যাতি লাভ করেন। তিনি চীন দেশে দূত প্রেরণ করেছিলেন।

১৪৮৬ খ্রীষ্টাব্দ থেকে ১৪৯৩ খ্রীষ্টাব্দ পর্যন্ত বাংলায় অরাজকতা চলে। হুসেন শাহ সুলতান হবার পর বাংলায় এক নতুন অধ্যায়ের সূচনা হয়। তিনি ১৪৯৩ খ্রীষ্টাব্দ থেকে ১৫১৯ খ্রীষ্টাব্দ পর্যন্ত রাজত্ব করেন। তিনি অনেক কল্যাণমূলক কাজ করেন। তাঁর আমলেই শ্রীচৈতন্যের আবির্ভাব হয়। হুসেন শাহ বাংলা ভাষা ও সাহিত্যের পৃষ্ঠপোষকতা করেন। তাঁরই আগ্রহে ও আনুকূল্যে বহু বিখ্যাত গ্রন্থ রচিত হয়। রূপ গোস্বামী 'বিদগ্ধ মাধব' ও 'ললিত মাধব' রচনা করেন। মালাধর বসু শ্রীমদ্ভাগবতের বাংলা অনুবাদ করেন। হুসেন শাহের পুত্র নসরৎ শাহ (১৫১৯-১৫৩২ খ্রীঃ) সাহিত্য ও স্থাপত্যের পৃষ্ঠপোষকতা করেন। মহাভারতের অনুবাদ তাঁরই আনুকূল্যে হয়। তাঁরই শাসনকালে গৌড়ের 'কদম রসুল' ভবন ও 'বড় সোনা' মসজিদ নির্মিত হয়। নসরৎ শাহ 'কদম রসুল' ভবনের প্রকোষ্ঠে একটি মঞ্চ নির্মাণ করেন এবং তার উপরে হজরত মহম্মদের পদচিহ্ন-সংবলিত একটি কালো কারুকার্য খচিত মর্মর-বেদী প্রতিষ্ঠা করেন।

সুলতানী আমলের শাসনব্যবস্থা : যুদ্ধবিগ্রহে লিপ্ত থাকার ফলে সামরিক ব্যবস্থাকে ভিত্তি করে শাসনব্যবস্থা গড়ে তোলা হয়। দূর দেশে এসে রাজ্য স্থাপন করে দিল্লীর সুলতানরা উপলব্ধি করলেন খলিফার বশ্যতা স্বীকার করে দেশ শাসন করা সঙ্গত নয়। তাই কয়েকজন সুলতান খলিফার বশ্যতা অস্বীকার করেন। এমনকি সুলতানদের পক্ষে সকল বিষয়ে উলেমাদের নির্দেশ মেনে চলাও সম্ভব হয়নি। তাই সুলতানরাই সর্বময় কর্তা ছিলেন। তাঁরাই শাসন, বিচার, যুদ্ধবিভাগ পরিচালনা করতেন।

সামন্ত সমাজের যুগে রাষ্ট্র ছিল সামন্ততান্ত্রিক। তাই অভিজাত শ্রেণীর প্রাধান্য ছিল। তাঁরাই উচ্চ রাজকার্যে নিযুক্ত হতেন। হিন্দুদের কাছ থেকে জিজিয়া কর আদায় করা হত। সামন্ত ও জমিদারদের কাছ থেকে ভূমিকর, সুলতানের খাস জমি থেকে রাজস্ব,

যুদ্ধের লুণ্ঠিত সামগ্রীর এক পঞ্চমাংশ ইত্যাদি ছিল রাষ্ট্রের আয়ের উৎস। এই আমলে এক বিশাল সেনাবাহিনী ছিল। হিন্দুরা সেনাবাহিনীতে থাকতেন কিন্তু তুর্কী ও ইরানী ইত্যাদির সংখ্যাই ছিল বেশী। সেনাবাহিনীতে একাত্মবোধ গড়ে ওঠেনি।

অনুশীলনী

প্রবন্ধমূলক প্রশ্ন ঃ

(১) উত্তর ভারতে মুসলিম শাসন প্রতিষ্ঠা সম্বন্ধে যা জান লেখ। [১০]
(২) ভক্তি আন্দোলন সম্বন্ধে যা জান লেখ। [১০]
(৩) সুলতানী আমলের সমাজ জীবন সংক্ষেপে আলোচনা কর। [১০]
(৪) সুলতানী আমলের শিল্পকলা ও স্থাপত্য সম্বন্ধে যা জান বল। [১০]
(৫) সুলতানী আমলের বিদ্যাচর্চা সম্বন্ধে কি জান? [১০]
(৬) সুলতানী আমলের বাংলা সাহিত্য ও শিল্প সম্বন্ধে আলোচনা কর। [১০]
(৭) সুলতানী আমলের শাসন-ব্যবস্থা সম্বন্ধে যা জান বল। [১০]

সংক্ষিপ্ত প্রশ্ন ঃ

(১) হিন্দুধর্ম ও ইসলাম ধর্মের সংস্পর্শে কোন্ ধর্মচিন্তার উদ্ভব হল? কাদের লেখায় ও বাণীতে এই নতুন চিন্তা পাওয়া যায়? [৫+২]
(২) কবির সম্বন্ধে কি জান? তিনি কার শিষ্য ছিলেন? [৫+২]
(৩) গুরু নানক সম্বন্ধে কি জান? তিনি কোথায় জন্মগ্রহণ করেন? [৫+২]
(৪) শ্রীচৈতন্য সম্বন্ধে কি জান? 'যবন হরিদাস' কে ছিলেন? [৫+২]
(৫) 'ইন্দো-মুসলিম স্থাপত্য' রীতির কয়েকটি নিদর্শন দাও। কোন্ সময়ে এই শিল্প রীতি গড়ে ওঠে? [৫+২]
(৬) কাদের শাসনকালে বাংলায় হিন্দু-মুসলিম সম্প্রীতি বর্তমান ছিল? কি কারণে গিয়াসউদ্দীন খ্যাতি লাভ করেন? [৫+২]
(৭) হুসেন শাহ সম্বন্ধে যা জান লেখ। কার আমলে শ্রীচৈতন্যের আবির্ভাব হয়? [৫+২]

অতি-সংক্ষিপ্ত প্রশ্ন ঃ

(১) মহম্মদ বিন্ কাশিম কোন্ দেশ জয় করেছিলেন ? কখন উত্তর ভারতে মুসলিম শাসন প্রতিষ্ঠিত হয় ? [১+৪]

(২) কুতুবউদ্দীন আইবাক কে ছিলেন ? দাসবংশ কেন বলা হত ? [১+৪]

(৩) খলজী বংশের প্রতিষ্ঠাতা কে ছিলেন ? খলজী বংশের কোন্ শাসক অনেক দেশ জয় করে সাম্রাজ্য বিস্তার করেন ? [১+৪]

(৪) তুঘলক বংশের প্রতিষ্ঠাতা কে ছিলেন ? এই বংশের একজন বিখ্যাত শাসনকর্তার নাম কর। [১+৪]

(৫) তৈমুর কোথাকার লোক ছিলেন ? তিনি দিল্লী দখল করে কি করেছিলেন ? [১+৪]

(৬) দিল্লীর প্রথম আফগান সুলতান কে ছিলেন ? কার সময়ে বাবর ভারতবর্ষ আক্রমণ করেন ? [১+৪]

(৭) কোন্ যুদ্ধে ইব্রাহিম লোদীর মৃত্যু হয় ? কখন মোগল সাম্রাজ্যের আরম্ভ হয় ? [১+৪]

(৮) রামানন্দ কে ছিলেন ? তিনি কি মত প্রচার করেন ? [১+৪]

(৯) 'দোঁহা' কাকে বলে ? কে তা রচনা করেন ? [১+৪]

(১০) শিখধর্মের প্রতিষ্ঠাতা কে ছিলেন ? শিখ ধর্মের মূল কথা কি ? [১+৪]

(১১) তুর্ক-আফগান যুগের একজন বড় কবির নাম কর। তিনি কোন্ ভাষায় গ্রন্থ লিখেছিলেন ? [১+৪]

(১২) কাশ্মীরের একটি প্রাচীন গ্রন্থের নাম কর। কে তা ফার্সিতে অনুবাদ করেন ? [১+৪]

(১৩) কুতুবমিনার কোথায় ? 'ইন্দো-মুসলিম স্থাপত্য' রীতি সম্বন্ধে কি জান ? [১+৪]

(১৪) পাণ্ডুয়াতে কাদের রাজধানী ছিল ? আদিনা মসজিদ কোথায় ? [১+৪]

(১৫) হুসেন শাহ কোথাকার সুলতান ছিলেন ? মালাধর বসু কেন খ্যাতি অর্জন করেন ? [১+৪]

(১৬) কোথায় 'কদম রসূল' ভবন স্থাপিত হয় ? এই ভবন সম্বন্ধে কি জান ? [১+৪]

(১৭) কোন্ স্বলতান বাংলাভাষা ও সাহিত্যের পৃষ্ঠপোষক ছিলেন ? 'বিদগ্ধ মাধব' ও 'ললিত মাধব' কে রচনা করেন ? [১+৪]

(১৮) কোন্ স্বলতান চীনদেশে দূত প্রেরণ করেছিলেন ? কার আনুকূল্যে 'মহাভারত' অনূদিত হয় ? [১+৪]

(১৯) কার আমলে 'বড় সোনা' মসজিদ নির্মিত হয় ? মালাধর বসু কেন খ্যাতি অর্জন করেন ? [১+৪]

চতুর্দশ পরিচ্ছেদ

মধ্যযুগের অবসান

চতুর্দশ ও পঞ্চদশ শতাব্দী

পশ্চিম ইউরোপের মধ্যযুগের সমাজ ব্যবস্থায় চতুর্দশ শতাব্দী থেকে বড় রকমের পরিবর্তন শুরু হয়। পঞ্চদশ শতাব্দী শেষ হবার আগেই এই রূপান্তরের একটি স্পষ্ট ছবি আমরা দেখতে পাই।

(ক) ইটালীতে রেনেসাঁস : মধ্যযুগ থেকে আধুনিক যুগে প্রবেশ করবার সময় ইউরোপীয় সভ্যতার যে সমৃদ্ধি ও পরিবর্তন ঘটে তা বোঝাতে 'রেনেসাঁস' শব্দটি ব্যবহার করা হয়। বাংলা ভাষায় আমরা 'নবজাগরণ' বলতে পারি। এই নবজাগরণের সূত্রপাত ইটালিতে হয় চতুর্দশ শতাব্দীতে ; পঞ্চদশ ও ষোড়শ শতাব্দীতে তা আরও বিশেষভাবে লক্ষ্য করা যায়। কয়েকটি কারণে ইটালির নবজাগরণ সম্ভব হয়েছিল। দেশে রাজনৈতিক স্থিতি ছিল, ইটালির অর্থনৈতিক অবস্থা উন্নত ছিল, অন্য দেশের সংস্কৃতির সঙ্গে ইটালির যোগ ছিল। ইটালির স্বাধীন নগর রাষ্ট্রগুলির পরিচালক ছিলেন নতুন বণিকরা। এই নগর রাষ্ট্রগুলি পরস্পরের মধ্যে সম্পর্ক গড়ে তোলে এবং রাষ্ট্রনীতির ক্ষেত্রে নতুন রীতিনীতির প্রবর্তন করে। জ্ঞানচর্চার ক্ষেত্রেও ইটালিতে নতুন প্রচেষ্টা শুরু হয়। পণ্ডিতরা ল্যাটিন ভাষা ও সাহিত্য এবং গ্রীক পুঁথি ও শিল্পকলা নিয়ে চর্চা শুরু করেন। আরব জগতের সঙ্গে সংস্পর্শের ফলেও জ্ঞান-চর্চা বৃদ্ধি পায়। তার ফলে গ্রীক-রোমান আমলের জ্ঞান ও মূল্যবোধ সম্বন্ধে পণ্ডিতদের আলোচনা করবার আরও সুযোগ হয়েছিল। পেট্রার্ক (১৩০৪-১৩৭৪ খ্রীঃ) নামক একজন কবি ও হিউম্যানিস্টের রচনায় তার পরিচয় পাওয়া যায়। তখন পণ্ডিতদের ল্যাটিন ভাষা নিয়ে খুব চর্চা হত।

এই নতুন জ্ঞানচর্চার ফলে অনেক জ্ঞানচর্চার কেন্দ্র প্রতিষ্ঠিত হল। পণ্ডিত, কবি, শিল্পী ও লেখকদের ধনীরা সাহায্য ও উৎসাহ দিতেন। ইটালিতে ধর্মনিরপেক্ষ মানবতাবাদী চিন্তার বিকাশ ঘটে। লরেঞ্জো

ভাল্লা নামক এক পণ্ডিতের রচনায় তার পরিচয় মেলে। ইটালীয় সাহিত্যে আধুনিক চিন্তাধারার নানা পরিচয় পাওয়া যায়। বোকাশিওর রচনায় তা স্পষ্ট হয়ে ওঠে। এর আগেই দান্তে (১২৬৫-১৩২১ খ্রীঃ) ইটালিয়ান ভাষাকে নবরূপ দান করেন। তিনি পৃথিবীর শ্রেষ্ঠ কবিদের মধ্যে একজন। তাঁর বিখ্যাত কাব্য 'ডিভাইন কমেডি' পৃথিবীর সমস্ত ভাষায় অনূদিত হয়। কিন্তু পোপের সঙ্গে ঝগড়ার ফলে তিনি নির্বাসিত রাজনীতিবিদ হয়েছিলেন। আর একজন, পণ্ডিত মেকিয়াভেলি, রাজনৈতিক ক্ষমতার বিষয়ে যেসব কথা বলেন তা খ্রীষ্টীয় ধর্মনীতির প্রভাবমুক্ত। কিন্তু সবচেয়ে উল্লেখযোগ্য ছিলেন লিওনার্দো দা ভিঞ্চি। শিল্প ও বিজ্ঞানে তাঁর দান অতুলনীয়। তাছাড়া ইটালীয় শিল্পকে উন্নত করেন মাইকেল এঞ্জেলো ও রাফায়েল। এই যুগের স্বাধীনচেতা মানুষ জীবনের উন্নতি ও সুবিধার জন্য জ্ঞানবিজ্ঞানের নানা বিষয় নিয়ে চর্চা করেন। বিজ্ঞান, ভূগোল, জ্যোতির্বিদ্যা, চিকিৎসাশাস্ত্র ইত্যাদি নিয়ে গভীর চর্চা চলে। এইসব মানবতাবাদী পণ্ডিতরা মানুষের মধ্যে উদ্যম ও আত্মনির্ভরতা জাগ্রত করেন। রেনেসাঁস যুগের মানুষ উপলব্ধি করেন, জীবনে সাফল্যলাভ করতে হবে এবং আত্মবিকাশ ঘটাতে হবে। মধ্যযুগের সামন্তদের আলস্য, মুর্খতা, আর নানা যাজকের ধূর্ত ও অসৎ আচরণ থেকে মুক্ত হবার উপায় খুলে যায়। স্বাধীনচেতা ও পরিশ্রমী বুর্জোয়া ব্যবসায়ীরা সমাজে সম্মানিত হন। এইভাবে রেনেসাঁস যুগে নতুন চিন্তায় ও আত্মবিশ্বাসে উদ্বুদ্ধ এক নতুন ধরনের মানুষের আবির্ভাব ঘটে।

(খ) **ইউরোপে ও ইংলণ্ডে রেনেসাঁস :** ইটালি থেকে রেনেসাঁসের ঢেউ ইউরোপের বিভিন্ন রাষ্ট্রে ও ইংলণ্ডে ছড়িয়ে পড়ে। ফ্রান্স, স্পেন, ইংলণ্ড ও জার্মানীতে বিশ্ববিদ্যালয়গুলি কেন্দ্র করে বিদ্যাচর্চা প্রসারিত হয়। ধর্মের ক্ষেত্রে সংস্কার আন্দোলন গড়ে ওঠে। এই ধর্ম-সংস্কার আন্দোলন প্রটেস্টান্ট রিফরমেশন ও ক্যাথলিক রিফরমেশন নামে পরিচিত। এই সব রাষ্ট্রের সাহিত্যেরও বিকাশ

ঘটে। সঙ্গীত শিল্প উন্নত হয়। মানবতাবাদী চিন্তার উন্মেষ ঘটে। মানবতাবাদীদের মধ্যে অন্যতম ছিলেন রিউচলিন ও ইরেসমাস। এই যুগেরই শ্রেষ্ঠ লেখক হলেন উইলিয়াম শেক্‌স্‌পীয়ার (১৫৬৪-১৬১৬ খ্রীঃ)। এই সময় ইংরেজী সাহিত্যের বিশেষ সমৃদ্ধি হয়। ইংরেজ লেখক চসারের (১৩৪০-১৪০০ খ্রীঃ) রচনাতে ইংরেজী ভাষার উন্নতি হয়েছিল। জ্ঞান-বিজ্ঞানের অন্যান্য শাখাতেও ইংলণ্ডের উন্নতি ঘটে। ষোড়শ শতাব্দীকে স্পেনের সাহিত্যের ইতিহাসের 'স্বর্ণময় যুগ' বলা হয়। রোজার বেকন নামে একজন ইংরেজ বৈজ্ঞানিক আরবদের বিজ্ঞান, বিশেষ করে চিকিৎসাশাস্ত্রের চর্চা করেছিলেন। তিনি বলতেন প্রাচীন গ্রন্থে আছে বলেই কোন জিনিস বিশ্বাস করা উচিত নয়; তার পূর্বে বিচার ও পরীক্ষা করে দেখা উচিত। তিনি বলতেন মানুষের বুদ্ধির বলে একদিন জাহাজ কলে চলবে, গাড়ী টানতে জন্তুর দরকার হবে না, এমন কি মানুষ একদিন আকাশে উড়বার কলও বের করবে। এই রকম কথা শুনে ধর্মযাজকরা তাঁর উপর খুব ক্রুদ্ধ হয়েছিলেন এবং বেকনকে চৌদ্দ বছর কয়েদ করে রাখা হয়েছিল। যাঁরা পৃথিবীতে নতুন কথা বলেছেন তাঁদের অনেকেরই এই রকম দুর্দশা ভোগ করতে হয়েছে।

(গ) নতুন রাষ্ট্রব্যবস্থা ও অর্থনৈতিক জীবন: এইযুগে ইউরোপের রাজারা নিজেদের এলাকায় স্বাধীনভাবে দেশ শাসন করতে আরম্ভ করেন; অর্থাৎ পোপের কর্তৃত্ব থেকে তাঁরা নিজেদের মুক্ত করেন। সামন্ততান্ত্রিক সমাজের রাষ্ট্রে পোপ ও সম্রাট উভয়ের যৌথ কর্তৃত্ব ছিল। কিন্তু এই সময়ে রাজশক্তি অবাধ কর্তৃত্বের অধিকারী হয়। ফ্রান্স, ইংলণ্ড, পর্তুগাল, স্পেন প্রভৃতি জাতীয় রাষ্ট্রগুলির বৈশিষ্ট্য আলোচনা করলেই তা আমরা বুঝতে পারি। ইউরোপের কোন কোন অঞ্চলে জাতীয় স্বাধীনতার সংগ্রামও শুরু হয়। রাষ্ট্রনীতির ক্ষেত্রে আর ইউরোপকে এক অখণ্ড অঞ্চলরূপে কেউ মনে করত না। বিভিন্ন রাষ্ট্রের মধ্যে পারস্পরিক সম্পর্কের ক্ষেত্রে নতুন আন্তর্জাতিক নীতি গড়ে ওঠে।

ত্রয়োদশ শতাব্দী থেকে পঞ্চদশ শতাব্দীর মধ্যে ভৌগোলিক জ্ঞানও অনেক বৃদ্ধি পায়। স্থলপথে ও জলপথে নতুন নতুন পথ ও দেশ ইউরোপীয়রা আবিষ্কার করেন। পর্তুগীজ, ইংরেজ, ডাচ নাবিকেরা অজানা সমুদ্রে জাহাজ চালিয়ে নতুন অভিজ্ঞতা সঞ্চয় করেন। ১৪৯২ খ্রীষ্টাব্দে কলম্বাস আমেরিকা আবিষ্কার করেন। ১৪৯৮ খ্রীষ্টাব্দে ভাস্কো-ডা-গামা ভারতবর্ষে পৌঁছাবার জলপথ আবিষ্কার করেন। অজানা দেশের আবিষ্কার বণিকদের উদ্যোগেই হতে লাগল। তার ফলে বাণিজ্যের প্রসার ঘটল, উপনিবেশ ও সাম্রাজ্যের বিস্তার হতে লাগল। এইভাবে ইউরোপীয় বাণিজ্যের ও সাম্রাজ্যের প্রসার হল।

অর্থনীতিতেও নতুন ব্যবস্থার উদ্ভব হল। পণ্যদ্রব্য প্রস্তুত প্রণালীর পরিবর্তন হল। বণিকরা কারিগরদের মধ্যে কাজ ভাগ করে দেয় ও উপাদান জোগাড় করে দেয় এবং তারপর কারিগরদের দ্বারা প্রস্তুত পণদ্রব্য নিজেরাই বিক্রি করে। পূর্বের মত ক্রেতার সঙ্গে আর কারিগরদের সাক্ষাৎ সম্পর্ক থাকল না। প্রকৃতপক্ষে এটা হল পরের যুগের মিল বা ফ্যাক্টরীর পূর্বেকার অবস্থা। এই সময়ে ছোট ছোট চাষীদের উচ্ছেদ হতে লাগল এবং জমি এল জমিদার ও সম্পন্ন কৃষকদের হাতে। নতুন ভাবে চাষ করে আরও বেশী করে শস্য উৎপাদনের ব্যবস্থা করা হল। একজন লোকের হাতে জমি ও টাকা জমা হল, আর অন্যদিকে দরিদ্র নিঃস্ব লোকের সংখ্যা বৃদ্ধি পেল। তাদের মালিকদের অধীনে মজুরি করা ভিন্ন অন্য উপায় রইল না। ক্রমশঃ সার্ফপ্রথা রহিত হলেও চাষীদের দুরবস্থা থেকেই গেল। তারা নামে মাত্র মুক্তি পেল। শস্য বিক্রি করে টাকা অথবা উৎপন্ন শস্যের অনেকটা অংশ তাদের দিতে হত জমিদারদের। ১৩৪৮-১৩৪৯ খ্রীষ্টাব্দে 'ব্ল্যাক ডেথ' বা কাল মহামারী নামক মহামারীর প্রকোপে ইংলণ্ডের এক তৃতীয়াংশ লোক মারা গিয়েছিল। অসংখ্য চাষীর এই সময়ে মৃত্যু হয়। ১৩৮১ খ্রীষ্টাব্দে ওয়াট টাইলরের নেতৃত্বে ইংলণ্ডের কৃষকরা বিদ্রোহ করে। ফ্রান্সেও প্রজাদের বিদ্রোহ

হয়। পঞ্চদশ শতাব্দীর শেষে জার্মানীতে প্রায়ই কৃষক বিদ্রোহ হত। আভ্যন্তরীণ বিরোধের ফলে পুরানো সমাজব্যবস্থা আর টিকে থাকা সম্ভব হল না।

(ঘ) **কনস্টানটিনোপলের পতন ও আধুনিক যুগের সূত্রপাত ঃ** পশ্চিম ইউরোপে যে রেনেসাঁসের ঢেউ প্রবাহিত হয় তা আরও প্রবল হয়ে উঠল পূর্ব রোমান সাম্রাজ্যের বা বাইজানটাইন সাম্রাজ্যের পতনের পর। ১৪৫৩ খ্রীষ্টাব্দে অটোমান সুলতান দ্বিতীয় মহম্মদ বাইজানটাইনের শেষ সম্রাট কনস্টানটাইনকে যুদ্ধে পরাজিত করে কনস্টানটিনোপল দখল করেন। অটোমান তুর্কীদের প্রাধান্য বিস্তারের ফলে গ্রীক পণ্ডিতরা তাঁদের পুঁথি-পত্র নিয়ে ইটালিতে পালিয়ে যান। তার ফলে ইউরোপে জ্ঞান-চর্চা আরও ব্যাপ্তিলাভ করে। তাছাড়া তুর্কী শাসকেরা পুরানো বাণিজ্যপথগুলি দখল করায় ইউরোপীয় বণিকদের পক্ষে সে পথে আর সহজে বাণিজ্য সম্ভার নিয়ে যাতায়াত করা সম্ভব হল না। তখন তারা নতুন পথের সন্ধান করে, আর তার ফলে অনেক অজানা দেশ আবিষ্কৃত হয়। সুতরাং কনস্টানটিনোপলের পতনের সঙ্গে যুক্ত রয়েছে রেনেসাঁসের ব্যাপ্তি আর ভৌগোলিক আবিষ্কার। এর গুরুত্ব বিবেচনা করেই পণ্ডিতরা ১৪৫৩ খ্রীষ্টাব্দকে মধ্যযুগের অবসান ও আধুনিক যুগের সূচনা মনে করেন।

অনুশীলনী

প্রবন্ধমূলক প্রশ্ন ঃ

(১) ইটালির নবজাগরণ সম্বন্ধে যা জান লেখ। [১০]

(২) জ্ঞান চর্চার ক্ষেত্রে ইটালির কোন্ কোন্ পণ্ডিতের বিশেষ অবদান ছিল? [১০]

(৩) ইংলণ্ডের জ্ঞান-বিজ্ঞানের চর্চা সম্বন্ধে যা জান লেখ। [১০]

(৪) চতুর্দশ-পঞ্চদশ শতাব্দীর রাষ্ট্রব্যবস্থা ও অর্থনৈতিক জীবন সংক্ষেপে আলোচনা কর। [১০]

(৫) রাজনৈতিক ও অর্থনৈতিক জীবনে ভৌগোলিক আবিষ্কারের প্রভাব আলোচনা কর। [১০]

(৬) কখন থেকে মধ্যযুগের অবসান ও আধুনিক যুগের সূচনা হল ? [১০]

সংক্ষিপ্ত প্রশ্ন ঃ

(১) ইটালিয়ান ভাষাকে কে নবরূপ দান করেন ? তাঁর বিখ্যাত কাব্য-গ্রন্থের নাম কর। [৫+২]

(২) কাদের রচনায় ইটালিতে ধর্ম-নিরপেক্ষ মানবতাবাদী চিন্তার বিকাশ ঘটে ? লরেঞ্জো ভাল্লা কে ছিলেন ? [৫+২]

অতি-সংক্ষিপ্ত প্রশ্ন ঃ

(১) উইলিয়াম শেক্‌স্‌পীয়ার কে ছিলেন ? কখন ইংরেজী ভাষার সমৃদ্ধি হয় ? ১+৪]

(২) রোজার বেকন কে ছিলেন ? তিনি কি বলতেন ? [১+৪]

ঘটনাপঞ্জী

খ্রীষ্টাব্দ		
৩৭০-৪১০	...	ভিসিগথ রাজা প্রথম আলেরিক
৪৪৫-৪৫৩	...	হূন রাজা এটিলা
৪২৮-৪৭৭	...	ভ্যাণ্ডাল রাজা গিসেরিক
৪৭৬	...	পশ্চিম রোমান সাম্রাজ্যের পতন
৫২৭-৫৬৫	...	বাইজানটাইন সম্রাট জাষ্টিনিয়ান
৫২৯	...	সেণ্ট বেনেডিক্ট কর্তৃক বিধি ব্যবস্থার প্রচলন
৫৪৭	...	সেণ্ট বেনেডিক্টের মৃত্যু
৫৭০-৬৩২	...	মহম্মদ
৬০৫-৬৬৪	...	হুয়েন-সাং
আ ৬০৬-৬৩৭	...	শশাঙ্কের রাজত্বকাল
৬০৬-৬৪৭	...	হর্ষবর্ধনের রাজত্বকাল
৬০৯-৬৪২	...	দ্বিতীয় পুলকেশীর রাজত্বকাল
৬১০	...	মহম্মদের ঈশ্বরের বাণী লাভ
৬১৮-৯০৭	...	তাং রাজত্ব
৬২২	...	মহম্মদের মক্কা থেকে মদিনা গমন
৬২৫-৬৪৫	...	নরসিংহ বর্মণের রাজত্বকাল
৬২৯-৬৪৫	...	হুয়েন-সাংয়ের ভারত ভ্রমন ও চীনে প্রত্যাবর্তন
৬৩০	...	মহম্মদের মক্কা জয়
৬৩২-৬৩৪	...	খলিফা আবু বকর
৬৩৪-৬৪৪	...	খলিফা ওমর
৬৪৪-৬৫৬	...	খলিফা ওসমান
৬৫৬-৬৬১	...	খলিফা আলি
৭৪২-৮১৪	...	শার্লমান
আ ৭৫০-৭৭০	...	গোপালের রাজত্বকাল
৭৮৬-৮০৯	...	হারুন অল রসিদ
৭৯৪	...	জাপানে শোগুন পদবীর প্রচলন
৯৬০-১২৮০	...	সুং রাজত্ব
৯৮৫-১০১৮	...	রাজ রাজের রাজত্বকাল

খ্রীষ্টাব্দ		
১০৭৯-১১৪২	...	পিটার অ্যাবেলার্ড
১০৯৫-১০৯৯	...	প্রথম ক্রুসেড
১১৪১	...	হুগ অব সেণ্ট ভিকটরের মৃত্যু
১১৫৩	...	সেণ্ট বার্ণাডের মৃত্যু
আ ১১৫৮-১১৭৯	...	বল্লাল সেনের রাজত্বকাল
১১৭৯-১২০৫	...	লক্ষণ সেনের রাজত্বকাল
১১৮০	...	জন অব সেলস বেরীর মৃত্যু
১১৮৫	...	জাপানে ইওরিতোমোর প্রাধান্য স্থাপন
১১৮৯-১১৯২	...	তৃতীয় ক্রুসেড
১১৯২	...	ডায়মিও সামন্তদের ক্ষমতাবৃদ্ধি
১২০২-১২০৪	...	চতুর্থ ক্রুসেড
১২০৬	...	মহম্মদ ঘুরী কর্তৃক দিল্লীর সিংহাসন দখল
১২১৫	...	ম্যাগনা কার্টা
১২০৬-১২৯০	...	দিল্লীতে দাসবংশের রাজত্বকাল
১২১৫-১২৯৪	...	কুবলাই খাঁ
১২৫৪-১৩২৪	...	মার্কো পোলো
১২৭১-১৩৬৮	...	উয়ান রাজত্ব
১২৯০-১৩১৬	...	খল্‌জী বংশের রাজত্বকাল
১৩২০-১৪১৩	...	তুঘলক বংশের রাজত্বকাল
১৩২৩-১৩২৮	...	পশ্চিম ফ্লাণ্ডার্সে কৃষক বিদ্রোহ
১৩৩৭-১৪৫৩	...	শতবর্ষব্যাপী যুদ্ধ
১৩৪৮-১৩৪৯	...	কাল মহামারী
১৩৫৮	...	উত্তর ফ্রান্সে কৃষক বিদ্রোহ (জাকেরি)
১৩৮১	...	ইংলণ্ডে কৃষক বিদ্রোহ
১৪১৪-১৪৫১	...	সৈয়দ বংশের রাজত্বকাল
১৪৫১-১৫২৬	...	আফগান জাতির লোদি বংশের রাজত্বকাল
১৪৫৩	...	বাইজানটাইন সাম্রাজ্যের পতন
১৪৬৯	...	নানকের জন্ম
১৪৮৫	...	শ্রীচৈতন্যের জন্ম

[আ—আনুমানিক এই পড়তে হবে]

পর্ষদবার্তায় প্রকাশিত 'ইভ্যালিউএশন কমিটির স্থপারিশ অনুযায়ী

একটি নমুনা প্রশ্নপত্র

সপ্তম শ্রেণী

বিষয়—ইতিহাস

মোট নম্বর—৯০

গ্রুপ (ক) : প্রবন্ধমূলক প্রশ্ন (যে কোন দুটি প্রশ্নের উত্তর লেখ) :

(১) পবিত্র রোমান সাম্রাজ্যের বিষয়ে যা জান লেখ। [১০]

(২) মধ্যযুগের ইউরোপের কৃষক বিদ্রোহ সম্বন্ধে সংক্ষেপে আলোচনা কর। [১০]

(৩) ক্রুসেডের ফলাফল আলোচনা কর। [১০]

(৪) মার্কো পোলোর ভ্রমণ কাহিনী সংক্ষেপে বর্ণনা কর। [১০]

গ্রুপ (খ) : সংক্ষিপ্ত প্রশ্ন (যে কোন পাঁচটি প্রশ্নের উত্তর লেখ) :

(৫(শার্লমানের রাজ্যাভিষেক সম্বন্ধে যা জান লেখ। তিনি কোথাকার সম্রাট ছিলেন? [৫+২]

(৬) দ্বাদশ শতাব্দীর ইউরোপের কয়েকজন পণ্ডিতের নাম কর। কোন্ বিশ্ববিদ্যালয়ে চিকিৎসাশাস্ত্র পড়াবার খুব খ্যাতি ছিল? [৫+২]

(৭) কোন্ শব্দ থেকে 'ফিউডালিজম' শব্দের উৎপত্তি হয়? ইউরোপের কোথায় প্রথমে ফিউডাল সমাজের পুরোপুরি রূপ প্রকাশ পায়? [৫+২]

(৮) হর্ষবর্ধনের ধর্মানুশীলন সম্বন্ধে কি জান? হর্ষবর্ধন রচিত একটি নাটকের নাম কর। [৫+২]

(৯) সেন রাজারা কিসের উপসেক ছিলেন? কে কৌলিন্য প্রথার প্রবর্তন করেন? [৫+২]

(১০) সমুদ্রপথে চোলদের আধিপত্য সম্বন্ধে যা জান লেখ। কোন্ অঞ্চলকে 'চোল হ্রদে' পরিণত করা হয়েছিল? [৫+২]

(১১) প্রাচীনকালে কোন্ অঞ্চলে হিন্দু বণিকদের যাতায়াত ছিল? কোন্ পথে ভারতীয় পণ্য রোমের বাজারে পৌঁছুত? [৫+২]

(১২) সুবর্ণভূমি বলতে কোন্ অঞ্চলকে বোঝায়? দক্ষিণ-পূর্ব এশিয়ায় হিন্দুরাজ্য কত বছর টিকে ছিল? [৫+২]

গ্রুপ (গ): অতি-সংক্ষিপ্ত প্রশ্ন (যে কোন ছয়টি প্রশ্নের উত্তর দাও):

(১৩) ক্লুনি কোথায়? 'ক্লুনিয়াক অর্ডার' বলতে কি বোঝায়? [১ + ৪]

(১৪) ওয়ালটার কে ছিলেন? তিনি কি করেন? [১ + ৪]

(১৫) বৌদ্ধ ধর্ম চীন থেকে কোথায় যায়? কোন্ পথ ধরে চীনে বৌদ্ধ ধর্ম প্রবেশ করে? [১ + ৪]

(১৬) চীনের সুং রাজত্বকালের কৃষক বিদ্রোহের নেতার নাম কর। তিনি কি দাবি করেন? [১ + ৪]

(১৭) 'শিনটো' শব্দের অর্থ কি? শিনটো ধর্মের উপর কোন্ কোন্ মতবাদের প্রভাব পাওয়া যায়? [১ + ৪]

(১৮) বাণভট্ট কে ছিলেন? তাঁর রচিত একখানি গ্রন্থের নাম কর। [১ + ৪]

(১৯) তিব্বতের পরাক্রান্ত রাজার কি নাম ছিল? তাঁর সম্বন্ধে কি জান? [১ + ৪]

(২০) মহম্মদ বিন্ কাশিম কোন্ দেশ জয় করেছিলেন? কখন উত্তর ভারতে মুসলিম শাসন প্রতিষ্ঠিত হয়? [১ + ৪]

(২১) শিখ ধর্মের প্রতিষ্ঠাতা কে ছিলেন? শিখ ধর্মের মূল কথা কি? [১ + ৪]

(২২) তুর্ক-আফগান যুগের একজন বড় কবির নাম কর। তিনি কোন্ ভাষায় গ্রন্থ লিখেছিলেন? [১ + ৪]

গ্রুপ (ঘ): মানচিত্র (নীচের যে কোন একটি মানচিত্রে রেখাঙ্কিত স্থানগুলি উল্লেখ কর):

(২৩) হুয়েন-সাংয়ের ভারতে আগমণের ও প্রত্যাবর্তনের পথ: কুচা, কাসগড় ও খোটান। [৫]

(২৪) ইসলামের প্রভাব বিস্তার: কর্ডোভা, মদিনা, মক্কা। [৫]